Manoel Da Assumpçam's

BENGALI GRAMMAR

Facsimile Reprint of the Original Portuguese
with Bengali Translation
and Selections from his Bengali-Portuguese Vocabulary

Edited and Translated, with Introduction,

by

Suniti Kumar Chatterji, M.A. (Cal.), D.Lit. (Lond.),
Khaira Professor of Indian Linguistics and Phonetics,
Calcutta University,

and

Priyaranjan Sen, M.A.,
Lecturer, Post-Graduate Department, Calcutta University

CALCUTTA UNIVERSITY PRESS
1931

পাদ্রি মানোএল্-দা-আস্সুম্প্সাম্-রচিত

বাঙ্গালা ব্যাকরণ

বাঙ্গালা অনুবাদ ও উক্ত পাদ্রির বাঙ্গালা-পোর্ত্তুগীস শব্দ-সংগ্রহ
হইতে নির্ব্বাচিত শব্দাবলী সমেত মূল পোর্ত্তুগীস গ্রন্থের
যথাযথ পুনর্মুদ্রণ

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক
শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়
ও
শ্রীপ্রিয়রঞ্জন সেন
কর্ত্তৃক

ভূমিকা সহ সম্পাদিত ও অনূদিত

কলিকাতা বিশ্ববিদ্যালয় মুদ্রাযন্ত্রে
ইংরাজী ১৯৩১ সালে মুদ্রিত

এইরূপ একটী নক্‌শা-চিত্র মূল পুস্তকের [i] পৃষ্ঠার শিরোদেশে আছে। [I. H. S. অর্থে Iesus Hominum Salvator, অর্থাৎ 'যীশু মানবগণের ত্রাণকর্ত্তা,' রোমান কাথলিক খ্রীষ্টানগণের একটী মন্ত্র।]

প্রবেশক

প্রস্তুত পুস্তক বাঙ্গালা ভাষার প্রথম ব্যাকরণ, এবং বাঙ্গালা ভাষার প্রথম দুইখানি মুদ্রিত পুস্তকের মধ্যে একখানির প্রথম খণ্ড; এবং পরিশিষ্ট হিসাবে এই বইয়ের শেষে এই প্রাচীন মুদ্রিত পুস্তকের দ্বিতীয় খণ্ড বাঙ্গালা-পোর্ত্তুগীস শব্দকোষ হইতে গৃহীত বহু শব্দ দেওয়া হইয়াছে।

এই বই খ্রীষ্টীয় ১৭৩৪ সালে রচিত হইয়া খ্রীষ্টীয় ১৭৪৩ সালে পোর্ত্তুগাল-দেশের রাজধানী লিস্‌বন্‌-নগরীতে রোমান অক্ষরে ছাপা হইয়াছিল।

ভারতের প্রতিবেশী চীন-কর্ত্তৃক অতি প্রাচীন কাল হইতেই ছাপা বইয়ের প্রচলন ছিল। চীনের বিখ্যাত T'ang থাঙ্‌-বংশীয় রাজাদের যুগের পূর্ব্বে, অর্থাৎ খ্রীষ্টীয় ৬১৮ সালের পূর্ব্বে, পাথরের দেয়ালের গায়ে শাস্ত্রগ্রন্থ বা অন্য কোনও বইয়ের অংশ খুঁদিয়া, তাহা হইতে কাগজে ভুষার ছাপ লইবার রেওয়াজ ছিল। এইরূপে ভুষার ছাপে ছাপা লম্বা লম্বা কাগজের ফালি বই হিসাবে রাজধানী হইতে চীনদেশের চতুর্দ্দিকে প্রেরিত হইত। তার পরে কাঠের পাটায় খুঁদিয়া ছাপিবার রীতি প্রচলিত হয়; কাঠের পাটায় অক্ষরগুলি উল্‌টা করিয়া লিখিয়া লেখা অংশকে পরে উঁচা করিয়া খুঁদিয়া লওয়া হইত, এবং তাহা হইতে কাগজে ছাপা হইত। এইরূপে বই ছাপাইবার পদ্ধতি Han হান-বংশীয় রাজাদের শাসনকালে খ্রীষ্টপূর্ব্ব ২০২ হইতে খ্রীষ্টীয় ২২১এর মধ্যে চীনদেশে উদ্ভাবিত হইয়াছিল। পরে পৃথক্ পৃথক্ কাঠের অক্ষর তৈয়ারী করিয়া তাহাদের সাহায্যে ছাপাইবার পদ্ধতি চীনে আবিষ্কৃত হয়, এবং খ্রীষ্টীয় দশম শতকের মধ্যভাগেই এইরূপে আলাহিদা আলাহিদা অক্ষরের সমাবেশে বই ছাপাইবার প্রথা চীনদেশে বহুল পরিমাণে প্রচলিত হয়। ছাপাইবার পদ্ধতি চীন হইতে কোরিয়ায়, জাপানে, মাঞ্চুজাতির মধ্যে, মোঙ্গোলদের মধ্যে এবং তিব্বতে প্রচারিত হয়; কিন্তু এই সব দেশে কাঠের পাটায় করিয়া ছাপাইবার রীতিই প্রচলিত হইয়াছিল, পৃথক্ পৃথক্ অক্ষরদ্বারা ছাপানোর রীতি সম্যক্‌রূপে গৃহীত

হয় নাই। চীন দেশেও পরবর্ত্তী কালে এইরূপ block printing বা কাঠের পাটায় ছাপাই বেশী করিয়া হইত। এইরূপ ছাপাতে বইয়ের পৃষ্ঠায় ছবি মুদ্রিত করা সম্ভব হইত, এবং ছবি খুব দেওয়াও হইত।

বিদ্যা-প্রচারের অপূর্ব্ব সহায়ক এই আবিষ্কারটী কিন্তু ভারতবর্ষে প্রচারিত বা গৃহীত হয় নাই। মধ্যযুগে তিব্বতের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ যোগ থাকিলেও, তিব্বতীদের দেখাদেখি বই ছাপাইবার কথা ভারতীয় পণ্ডিতদের মাথায় আইসে নাই। অথচ ভারতবর্ষে কাঠের ছাপ দিয়া কাপড়ের উপর চিত্রমুদ্রণ-রীতি সুপ্রাচীন যুগ হইতেই প্রচলিত ছিল, ভারতের রঙ্গীন নক্সাদার ও চিত্রময় ছিটের কাপড় ভারতের বাহিরে নানা দেশে পণ্যহিসাবে রপ্তানী হইত, কাপড়ে ছাপা দেবতার নাম-লেখা 'নামাবলী' চাদরও দেশে ব্যবহৃত হইত। বই ছাপানোর দিকে অবধান না করায় প্রাচীন ও মধ্যযুগে ভারতবর্ষে এই একটী অতি আবশ্যকীয় শিল্পের আবিষ্কার বা প্রয়োগ ঘটিয়া উঠে নাই।

ওদিকে খ্রীষ্টীয় পঞ্চদশ শতকের মধ্যভাগে, এ-বিষয়ে চীনের বহু পরে, ইউরোপে নূতন করিয়া ছাপার আবিষ্কার ঘটিল, আলাহিদা হরফ বানাইয়া ও সাজাইয়া ছাপিবার রীতি প্রবর্ত্তিত হইল। ইউরোপ এই সাধনের সাহায্যে জ্ঞানরাজ্য জয় করিতে অগ্রসর হইল। ইউরোপের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক থাকিলেও, ইউরোপের অনুকরণে তুরস্ক প্রভৃতি পাশ্চাত্ত্য মুসলমান দেশে ছাপাইবার রীতি গৃহীত হয় নাই। ইউরোপীয়েরা স্বয়ং আসিয়া যখন আমাদের দেশে ছাপাখানা বসাইয়াছে তখন হইতেই এদেশে বই ছাপিবার রীতি স্থান পাইয়াছে।

১৪৯৭ খ্রীষ্টাব্দে পোর্ত্তুগীসেরা ভারতে প্রথম পদার্পণ করে। ষোড়শ শতকের মধ্যভাগে গোয়া নগরীতে পোর্ত্তুগীসেরা প্রথম ছাপাখানা স্থাপিত করে। প্রথমটায় কেবল ইউরোপ হইতে আনীত রোমান অক্ষর দিয়াই ছাপা হইত। পোর্ত্তুগীসেরা রোমান অক্ষরেই গোয়ার স্থানীয় ভাষা কোঙ্কণী মারহাট্টী ছাপিতে থাকে; এই ভাষায় রোমান অক্ষরের সাহায্যে পোর্ত্তুগীস পাদ্রিদের চেষ্টায় একটা খ্রীষ্টিয়ান সাহিত্য ক্রমশঃ গড়িয়া উঠে। ভারতীয় বর্ণাবলীর মধ্যে তামিল বর্ণমালা প্রথম ছাপায় উঠে—১৫৭৭ খ্রীষ্টাব্দে মালাবার-প্রান্তের কোচিন্-নগরে Joannes Gonsalves যোয়ান্নেস্ গোন্‌সাল্‌ভেস্ নামে একজন যেসুইট সম্প্রদায়ের পাদ্রি প্রথম তামিল অক্ষর তৈয়ারী করেন (Linguistic Survey of India, Vol. IV, p. 301)।

ইহার দুই শত বৎসর পরে, এখন অর্থাৎ খ্রীষ্টীয় ১৯২৮ সাল হইতে ঠিক দেড় শত বৎসর আগে, খ্রীষ্টীয় ১৭৭৮ সালে Nathaniel Brassey Halhed নাথানিএল্ ব্রাসি হাল্‌হেড হুগলী হইতে তাঁহার Grammar of the Bengal Language বা বাঙ্গালা ভাষার ব্যাকরণ প্রকাশ করেন। ঐ ব্যাকরণ সর্ব্ব প্রথম বাঙ্গালা অক্ষরে ছাপা হয়। অক্ষরগুলি সীসায় ঢালিবার জন্য ছেনী কাটেন Sir Charles Wilkins স্যর্ চার্লস্ উইল্‌কিন্স্; ইনি প্রথম ইউরোপীয় সংস্কৃতবিদ্‌গণের মধ্যে অন্যতম, এবং Sir William Jones স্যর্ উইলিয়ম জোন্স্-এর সহিত Asiatic Society of Bengal সভার প্রতিষ্ঠা করেন। উইল্‌কিন্স্-সাহেবকে এই কারণে বাঙ্গালা ছাপাখানার স্রষ্টা বলা যাইতে পারে। তিনি অক্ষর কাটিবার প্রণালী পঞ্চানন কর্ম্মকার নামক একজন বাঙ্গালী কারীগরকে শিখাইয়া যান। এই পঞ্চানন কর্ম্মকার শ্রীরামপুরের পাদ্রি কেরী কর্তৃক নিযুক্ত হন এবং তাঁহার দ্বারা বাঙ্গালা দেশে বাঙ্গালা হরফ কাটা শিল্পের স্থাপনা ও প্রচার হয়। (হাল্‌হেড্ ও উইল্‌কিন্স্ সম্বন্ধে শ্রীযুক্ত সুশীলকুমার দে প্রণীত ও কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত History of Bengali Literature in the 19th Century, পৃঃ ৭৮-৮৮ দ্রষ্টব্য)।। ১৭৭৮ সালের পূর্ব্বে ছাপা বইয়ে বাঙ্গালা অক্ষর পাওয়া যায় দুই খানি ইউরোপীয় ভাষায় লিখিত বইয়ে—এই বই দুইখানিতে বাঙ্গালা বর্ণমালা ও বাঙ্গালা লেখার নমুনা হিসাবে চিত্রপটে বাঙ্গালা হরফ দেওয়া হইয়াছিল। ১৭২৫ সালে জারমানীর Leipzig লাইপ্‌ৎসিক্-নগর হইতে Georg Jacob Kehr গেওর্গ্ য়াকোব্ কের্ নামে একজন জারমান পণ্ডিত Aurenk Szeb অর্থাৎ ঔরঙ্গ্‌জেব বাদশাহের Dehli দিল্লী বা Dshihanabad জাহানাবাদ-এর টাকশাল হইতে প্রচারিত রৌপ্য মুদ্রার আলোচনা ও তদ্ব্যপদেশে প্রাচ্যখণ্ডের ভারতবর্ষ প্রভৃতি দেশের ইতিহাস ইত্যাদি আলোচনা করিয়া লাটিন ভাষায় একখানি বই প্রকাশ করেন। এই বই লণ্ডনে ব্রিটিশ-মিউজিয়ম্-এ আমার দেখিবার সুযোগ ঘটিয়াছিল। কের্-এর বইয়ের পরিশিষ্টে বাঙ্গালা ও অন্য কতকগুলি ভাষার বর্ণমালা দেওয়া হইয়াছে। ইহার ৪৮ পৃষ্ঠাতে ১ হইতে ১১ পর্য্যন্ত বাঙ্গালা সংখ্যাগুলি ছাপান আছে, এবং ৫১ পৃষ্ঠার সম্মুখে চিত্রপটে বাঙ্গালা ব্যঞ্জন-বর্ণগুলি ও একটী জারমান নাম, Sergeant Wolfgang Meyer "শ্রীসরজন্ত বলপকাং (=ভল্‌ফ্‌গাঙ্) মাএর" রূপে বাঙ্গালা অক্ষরে প্রত্যক্ষরীকৃত হইয়াছে। কের্-এর বই হইতে Johann Friedrich Fritz যোহান্ ফ্রীদ্‌রিখ্ ফ্রিৎস্ কর্ত্তৃক লাইপ্‌ৎসিক্-নগর

হইতে ১৭৪৮ সালে Orientalischer und Occidentalischer Sprachmeister অর্থাৎ 'প্রাচ্য ও প্রতীচ্য ভাষা শিক্ষক' নামক পুস্তকে বাঙ্গালা ব্যঞ্জনবর্ণের চিত্রটী উদ্ধৃত করা হইয়াছে (Linguistic Survey of India, Vol. V, Part I, p. 23; Vol. IX, Part I, pp. 8, 9)। কের্-এর পরে ১৭৪৩ সালে হলাণ্ডের লাইডেন্ নগর হইতে David Mill ডেভিড্ মিল্ Dissertatio Selecta নামে লাটিন ভাষায় একখানি বই প্রকাশ করেন,—ইহাতে মুসলমান ধর্ম্মমতের সমালোচনা করা হইয়াছে—এই বইয়ের শেষাংশে তিনি ফারসী, হিন্দুস্থানী ও আরবী এই কয়টী প্রাচ্য ভাষার আলোচনা করিয়াছেন, Ketelaer কেটেলের নামে একজন ওলন্দাজ লেখকের রচিত হিন্দুস্থানী ভাষার একখানি ব্যাকরণ দিয়াছেন, এবং পৃথক্ পৃথক্ চিত্রপটে রোমান অক্ষরে উচ্চারণ সহ অতি সুন্দর ছাঁদে লেখা বাঙ্গালা ও দেবনাগরী বর্ণমালার প্রতিলিপি দিয়াছেন। দেবনাগরী অক্ষরের প্রথম প্রতিলিপি উঠিয়াছিল Athanasius Kircher আতানাসিউস্ কির্খের্-এর China Illustrata নামক পুস্তকে (১৬৬৭ সালে আম্স্টারডাম্-এ প্রকাশিত); এবং হরফে-ছাপা দেবনাগরী ও কায়থী অক্ষর প্রথম পাওয়া যায় Cassiano Beligatti কাস্সিয়ানো বেলিগাত্তি রচিত পুস্তকে—Alphabetum Brammhanicum seu Indostanum Universitatis Kasí, Romae 1761 (Linguistic Survey of India, Vol. IX, Part I, p. 4, pp. 9-10).

পোর্ত্তুগীসেরা ১৪৯৭ খ্রীষ্টাব্দে Vasco da Gama ভাস্কো-দা-গামা-র নেতৃত্বে প্রথম ভারতে আইসে, এবং উত্তর-কেরল দেশে কালিকট-নগরে পহুঁছে। ইহারা প্রথমতঃ বাণিজ্য-ব্যপদেশে আগমন করে, এবং মুসলমান আরব ও অন্যজাতীয় বণিক্‌গণ যাহাদের হাতে এতাবৎ দক্ষিণ ভারতের সমুদ্রবাহী বহির্বাণিজ্য ছিল, তাহারা নিজ স্বার্থহানির আশঙ্কায় পোর্ত্তুগীসদের সহিত শত্রুতা করিতে থাকে। দক্ষিণ ভারতের সাগরোপকূল হইতে নবাগত পোর্ত্তুগীসেরা ক্রমে ক্রমে প্রাচ্য এশিয়ার অন্য অন্য ভূভাগে আপনাদের বাণিজ্য ও সাম্রাজ্যের বিস্তার করিতে থাকে। ১৫১৭ সালে বঙ্গদেশে ইহাদের প্রথম আগমন ঘটে (বাঙ্গালায় ইহাদের কার্য্যকলাপ সম্বন্ধে J. J. A. Campos প্রণীত History of the Portuguese in Bengal, কলিকাতা ১৯১৯, দ্রষ্টব্য)। ঐ যুগে বাণিজ্য-প্রসার, সাম্রাজ্য-লাভ এবং সঙ্গে সঙ্গে খ্রীষ্টধর্ম্ম-প্রচার, এই তিন উদ্দেশ্য লইয়া পোর্ত্তুগীসেরা স্বদেশ হইতে বহির্গত হইত। বাঙ্গালাদেশে বাণিজ্য-প্রসার ঘটিয়াছিল; কিন্তু পোর্ত্তুগীসদের সাম্রাজ্য-পত্তন হইতে পারে

নাই—যদিও কতকগুলি পোর্ত্তুগীস জলদস্যু কিছুকাল ধরিয়া দক্ষিণ বাঙ্গালার উপকূল-প্রদেশে লুণ্ঠন ও উপদ্রব করিত, এবং মেঘনার মুখে সন্দীপ দ্বীপ কিছুকাল নিজেদের অধিকারে রাখিয়াছিল।

পোর্ত্তুগীসদের প্রথম আগমনের সময়ে বাঙ্গালায় সুলতান আলাউদ্দীন হোসেন শাহ স্বাধীন নরপতি ছিলেন। ইঁহার রাজত্বকাল ছিল ১৪৯৩ হইতে ১৫১৯ পর্য্যন্ত। ইঁহার পূর্ব্বে বাঙ্গালাদেশে অরাজকতা চলিতেছিল। হাবশী-জাতীয় খোজা ক্রীতদাসগণ রাজাকে হত্যা করিয়া সিংহাসন দখল করিয়া বসিত। হোসেন শাহ প্রবল পরাক্রান্ত নৃপতি ছিলেন, এবং ইনি বাঙ্গালা সাহিত্যের অনুরাগী ছিলেন বলিয়া মনে হয়। হোসেন শাহের মৃত্যুর পর তৎপুত্র নাসিরুদ্দীন নসরৎ শাহ রাজা হন, ইঁহার রাজত্বকাল ১৫১৯ হইতে ১৫৩২ পর্য্যন্ত। নসরৎ শাহের পরে গৃহবিচ্ছেদ ও বাহিরের আক্রমণে এই বংশ বেশী দিন স্থায়ী হইতে পারে নাই। হোসেন শাহের অপর এক পুত্র গিয়াসুদ্দীন, ভ্রাতা নসরৎ শাহের জীবদ্দশায় নিজ স্বাধীনতা ঘোষণা করেন, এবং ভ্রাতার মৃত্যুর পর ভ্রাতুষ্পুত্রকে হত্যা করিয়া স্বয়ং রাজা হন। গিয়াসুদ্দীনের শাসনকালে, গোয়ার শাসনকর্ত্তা Nuno da Cunha নুনো-দা-কুঞা ১৫৩৪ সালে পাঁচখানি জাহাজে করিয়া দুই শত পোর্ত্তুগীস সৈন্য Martin Affonso de Mello Jusarte মার্ত্তিন আফ্‌ফনসো দে মেল্লো জুসার্ত্তে-র অধীনে বাঙ্গালাদেশে পোর্ত্তুগীস-প্রভাব বিস্তারের উদ্দেশ্যে চট্টগ্রাম বন্দরে পাঠান। দূতরূপে প্রেরিত জন কয়েক পোর্ত্তুগীস উপঢৌকন সহ চট্টগ্রাম হইতে রাজধানী গৌড়নগরে আসিলে গিয়াসুদ্দীনের আজ্ঞায় তাহারা কারারুদ্ধ হয়, এবং রাজার আজ্ঞায় জুসার্ত্তেকে ত্রিশজন অনুচরের সহিত ধৃত করিয়া গৌড়ে আনা হয়। ইতিমধ্যে বিহারের আফগানজাতীয় জায়গীরদার শের খাঁ (পরে যিনি শের শাহ বাদশাহ হন) গিয়াসুদ্দীনের সঙ্গে যুদ্ধ করিতেছিলেন। পোর্ত্তুগীসগণ এই লড়াইয়ে গিয়াসুদ্দীনকে সাহায্য করে এবং প্রতিদানে মুক্তিলাভ করে, ও পরে চট্টগ্রামে একটী দুর্গ-নির্ম্মাণের অনুমতি পায়। নুনো-দা-কুঞার অনুমতি লইয়া জুসার্ত্তে পুনরায় গৌড়ে আসেন, কিন্তু আবার বন্দী হন। তখন নুনো-দা-কুঞা জুসার্ত্তের সাহায্যের জন্য নয়খানি জাহাজে সাড়ে তিন শত পোর্ত্তুগীস সৈনিক পাঠান। এবার পোর্ত্তুগীসেরা বাধ্য হইয়া চট্টগ্রামে বঙ্গের সুলতানের বিরুদ্ধে যুদ্ধ করে, কিন্তু শের খাঁ আবার গৌড় আক্রমণ করায় এবং পোর্ত্তুগীসেরা গিয়াসুদ্দীনকে পূর্ব্বের মতন সাহায্য করায় তিনি তাহাদিগকে মুক্তি দেন, এবং গোয়ার পোর্ত্তুগীসদের নিকট

শের খার বিপক্ষে লড়াই করিবার জন্য সাহায্য চাহিয়া পাঠান। বাঙ্গালাদেশের আভ্যন্তরীণ ব্যাপারে এইরূপে পোর্ত্তুগীসেরা জড়াইয়া পড়ে। গোলন্দাজী ও জাহাজী কাজে কুশলতার জন্য তাহারা বিশেষভাবে সাহসী ও পরাক্রান্ত জাতি বলিয়া পরিচিত হইতে থাকে। যাহা হউক, গিয়াসুদ্দীন অবশেষে শের খাঁ কর্ত্তৃক পরাজিত ও বিতাড়িত হইয়া ১৫৩৮ সালে প্রাণত্যাগ করেন। পোর্ত্তুগীসেরা গোয়া হইতে সাহায্য প্রেরণ করিয়াছিল—Perez de Sampayo পেরিজ-দে-সাম্পাইও-র অধীনে আরও নয়খানি জাহাজ বঙ্গদেশে আসে, কিন্তু তখন শের খাঁ বিজয়ী, ও গিয়াসুদ্দীনের মৃত্যু হইয়াছে। (রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের বাঙ্গালার ইতিহাস, দ্বিতীয় ভাগ, নবম পরিচ্ছেদ দ্রষ্টব্য।) শের খাঁ বিহার ও বাঙ্গালাদেশ করতলগত করেন, এবং তাহার পরে মোগল বাদশাহ হুমায়ূন-কে পরাজিত ও বিতাড়িত করিয়া নিজে দিল্লীর সম্রাট্ হন।

শের শাহের মৃত্যুর পর হইতে সম্রাট্ আকবরের বঙ্গ-বিজয় পর্য্যন্ত (১৫৪৫-১৫৭৬) ত্রিশ বৎসরের অধিক কাল বাঙ্গালার পক্ষে এক প্রকার অরাজকতার যুগ। শের শাহের মৃত্যুর পরে দিল্লীতে তাঁহার বংশের রাজারা রাজত্ব করিতে থাকেন; বাঙ্গালাদেশ তাঁহাদের প্রতিনিধিদের দ্বারায় শাসিত হইতে লাগিল। এদিকে দিল্লীতে শের-বংশীয় রাজাদের ক্ষমতার হ্রাস হইতে লাগিল, এবং ১৫৫২ সালে বাঙ্গালার শাসনকর্ত্তা মোহম্মদ খাঁ সূর স্বাধীনতা ঘোষণা করেন। এই সূরবংশীয় চারিজন রাজা ১৫৫২ হইতে ১৫৬৩ পর্য্যন্ত স্বাধীনভাবে বাঙ্গালাদেশে রাজত্ব করেন। তৎপরে বহু যুদ্ধ-বিগ্রহের ফলে বাঙ্গালাদেশ বিহারের শাসনকর্ত্তা সোলেমান কররানীর অধীনে আইসে (১৫৬৪ সাল)। সোলেমান আকবরের অধীনতা স্বীকার করিয়া প্রবর্দ্ধমান মোগল সাম্রাজ্যের কবল হইতে নিজ রাজ্য রক্ষা করেন, কিন্তু তাঁহার পুত্র দাউদ ১৫৭২ সালে নিজ স্বাধীনতা ঘোষণা করায় আকবরের সেনাপতি তোড়লমল্লের নিকট পরাজিত হন, এবং যুদ্ধে ধৃত ও নিহত হন। এইরূপে ১৫৭৬ সাল হইতে বাঙ্গালাদেশে আকবরের শাসন ও রাজ্যের সুশৃঙ্খলা আরম্ভ হইল।

বাঙ্গালার অধিকার লইয়া যখন বাঙ্গালার পশ্চিম সীমান্তে এবং উত্তর ও পশ্চিম অংশে এইরূপে পাঠানে-পাঠানে এবং মোগলে-পাঠানে যুদ্ধ-বিগ্রহ চলিতেছে, এমত অবস্থায় বাঙ্গালাদেশের অভ্যন্তরে মুসলমান রাজশক্তি অব্যাহত থাকা সম্ভব ছিল না। এদিকে বাঙ্গালায় পোর্ত্তুগীসেরা কিছু প্রতিপত্তি অর্জ্জন করিয়াছে, ১৫৩৪ হইতে ১৫৩৮এর মধ্যে

তাহারা বাঙ্গালায় যুদ্ধ-বিগ্রহে যোগ দিয়াছে; বাঙ্গালার এক স্বাধীন মুসলমান রাজা তাহাদের নিকট যুদ্ধ-ব্যাপারে সাহায্যপ্রার্থী হইয়াছেন। বিদেশী তুর্ক ও পাঠান রাজত্বের এই অরাজকতার ও শক্তিহীনতার কালে বাঙ্গালার বহু হিন্দু ও স্থানীয় মুসলমান জায়গীরদার ও সামন্তরাজ কার্য্যতঃ ও নামতঃ স্বাধীনতা অবলম্বন করেন। বাকলা-চন্দ্রদ্বীপের রাজারাও এই সময়ে নিজেদের স্বাধীন বিবেচনা করিতেন। ১৫৫৯ সালে গোয়া নগরীতে এপ্রিল মাসের ৩০শে তারিখে, নিজ দুই প্রতিভূ নেয়ামৎ খাঁ (Nemat Cão) ও কান্নু বা গণু বিশ্বাস (? Guannu Bysuar=Biswas ?)-এর মারফৎ বাকলার রাজা পরমানন্দ রায় (Parmananda Ray el Rei de Baclaa) পোর্ত্তুগীসদের সঙ্গে সন্ধি করেন। সন্ধির সর্ত্তের মধ্যে এই ছিল যে, একখানি গোয়া ও পারস্য উপসাগরে এবং আর একখানি মালয় উপদ্বীপে—বৎসরে এই দুইখানি করিয়া বাকলার রাজার বাণিজ্য-পোতকে পোর্ত্তুগীসেরা ছাড়পত্র দিবেন, যাহাতে পোর্ত্তুগীস নৌবহর দ্বারা তাহাদের উপর কোনও উপদ্রব না হয়; এবং এই সুযোগের পরিবর্ত্তে রাজা পোর্ত্তুগীসদিগকে নিজ রাজ্যে ব্যবসায়ের ও গমনাগমনের সুবিধা দিবেন, বাঙ্গালার অন্য রাজার সহিত পোর্ত্তুগীসেরা সন্ধি করিলে রাজা আপত্তি করিবেন না, এবং পোর্ত্তুগালের রাজার সম্মানের জন্য বৎসরে নির্দ্দিষ্ট পরিমাণে বাঙ্গালাদেশে উৎপন্ন কিছু পণ্যবস্তু উপঢৌকন দিবেন। (Calcutta Review, May 1925 তে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন লিখিত Historical Records at Goa প্রবন্ধ দ্রষ্টব্য।) বঙ্গোপসাগরে ও ভারত মহাসাগরে পোর্ত্তুগীসেরা যে এক প্রকার রাজা হইয়া বসিয়াছিল তাহার প্রমাণ আমরা কবিকঙ্কণে পাই; কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্ত্তী রচিত চণ্ডীকাব্য ষোড়শ শতকের শেষ পাদে লেখা বাঙ্গালা বই, তাহা হইতে জানিতে পারা যায় যে, "হরমাদ" অর্থাৎ পোর্ত্তুগীস রণতরীর (Harmáda-র) ভয়ে বাঙ্গালার বাণিজ্যপোতের পক্ষে সাগরযাত্রা নিরাপদ্ ছিল না। ("ফিরাঙ্গির দেশখান বাহে কর্ণধারে। রাত্রিতে বাহিয়া যায় হরমাদের ডরে।") বাঙ্গালাদেশে রাজনৈতিক ও বাণিজ্য-সংক্রান্ত বিষয়ে ষোড়শ শতকের মধ্যে এইরূপে নানা সংঘাতের মধ্য দিয়া পোর্ত্তুগীসদের প্রতিষ্ঠা হইতে থাকে।

ভারতে খ্রীষ্টধর্ম্মের প্রচারকার্য্যে পোর্ত্তুগীসেরা ষোড়শ শতক হইতে নিযুক্ত হয়—এই শতকের শেষপাদে খ্রীষ্টান ধর্ম্মপ্রচারকদের আগমন ঘটিয়াছিল। বাণিজ্যের চেষ্টায় ক্রমে ওলন্দাজ, ফরাসী, ইংরেজ প্রভৃতি অন্য ইউরোপীয় জাতির ভারতবর্ষে

আগমনের ফলে, খ্রীষ্টীয় সপ্তদশ শতকের শেষভাগ হইতে বাঙ্গালাদেশে ও প্রাচ্যখণ্ডের অন্যত্র পোর্তুগীসদের রাজনৈতিক ও আর্থিক প্রতিষ্ঠা ও প্রভাব খর্ব্ব হইতে থাকিলেও, পোর্তুগীস রোমান কাথলিক সন্ন্যাসিগণ তাঁহাদের পূর্ব্বগামীদের খ্রীষ্টধর্ম্ম-প্রচার কার্য্য এবং পোর্তুগীস প্রভাবের ফলে যাহারা বাঙ্গালায় খ্রীষ্টধর্ম্ম গ্রহণ করিয়াছিল তাহাদের মধ্যে উক্ত ধর্ম্মকে রক্ষা করার কার্য্য আরও শতবৎসর ধরিয়া বিশেষ উৎসাহের সঙ্গে চালাইয়া আসিয়াছিলেন। ১৬৩২ খ্রীষ্টাব্দে বাঙ্গালার মোগল শাসকেরা পোর্তুগীসদের ক্ষমতা ও তজ্জনিত ঔদ্ধত্য দমন করিবার জন্য তাহাদের আশ্রয়স্থল হুগলী বন্দর কাড়িয়া লন, ইহার ফলে পশ্চিম বঙ্গে তাহাদের প্রভাব একেবারে কমিয়া আইসে। পোর্তুগীসদের মধ্যে অনেকে শান্তির সহিত ব্যবসায়-বাণিজ্যে লিপ্ত থাকিত, কিন্তু দুর্দ্ধর্ষ প্রকৃতির অনেকে আবার বঙ্গসাগরে ও দক্ষিণ এবং পূর্ব্ব-বঙ্গে দস্যুতা করিত, এবং এই দস্যুতাকার্য্যে তাহারা আরাকানের মগ জাতির সাহচর্য্য পাইত। পূর্ব্ববঙ্গে ১৬৬৮ খ্রীষ্টাব্দে মোগল-রাজ-প্রতিনিধি শায়েস্তা খাঁ চট্টগ্রামে পোর্তুগীসদিগের উচ্ছেদ সাধন করেন। ইহার পর হইতেই, একাধারে অর্থশালী বিদেশী বণিক্ এবং দুর্দ্ধর্ষ জলদস্যু ও সাগর-পথের একচ্ছত্র অধিকারী হিসাবে পোর্তুগীসদের যে অব্যাহত প্রতিপত্তি ছিল তাহা লোপ হইয়া গেল; অন্য ইউরোপীয় জাতি আসিয়া তাহাদের প্রতিযোগী হইয়া দাঁড়াইল, তাহাদের স্থানে আসিয়া বসিল। কিন্তু এই বাহ্য ক্ষমতা লোপ পাওয়া সত্ত্বেও, পোর্তুগীসেরা বাণিজ্য ও খ্রীষ্টধর্ম্মের সূত্রে ইউরোপীয় জগতের সহিত ভারতের যে যোগ সৃষ্টি করিয়াছিল সে যোগ কিছুকাল ধরিয়া অটুট রহিল, এবং তাহার জন্য অষ্টাদশ শতকে ও তাহার পরেও পোর্তুগীসদের প্রভাব জীবন্ত ছিল। পোর্তুগীস ধর্ম্মপ্রচারকেরা বাঙ্গালাদেশে দেশী ও বিদেশী রোমান কাথলিক সম্প্রদায়ের খ্রীষ্টান সমাজকে পরিচালনা করিতে থাকে; এবং গোয়া হইতে প্রেরিত পোর্তুগীস বা পোর্তুগীস-বংশজাত পাদ্রিদের দ্বারা পূর্ব্ববঙ্গে ও অন্যত্র অবস্থিত বাঙ্গালী রোমান কাথলিকদের ধর্ম্মগুরুর কাজ এখনও অনেকটা চলিয়া থাকে। অষ্টাদশ শতকে ইংরেজদের অভ্যুত্থানের পূর্ব্বকাল পর্য্যন্ত এক প্রকার ভাঙ্গা-ভাঙ্গা পোর্তুগীস ভাষা দেশবাসী ও ইউরোপীয় বিদেশীগণের মধ্যে বার্ত্তালাপের ভাষা হইয়া দাঁড়াইয়াছিল। পোর্তুগীসেরা অনেক নূতন বিদেশী বস্তু, নূতন বৃক্ষ-লতা-গুল্মাদি, এবং কতকগুলি নূতন রীতি ও অনুষ্ঠান (যেমন "নীলাম", "স্তুতি") এদেশে আনয়ন করে। সেই সমস্ত বস্তু ও রীতির পরিচায়ক শব্দ পোর্তুগীস ভাষা হইতে বাঙ্গালা ও অন্যান্য ভারতীয় ভাষায় গৃহীত হয়। এইরূপ

শতাধিক পোর্তুগীস শব্দ বাঙ্গালাভাষায় এখনও সাধারণ্যে ব্যবহৃত হইয়া থাকে (এ সম্বন্ধে দ্রষ্টব্য—অবিনাশচন্দ্র ঘোষ লিখিত "বঙ্গে পোর্তুগীজ প্রভাব ও বঙ্গভাষায় পোর্তুগীজ পদাঙ্ক," বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩১৮ সাল, প্রথম সংখ্যা; J. J. A. Campos, History of the Portuguese in Bengal, Calcutta, 1919, পৃ: ২১৪-২২০; মৎপ্রণীত Origin and Development of the Bengali Language, পৃঃ ২১৪-২১৫, পৃঃ ৬২০-৬৩২)।

ধর্মপ্রচারের জন্য পোর্তুগীস পাদ্রিদের কবে বঙ্গদেশে প্রথম পদার্পণ হইয়াছিল তাহা ঠিক জানা যায় না; তবে বাঙ্গালায় উপনিবিষ্ট পোর্তুগীস ব্যবসায়ী বা সৈনিক, এবং তাহাদের নফর-গোলাম বা ক্রীতদাস, ও পোর্তুগীস-বাঙ্গালী মিশ্র "মেটে-ফিরিঙ্গী"-দের আশ্রয় করিয়াই ইহাদের আগমন ঘটিয়াছিল; এবং এইরকম একটা দুরাশা লইয়াও ইহাদের আগমন হইয়াছিল, যে ক্রমে বাঙ্গালা দেশের তাবৎ অধিবাসী নিজ হিন্দু ও মুসলমান ধর্ম্ম পরিত্যাগ করিয়া রোমান কাথলিক খ্রীষ্টানীর আশ্রয় গ্রহণ করিবে। প্রতাপাদিত্য-প্রমুখ বাঙ্গালার হিন্দু রাজারা এ বিষয়ে পোর্তুগীস পাদ্রিদিগকে অবাধ অধিকার দেন, এবং দেশী ও ইউরোপীয় খ্রীষ্টানদের উপাসনার জন্য গির্জ্জা প্রভৃতিও প্রস্তুত করিতে অনুমতি দেন। ষোড়শ শতকের শেষভাগে কোনও সময়ে পাদ্রিরা বাঙ্গালায় আগমন করে। খ্রীষ্টীয় ১৫৯৯ সালের ৭ই জানুয়ারী তারিখে যেসুইট্-সম্প্রদায়ভুক্ত ধর্মপ্রচারক Francisco Fernandes ফ্রান্সিস্কো ফের্‌নান্দেস্ পূর্ব্ব-বঙ্গে সোনারগাঁর সন্নিকটস্থ শ্রীপুর হইতে গোয়ায় উক্ত সম্প্রদায়ের অধ্যক্ষ Nicolas Pimenta নিকোলাস্ পিমেন্তা-র নিকট একখানি পত্র লেখেন, তাহাতে এই কথার উল্লেখ আছে যে, ফের্‌নান্দেস্ খ্রীষ্টান ধর্ম্মের মূল কথাগুলির ব্যাখ্যানপ্রসঙ্গে ছোট একখানি বই এবং একখানি প্রশ্নোত্তরমালা লেখেন, এবং ফের্‌নান্দেসের সহকর্ম্মী পাদ্রি Dominic de Souza দোমিনিক্-দে-সুজা বাঙ্গালাভাষা শিখিবার চেষ্টা করিয়াছিলেন; তিনি এই দুইখানি বই বাঙ্গালায় অনুবাদ করেন। (সুশীলকুমার দে—Bengali Literature in the 19th Century, পৃঃ ৬৭-৬৮; Origin and Development of the Bengali Language, পৃঃ ২৩৩।) ইহা হইতে অনুমান করা যায় যে অন্ততঃ ষোড়শ শতকের শেষ দশকে পোর্তুগীস পাদ্রিরা বাঙ্গালা দেশের লোকের কাছে তাহাদের নিজ ভাষায় খ্রীষ্টধর্ম্ম-প্রচারের উদ্দেশ্যে বাঙ্গালা শিখিয়া তাহাতে বই অনুবাদ করিতেছেন, এবং এইরূপে বঙ্গভাষায় সম্পূর্ণ নূতন একটা সাহিত্যের ধারা প্রবর্ত্তন করিতেছেন। ১৫৯০-১৬০০-র মধ্যে এইরূপে একটা ফিরাঙ্গী-বাঙ্গালা

B

"ফিরাঙ্গী" বা খ্রীষ্টান সাহিত্যের উদ্ভব হইল, যাহা অন্যূন ১৫০ বৎসর ধরিয়া বাঙ্গালাদেশের খ্রীষ্টান সম্প্রদায়ের মধ্যে জীবন্ত ছিল; এবং পরে অন্যান্য ইউরোপীয় খ্রীষ্টানগণের ধর্ম্মপ্রচার-চেষ্টা আসিয়া পড়ায় এই সাহিত্যের ধারা নূতনভাবে অনুপ্রাণিত ও রূপান্তরিত হয়—ও ১৮০০ সালের পর হইতে কেরী, মার্শমান, ওয়ার্ড প্রভৃতি, পোর্ত্তুগীস পাদ্রি দে-সুজা ও তাঁহার সহকর্ম্মী ও কার্য্যাধিকারীদের স্থানে অধিষ্ঠিত হইয়া, এক নূতন ইংরেজী-বাঙ্গালা খ্রীষ্টান সাহিত্যের পত্তন করেন। এই নূতন ইংরেজী-বাঙ্গালা সাহিত্যের খ্রীষ্টানী ভঙ্গী অনেকাংশে পোর্ত্তুগীসদের সৃষ্ট ফিরাঙ্গী-বাঙ্গালা সাহিত্যের উপরেই প্রতিষ্ঠিত।

খ্রীষ্টীয় ১৬০০ সালের পূর্ব্বে ঢাকা অঞ্চলে এই ফিরাঙ্গী-বাঙ্গালা সাহিত্যের উদ্ভব। ফরাসী পর্য্যটক Tavernier তাভের্নিয়ে আনুমানিক ১৬২০ সালের দিকে বাঙ্গালা দেশে আসিয়া ঢাকার বর্ণনাপ্রসঙ্গে লিখিয়াছেন যে, সেখানে অগস্তীনীয় সম্প্রদায়ের গির্জ্জার বাড়ীটী খুব বড় এবং অতি সুন্দর। ঢাকা জেলায় ভাওয়ালে খ্রীষ্টান সম্প্রদায় বিশেষ প্রবল হইয়াছিল। ঢাকা ব্যতীত হুগলীতেও পাদ্রিদের গির্জ্জা এবং আস্তানা ছিল। ১৬৬০ সালের দিকে আর একজন বিখ্যাত ফরাসী পর্য্যটক Bernier বের্নিয়ে লিখিয়া গিয়াছেন যে, বাঙ্গালা দেশে আট নয় হাজার ঘর ফিরাঙ্গী বা পোর্ত্তুগীসের বাস ছিল (ইহারা সকলেই যে বিশুদ্ধ পোর্ত্তুগীস-জাতীয় ছিল তাহা নহে), এবং বঙ্গদেশে পোর্ত্তুগীস যেসুইট ও আগস্তীন সম্প্রদায়ের মিশনরীও ছিল। "জেসুইট পাদরী মার্কস আন্তনিও সাতুচি (Marcos Antonio Satuchi) ১৬৭৯ হইতে ১৬৮৪ পর্য্যন্ত এই বাঙ্গালা মিশনের অধ্যক্ষ ছিলেন; তিনি এইরূপ লিখিয়া গিয়াছেন—'পাদরীগণ তাঁহাদের কর্ত্তব্য সাধনে বিরত নহেন; তাঁহারা এই দেশের ভাষা উত্তমরূপ শিখিয়াছেন; অভিধান, ব্যাকরণ, অপরাধ-ভঞ্জন ও প্রার্থনা-পুস্তক প্রভৃতি রচনা করিয়াছেন এবং খ্রীষ্টধর্ম্ম বাঙ্গালাভাষায় বিবৃত করিয়াছেন; ইহার পূর্ব্বে এসমস্ত কিছুই ছিল না।'" (সুশীলকুমার দে—'ইউরোপীয় লিখিত প্রাচীনতম মুদ্রিত বাঙ্গালা পুস্তক' প্রবন্ধ, বঙ্গীয় সাহিত্য-পরিষৎ পত্রিকা, ১৩১৩, পৃঃ ১৮০।) ষোড়শ শতকের শেষ পাদে ইহার পত্তন হইবার পরে সপ্তদশ শতকের চতুর্থ পাদের মধ্যে যে ফিরাঙ্গী-বাঙ্গালা খ্রীষ্টান সাহিত্য প্রতিষ্ঠা পাইয়া গিয়াছিল, তাহা বেশ বুঝা যায়। অবশ্য, এই সাহিত্য তখন হাতে লেখা বইয়েই নিবদ্ধ ছিল, এবং বাঙ্গালী খ্রীষ্টান সমাজের গণ্ডী কাটিয়া বাহিরে প্রভাব বিস্তার করিতে পারে নাই। বহুকাল ধরিয়া ভারতবর্ষে এই পোর্ত্তুগীসেরা ব্যতীত অন্য কোনও ইউরোপীয় জাতি

খ্রীষ্টধর্ম্ম-প্রচারে নিযুক্ত হয় নাই; ফরাসী ও ইংরেজেরা তাহাদের অভ্যুত্থানের সময়ে কেবল নিজেদের স্বজাতীয়গণের সমবেত ধর্ম্মানুষ্ঠানের জন্য এক-আধ জন পাদ্রি পাঠাইয়াই নিশ্চিন্ত ছিল। গোয়া নগরীতে ষোড়শ শতকের প্রারম্ভ হইতে পোর্ত্তুগীসদের প্রধান কেন্দ্র প্রতিষ্ঠিত হওয়ায়, এবং ছলে বলে কৌশলে সেখানকার অধিবাসী বিস্তর অ-পোর্ত্তুগীস লোককে খ্রীষ্টান করিয়া দেওয়ায়, গোয়া পোর্ত্তুগীস কাথলিক ধর্ম্মের একটী বড় পীঠস্থান ও কেন্দ্র হইয়া দাঁড়ায়, এবং পোর্ত্তুগীস পার্থিব ক্ষমতার হ্রাস হইলেও, বাঙ্গালা ও ভারতের অন্যত্র প্রতিষ্ঠিত পোর্ত্তুগীস ধর্ম্মস্থানগুলি পরিচালনা এই গোয়া নগরীই করিয়া আসিতে সমর্থ হয়। অষ্টাদশ শতকের মধ্যভাগে (১৭৪৩ সালের কাছাকাছি, যে সময়ে আমাদের আলোচ্য পুস্তক মুদ্রিত ও প্রকাশিত হয়) বাঙ্গালা দেশে পোর্ত্তুগীসদের ১৫টী মিশন বা ধর্ম্মপ্রচার-কেন্দ্র ছিল। ইহার মধ্যে ভাওয়ালের Santo Nicolao de Tolentino তোলেন্তিনোর সন্ত নিকোলাস্-এর নামে উৎসর্গীকৃত গির্জ্জা ও মিশনটী অন্যতম ছিল। পাদ্রি Frey Ambrosio de Santo Agostinho, সন্ত আগস্তীন সম্প্রদায়ের ভাই আম্ব্রোসিও, এই সময়ে আগস্তীনীয়দের মঠাধ্যক্ষ ছিলেন; ইনি ১৭৫০ সালের ২রা নভেম্বর তারিখে গোয়ার রাজপ্রতিনিধিকে S. Nicolao de Tolentino-র মিশন সম্বন্ধে লেখেন; এই সময়ে এই মিশন বেশ সমৃদ্ধ অবস্থায়। বাঙ্গালা দেশে পোর্ত্তুগীসদের প্রতিষ্ঠিত আস্তানাগুলি এখনও বহুস্থানে বিদ্যমান আছে, কিন্তু এখন সব জায়গায় ইহাদের যাজক বা সন্ন্যাসিগণ পোর্ত্তুগীস বা গোয়ানীস নহে, বহুশঃ এগুলি এখন পোপ কর্ত্তৃক অনুমোদিত বেলজিয়ান্ ও আইরীশ যেসুইট্ সম্প্রদায়ের সন্ন্যাসীদের দ্বারা পরিচালিত হয়। কিন্তু ঢাকার ভাওয়ালের S. Nicolas de Tolentino-র প্রাচীন গির্জ্জা ও মিশন এখনও বিদ্যমান, এবং এখানে এখনও পোর্ত্তুগীস বা গোয়ানী প্রভাব পূরা দস্তুর বর্ত্তমান আছে। ১৯২১ সালের বঙ্গদেশের লোক-গণনার বিবরণী-পুস্তক (Census Report for Bengal, 1921) হইতে জানা যায় যে নারায়ণগঞ্জের ২০ মাইল উত্তরে পোর্ত্তুগীস গির্জ্জার অধীন এক প্রকাণ্ড জমীদারী আছে, মোগলদের আমল হইতে এই জমীদারীর চাষী বা প্রজারা প্রায় সকলেই রোমান কাথলিক খ্রীষ্টান। এই অঞ্চলের খ্রীষ্টান অধিবাসীরা সংখ্যায় ২৬,০৮৩ জন পুরুষ এবং ২৪,৪৭৪ জন স্ত্রীলোক, সমগ্র বাঙ্গালার খ্রীষ্টানদের মধ্যে ⅓ অংশেরও অধিক এখানেই বাস করে। পোর্ত্তুগীস গির্জ্জাগুলি মান্দ্রাজ সহরের ময়িলাপুরের

বিশপের অধীন এবং তৎকর্ত্তৃক পরিচালিত হয়, এবং ময়িলাপুরের বিশপ হইতেছেন গোয়ার পোর্ত্তুগীস আর্কবিশপের অধীন। এখানকার পাদ্রিরা পোর্ত্তুগীস-ভাষী গোয়ানীস-জাতীয়। একবার ঢাকা হইতে কলিকাতা আসিবার সময় এইরূপ কতকগুলি পাদ্রির সঙ্গে আমার আলাপ হইয়াছিল।

বাঙ্গালাদেশে পোর্ত্তুগীস খ্রীষ্টানদের এক বড় কেন্দ্র নাগরী বা ভাওয়ালে বসিয়া ১৭৩৪ সালে পাদ্রি Manoel da Assumpçam বা Assumpção মানুএল-দা-আস্‌সুম্পসাউ এই বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানখানি লেখেন। পাদ্রি মানুএল, পরবর্ত্তী যুগের কেরী মার্শমান প্রভৃতিগণের পক্ষে এক প্রধান পথিকৃৎ। বাঙ্গালা গদ্য সাহিত্যের পত্তন যাঁহাদের দ্বারা হইয়াছিল, তাঁহাদের একজন হিসাবে, এবং প্রথম বাঙ্গালা ব্যাকরণের রচয়িতা হিসাবে, পাদ্রি মানুএল প্রত্যেক বঙ্গভাষী ও বাঙ্গালী সাহিত্যানুরাগীর সম্মানের পাত্র, এবং তাঁহার ব্যক্তিত্ব ও জীবনী আমাদের কৌতূহলের বিষয় হওয়া উচিত। কিন্তু দুঃখের বিষয়, ইঁহার সম্বন্ধে তাদৃশ সংবাদ কিছুই পাওয়া যায় না। বাঙ্গালা ভাষায় রচিত বা বাঙ্গালা ভাষা বিষয়ে তিনখানি বইয়ের সঙ্গে ইঁহার সম্বন্ধ ছিল, কেবল এই সংবাদ টুকু জানা যায়। একখানি বই ইনি পোর্ত্তুগীস হইতে বাঙ্গালায় অনুবাদ করেন; বইখানির নাম Crepar Xaxtrer Orthbhed 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'। এই 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এর একখানি মাত্র প্রতি ভারতবর্ষে পাওয়া গিয়াছে—একখানি খণ্ডিত পুস্তক কলিকাতায় এশিয়াটিক-সোসাইটি-অভ্-বেঙ্গলের পুস্তকাগারে রক্ষিত আছে, এবং পোর্ত্তুগালের এভোরা নগরীর সাধারণ পাঠাগারে আর একখানি প্রতি ও একটি অসম্পূর্ণ হস্তলিখিত পাণ্ডুলিপি বিদ্যমান আছে। এই বই সম্বন্ধে এদেশে আলোচনা হইয়া গিয়াছে (দ্রষ্টব্য—বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকায় শ্রীযুক্ত সুশীলকুমার দে ও শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের দুইটী প্রবন্ধ, ১৩২৩ সাল, "ইউরোপীয় লিখিত প্রাচীনতম মুদ্রিত পুস্তক" ও "'কৃপার শাস্ত্রের অর্থভেদ' ও বাঙ্গালা উচ্চারণতত্ত্ব", শ্রীযুক্ত সুশীলকুমার দের প্রবন্ধে উল্লিখিত Father Hosten, S.J.-র Bengal Past & Present, Vol. IX, Part I-এ প্রকাশিত ইংরেজী প্রবন্ধ; শ্রীযুক্ত সুশীলকুমার দের Bengali Literature in the Nineteenth Century; এবং মাসিক বসুমতী পত্রিকার ১৩৩৪ সালের শারদীয়া সংখ্যায় ২২৫-২৩৯ পৃষ্ঠায় প্রকাশিত শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন লিখিত প্রবন্ধের, পৃঃ ২৩২-২৩৩, পৃঃ ২৩৬)। দ্বিতীয় বইখানি একজন বাঙ্গালী খ্রীষ্টানের লেখা, খ্রীষ্টান ধর্ম্ম-সংক্রান্ত

dialogue বা আলাপ-আলোচনা-বিষয়ক; "বুসনা বা ভূষণার কোনও রাজপুত্র এই খ্রীষ্টান পাদরীদের আশ্রয়ে আসিয়া খ্রীষ্ট-ধর্ম্মাবলম্বী হন এবং Dom Antonio de Rozario এই নামে পরিচিত হন। নবগৃহীত ধর্ম্ম বহুল প্রচারের উদ্দেশ্যে তিনি বাঙ্গালা ভাষায় এই গ্রন্থ রচনা করেন।" এই বইয়ের পাণ্ডুলিপি সম্ভবতঃ পাদ্রি মানুএল-দা-আস্‌সুম্পসাঁউ-ই পোর্ত্তুগালে লইয়া গিয়া এভোরার আর্কবিশপের গ্রন্থালয়ে দান করিয়া থাকিবেন। মানুএল ইহার পোর্ত্তুগীস অনুবাদ করেন। উপস্থিত এই অমূল্য পুস্তকের হস্তলিখিত পাণ্ডুলিপি (মূল বাঙ্গালা রোমান অক্ষরে ও সামনের পৃষ্ঠায় পোর্ত্তুগীস অনুবাদ) এভোরার সাধারণ পুস্তকাগারে রক্ষিত আছে। এই পুস্তককে বাঙ্গালীর লেখা বাঙ্গালা ভাষার এক সুপ্রাচীন গদ্যগ্রন্থ বলা চলে। গ্রন্থকার Dom Antonio সম্বন্ধে অল্প কিছু যাহা জানা যায় তাহা হইতেছে এই: ১৬৬৩ খ্রীষ্টাব্দে মগেরা ভূষণার এক রাজকুমারকে বন্দী করিয়া আরাকানে লইয়া যায়, সেখান হইতে Manoel de Rozario নামে এক পোর্ত্তুগীস পাদ্রি টাকা দিয়া তাঁহাকে খালাস করিয়া আনেন ও রোমান কাথলিক ধর্ম্মে দীক্ষিত করেন; তাঁহার দীক্ষার পর স্বপ্নে St. Antony সন্ত আন্তনি তাঁহাকে দেখা দেন বলিয়া তিনি Dom Antonio নাম লয়েন ও ধর্ম্ম-গুরুর পদবী লয়েন। সুতরাং তাঁহার রচিত এই প্রশ্নোত্তর-মালা বা কথোপকথন পুস্তক সপ্তদশ শতকের তৃতীয় বা চতুর্থ পাদে লিখিত হইয়াছিল বুঝা যায়। এই বইয়ের সম্বন্ধে আলোচনা বঙ্গীয় সাহিত্য-পরিষৎ পত্রিকায় সুশীল বাবুর প্রবন্ধে, সুশীল বাবুর প্রবন্ধে উল্লিখিত Father Hosten-এর লেখা Bengal Past & Present-এর প্রবন্ধে, এবং সুশীল বাবুর Bengali Literature in the Nineteenth Century গ্রন্থের ১৬ পৃষ্ঠায় দ্রষ্টব্য; এতদ্ভিন্ন শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন পোর্ত্তুগালের এভোরানগরে গিয়া এই বইয়ের পাণ্ডুলিপি দেখিয়া আসিয়াছেন, ও ইহার অনেক অংশ নকল করিয়া আনিয়াছেন—মাসিক বসুমতী, ১৩৩৪ সালের শারদীয়া সংখ্যায় ইনি ইহার পরিচয় দিয়াছেন এবং ইহা হইতে কিয়দংশ প্রকাশও করিয়াছেন। এই বইয়ের সম্পূর্ণ প্রকাশ হওয়া একান্ত কর্ত্তব্য। প্রায় ২৫০ বৎসর পূর্ব্বেকার বাঙ্গালা ভাষার গদ্যের নমুনা হিসাবে ইহার মূল্য অনুমান করা যাইতে পারে।

তৃতীয় বইখানি হইতেছে আমাদের এই বাঙ্গালা ব্যাকরণ ও শব্দকোষ। এভোরার অধিবাসী পাদ্রি মানুএল-দা-আস্‌সুম্পসাঁউ পূর্ব্বভারতের মণ্ডলীভুক্ত অগস্তীনীয় সম্প্রদায়ের সন্ন্যাসী ছিলেন (Religioso Eremita de Santo Agostinho da Congregação da

India Oriental), ইহা তাঁহার ব্যাকরণ ও শব্দকোষের নামপত্র হইতে জানা যায়। 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এর ক্ষুদ্র ভূমিকা হইতে জানা যায় যে তিনি St. Nicolas de Tolentino-র মিশনের পরিচালক (Reitor da Missiõ de S. Nicolas de Tolentino) ছিলেন। J. J. A. Campos তাঁহার Bandel: History of the Augustinian Convent of the Church of Our Lady নামক বইয়ের ৮৪-৮৯ পৃষ্ঠায় পোর্ত্তুগীস মঠাধ্যক্ষদের একটা আনুমানিক পরম্পরা দিয়াছেন, তাহাতে খ্রীষ্টীয় ১৭৫৭ সালে (এই বৎসর সিরাজদ্দৌলা হুগলী নগর জ্বালাইয়া দেন) ফ্রেই মানুএল-দা-আস্সুম্পসাঁউএর নাম পাওয়া যায়। ওদিকে তাঁহার বইয়ের ভূমিকায় ১৭৩৪ সাল পাইতেছি, আর এদিকে ১৭৫৭: এই দুই তারিখের কত পূর্ব্ব হইতে এবং কত পর পর্য্যন্ত তাঁহার প্রচার-কার্য্য চলিয়াছিল, এবং তাঁহার জীবৎকাল কোন তারিখ হইতে কোন তারিখ পর্য্যন্ত তাহা জানিবার উপায় নাই। তিনি যে একজন পোর্ত্তুগাল হইতে আগত পাদ্রি ছিলেন, তাহা তাঁহার বইয়ের ভূমিকা হইতে জানা যায়। বঙ্গদেশে জন্মগ্রহণ করিলে এবং এখানে লালিত পালিত হইলে যেরূপ খাঁটী বাঙ্গালা লিখিতে পারা উচিত, ইঁহার বাঙ্গালা সেরূপ নহে—বিদেশীর মনের ছাপ এবং বিদেশি-জনসুলভ ভুল ইহাতে যথেষ্ট আছে। তিনি যে একজন কর্ত্তব্যপরায়ণ ধর্ম্মগুরু ছিলেন, বঙ্গভাষী শিষ্যদের জন্য তাহাদের ভাষা তখনকার দিনের পক্ষে বেশ ভালো করিয়াই শিখিয়া খ্রীষ্টধর্ম্মসম্বন্ধে তাহাতে বই অনুবাদ করিয়া লিস্‌বন হইতে ছাপাইয়া আনিয়াছিলেন, তাহা ইহা হইতে বেশ বুঝা যায়। তাঁহার অনুবর্ত্তন করিয়া যাহাতে অন্য পোর্ত্তুগীস ধর্ম্মগুরুরাও বাঙ্গালী খ্রীষ্টানদের মধ্যে নিজ নিজ কর্ত্তব্য যথোপযুক্তভাবে পালন করিতে পারেন, তজ্জন্য তাহাদের পথ সুগম করিবার অভিপ্রায়ে তাঁহার বাঙ্গালা ব্যাকরণ রচনা ও শব্দকোষ প্রণয়ন। এই সম্বন্ধে তাঁহার ব্যাকরণের ভূমিকা—"নিবেদন, পাঠক ও নবীন প্রচারকের প্রতি"—দ্রষ্টব্য। বাঙ্গালী খ্রীষ্টানেরা স্বধর্ম্মে আস্থাবান্ থাকে, ধর্ম্মবীজ ও ধর্ম্মানুমোদিত রীতিনীতি যথাযথ পালন করে, ইহাই অবশ্য তাঁহার মূল উদ্দেশ্য ছিল। ১৬৮০ সালের দিকে বাঙ্গালা মিশনের অধ্যক্ষ যে বাঙ্গালাদেশের পোর্ত্তুগীস পাদ্রিদের কর্ত্তব্যপরায়ণতার প্রশংসা করিয়া গিয়াছেন, পাদ্রি মানুএলের মতন ধর্ম্মগুরুর কার্য্য হইতে সেই প্রশংসার যথার্থতা আমরা উপলব্ধি করিতে পারি।

পুরাতন বাঙ্গালায় গদ্যলেখা বেশী পাওয়া যায় না। গদ্য-সাহিত্য দেশে অজ্ঞাত ছিল বলিলেই হয়। পুরাতন বাঙ্গালায় গদ্য আলোচনা করিতে গেলে, সাহিত্যের অভাবে

চিঠি-পত্র দলিল-দস্তাবেজ আমাদের উপজীব্য হইয়া উঠে। গদ্য-সাহিত্য ইউরোপীয় প্রভাবেই বাঙ্গালায় গড়িয়া উঠে। শুণ্য পুরাণের মত বইয়ের কিছু কিছু অংশ, বৈষ্ণব সম্প্রদায় বিশেষের দার্শনিক মতবাদ লইয়া প্রশ্নোত্তরমালা, এবং একটী আধটী গদ্যগল্প—খ্রীষ্টীয় ১৮০০ সালের পূর্ব্বেকার বাঙ্গালা গদ্য সাহিত্যের নমুনা যাহা আমাদের নয়নগোচর হইয়াছে তাহাতে ইহার অধিক আর বিশেষ কিছু নাই। এখন ১৭৩৪ সালের 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এর খবর আমরা পাইয়াছি। এই বইয়ের আলোচনা হইয়াছে, ইহার সম্পূর্ণ পুনর্মুদ্রণ আবশ্যক। ভূষণার রাজপুত্র দোম্ আন্তনিওর প্রশ্নোত্তরমালার মূল্য আরও বেশী। 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' গ্রন্থে—এবং খুব সম্ভব দোম্ আন্তনিওর বইয়েও—বাঙ্গালাভাষায় অনেকগুলি খ্রীষ্টান সাধুর ইতিবৃত্ত ও অন্য আখ্যায়িকা আছে, বড় বড় গদ্য-রচনা আছে, পুরাতন বাঙ্গালার গদ্যের ও সাধারণ শব্দসম্পদের অতি উৎকৃষ্ট নিদর্শন এইগুলি। এই দুই আদি গদ্য-গ্রন্থকে বাদ দিলে বাঙ্গালা গদ্য-রচনা-রীতির ও বাঙ্গালা গদ্য-সাহিত্যের ইতিহাস অপূর্ণ থাকিবে।

'কৃপার শাস্ত্রের অর্থভেদ' অনুবাদ করিয়া বাঙ্গালা গদ্যের পত্তনে সাহায্য করার দরুন পাদ্রি মানুএল-দা-আস্সুম্পসাঁউ বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে অন্ততঃ একটী পৃষ্ঠার দাবী করিতে পারেন। তদ্ভিন্ন বাঙ্গালার প্রথম ব্যাকরণকার ও কোষকার বলিয়া উচ্চ স্থান তাঁহার প্রাপ্য। পোর্ত্তুগীস পাদ্রিদের পথ অনুসরণ করিয়া পরে ১৭৮০ সালের দিকে Augustin Aussant ওগ্যুস্তাঁ ওসাঁ নামে একজন ফরাসী রোমান অক্ষরে বাঙ্গালা শব্দ লিখিয়া ফরাসী-বাঙ্গালা অভিধান সঙ্কলন করিয়া স্বজাতির মধ্যে বাঙ্গালার চর্চ্চা প্রতিষ্ঠিত করিতে চেষ্টা করিয়াছিলেন (ওসাঁর সম্বন্ধে ১৩৩০ সালের জ্যৈষ্ঠ মাসের "ভারতীতে" মৎপ্রণীত প্রবন্ধ দ্রষ্টব্য)। ইংরেজ হালহেড, ও তৎপরে কেরী প্রভৃতিও পাদ্রি মানুএল-এর অনুবর্ত্তক।

আস্সুম্পসাঁউএর বাঙ্গালা ব্যাকরণ সম্বন্ধে স্যার জর্জ আব্রাহাম গ্রিয়ার্সন, পাদ্রি হস্টেন সাহেব, শ্রীযুক্ত সুশীলকুমার দে এবং শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার উল্লেখ করিয়াছেন (Grierson—Linguistic Survey of India, Vol V, Part I, p. 23 ; The Rev. Father Hosten, S. J.—'Bengal, Past & Present,' Vol. IX, Part I ; বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩২৩; Bengali Literature in the Nineteenth Century), এই বইয়ের নামপত্রের ছবিও বাহির হইয়াছে। কিন্তু এই বইয়ের আলোচনা যতটুকু

হইয়াছে তাহা কেবলমাত্র ইহার নাম লইয়া, বোধ হয় এক গ্রিয়ার্সন সাহেব ছাড়া আর কেহ এই বই চোখে দেখিয়া ইহার সম্বন্ধে কিছু লিখিবার সুযোগ পান নাই। ১৯১৯ সালে লণ্ডনে পহুঁছিয়া ব্রিটিশ মিউজিয়মে গিয়া এই বই প্রথমেই সাগ্রহে দেখি। এই বইয়ের দুইখানি প্রতিলিপি লণ্ডনে ব্রিটিশ মিউজিয়মের পুস্তকাগারে আছে। একখানি খণ্ডিত, আর খানি সম্পূর্ণ। আস্‌সুম্পর্সাউএর বইখানি আকারে ক্ষুদ্র—ইহার নামপত্রের যে ছবি এখানে দেওয়া হইল সে ছবি মূল পুস্তকের সমান আকারের ফোটো হইতে যথাযথ ভাবে করা হইয়াছে। পৃষ্ঠা সংখ্যা x, 592 ; প্রথম দশ পৃষ্ঠা ভূমিকা প্রভৃতি লইয়া; তৎপরে ১—৪০ পৃষ্ঠা পর্য্যন্ত ব্যাকরণ; এই অংশটুকু মাত্র এখন বঙ্গানুবাদের সহিত প্রকাশিত হইল। তৎপরে ৪১—৫৯২ পর্য্যন্ত বাঙ্গালা শব্দসংগ্রহ, ৪১—৩০৬ পর্য্যন্ত বাঙ্গালা-পোর্ত্তুগীস, ও ৩০৭-৫৭০ পর্য্যন্ত পোর্ত্তুগীস-বাঙ্গালা ; এবং ৫৭১—৫৯২ পর্য্যন্ত বাকী পৃষ্ঠায় নানারূপ শব্দ শ্রেণী হিসাবে সংগৃহীত হইয়াছে—যেমন তিথির নাম, সংখ্যাবাচক নাম, সপ্তগ্রহের নাম, হিন্দুদের ধর্ম্মগ্রন্থের নাম ("আগম শাস্ত্র ; পুরাণ শাস্ত্র ; ভাগবত ; গীতা ; তর্ক-শাস্ত্র ; ন্যায়শাস্ত্র ; জ্যোতিষ শাস্ত্র ; বৈদ্যক"), ব্রাহ্মণের গায়ত্রী মন্ত্র (সংস্কৃতে), ঈশ্বরের গুণাবলী, এবং সর্ব্বশেষে সমোচ্চার্য্য বাঙ্গালা শব্দাবলী।

বিলাত পরিত্যাগের কিছু পূর্ব্বে ১৯২২ সালের সেপ্টেম্বর মাসে আমি এই বইয়ের ব্যাকরণ অংশ (প্রথম ৪০ পৃষ্ঠা) সম্পূর্ণ নকল করিয়া লই। এই অনুলিখন যথাযথ ভাবে করা হইয়াছে,—মূল পুস্তকের মুদ্রিত পৃষ্ঠায় ছত্রগুলি যে শব্দে বা শব্দাংশে শেষ হইয়াছে নকলেও ঠিক সেইরূপটী রাখিয়াছি ; মূলে যেখানে যেরূপে পৃষ্ঠার শেষ, অনুলিখনেও পৃষ্ঠা শেষ সেখানেই করিয়াছি ; মূলের অক্ষর যেমন যেমন আছে (রোমান বা ইটালিক ছাঁদের বড় হাতের বা ছোট হাতের), নকলে বিশেষ লক্ষ্য রাখিয়া তেমনিই রাখিয়াছি। নকল হইয়া যাইবার পর মূলের সঙ্গে আবার ভালো করিয়া মিলাইয়া লই। মূল পুস্তকের ছাপার নমুনা হিসাবে কয়েকটী পৃষ্ঠার আলোকচিত্রও আনিয়াছি। এই চিত্র এই সঙ্গে প্রকাশিত হইল। প্রস্তুত পুনর্মুদ্রণ মূল পুস্তকের যথাযথ অনুকারী করিয়া ছাপানো হইয়াছে।

শব্দসংগ্রহ অংশ বিশেষ বড়, ইহার পুরা নকল লইতে পারি নাই। তবে বাঙ্গালা-পোর্ত্তুগীস অংশ হইতে পৃষ্ঠার পর পৃষ্ঠা ধরিয়া প্রচুর শব্দ পোর্ত্তুগীস প্রতিশব্দসহ নকল করিয়া আনিয়াছি। এইরূপ শব্দ গ্রহণ করিয়াছি যাহা আমার অজ্ঞাত, বা যাহার অর্থ

আমরা পশ্চিমবঙ্গে সাধারণতঃ জানি না। সমস্ত শব্দসংগ্রহটী প্রকাশ হওয়ার যোগ্য। আপাততঃ যে অংশ আমি নকল করিয়া আনিয়াছি সেই অংশ পরিশিষ্টে ছাপাইয়া দিলাম।

পোর্ত্তুগীস ভাষা আমার তেমন জানা নাই, ঐ ভাষা আয়ত্ত করিবার সংকল্প লইয়া কখনও পড়িতে বসি নাই। ফরাসীর সঙ্গে অল্প একটু পরিচয় থাকায়, লাটিন হইতে উদ্ভূত ভাষাগুলির তুলনামূলক আলোচনা পাঠ করায়, এবং পোর্ত্তুগীস ভাষার উচ্চারণ-তত্ত্ব একটু আলোচনার ফলে, পোর্ত্তুগীসের সঙ্গে যে সামান্য একটু পরিচয় আমার জন্মিয়াছে তাহা এইরূপ বই পড়িয়া মোটামুটি ভাবে বুঝিলেও, অনুবাদের পক্ষে সে পরিচয় যথেষ্ট নহে। ১৯২২ সালে এই নকল লইয়া দেশে ফিরিয়া আসিয়া ইহাকে কাছে রাখিয়া দিই; উদ্দেশ্য ছিল, অবসর মত পোর্ত্তুগীস ভাষাটা একটু পড়িয়া লইয়া বইটী অনুবাদ করিয়া ফেলিব। এইরূপ অনুবাদ মাতৃভাষার ইতিহাস-অনুশীলনকারী বঙ্গভাষিগণের নিকট কৌতূহলোদ্দীপক হইবে আশা ছিল। অবসর অভাবে কয় বৎসর কাটিয়া গেল। ইতিমধ্যে ডাক্তার শ্রীযুক্ত Braganza Cunha ব্রাগান্‌সা কুঞা নামে একটী গোয়ানীস্ ভদ্রলোক, ইনি কলিকাতায় চিকিৎসা ব্যবসায় করেন, কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অবৈতনিক ভাবে পোর্ত্তুগীসের অধ্যাপনা আরম্ভ করিলেন। আমার সহকর্ম্মী ইতিহাস বিভাগের অধ্যাপক ডাক্তার শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন এবং ইংরেজী ও বাঙ্গালা বিভাগের অধ্যাপক শ্রীযুক্ত প্রিয়রঞ্জন সেন ইঁহার নিকটে পোর্ত্তুগীস পড়িতে আরম্ভ করিলেন। অন্য কার্য্যভার থাকায় এই সুযোগ আমি গ্রহণ করিতে পারিলাম না। শ্রীযুক্ত প্রিয়রঞ্জন বাবুকে আস্‌সুম্পসাঁউ-এর ব্যাকরণের কথা আমি বলি। প্রিয়রঞ্জন বাবু ফরাসী ভাষা জানেন, পোর্ত্তুগীসও শিখিয়াছেন। বইখানি পোর্ত্তুগীস হইতে বাঙ্গালা ভাষায় অনুবাদ করিবার জন্য আমি তাঁহার নিকট প্রস্তাব করি। স্থির হইল যে তিনি এই বই অনুবাদ করিবেন, পরে আমরা উভয়ে মূলের সঙ্গে একবার মিলাইয়া দেখিব, তৎপরে আমি ভূমিকা লিখিয়া একত্র ভূমিকা, মূল ও অনুবাদ প্রকাশ করিব। তদনুসারে শ্রীযুক্ত প্রিয়রঞ্জন বাবু অনুবাদ করিয়াছেন, অনুবাদের কৃতিত্ব সম্পূর্ণরূপে তাঁহারই। আমরা মূল ও অনুবাদ মিলাইয়া দেখিয়াছি; যতদূর সম্ভব, তিনি মূল-ঘেঁষা অনুবাদ করিয়াছেন। জায়গায় জায়গায়, বিশেষতঃ ভূমিকাগুলিতে, মূল পোর্ত্তুগীসের বাক্যরীতি বড়ই জটিল, কিন্তু আমার মনে হয় মোটের উপর মূলের যথাযথ অর্থ ঠিক ভাবেই বাঙ্গালায় দেওয়া হইয়াছে। মূলের সামনা-সামনি পৃষ্ঠায় অনুবাদ মুদ্রিত হইল।

'কৃপার শাস্ত্রের অর্থভেদ' হইতে জানিতে পারা যায় যে Baval dexe অর্থাৎ 'ভাওয়াল দেশে' উক্ত পুস্তকের খ্রীষ্টান গুরু ও শিষ্যে কথোপকথন হইতেছে। যে বাঙ্গালা ঐ পুস্তকে ব্যবহৃত হইয়াছে, তাহা পূর্ব্ববঙ্গের প্রাদেশিক বাঙ্গালা, দুইশত বৎসর পূর্ব্বে ঢাকা জেলার ভাওয়াল অঞ্চলে ব্যবহৃত বাঙ্গালা। ব্যাকরণে আস্সুম্পসাঁউ ঐ ভাষাই আলোচনা করিয়াছেন। এই ভাষা কিন্তু একেবারে মৌখিক ভাষা নহে। সাহিত্যের ভাষার, সাধু ভাষার আধারের উপরও এই ভাষা অনেকাংশে প্রতিষ্ঠিত। দুই শত বৎসর আগেকার বাঙ্গালা পুথির বানান দেখিয়া অনুমান হয় যে বিশেষ্যে কি ক্রিয়াপদে বাঙ্গালা দেশে প্রায় সর্ব্বত্রই পদমধ্যস্থ ই-কারের ব্যত্যয় ঘটিয়াছিল; 'করিয়া' অর্থাৎ 'কর্-ই-আ' শব্দের মৌখিক রূপ, 'ক ই র্ আ' ও 'ক ই র্ য়া' এইরূপ হইয়া গিয়াছিল। আস্সুম্পসাঁউ কিন্তু ক্রিয়াপদে মৌখিক ভাষার রূপ ধরিয়া তাঁহার রোমান অক্ষরে বাঙ্গালা শব্দের বানান লেখেন নাই—তিনি আগেকার কালের প্রাচীন বাঙ্গালার বানান 'করিয়া'-কে অবলম্বন করিয়াই coria রূপেই লিখিয়াছেন, মৌখিক ভাষার উচ্চারণ ধরিয়া তিনি উক্ত শব্দকে coira বা coirea (='কইর্যা') রূপে লিখেন নাই। চিঠিপত্রের গদ্য ভাষার প্রাচীনতর বানানকেই তিনি গ্রহণ করিয়াছিলেন। অপর পক্ষে, বিশেষ্য ও বিশেষণ শব্দে তিনি ই-কারের ব্যত্যয়াত্মক উচ্চারণ ধরিয়াই রোমান অক্ষরে বানান করিয়াছেন,—যথা কন্যা=কন্য়া, কন্ইআ>কইন্যা, কইনা, coina; বাসি বিয়া=বাইস্ বিয়া, বাস বিয়া=baix bia; অভাগ্যিয়া=obhaiguia. বাঙ্গালা শব্দের ভাষার বা সাধু ভাষার বৈশিষ্ট্য ক্রিয়াপদে প্রাচীনতর রূপাবলি-সম্বন্ধে তাহার রক্ষণশীলতা—এই ব্যাপারটী মধ্য-যুগের বাঙ্গালা সাহিত্যেরই জের হিসাবে উনবিংশ শতকের বাঙ্গালা গদ্য-রচনা-শৈলীতে রক্ষিত হইয়াছে।

পোর্ত্তুগীস পাদ্রিরা রোমান অক্ষরে বাঙ্গালা লিখিবার একটী নিয়ম স্থির করিয়া লইয়াছিলেন। এই বিষয়ে তাঁহাদের চেষ্টা নিশ্চয়ই ষোড়শ শতকের শেষ ভাগে Dominic de Souzaর সময় হইতেই আরম্ভ হইয়াছিল। আস্সুম্পসাঁউর বইগুলির রোমান-বাঙ্গালা বর্ণবিন্যাস-রীতি বেশ সহজ ও কার্য্যকর, এবং বাঙ্গালার উচ্চারণকে মোটামুটী যথাযথ ভাবেই প্রকাশ করিবার উপযোগী। এই রীতি নিশ্চয়ই বহুদিনের চেষ্টার ফল। প্রথম যুগের পোর্ত্তুগীস পাদ্রিদের বাঙ্গালা ভাষা অনুশীলন করিয়া, তাহাতে কি কি ধ্বনি আছে তাহা ঠিক করিয়া লইতে হইয়াছিল। বাঙ্গালা বর্ণমালায় এবং বাঙ্গালা ভাষায় উচ্চারিত ধ্বনি-সমষ্টিতে যে অসামঞ্জস্য বিদ্যমান, তজ্জন্য প্রথমটা নিশ্চয়ই তাঁহাদের কিঞ্চিৎ বেগ

পাইতে হইয়াছিল। কাজটী সহজ নহে; বাঙ্গালা ভাষায় বর্ণমালার নির্দ্দেশ, উচ্চারণ-সম্বন্ধে বহুস্থলে আমাদের ভ্রমপথেই লইয়া যায়,—বর্ণমালার প্রভাব এড়াইয়া উচ্চারণের প্রকৃত স্বরূপটী বাহির করা বিশেষ সূক্ষ্ম আলোচনা-সাপেক্ষ। বাঙ্গালা ভাষার চর্চ্চা করিবার পূর্ব্বে পোর্ত্তুগীসদের গোয়ায় কোঙ্কণী-মারহাট্টীর সঙ্গে পরিচিত হইতে হইয়াছিল। কোঙ্কণী ভাষায় খ্রীষ্টীয় সপ্তদশ শতকে বৃহৎ একটী খ্রীষ্টান ফিরাঙ্গী-কোঙ্কণী সাহিত্য গড়িয়া উঠে, রোমান অক্ষরে কোঙ্কণী লেখা হইতে থাকে। গোয়ায় কোঙ্কণী ভাষার ধ্বনিগুলির জন্য রোমান প্রত্যক্ষর পোর্ত্তুগীসেরা ঠিক করিয়া লন। ইহার দ্বারা বাঙ্গালায় আগত পাদ্রিদের পক্ষে কোঙ্কণীর মতই আর একটী নবীন ভারতীয় আর্য্যভাষা বাঙ্গালার জন্য রোমান প্রত্যক্ষর নির্ণয় করা সহজ হইয়াছিল। কতকগুলি বিশিষ্ট ভারতীয় ধ্বনি—যেমন মূর্দ্ধন্য বর্ণগুলির ধ্বনি—জানাইবার জন্য ইতিমধ্যেই কোঙ্কণীতে ব্যবস্থা করা হইয়াছিল; বাঙ্গালাতেও সেই ব্যবস্থার অনুসরণ করা হয়। ওলন্দাজ Ketelaer-এর লেখা হিন্দুস্থানী ভাষার ব্যাকরণ ১৭৪৩ সালে হলাণ্ডে লাইডেন নগরে ইংরেজ লেখক David Mills-এর সম্পাদকতায় প্রকাশিত হয়। এই ব্যাকরণের হিন্দুস্থানী ভাষার রোমান প্রত্যক্ষরীকরণে কোন বিশেষ শৃঙ্খলা নাই, ইহার তুলনায় পোর্ত্তুগীস পাদ্রিদের বাঙ্গালা-রোমান বানানকে সুনিয়ন্ত্রিতার জন্য বিশেষ প্রশংসা করিতে হয়।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকায় ১৩২৩ সালে প্রকাশিত 'কৃপার শাস্ত্রের অর্থভেদ ও বাঙ্গালা উচ্চারণ-তত্ত্ব' প্রবন্ধে, পোর্ত্তুগীস ভাষায় রোমান বর্ণমালার কিরূপ উচ্চারণ প্রচলিত, তদ্বিষয়ে, এবং সেই উচ্চারণ অবলম্বন করিয়া আস্সুম্পসাঁউ ও তাঁহার পূর্ব্বেকার পাদ্রিরা বাঙ্গালা ভাষার প্রত্যক্ষর নির্দ্ধারণ কিরূপে করিয়া দিয়াছিলেন, ও এই প্রত্যক্ষর ব্যবহার কতটা কার্য্যকর, তদ্বিষয়ে সবিস্তর আলোচনা করা হইয়াছে (এই সম্পর্কে, বাঙ্গালা ও পোর্ত্তুগীসের তুলনা-মূলক উচ্চারণ-তত্ত্ব আলোচনা করা কৌতুককর হইতে পারে; এ সম্বন্ধে Origin & Development of the Bengali Language, পৃঃ ৬২০—৬৩২-এ পোর্ত্তুগীস ধ্বনিগুলি, বাঙ্গালা ভাষায় গৃহীত শতাধিক পোর্ত্তুগীস শব্দে বাঙ্গালীর মুখে কিরূপ পরিবর্ত্তিত হইয়া গিয়াছে, তদ্বিষয়ে বিচার দ্রষ্টব্য)। সেই আলোচনা হইতে পোর্ত্তুগীস উচ্চারণ ধরিয়া রোমান অক্ষরে পাদরীদের প্রবর্ত্তিত বাঙ্গালা লিখিবার রীতিটী নিম্নে প্রদত্ত হইল। দুই শত বৎসর পূর্ব্বেকার ঢাকার ভাওয়াল অঞ্চলে প্রচলিত বাঙ্গালার উচ্চারণ বিষয়ে এই রোমান প্রত্যক্ষরীকরণ-পদ্ধতি বিশেষ আলোক-পাত করে, এবং পুরাতন বাঙ্গালার উচ্চারণ-সম্বন্ধে আমাদিগকে স্থির সিদ্ধান্তে পহুঁছিতে সাহায্য

করে। বাঙ্গালা ভাষার প্রাচীন ইতিহাস লইয়া গবেষণার কার্য্যে দুইশত বৎসর পূর্ব্বেকার বাঙ্গালার প্রাদেশিক উচ্চারণ ও ব্যাকরণ-সম্বন্ধে এতটা সুস্পষ্ট জ্ঞান বিশেষ উপযোগী।

এইখানে পোর্ত্তুগীস উচ্চারণ এবং আস্সুম্পসাঁউ কর্ত্তৃক প্রযুক্ত ব্যাকরণের পদ্ধতি এবং রোমান-বাঙ্গালা প্রত্যক্ষর-নির্দ্দেশ দেওয়া যাইতেছে। রোমান-বাঙ্গালা বানানের উদাহরণ হিসাবে আস্সুম্পসাঁউ-এর 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' হইতেও শব্দ দেওয়া যাইতেছে।

গ্রীস ও রুষ দেশ বাদ দিলে, আমাদের দেশে সংস্কৃতের মত, সমগ্র ইউরোপখণ্ডে লাটিন ভাষা অধীত ও অধ্যাপিত হইত; সুতরাং অন্য ভাষার আলোচনায় লাটিন ব্যাকরণের রীতিই যে ইউরোপীয় পণ্ডিতগণ কর্ত্তৃক অনুসৃত হইবে, ইহা সহজেই অনুমেয়—আমাদের বাঙ্গালা প্রভৃতি আধুনিক ভাষার আলোচনায় যেমন সংস্কৃত ব্যাকরণের রীতিই অনুসৃত হইয়া থাকে। কিন্তু সংস্কৃত ভাষা এবং সংস্কৃত ব্যাকরণের রীতি উভয়ই পাদ্রি আস্সুম্পসাঁউয়ের নিকট অজ্ঞাত ছিল; অপিচ, তখন বাঙ্গালা ভাষার ব্যাকরণ আলোচনা করিবার কথা বোধ হয় বঙ্গভাষী কাহারও মনেও হয় নাই, সুতরাং সংস্কৃত ব্যাকরণের সংজ্ঞা বাঙ্গালা আলোচনায় ব্যবহারের কোনও সুযোগ হয় নাই। সংস্কৃত ব্যাকরণের রীতির সহিত পরিচয় থাকিলেও, বাঙ্গালার মতন আধুনিক ভাষার বর্ণনায় সংস্কৃত ব্যাকরণের সূত্রের এবং নাম ক্রিয়াপদ নিষ্ঠা শতৃ-শানচ্ অব্যয়পদ প্রভৃতি বাক্যাংশের বিশ্লেষাত্মক সংজ্ঞা যথাযথ ব্যবহার করা একজন বিদেশীর পক্ষে কষ্টসাধ্য ব্যাপার হইত। সংস্কৃত ব্যাকরণের সমস্ত পর্য্যায় এবং সূত্র বাঙ্গালার পক্ষে প্রযোজ্য নহে, সংস্কৃতের অনেক বৈশিষ্ট্য বাঙ্গালায় মিলেও না, আবার বাঙ্গালায় এমন বহু পর্য্যায় ও রীতির উদ্ভব হইয়াছে যাহা সংস্কৃতে অজ্ঞাত। খাঁটী বাঙ্গালার ব্যাকরণ ঠিক সংস্কৃত আদর্শে হইতে পারে না। যাহা হউক, আস্সুম্পসাউ লাটিনের ছাঁচে ঢালিয়া বাঙ্গালা ব্যাকরণ সৃষ্টি করিয়াছেন।

লাটিনে পদের অন্ত্যধ্বনি বা বর্ণ (প্রাতিপদিক রূপ) এবং সুপ্ বিভক্তি ধরিয়া, সংস্কৃতেরই মত, নাম শব্দকে নানা শ্রেণীতে ফেলা হয়। আস্সুম্পসাঁউ বাঙ্গালার বিশেষ্য পদগুলিকে, স্বরান্ত ও হসন্ত, ষষ্ঠীতে '-র' এবং '-এর' প্রত্যয়-গ্রাহী চারি শ্রেণীতে ফেলিয়াছেন। লাটিন ভাষায় অধিকরণের জন্য বিশেষ প্রত্যয় নাই, একই বিভক্তির দ্বারা করণ, অপাদান ও অধিকরণ দ্যোতিত হইয়া থাকে, এই কারককে লাটিনে Ablativus বা অপাদান-কারক বলা হয়। বাঙ্গালা শব্দ-রূপে লাটিন ভাষার অনুরূপ ছয় বিভক্তি ধরা হইয়াছে, এবং অধিকরণ (Locative) স্থলে Ablative নাম দেওয়া হইয়াছে। প্রাচীন

বাঙ্গালায় এবং এখনও বিশেষ করিয়া উত্তর ও পূর্ব্ব বঙ্গের মৌখিক ভাষায় বহুস্থলে কর্ত্তৃকারকে '-এ'-বিভক্তির প্রয়োগ আছে। আস্‌সুম্পসাউ কিন্তু নিজ ব্যাকরণে শব্দ-রূপ পর্য্যায়ে এই এ-কারকে ধরেন নাই, পরে বাক্য-যোজনার পর্য্যায়ে প্রথম সূত্রে তাহা ধরিয়াছেন। কর্ত্তৃকারকে এই এ-কারের বা '-এ'-বিভক্তির প্রয়োগ 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এর ভাষায় একটী লক্ষ্য করিবার জিনিস।

লিঙ্গ পর্য্যায়ে পুংলিঙ্গে eqtta dhormo purux (একটা ধর্ম্ম পুরুষ) ও স্ত্রীলিঙ্গে eqtti stri dhormi (একটী স্ত্রী ধর্ম্মী) এই দুই প্রয়োগ বিবেচ্য। আজকালকার বাঙ্গালায় অনাদরে '-টা' প্রত্যয় হয়, এবং আদর ও ক্ষুদ্রতা জ্ঞাপন করিতে হইলে '-টা' '-টী' রূপে পরিবর্ত্তিত হয়। এই ঈ-কারান্ত (বা ই-কারান্ত) '-টী' প্রত্যয় মূলে স্ত্রীলিঙ্গ-বাচক প্রত্যয়, আধুনিক বাঙ্গালায় '-টী'-র (বা '-ঈ'-র) স্ত্রীলিঙ্গ দ্যোতনার শক্তি আর বিদ্যমান নাই (Origin and Development of the Bengali Language, pp. 673, 686); কিন্তু পুংলিঙ্গে 'একটা পুরুষ' ও স্ত্রীলিঙ্গে 'একটী স্ত্রী'—পাদ্রি আস্‌সুম্পসাউ-এর এইরূপ লেখা হইতে কি আমরা অনুমান করিতে পারি যে দুই শত বৎসরের আগেকার বাঙ্গালায় '-টা' ও '-টী'-র মূল লিঙ্গগত পার্থক্য কথঞ্চিৎ রক্ষিত হইয়া আসিয়াছিল? 'ধর্ম্ম' শব্দের বিশেষণ প্রয়োগ, স্ত্রীলিঙ্গে 'ধর্ম্মী' লক্ষ্য করিবার বিষয়; তথা স্ত্রীলিঙ্গের রূপ 'ভাগ্যমন্তী' এবং 'হিংসকা'।

সর্ব্বনাম-পর্য্যায়—'আমি'-র সঙ্গে সঙ্গে 'মুই'-পদের সাধারণ ব্যবহার ছিল। এতদ্বাচক 'ইহা'-অর্থে 'এয়া (এহা)' ও 'এহি' লক্ষণীয়। অমু-বাচক 'উহা'-অর্থে একবচনে পাদ্রি সাহেব 'এ, এয়া, ইনি' -কে 'ও, উই, উনি' এবং 'সে, তিনি'-র সহিত এক পর্য্যায়ে ধরিয়া গোলমাল করিয়া ফেলিয়াছেন। 'সে' এবং 'উহা, ও' বাঙ্গালায় ও বাঙ্গালার বাহিরে বহু স্থলেই সমার্থক (অমু-বাচক) সর্ব্বনাম হিসাবে ব্যবহৃত হয়; কিন্তু 'ইহা, এ' কখনও কুত্রাপি এরূপে 'সে' ও 'উহা'র সহিত একার্থ সর্ব্বনাম রূপে মিলে না। সর্ব্বনাম পর্য্যায়ে এবং তিঙন্ত পদের আলোচনায় দেখা যায় যে প্রথম পুরুষে সর্ব্বনামে সাধারণতঃ তদ্বাচক 'সে, তা' অপেক্ষা 'উ' (=উহা, ও, উনি) পদেরই প্রয়োগ অধিক। বহুবচনে পাদ্রি সাহেব 'ইহা'-কে 'উহা, ও' এবং 'সে'-র সহিত একার্থক বলিয়া ভুল করেন নাই। 'আপন' শব্দের ব্যবহার দ্রষ্টব্য; মধ্যম পুরুষে সম্ভ্রমে 'আপনি' (প্রাদেশিক বাঙ্গালায় 'আপনে') একমাত্র পদ ছিল; 'তুমি তোই', 'তুমি ওই', এইরূপ emphatic বা নিশ্চয়তা-জ্ঞাপক পদও

সম্ভ্রমে ব্যবহৃত হইত। সম্ভ্রমার্থক মধ্যম পুরুষ জানাইবার জন্য আত্মন্-শব্দ হইতে জাত 'আপন' শব্দের প্রয়োগ বাঙ্গালায় খুব প্রাচীন কালে পাওয়া যায় না (এ সম্বন্ধে দ্রষ্টব্য—Origin and Development of the Bengali Language, pp. 846-848)। বহুবচনে প্রথমা বিভক্তিতে 'তাহানা, ওয়ানা' (=তাঁহারা, উঁহারা; ষষ্ঠীর 'তাহান, উহান' হইতে উদ্ভূত) এবং 'সেয়ারা'(=তাহারা)—এই পদগুলি লক্ষ্য করিবার বিষয়। (ইহার রহস্য-সম্বন্ধে, অর্থাৎ ষষ্ঠী-বিভক্তির সঙ্গে বহুবচনের বিভক্তির যোগ বা সম্পর্ক সম্বন্ধে দ্রষ্টব্য Origin and Development, pp. 734-737).

ক্রিয়াপদ সাধন।—তিঙন্ত পদের আলোচনায় অস্ত্যর্থক 'হ' ধাতুর উত্তম ও মধ্যম পুরুষে o (=ও; হো?) পদের প্রয়োগ দ্রষ্টব্য। অতীতে উত্তম পুরুষে -ilão (='ইলাউঁ, -ইলাঙ,' আজকালকার '-ইলাম') ও লক্ষ্য করিবার বিষয়। অনুজ্ঞায় 'তি' পদ এই প্রাদেশিক ভাষায় একটী বিশেষ বিভক্তি। এখনও কি ইহার প্রয়োগ ঢাকার বাঙ্গালায় পাওয়া যায়? ইহার উৎপত্তি কি? ('তি'=থি—স্থা-ধাতুর কোনও শব্দ, বিভক্তি আকারে পর্য্যবসিত হইয়া গিয়াছে?) 'আছি' ও 'আছে'র সংক্ষিপ্ত 'ছে' রূপ দ্রষ্টব্য। 'আছিতাম, আছিত' ইত্যাদি পুরানিত্যবৃত্ত রূপ 'আছ' ধাতুতে এখন আর দেখা যায় না।

বাক্য-যোজনা অংশে পাদ্রি আস্‌স্পসাউ যে সূত্রগুলি প্রণয়ণ করিয়াছেন, তাহা হইতে তিনি সমীক্ষা-দ্বারা বাঙ্গালা ভাষার প্রকৃতির সহিত যে একটা মোটামুটি পরিচয় লাভ করিয়াছিলেন তাহার যথেষ্ট আভাস পাওয়া যায়। তবে অনেকগুলি বাক্য তিনি সম্ভবতঃ নিজেই রচনা করিয়া দিয়াছিলেন; হয় তো পোর্ত্তুগালে বসিয়া বাঙ্গালী সংশোধকের সাহায্য না পাইয়া এইরূপ করিয়াছিলেন; তাই এইগুলিতে ফিরিঙ্গিয়ানা ভাব এবং কুত্রচিৎ ভুলও আসিয়া গিয়াছে। যথা—ze chai, taha cori (যে চাই, তাহা করি—পৃঃ ২২); zodi tomra xot carzio corite chao na ami o corimu (যদি তোমরা সৎ কার্য্য করিতে চাও না, আমিও করিমু—পৃঃ ২২); axtha, axa, coruna porinamer poth xocol (আস্থা, আশা ও করুণা, পরিণামের পথসকল—পৃঃ ২৪); xonilam ze hindusthani cala loq xocol (শুনিলাম যে হিন্দুস্থানী কালা লোকসকল—পৃঃ ২৫)। এইরূপ কিম্ভূত কিমাকার বাঙ্গালা বাক্য -রচনা 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এ-ও প্রচুর বিদ্যমান।

এই অংশের কতকগুলি সূত্র কিন্তু বাক্য-যোজনার সূত্র নহে, বাস্তবিক পক্ষে সেগুলি পদ-সাধনেরই সূত্র। অপর Advertencias অংশে পদ-সাধন ও বাক্য-সাধন উভয় বিষয়ের

সূত্র বিমিশ্রভাবে গ্রথিত হইয়াছে। বাঙ্গালার কারক-দ্যোতক postposition বা বিভক্তি-স্থানীয় শব্দাবলী প্রায় সমস্ত এই অংশে উল্লিখিত হইয়াছে।

বাঙ্গালা বর্ণমালা-সম্বন্ধে পাদ্রি সাহেবের উক্তি নিরতিশয় কৌতুককর, এবং এই সম্বন্ধে তাঁহার মনোভাব মধ্যযুগের খ্রীষ্টানী গোঁড়ামী- এবং ইউরোপীয় দম্ভ-প্রসূত (১৮।১৯ অনুশীলনী দ্রষ্টব্য)। তবে বাঙ্গালা ভাষা শিক্ষার পক্ষে বাঙ্গালা অক্ষর পরিচয় হওয়াটা যে বিশেষ কার্য্যকর তাহা তিনি স্বীকার করিয়াছেন। বিশেষ কৌতুককর হইতেছে পাদ্রি সাহেবের এই বিশ্বাস, যে বাঙ্গালা অক্ষর সৃষ্টিটা ভারতবর্ষের ব্রাহ্মণদের একটা মূর্খতার পরিচয়; আর তাঁহার এই অভিমত, যে ইউরোপের সংস্কৃত-স্থানীয় লাটিন ভাষাকে ভাঙ্গিয়া ব্রাহ্মণদের হাতে বাঙ্গালা ভাষার উদ্ভব ঘটিয়াছিল,—ইহা তাঁহার মনের অন্তর্নিহিত লাটিন জাতির শ্রেষ্ঠতা-বোধের উপর প্রতিষ্ঠিত। বোধ হয় গ্রন্থকার ক্ষণেকের জন্য তাঁহার নিজ মাতৃভাষা পোর্ত্তুগীসের জননী এবং তাঁহার রোমান কাথলিক ধর্ম্মের দেব-ভাষা লাটিনকে পৃথিবীর তাবৎ ভাষার জননী ঠাহরাইয়া ফেলিয়াছিলেন,—এবং খ্রীষ্টান ধর্ম্ম-পুস্তকের "পুরাতন নিয়ম"-খণ্ডের ভাষা বিধায় খ্রীষ্টানী মতে জগতের মূল ভাষা, স্বর্গের ভাষা হিব্রুর কথা বিস্মৃত হইয়া গিয়া তিনি এইরূপে স্বধর্ম্মের এক লোক-প্রচলিত বিশ্বাস পালন না করিয়া প্রত্যবায়-ভাগী হইয়া পড়িয়াছিলেন!

এইরূপে তাঁহার গ্রন্থের উপসংহার। মোটের উপর, যে সময়ে এই বই লেখা হইয়াছিল সেই সময়ের কথা ধরিলে ইহার নানা ত্রুটি ও অসম্পূর্ণতা সত্ত্বেও বইখানিকে ভালোই বলিতে হয়। ইহার সাহায্যে অন্ততঃ দুই তিন পুরুষ ধরিয়া যে ইউরোপীয়দের মধ্যে বাঙ্গালার প্রচার হইয়াছিল, তাহা বলা বাহুল্য; এবং এখন বঙ্গভাষার ইতিহাস আলোচনার জন্য এই বইয়ের যে বিশেষ মূল্য আছে তাহা স্বীকার্য্য।

পূর্ব্বেই বলা হইয়াছে যে আস্সুম্পসাঁউ-এর বর্ণিত বাঙ্গালা ভাষার চর্চ্চা করিতে গেলে খালি এই ব্যাকরণটুকু যথেষ্ট নয়, সৌভাগ্যক্রমে আলোচনা করিবার জন্য তাঁহার শব্দসংগ্রহ আছে, এবং 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' আছে। এই কাজ ভালো করিয়া করিতে গেলে ভাওয়াল অঞ্চলের আধুনিক ভাষার সঙ্গে, বিশেষতঃ সেখানকার বাঙ্গালী রোমান কাথলিক খ্রীষ্টানদের মধ্যে প্রচলিত ভাষার সঙ্গে পরিচয় থাকা দরকার, একটু গোয়া-প্রদেশের ভাষা কোঙ্কণী জানা দরকার, একটু পোর্ত্তুগীসও জানা দরকার (কারণ এই দুই ভাষার প্রভাব—বিশেষ করিয়া পোর্ত্তুগীসের প্রভাব—এই ফিরাঙ্গী-বাঙ্গালার শব্দাবলীতে এবং বাক্যের

ভঙ্গীতে আসিয়া গিয়াছে)। পুরাতন বাঙ্গালা গদ্যের নমুনা হিসাবে 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' -এর সম্পূর্ণ পুনর্মুদ্রণ হওয়া আবশ্যক—যথাযথ রোমান অক্ষরে বাঙ্গালা অনুবাদের মূল, মূল পোর্তুগীস ও সঙ্গে সঙ্গে প্রাদেশিক ভাষার প্রাচীন উচ্চারণ নির্দ্ধারণ করিয়া বাঙ্গালা অক্ষরে এই রোমান-বাঙ্গালার প্রত্যক্ষরীকরণ হওয়া উচিত, এবং টীকা-টিপ্পনীও সঙ্গে সঙ্গে দেওয়া উচিত। উপস্থিত ক্ষেত্রে এই ব্যাকরণের পরিশিষ্ট হিসাবে 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' হইতে কিঞ্চিৎ উদ্ধার করিয়া দেওয়া হইল।

'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এর ভাষার সম্বন্ধে বিশেষ কিছু বলিবার স্থান ইহা নহে। এই ভাষার যথেষ্ট ফিরিঙ্গিয়ানা দোষ আছে; কিন্তু গুণও যথেষ্ট আছে। যদিও সাধারণতঃ আক্ষরিক অনুবাদ হয় নাই, কেবল মূলের ভাবটী বাঙ্গালায় দেওয়া হইয়াছে, পোর্তুগীসের মূল-ঘেঁষা অনুবাদ করিবার চেষ্টায় তথাপি বহু বহু বাঙ্গালার বাক্যকে পোর্তুগীসের বাক্য-রীতির অনুযায়ী করিয়া উল্‌টাইয়া পাল্‌টাইয়া দেওয়া হইয়াছে। সুতরাং ইহাতে স্থানে স্থানে অর্থগ্রহে কষ্ট হয়। তারপর নানা শব্দ সাধারণতঃ যে ভাব প্রকাশ করে সেই ভাব প্রকাশ করিতে বাঙ্গালায় ব্যবহৃত হয় নাই—অনুবাদে এখানে পাদ্রি সাহেব কৃতিত্ব দেখাইতে পারেন নাই, যেমন ভক্তি প্রেম বা দাম্পত্য-প্রণয় অর্থে 'দয়া' শব্দ, 'শাশ্বত জীবন' অর্থে 'জীবন অনন্ত সংখ্যা', 'শাশ্বত কাল' অর্থে 'সর্ব্বকাল বিনে শেষে।' খ্রীষ্টানী ভাব-জগতের সহিত এবং খ্রীষ্টান রচনা-ভঙ্গীর সহিত পরিচয় না থাকিলে এই বইয়ের ভাষা বহুস্থলে অবোধ্য হইয়া পড়ে। (প্রমাণ-স্বরূপ প্রবেশকের পরিশিষ্টে ৩৵৹ পৃষ্ঠায় উদ্ধৃত 'মাতা মেরীয় নিকট প্রার্থনা' মন্ত্রটী দেখা যাইতে পারে।) কিন্তু এই সকল দোষ থাকিলেও, বহু স্থানে পাদ্রি সাহেব বেশ ঝরঝরে বাঙ্গালা লিখিয়াছেন। তাঁহার রচনা-শৈলী একেবারে কথাবার্ত্তার অনুকারী; আস্তে আস্তে থামিয়া থামিয়া পড়িয়া গেলে, বিপরীত বাক্যরীতিও ততটা কানে ঠেকে না,—যে সব বাক্যাংশ সাধারণতঃ আমরা বাক্যের আদিতে বসাইয়া থাকি, সে সব বাক্যাংশ পরে আসিলেও মনে হয় যেন বাক্য মনের ভাবের গতি অনুসরণ করিয়া সহজভাবে প্রকাশিত হইতেছে, ধরিয়া ধরিয়া গুছাইয়া লইয়া তর্কবিত্তানুমোদিত পন্থা অনুসারে সাধুভাষার ভঙ্গীকে অবলম্বন করিয়া কৃত্রিমতা প্রাপ্ত হয় নাই। ছোট ছোট বাক্যে ঘরোয়া কথা পাদ্রি সাহেব যেখানে বলিয়াছেন, সেখানকার রচনা বাস্তবিকই প্রসাদগুণযুক্ত (যেমন প্রবেশকের পরিশিষ্টে ৩৲, ৩৵৹ পৃষ্ঠায়); মৃত্যুঞ্জয়ী বাঙ্গালার সরল অংশগুলিকে এইরূপ অংশ স্মরণ করাইয়া দেয়।

বঙ্গভাষানুরাগী ব্যক্তিবর্গের সমক্ষে বাঙ্গালা ভাষার এই প্রাচীনতম ব্যাকরণ-গ্রন্থ উপস্থাপিত করা হইল। আশা করি, প্রাচীনতম গদ্যগ্রন্থ হিসাবে ভূষণার রাজকুমার দোন্ আন্তনিও-র বই (যাহার অমুদ্রিত পাণ্ডুলিপি এভোরা-নগরীতে আছে) এবং 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-ও বঙ্গভাষার চর্চ্চার জন্ম প্রকাশ করা অনতিবিলম্বে সম্ভবপর হইবে।

'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এর যে প্রতি-খানি এশিয়াটিক্ সোসাইটী অভ্ বেঙ্গল-এর গ্রন্থাগারে আছে, সেখানি খণ্ডিত ও জীর্ণ; বইখানির মুখপত্র নাই; পোর্ত্তুগীস ভাষায় একটি ছোট ভূমিকা আছে, তাহা হইতে জানা যায় যে, ভাওয়ালে (Ba[va]l) লেখা হইয়াছিল। ভাওয়ালের কাছে 'নাগরী'* বলিয়া একটী জায়গার বিষয় উল্লেখ আছে। সুনীল বাবু বইয়ের যে অংশটুকু পত্রিকায় তুলিয়া দিয়াছেন, তাহার মধ্যে এই কথা পাওয়া যাইবে। বইখানিতে পোর্ত্তুগীস ভাষায় রচিত একটি গুরু-শিষ্যের আলাপ অর্থাৎ খ্রীষ্টানধর্ম্ম ও অনুষ্ঠানবিষয়ক প্রশ্নোত্তরমালা ও তাহার বাঙ্গালা অনুবাদ আছে। অনুবাদক পাদ্রী আস্সুম্পসাঁউ ঢাকা অঞ্চলের চলিত ভাষা অবলম্বন করিয়া লিখিয়াছেন, তাঁহার ভাষাকে পূর্ব্ববঙ্গে দুই শ' বৎসর পূর্ব্বে চলিত ভাষার চলনসই নিদর্শন হিসাবে গ্রহণ করা যাইতে পারে। উচ্চারণে, ব্যাকরণে, কথার ঢঙে এ ভাষা একেবারে পূর্ব্ববঙ্গের, এবং বইখানি বাঙ্গালা উচ্চারণের আলোচনার পক্ষে সহায়ক বলিয়া অমূল্য।

বাঙ্গালা কথাগুলি পোর্ত্তুগীস রীতি অনুসারে লেখা হইয়াছে। পোর্ত্তুগীস উচ্চারণ ও বানানের নিয়ম ইংরেজী হইতে অনেকটা পৃথক্; সংক্ষেপে সে সম্বন্ধে কিছু বলা যাউক। পোর্ত্তুগালের রাজধানী লিস্বনের আধুনিক উচ্চারণ পাইয়াছি; দুই শত বৎসর আগেকার উচ্চারণটি সব জায়গায় ঠিক কেমন ছিল, জানিতে পারি নাই, তবে একটু আধটু তফাৎ হইলেও মূলে আজকালকার মতই ছিল, ধরিয়া লইতে পারা যায়। এই দুই শত বৎসরে উচ্চারণ বিষয়ে এক ইংরেজী ও ফরাসীর যা কিছু বিশেষ পরিবর্ত্তন ঘটিয়াছে, ইউরোপের অন্য ভাষাগুলি এ বিষয়ে বেশ রক্ষণশীল।

* এই 'নাগরী' সম্বন্ধে কলিকাতা ধর্ম্মতলা ষ্ট্রীটের রোমান কাথলিক গির্জ্জার পাদ্রি ওঅটর্স্ (the Rev. Father L. Wauters, S. J.) আমায় বলিয়াছেন যে, নাগরী ভাওয়ালের ১৭।১৮ মাইল দূরের একটী জায়গা, সেখানে একটী পুরাতন গির্জ্জা আছে, ও ঐ স্থানে এ দেশে কাথলিক খ্রীষ্টানদের একটী পুরাতন কেন্দ্র ছিল।

১। a, e, i, o, u—accent বা ঝোঁক দিয়া উচ্চারিত হইলে, যথাক্রমে=আ, এ, ই, ও, উ।

২। a, e, o—মৃদু উচ্চারিত হইলে যথাক্রমে 'অ্য' (অর্থাৎ ইংরেজী 'her'-এর e-র মত), ই, উ। যেমন chuva=chúva=শু-ভ়া (বৃষ্টি) ; padre=পাদ্রি (পিতা) ; vento=ভে.ন্তু (বাতাস) ; amamos=অ্য-ম্য-মুশ্ (ভালবাসি), amámos=অ্য-মা-মুশ্ (ভালবাসিয়াছি) ; desejóso=দি-জি.-ঝো.'-জু. (ইচ্ছুক)।

৩। ai=আই ; ahe (পদান্তস্থ)=আই ; ei=এই ; eu=এউ ; ou=ওউ, উ ; oi=ওই ; ao (পদান্তস্থিত)=আউ : pão=পাঁউ (রুটী)।

৪। ca, co, cu=কা, কো, কু ; ce, ci=সে, সি (s) ; ç=স (s)।

৫। ch=শ, ষ (লিসবনের ভাষায়)। প্রাচীন উচ্চারণ ছিল 'চ'*, এই উচ্চারণ উত্তর-পোর্তুগালের ত্রাজ্-ওশ্-মন্তিশ্ (Tras os-montes) প্রদেশে এখনও প্রচলিত আছে। ২০০ বৎসর পূর্ব্বে, অর্থাৎ যখন 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' লেখা হইয়াছিল, তখন 'চ' ছিল, কি 'শ' হইয়া গিয়াছিল, জানিতে পারি নাই ; তবে বাঙ্গালা 'চ' জানাইবার জন্য ch-এর যেমন প্রয়োগ দেখা যায়, s-ও তেমনি পাওয়া যায়। পূর্ব্ববঙ্গে তালব্য ও দন্ত্য উচ্চারণ দুই-ই বোধ হয় তখন চলিত ছিল এবং হয় তো তখনও দন্ত্য ts বা s জাতীয় উচ্চারণ তালব্য 'চ'-কে একেবারে অপ্রচলিত করিতে পারে নাই। এই সময়ে ch-এর উচ্চারণ 'চ'-ই ছিল ধরিয়া লইতে পারা যায়।

৬। d=দ ; f=ফ. (=ফারসী ف)।

৭। ga, go, gu=গ ; gue, gue=গে, গি ; gua, guo=গ্‌বা, গ্‌বো।
ge, gi=ঝে., ঝি.=ফরাসী j, ইংরেজী zh বা ফারসী ژ।

৮। h প্রায় সর্ব্বত্রই অনুচ্চারিত।

৯। j ফরাসীর মত=ঝ., বা zh ;—z নয়। 'কৃপার শাস্ত্রের অর্থভেদে', বাঙ্গালা জ=z ; ইংরেজীর মত j-র ব্যবহার নাই।

১০। বিদেশী শব্দ ভিন্ন অন্যত্র k-র ব্যবহার নাই।

১১। l=ল ; lh=ল্য ; (=স্পেনীয় ll, ইটালীয় gl)।

* F. Diez—Grammaire des Langues romanes, Vol. I, পৃঃ ৩৫৮।

১২। m=ম, যখন পদের আগে বা দুইটী স্বরের মাঝে থাকে। পদান্তস্থিত m= ँ; bom=বোঁ (ভাল), um=উঁ (এক)।

১৩। n=ন; ইহার প্রয়োগ m এর মত; তবে পদান্তস্থিত n, যখন অনুনাসিক উচ্চারিত হয়, তখন ইহার রূপ ~ হইয়া যায়, ও চন্দ্রবিন্দুর মত এই চিহ্ন স্বরের মাথায় বসে। ~ চিহ্নের পোর্তুগীস নাম 'তিল্' (til)। যেমন, cão (=cano)=কাঁউ (কুকুর); Camoẽs (Camoens) কামোইঁশ্ (পোর্তুগালের সর্ব্বশ্রেষ্ঠ কবির নাম); pão=পাঁউ (অর্থে রুটী, বাঙ্গালার পাঁউরুটী); botão=বোতাঁউ=বোতাঙ, বোতাম [ইংরেজী button 'ব্য-ট্ন্' হইতে বাঙ্গালা 'বোতাম' শব্দ আসে নাই]। nh=ঞ, স্পেনীয় ñ, ইটালীয় ও ফরাসী gn; senhor=সেঞোর (= মহাশয়)।

১৪। p=প।

১৫। q=ক; qua, quo=কুআ, কুও; que, qui=কে, কি।

১৬। r=র (বাঙ্গালার মত, ইংরেজীর মত অ-ঘেঁষা বা zh-ঘেঁষা র নহে)।

১৭। s=স; দুই স্বরের মধ্যে থাকিলে জ. (z)-এর মত উচ্চারিত হয়। পদান্তস্থিত ও অক্ষরের (সিলেব্লের) শেষে s 'শ', এবং এই অবস্থায় ঘোষবর্ণ (b, d, g) ও m-এর পূর্ব্বে থাকিলে ঝ. (zh)-এর মত উচ্চারিত হয়। যেমন gostos=গোশ্তুশ্ (সুখ); esta=এশ্‌তা (আছে); pasmo=পাঝ্.মু (আশ্চর্য্য); dezde=দেঝ্.দি (তৎপর)।

১৮। t=ত (ট নহে); v=ভ., ব় (ওঅ); w নাই।

১৯। x=সাধারণতঃ শ; কিন্তু ক্স, স (s), জ. (z) উচ্চারণও দেখা যায়।

২০। y বিরল, যেখানে মিলে, সেখানে=ই।

২১। z=জ.; কিন্তু luz=লুশ্ (আলো), cruz=ক্রুশ্।

এই বইয়ে রোমান অক্ষরে উপরে লেখা উচ্চারণ-মত বাঙ্গালা লেখা হইয়াছে। এখনও গোয়াতে ওই রকমের বানানে রোমান হরফে কোঙ্কণী ভাষা লেখে। এই ভাষায় ইহাদের খবরের কাগজ প্রভৃতিও বাহির হয়।

বাঙ্গালা বর্ণমালার অক্ষরগুলি 'কৃপার শাস্ত্রের অর্থভেদ'-এ এইরূপে রূপান্তরিত হইয়াছে। এই বানানের নিয়ম বেশ বাঁধা-বাঁধির সঙ্গে সব জায়গায় পালিত হইয়াছে।

স্বরবর্ণ

১। **অ**। (ক) অ=প্রায় সর্ব্বত্রই o : যেমন debota (দেবতা), proloe (প্রলয়), orth (অর্থ), xotontro (স্বতন্ত্র, 'শতন্ত্র'), odibax (অধিবাস), poromexor (পরমেশ্বর)। ইহার কিছু কাল পূর্ব্বে ইউরোপে প্রকাশিত বাঙ্গালার ম্যাপে—Sirote (সিরটে=শ্রীহট্ট), Sornagam (স্বর্ণগ্রাম), Cospetir (গজপতি), Gouro (গৌড়), Mog-en (=মগ-দেশ) প্রভৃতি নাম দেখিয়া জানা যায় যে, বাঙ্গালা 'অ' ২৫০ বছর আগেও ইউরোপীয়দের কানে o-র মত লাগিত। কিন্তু বাঙ্গালা 'অ'কারের এই o-র মত উচ্চারণ আরও পূর্ব্বে ছিল; পুরাতন বাঙ্গালা পুথিতে 'ও'-কার 'অ'-কারের অদল-বদল দেখা যায়।

অ-কারের 'অ' উচ্চারণ এ দেশীয় ভাষাগুলির মধ্যে এক গোয়ানীজেই দেখিতে পাওয়া যায়, অন্য কোথাও নয়। যেমন গোয়ানীজ sorop=সরপ (সর্প); chicol (চিকল, প্রাকৃতে চিক্খল্ল)=পাঁক; udoc=জল, vinot=বিনতি, patoc=পাতক।

(খ) কিন্তু দুই চার জায়গায় 'অ'-র প্রতিরূপ a-ও পাওয়া যায়; এরূপ উদাহরণ কিন্তু খুব বিরল; babilax (অভিলাষ), naroq (নরক), ziantà, zianta (জীয়ন্ত), raqhia (রক্ষা), tomara (তোমরা), laxcor (লস্কর)।

(গ) আবার পূর্ব্ববঙ্গসুলভ 'অ'-কার স্থানে 'উ'-কারের প্রয়োগও দুই-এক স্থানে পাওয়া যায়; অ-কার হইতে ও-কার, এবং ও-কার হইতে উ। xuhor (শুহর=শহর); bidhuba (বিধুবা=বিধবা); puxu (পশু); munixie (মুনিষ্যিয়ে=মনুষ্যে; 'মুনিস' পশ্চিম-বঙ্গে আছে বটে, কিন্তু এখানে এই কথাটি কলিকাতার 'মনিষ্যি'র রূপভেদ); xubhaie xubhai que doea core (সুভায়ে সুভাইকে দয়া করে=সবাই সবাইকে দয়া করে)। এ স্থলে পূর্ব্ব-বঙ্গের 'মুশয়', বঙ্গের অন্যত্র 'মোশাই, মশাই, মশায়'; 'বুন্'='বহিন্, ব'ন্, বোন্' প্রভৃতি পদ তুলিত হইতে পারে। [সংস্কৃত বক্ষঃ=চলিত বাঙ্গালা 'বুক'; হলদ—হলুদ, আগনি হইতে আগুন, ছাঅনী হইতে ছাউনী, প্রভৃতি অনেক কথায় 'অ' স্থানে আধুনিক বাঙ্গালায় 'উ' পাওয়া যায়, এই 'উ' কিন্তু অন্যভাবে আসিয়াছে।] 'ও'-কার দ্রষ্টব্য।

(ঘ) দুই চারি স্থলে যুক্তবর্ণের পরে বাঙ্গালায় যেখানে অকার উচ্চারিত হয়, তাহা নির্দ্দেশ করা হয় নাই; orth (অর্থ), xingh (সিংহ)।

২। **আ**=a; পদের অন্তে অনেক স্থলে à; bhat (ভাত), capor (কাপড়), noiracar (নৈরাকার, নিরাকার), paibe (পাইবে), taronà (তাড়না), corilà (করিলা),

doeà (দয়া), cothà (কথা), buzhilàm (বুঝিলাম)। এই মাত্রা (accent) চিহ্ন দেওয়া à লিখিবার কারণ পোর্ত্তুগীস বানান (২)-এর সূত্র পড়িলে বুঝিতে পারা যাইবে।

৩। ই, ঈ। (ক) i : bocti (=ভক্তি), bettibar (ভেটিবার), xidhi (সিদ্ধি), bari (বাড়ী)। দুই এক জায়গায় কথার শেষে í পাওয়া যায়—deqhí (দেখি), ইত্যাদি।

(খ) e, é; খুব কম। পোর্ত্তুগীস উচ্চারণ (২) দ্রষ্টব্য। padre (পাদ্রি), ehate (ইহাতে)।

(গ) tthay (ঠাই)—এই শব্দে ই=y।

৪। উ, ঊ। (ক)=u : buzhila (বুঝিলা), crux (ক্রুশ), rup (রূপ), nirupon (নিরূপণ), du (দু)।

(খ)=o, পোর্ত্তুগীস উচ্চারণ (২)-এর নির্দেশ অনুসারে : tomi (তুমি), xori, chori (চুরি, চোরী ?), boicontte (বৈকুণ্ঠে), gopto (গুপ্ত), bhoq (ভুখ), xoibar (শুইবার), xonia (শুনিয়া), boxto (বস্তু), xonilam (শুনিলাম), xondor (সুন্দর; কলিকাতার ছোট ছেলেরা 'শোন্দোর্' বলে)।

৫। ঋ। বাঙ্গালায় অক্ষরটির নাম 'রি' হইলেও ইহার নানা উচ্চারণ আছে। 'কৃপার শাস্ত্রের অর্থভেদে'-এ ঋ-স্থানে re, ri, er, ir, or, ro এবং e—এতগুলি পাওয়া যায়। পাদ্রি সাহেব যে বাঙ্গালার উচ্চারণ কানে যেমন শুনিয়াছিলেন, তেমনি লিখিয়া গিয়াছেন, সে বিষয়ে কোনও সন্দেহ নাই। crepa (কৃপা), obretha (অবৃথা=বৃথা,—'ব্রেত' বানানের মত), xrixtti (সৃষ্টি), omerto (অমৃত—কলিকাতার 'অমের্ত্তো' শুনা যায়), birdho (বৃদ্ধ), ghirna (ঘৃণা—ঘিরনা হইতে ঘিন্না, কলিকাতায় 'ঘেন্না'), mirtica (মৃত্তিকা), porthibi (পৃথিবী), prothoqhie ('প্রথক্যে'—পৃথকে; 'প্রথক্যে' ১৮০০ সালের বাঙ্গালা অক্ষরে ছাপা বাইবেলে আছে); tetio (তৃতীয়)। গোয়ানীসে 'ঋ'-র জন্য ur, ru ব্যবহার করে; ইহা মারহাট্টী উচ্চারণের অনুরূপ—curpa (কৃপা), druxtti (দৃষ্টি)।

৬। এ=e, é; é (মাত্রা দেওয়া) ব্যবহারের কারণ পোর্ত্তুগীস উচ্চারণ (২)-এর নির্দেশ দ্রষ্টব্য। পোর্ত্তুগীসে e=এ, এবং কতকটা 'অ্যা'-ঘেঁষা এ, ঠিক 'অ্যা' নয়—দুই-ই আছে। বাঙ্গালায় 'এ'-কারের তিন প্রকার ধ্বনি শুনা যায়। কিন্তু এই বইয়ে কোনও পার্থক্য করিবার চেষ্টা হয় নাই। zeno (যেন), etobar (এতবার), xorirer (শরীরের), cale

(কালে), ebong (এবং), ehi (এই), lengra (লেঙড়া)। বাঁকা 'এ'-র উচ্চারণ-সম্বন্ধে কিছু নিশ্চিত ভাবে জানিবার উপায় নাই; তবে বাঁকা 'এ' ছিল; যেমন beca (বেঁকা=ব্যাকা=বাঁকা)। 'খেদাইয়া' লিখিবার জন্য এক স্থানে cadaia লেখা হইয়াছে; এখানে বোধ হয়, a-দ্বারা বাঁকা 'এ' জানানো হইয়াছে।

৭। ঐ=oi: boicoutte (বৈকুণ্ঠে), noiracar (নৈরাকার), hoilo (হৈল, হইল)।

৮। ও। (ক)=o, ó: ghoxanio (গোসাঞি), xonó (শোনো), golam (গোলাম), tomare (তোমারে), ইত্যাদি।

(খ)=u: 'অ'কার দ্রষ্টব্য; nuq dia cazuaite (নুক [নখ] দিয়া খাজোয়াইতে) (খাওজাইতে=চুল্‌কাইতে); xudhon (শোধন), zut (জ্যোৎ, জ্যোতি), xuag (সোহাগ), muta (মোটা)। ও-কার স্থলে 'উ' বাঙ্গালা পুথিতেও পাওয়া যায়।

৯। ঔ=ou: houq (হৌক), choudo (চৌদ্দ); choqui (চৌকী—এই শব্দে ঔ=o; হয় ত তখন 'চোকী' বলিত)।

ব্যঞ্জনবর্ণ

১০। ক। পদের আদিতে ও মধ্যে 'আ'-কার, 'ও'-কার, 'উ'-কারের পূর্ব্বে থাকিলে ক=c; অন্তে থাকিলে q; que, qui=কে, কি। k অতি বিরল। এক Christ, Christiaõ (ক্রিস্তাঙ, ক্রিস্তান) শব্দে 'ক'-এর স্থানে ch এর ব্যবহার; এটি লাটিন বানানের অনুকরণে। crepa (কৃপা), coina (ক'ন্যা, কন্যা), xocol (সকল), tthacur (ঠাকুর), cotha (কথা); houq (হৌক্), eq (এক), noroq (নরক), thacuq (থাকুক্); queno (কেন), thaquia (থাকিয়া)। ohonqhar (অহঙ্কার); buq (বুক), কিন্তু buqhe (বুকে); দুই-এক স্থলে এইরূপ ক=qh ও দেখা যায়; 'বুখে' উচ্চারণ হইত কি? অর্থাৎ বক্ষঃ (বক্ষস্) শব্দের প্রাকৃত রূপ 'বক্খ' শব্দের প্রভাব, 'বুক্ক'>'বুক' শব্দের উপর পড়িয়াছে কি? 'ক' স্থানে 'গ' এই এক জায়গায় মিলে—pag-porox (পাগ পরশ=পাকস্পর্শ)। পূর্ব্ববঙ্গের 'হগল' (সকল), ও বাঙ্গালা 'কাগ', 'বগ' তুলনীয়।

১১। খ=qh: zoqhon (যখন), qhoda (খোদা), qhaibar (খাইবার), xeqhane (সেখানে)। দুই-এক স্থানে c, q: coraq (খোরাক), calax (খালাস), cadaia (খেদাইয়া),

cazuaite (খাজোয়াইতে, খাওজাইতে), racoal, raqoal, আবার raqhoal, rahoal (রাখোয়াল,—রাখাল শব্দের পুরাতন রূপ); rahoal বানান পূর্ব্ববঙ্গের বাঙ্গালায় দুই স্বরের মধ্যস্থিত 'ক' বা 'খ'-এর, 'হ'-এর মত উচ্চারণ অনুসারে।

১২। গ=g, 'অ আ ও উ' স্বরবর্ণের পূর্ব্বে; gu—'এ'-কার ও 'ই'-কারের আগে, এবং কদাচিৎ gh। guru (গুরু), golam (গোলাম), onugroho (অনুগ্রহ) goroz (গরজ); guelen (গেলেন), amardiguere (আমারদিগেরে), xorgue (স্বর্গে), xongue (সঙ্গে); aghe (আগে), ghoxanio (গোসাঞি)।

১৩। ঘ=gh; কচিৎ g; ghuchauq (ঘুচাউক্), ghirna (ঘৃণা), ghor (ঘর); gori (ঘড়ি)।

১৪। ঙ=ng; (ঙ=ঙ্গ); ngh; ngu; xingh (সিংহ), angul (আঙ্গুল), gori tanguibar (ঘড়ি টাঙ্গিবার=টাঙ্গাইবার)। খ্রীষ্টীয় ১৮৩৬ সালে চন্দননগরে মুদ্রিত 'কৃপার শাস্ত্রের অর্থবেদ' বইয়ে christiaõ (=ক্রিস্তান) শব্দটী বাঙ্গালা হরফে 'ক্রস্তাঙ' ছাপা দেখিয়াছি। õ=ঙঁ=ঙ; পুরাতন বাঙ্গালায় 'ঙ'-র উচ্চারণ 'ঙঁ' (=ওঁঅ, উঅ) ছিল।

১৫। চ। (ক)=ch: uchit (উচিত), cholo (চল), totacho (তথাচ), ghuchilo (ঘুচিল), prachit (প্রাচিৎ=প্রায়শ্চিত্ত), chinia (চিনিয়া)।

(খ) s: sinio (চিহ্ন, 'চিন্ন'), sair (চৌর=চারি; chairও পাওয়া যায়); xansa (সাঁচা), panse (পাঁচে), setona (চেতনা), sinta (চিন্তা)।

(গ) x (অর্থাৎ 'শ'): দুই-এক জায়গায় মাত্র, অতি বিরল। xacri (চাকরী), xori (চুরি), banxilo (বাঁচিল)।

পূর্ব্ববঙ্গে 'চ'-কারের উচ্চারণ ২০০ বৎসর আগে কি ছিল—তালব্য অর্থাৎ ইংরেজী ch-এর মত, না দন্ত্য অর্থাৎ ts-এর মত, তাহা ঠিক বুঝা যায় না। দুই উপায়ে 'চ' নির্দ্দেশের চেষ্টা হইতে বুঝা যায় যে, দুই উচ্চারণই ছিল, তবে পোর্ত্তুগীস ch-এর উচ্চারণ এই সময়ে কি ছিল, তাহা জানিতে পারিলে এ বিষয়ে নিঃসন্দেহ হওয়া যাইত। s অপেক্ষা ch-এর প্রয়োগ বেশী দেখা যায়, আবার একই কথা (যেমন 'চারি') ch, s দুই দিয়াই লেখা পাওয়া যায়। 'চ'-এর জন্য x বোধ হয় ভুল করিয়া s-এর বদলে লেখা হইয়াছিল। ফার্সী چاتگام 'চাত্‌গাম্' (চাটগাঁ), چاند راي 'চান্দ্ রায়' প্রভৃতি বানানে পূর্ব্ববঙ্গের নামে چ অর্থাৎ তালব্য 'চ'-ই পাওয়া যায়।

১৬। ছ=s, ss, সর্ব্বত্রই। পশ্চিম-বঙ্গেও এই উচ্চারণ পাওয়া যায়, তবে সাধারণ নহে। হিন্দী শব্দের স (s) জানাইবার জন্ত পুরাতন বাঙ্গালায়ও 'ছ' ব্যবহার হইত; 'ঐছন', 'কৈছন', 'আল্গোছে' প্রভৃতি পদ দেখিয়া ইহা বুঝা যায়। কিন্তু musalman এই পদের বাঙ্গালা রূপ 'মোছলমান' লেখার ফলে, কলিকাতা অঞ্চলে 'ছ'-এর s উচ্চারণ-রীতি প্রবল না থাকায়, 'মোচোরমান্' এইরূপে শুনা যায়, ইহাকে 'সাধু' করিবার চেষ্টায় 'মুষল-মান'। saoal (ছাওয়াল), saria (ছাড়িয়া), assilo (আছিল), paiassilo (পাইয়াছিল), soee (ছয়ে), asse (আছে), casse (কাছে), bossor (বছর), xoiasso (সহিয়াছ)। কথার আদিতে s, মধ্যে ss; তাহার কারণ, কথার মধ্যে s একবার থাকিলে পোর্ত্তুগীসে z-রূপে বহুস্থলে উচ্চারিত হয়।

১৭। চ্ছ=ch, cch; icha, iccha (ইচ্ছা)। 'চ্ছ'-এর দন্ত্য উচ্চারণ কখনও হয় না। শ্রীযুক্ত মদনমোহন চৌধুরী, বি. এল. মহাশয় পুরুলিয়া হইতে বাঙ্গালা অনুবাদের সহিত বাঙ্গালা অক্ষরে তুলসীদাসের যে হিন্দী রামায়ণ প্রকাশ করিয়াছেন, তাহাতে হিন্দী ছ পাছে বাঙ্গালায় s হইয়া পড়ে, সেই ভয়ে তিনি 'চ্ছ' ছাপাইয়াছেন।

১৮। জ, য=z: zaoa (যাওয়া), zigguiaxa (জিজ্ঞাসা), xurzier zut (সূর্য্যের জুৎ=জ্যোতি), carzio (কার্য্য), axchorzio (আশ্চর্য্য), zorom (জরম=জন্ম): পোর্ত্তুগীসে 'জ' ছিল না; j-র ধ্বনি ছিল zh; এই জন্ত কখনও j দিয়া 'জ' জানান হয় নাই। কেবল পোর্ত্তুগীস নাম João (ঝোআউ=যোহান, জন্) বাঙ্গালা অংশে j দিয়া লিখিত হইয়াছে।

১৯। ঝ=zh: buzhan (বুঝান)।

২০। ঞ=খুব কম; ni-, nio দ্বারা জানানো হইয়াছে; ghoxanio (গোসাঞি)।

২১। ট=tt, t; বোধ হয়, যেখানে লেখক অনবধান হইয়াছিলেন, সেইখানেই কেবল একটী t লিখিয়াছেন। গোয়ানীজ ভাষায়ও সর্ব্বত্রই ট=tt, তদ্রূপ ড=dd। drixtti (দৃষ্টি), bettibar (ভেটিবার), chattilo (চাটিল), noxtto (নষ্ট); muta (মোটা), tanguibar (টাঙ্গিবার=টাঙ্গাইবার)।

২২। ঠ=tth; tthacur (ঠাকুর), tthay (ঠাই), utthibar (উঠিবার)। 'ঠ' বেশী পাওয়া যায় না।

২৩। ড=dd; ddaquite (ডাকিতে), ddacait (ডাকাইত), monddob (মণ্ডব, মণ্ডপ)।

২৪। ড পাই নাই; ণ-এর বাঙ্গালায় বর্ণমালা ছাড়া অন্যত্র অস্তিত্বই নাই। যেখানে বানানে আছে, সেখানে রোমান অক্ষরে n দ্বারা দেখান হইয়াছে। ইউরোপে আজকাল মূর্দ্ধণ্য বর্ণগুলি ফুটকি দেওয়া অক্ষরের সাহায্যে লেখা হয়; ṭ, ṭh, ḍ, ḍh, ṇ, ṣ।

২৫। ত=t; hoite (হৈতে, হইতে), proti (প্রতি), tini (তিনি), hat (হাত); কচিৎ বোধ হয় ভুলক্রমে tt লেখা হইয়াছে।

২৬। থ=th; t; এবং tt; axtha (আস্থা), thaquilen (থাকিলেন), zothartho (যথার্থ), hath (হাথ, হাত); totacho (তথাচ), onat (অনাথ); axtta (আস্থা)।

২৭। দ=d; dunia (দুনিয়া), drixtti (দৃষ্টি), amardiguer (আমারদিগের); কিন্তু xadha phul (সাদা ফুল), monddo (মন্দ)—এইরূপ দুই এক স্থানে dh ও dd লেখা হইয়াছে; বোধ হয় অনবধানতার জন্য।

২৮। ধ=dh, d: bidhuba (বিধবা), xudhon (শোধন), xudhu (শুধু), moidhe (মধ্যে, মৈদ্ধে), badit (বাধিত), xondhe (সন্দেহ, 'দ' এর সঙ্গে 'হ' যোগে—তুং বিভা=বিবাহ), odibax (অধিবাস)।

২৯। দ্ধ=dh; d; xidhi (সিদ্ধি), xudha (শুদ্ধা), moidhe (=মদ্ধে, মৈধ্যে)।

৩০। ন=n; সর্ব্বত্র। Nagori (নাগরী), sinta (চিন্তা), setona (চেতনা)।

৩১। প=p; proti (প্রতি), zope (জপে); কিন্তু ophrad, oprad (অপরাধ), দুইই পাওয়া যায়; এবং 'মণ্ডপ' স্থলে monddob।

৩২। ফ=ph: nophor (নফর), phol (ফল)। 'ফ'কে f দিয়া কোথাও জানান হয় নাই। আজকাল কিন্তু বাঙ্গালায় ফ (ph) এর f-বৎ উচ্চারণ খুব শোনা যায়, এবং তাই Fani, Profullo, Fotik প্রভৃতি বানান অনেকে লেখেন। এই বইয়ে কেবল দুই একটী বিদেশী নামে f পাইয়াছি; যেমন Francisco।

৩৩। ব=b: কচিৎ bh; bine (বিনে), dibá (দিবা), bhanaite (বানাইতে), xorbo (সর্ব্ব), xubhaie (সবাইয়ে—পুরাণ বাঙ্গালায় 'সভে'), bibhao (বিবাহ, 'বিভাও')।

৩৪। ভ=bh; bও পাওয়া যায়। bhoq (ভুখ), bhaguio (ভাগ্য), bhalo (ভাল), bhut (ভূত), labh (লাভ), bhozona (ভজনা), bhocti, bocti (ভক্তি), bettibar (ভেটিবার), Baval (ভাওয়াল)। 'ভ'-এর জন্য v ব্যবহৃত হয় নাই। কিন্তু আজকাল Protiva (প্রতিভা), shova, sova (সভা), Vromor (ভ্রমর), Visma (ভীষ্ম), Shulov

(মূলত) Vandar (ভাণ্ডার) প্রভৃতি বানানের কারণ এই যে, তাহার মহাপ্রাণ (aspirate) 'ভ'-এর spirant বা উষ্ম উচ্চারণ আসিয়া পড়িয়াছে; ভ=bh (যেমন সভা='সব্‌হা')কে আমরা বহু স্থলে (অন্ততঃ দক্ষিণবঙ্গে) ইংরেজীর v-এর সঙ্গে একই মনে করি। Government, Viceroy, Victoria প্রভৃতি হিন্দী ও গুজরাতীতে গবর্ণমেণ্ট, বায়সরায়, বিক্টোরিয়া রূপে লেখে; মরাঠীতে অন্তঃস্থ ব-এ হ-কার যোগ করে; অর্থাৎ মরাঠীতে ব্হ (wh)=v; কিন্তু বাঙ্গালায় 'ভ' লেখা হয়। এইরূপ 'ফ'-এর f ও 'ভ'-এর v-বৎউচ্চারণ এ দেশে খুবই সম্প্রতি আসিয়াছে, এবং শিক্ষিত অশিক্ষিত সকল শ্রেণীর লোকের মুখে শুনা যায়। অনেকে bh ভাল করিয়া জোর দিয়া বলিতেই পারে না; একটী ছেলেকে সংস্কৃত ব্যাকরণ পড়াইবার সময় 'সুধীভ্যাম্' কিছুতেই ঠিক উচ্চারণ করাইতে পারিলাম না; যত বলি—[sud-hib-hyām], সে বলে [śu-dhiv-væm]—(æ=অ্যা)। বৃদ্ধ লোকেদের মধ্যে কেহ কেহ কিন্তু বাঙ্গালায় যে ভ-এর v উচ্চারণ আসিয়াছে, তাহা স্বীকার করেন না।

৩৫। **ম**=m; poromo nirmol (পরম নির্ম্মল), dhorm (ধর্ম্ম), dibam (দিবাম্)।

৩৬। **য়**=e; xomoe (সময়), hoe (হয়, হএ), soee (ছয়্‌এ, ছয়ে), hoen (হয়েন), doea (দয়া)। আগেকার বাঙ্গালায় প্রকৃতপক্ষে 'য়' [y] ছিল না; syllable-এর শেষে থাকিলে, এ-কারের মতই শুনাইত; পুরাতন পুথিতে ও ছাপা বইয়ে 'হএ, লএ, হএন, সমএ' পাওয়া যায়। এখন কেবল 'অ' ও 'আ' এবং 'এ' ও 'অ্যা'র পরেই 'য়'-কারের অস্তিত্ব আছে; যেমন হয়্, আয়্, মায়া, নীচেয়, দেয়; অন্যত্র যে স্বরকে আশ্রয় করে, সেই স্বরেই লোপ পায়। 'য়ি' 'য়া' = 'ই' 'আ'। বাঙ্গালায় যার [yār] (=বন্ধু), 'ইআর' [iār] হইয়া দাঁড়াইয়াছে। ইংরেজী, জারমান প্রভৃতি বিদেশী ভাষায় y ধ্বনি থাকিলে বাঙ্গালায় 'ই' দিয়া লেখাই স্বাভাবিক: Europe (=Yorop, Yurop) =ইওরোপ, ইয়োরোপ, ইউরোপ; Jakobi=ইয়াকোবি, Yuan Shih Kai=ইউআন্ শিঃ কাই, ইত্যাদি। 'য়ু' [yu] উচ্চ শিক্ষিত বাঙ্গালী ছাড়া অপরের মুখে 'উ'; এই জন্ম 'য়ুরোপ' অপেক্ষা 'ইওরোপ, ইউরোপ' খাঁটী বাঙ্গালা বানান।

loya—এই কথাটীতে যে y পাই, তাহা i-এর বদলে ব্যবহৃত হইয়াছে;=loia (লইআ, লয়্যা)।

৩৭। **র**=r: rup (রূপ), tor (তোর), ghore (ঘরে)। দুই চারিটী পণ্ডিতী কথায় 'শুদ্ধ উচ্চারণ' করিবার জন্ত বাঙ্গালায় যেমন অনাবশুক 'র' আসিয়া পড়ে (যেমন

'সাহার্য্য', 'চিন্তার্ণিত'), সেইরূপ রোমান বানানেও দুই এক স্থলে 'র'এর আগম আসিয়া গিয়াছে; যেমন zirbha (জির্ভা=জিহ্বা), zormo, zormilen (জন্ম, জন্মিলেন) 'জর্ম্ম' রূপটী ধর্ম্ম, কর্ম্ম, চর্ম্ম প্রভৃতির সাদৃশ্যে; ধম্ম, কম্ম, চম্ম প্রভৃতি প্রাকৃত রূপের মূল যদি রেফযুক্ত হয়, তাহা হইলে 'জর্ম্ম'রও হইবে না কেন? 'জরম'=জনম, চণ্ডীদাসের কৃষ্ণ-কীর্ত্তনেও আছে; এই শব্দটি নূতন করিয়া তৈরী 'বর্ণচোরা' 'জর্ম্ম' শব্দের বিপ্রকর্ষণে জাত। (কিংবা 'ন' স্থানে 'র' আসিয়া গিয়াছে; 'নীলদর্পণের' তোরাপ মণ্ডলের 'কবিতানচন' মনে করাইয়া দেয়)।

৩৮। ল=l; labh (লাভ), xocol (সকল), guelo (গেল)।

৩৯। ৱ=ওঅ, ওয়; oa, v; raqhoal (রাখোয়াল), Baval (ভাওয়াল)।

৪০। শ, ষ, স—তিনটীর উচ্চারণ শ=x; xocol (সকল), xotro (শত্রু), xidhi (সিদ্ধি), xudha (শুদ্ধা), xex (শেষ)। পোর্ত্তুগীস বানান অনুযায়ী crucer (=ক্রুসের) কথায় ce='সে' পাই। বাঙ্গালায় স্ত, স্থ, স্ন, শ্র, স্র, স্ব প্রভৃতি স্থানে s উচ্চারণ আসে। কিন্তু সে বিষয়ে দৃষ্টি রাখা হয় নাই। মাগধী প্রাকৃতে সর্ব্বত্রই শ; স্ত, স্থ, স্র সবই শ্‌ত, শ্‌থ, শ্‌র; হয় ত স্ত স্থ প্রভৃতির s যুক্ত উচ্চারণ হালের। boxto (বস্তু), axtha (আস্থা), xtob (স্তব), xtan (স্থান), xirzon (সৃজন), xrixtti (সৃষ্টি), xaxtro (শাস্ত্র; কিন্তু xastor—s দিয়া বানানও এক জায়গায় দেখিয়াছি)।

'চ' এর জন্য ch, s না হইয়া দুই তিন স্থানে যেমন x (শ) পাইয়াছি, সেই প্রকারে 'স'-এর জন্য xএর বদলে ch লেখাও এক আধ জায়গায় পাইয়াছি; যেমন tamacha (তামাসা)।

৪১। হ=h; hoe (হয়), cohila (কহিলা), hate (হাতে), chahix (চাহিস্), taha (তাহা), ohonqhar (অহঙ্কার, অংখারে 'খ' আসে, সেই জন্য বোধ হয় দুই রূপের মধ্যে পড়িয়া 'অহঙ্কার' qh দিয়া)। পোর্ত্তুগীসে h উচ্চারিত হয় না, তাই খালি পোর্ত্তুগীস ধরণে বানান mahia, maiha (মাইয়া=মেয়ে), habilax (অভিলাষ) এ h আসিয়াছে। এইরূপ অনাবশ্যক 'h' দেওয়া বানান গোয়ানীজেও দুই একটী কথায় দেখিয়াছি: haz (হাজ=আজ), hostori (অস্তরী=স্ত্রী)। পূর্ব্ববঙ্গে আবার 'হ' কণ্ঠ্য ঘোষ স্পর্শ ধ্বনি (glottal stop)-তে পরিবর্ত্তিত হয়; এই ধ্বনি বিদেশীর পক্ষে ধরা কঠিন; সেই কারণে ath (=হাত), anxite (হাঁসিতে, হাসিতে), xuag (সোহাগ) বানানও পাইয়াছি।

৪২। ড়=r, rr; porrite (পড়িতে), tarona (তাড়না), boro (বড়), bari (বাড়ী), capor, caporr (কাপড়), eria (এড়িয়া)। 'ড়' এখন পূর্ব্ববঙ্গে সর্ব্বত্র শুনা যায় না। কিন্তু rr দিয়া 'ড়' লিখিবার চেষ্টায় বুঝা যায় যে, 'ড়' তখন একেবারে সব জায়গায় 'র' হইয়া যায় নাই। 'ড়'এর ধ্বনি বিশেষ কোনও চিহ্ন না দিলে রোমান r অক্ষরের দ্বারা জানাইতে পারা যায় না; নরউইজীয় ভাষায়, ইংরেজী 'hard', 'arduous'-এর 'rd' ছাড়া ইউরোপীয় কোনও ভাষায় 'ড়'-র কাছাকাছি ধ্বনি নাই।

৪৩। ং-এর প্রয়োগ পাই নাই। চন্দ্রবিন্দুর জায়গায় n ব্যবহার হইয়াছে: xansa (সাঁচা), panse (পাঁচে)। এই সকল শব্দে n দেখিয়া বুঝিতে পারা যায় যে, পূর্ব্ববঙ্গে তখন অনুনাসিক উচ্চারণ বিরল হয় নাই। ঃ পাই নাই।

৪৪। জ্ঞ=ggui: agguia (আজ্ঞা=আগ্গেআ), zigguiaxa (জিজ্ঞাসা=জিগ্গেয়াসা)। জ্ঞ (=জ্ঞ)র পুরাণ উচ্চারণে অনুনাসিক আসিত না; যেমন চলিত বাঙ্গালায় 'গেয়ান', হিন্দীতে গ্যান; যজ্ঞ (=য়জ্ঞ) বাঙ্গালায় মেয়েলী উচ্চারণে 'জোগ্গি', কোথাও বা 'জোগ্গিঁ'। সংযুক্ত বর্ণ 'জ্ঞ' এক তৎসম শব্দেই পাওয়া যায়, এবং এই 'গেয়া' বা 'গি' উচ্চারণ সাবেক কালের পণ্ডিতী বা 'তৎসম সদৃশ' উচ্চারণ; আধুনিক শিক্ষিত উচ্চারণেই চন্দ্রবিন্দু আসে, 'গ্যাঁন্' 'জোগ্গোঁ' শুনিতে পাওয়া যায়। খাঁটী প্রাকৃত বা বাঙ্গালা (তদ্ভব) পদে জ্ঞ (গঁ, গেঁয়া) আসে না। প্রাকৃতে 'জ্ঞ'র রূপ হইতেছে 'ঞ্ঞ' বা 'ণ্ণ'; বাঙ্গালায় তাহা 'ন্ন' ও 'ন' হইয়া যায়। যেমন—সজ্ঞানক (সজ্ঞানক)> সঞ্ঞানঅ > সয়ানা, সেয়ানা; সংজ্ঞা > সণ্ণা > সান; ইত্যাদি। 'জ্ঞ' যেখানে ভাষায় পাওয়া যায়, তাহা সংস্কৃতের প্রভাবে, এবং হালের সংস্কৃত উচ্চারণের গতি অনুসরণ করিয়া 'গঁ'-র ধ্বনি লইয়াছে।

৪৫। য-ফলা=i; ক্ষ ('খিয়')তে ও বাঙ্গালায় য-ফলা আসে বলিয়া ক্ষ=qhi; xixio (শিষ্য), munixio (মুনিষ্য, মনুষ্য), punio (পুণ্য), carzio (কার্য্য); roqhia (রক্ষা)।

'য'-ফলা বা 'ক্ষ'-যুক্ত পদে যে 'য়' বা 'ই' আসে, তাহা, এবং ইকারান্ত অনেক খাঁটী বাঙ্গালা পদের 'ই', পশ্চিম বঙ্গে লুপ্ত হয়, কিন্তু নিজ অস্তিত্বের প্রমাণ পূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তী স্বরধ্বনিকে বদলাইয়া দিয়া জানাইয়া যায়; পূর্ব্ববঙ্গে এই 'ই' লুপ্ত হয় না, কিন্তু স্থান ত্যাগ

করিয়া আশ্রিত ব্যঞ্জনবর্ণের পূর্ব্বে আসে ও মৃদুভাবে উচ্চারিত হয়। রায় বাহাদুর শ্রীযুক্ত যোগেশচন্দ্র বিদ্যানিধি মহাশয় এই মৃদু 'ই'-কারকে [ˆ] এবং [ি] চিহ্ন দ্বারা নির্দ্দেশ করেন। তাঁহার উদ্ভাবিত এই চিহ্ন বাঙ্গালা বর্ণমালার পক্ষে চমৎকার হইয়াছে। যেমন কন্যা—[kanyā=কন্‌য়া], পশ্চিমের ভাষায় 'কোন্নে', [konné] পূর্ব্বে 'কˆন্না' [koinna]; রাজ্য=রাজ্‌য়—যথাক্রমে 'রাজ্জি, রাজ্জো' [rājjo], ও 'রাˆজ্‌জ.'[rāizzo]; রাত্রি—রত্তি—রাতি—'রাৎ' [rāt], 'রাˆৎ' [rāit]; হইল—'হোলো', 'হˆল'; মধ্য, মধ্‌য়—'মোদ্ধো' [moddho], 'মˆদ্ধ' [moiddho]; কল্য—কল্লিং (প্রাকৃত)—কল্লি—কালি—'কাল', 'কাˆল'; অদ্য—অজ্জি—আজি—'আজ' [āj], 'আˆজ' [aiz]; রক্ষা—রক্‌খ্যা—'রোক্‌খে' [rokkhe], 'রˆক্‌খা' [roikkha]; লক্ষ—লক্‌খা—'লোক্‌খো', 'লˆক্‌খ'। 'কৃপার শাস্ত্রের অর্থভেদে' ও পূর্ব্ববঙ্গের উচ্চারণ বিষয়ে এই বিশেষত্ব পাই। যেমন coina (কন্যা=কˆন্না), rait (রাতি—রাˆৎ), moidhe (মধ্যে—মˆদ্ধে), raizzo (রাজ্য—রাˆজ্‌জ.), roiqha (রক্ষা—রˆক্‌খা), baix bia (বাসি বিয়া), obhaiguia ('অভাগিয়া') প্রভৃতি। এই প্রকার বানানে দেখা যায় যে, দুইশত বৎসর পূর্ব্বেও পূর্ব্ববঙ্গে এই উচ্চারণ বিদ্যমান ছিল।

'কৃপার শাস্ত্রের অর্থভেদ'এ বানান লইয়া কিছু আলোচনা করা গেল। পাঠকেরা দেখিবেন যে, ইহা হইতে বাঙ্গালা উচ্চারণের ইতিহাস উদ্ধার বিষয়ে আমরা কতটা সাহায্য পাইতে পারি। সমস্ত বইখানি বেশ ভাল করিয়া না পড়িয়া ইহার ভাষা, ব্যাকরণ ও শব্দাবলী (vocabulary) সম্বন্ধে কিছু বলিবার চেষ্টা করা উচিত নয়, সে জন্য এ বিষয়ে হাত দিব না। তবে দু একটী জিনিষ যাহা চোখে পড়িয়াছে, তাহার উল্লেখ করিয়া প্রবন্ধ শেষ করিব।

পূর্ব্ববঙ্গের ভাষার বিশেষত্বগুলি বানানে দেখিতে পাইলাম। বাক্যের (sentence)এর ঢঙেও 'বাঙ্গাল্যে ভাষা'র অনেক লক্ষণ পাওয়া যায়; যেমন—aixo pola, tomi quetta? (আইস পোলা, তুমি কেটা?), tomi ni axthar nirupon zano? (তুমি নি আস্থার নিরূপণ জান?)। পূর্ব্ববঙ্গের প্রচলিত শব্দের ও রূপভেদের ব্যবহারও আছে; saoal (ছাওয়াল), maia (মাইয়া=মেয়ে), hoe (=হয়, হ'=হাঁ), dibar lagui (দিবার লাগি=দিবার জন্য), xuhor (শুহর=শহর), cazuaite (খাওজাইতে=চুলকাইতে) ইত্যাদি। শব্দরূপে ও ক্রিয়াপদ-সাধনেও পূর্ব্ববঙ্গের ভাষার বিশেষত্ব পাওয়া যায়। প্রথমা বিভক্তিতে 'এ'র ব্যবহার খুব সাধারণ; mahiae punorbar zia utthilo (মাইয়ায়ে

পুনর্ব্বার জীয়া উঠিল), saoaler matae proti raite saoaler upore xidhi crux coriassilo (ছাওয়ালের মাতাএ (মায়ে) ছাওয়ালের উপরে প্রতি রাতে সিদ্ধি ক্রুশ করিয়াছিল), xadhue eq crux bhanaia boner moidhe raqhiler (সাধুয়ে এক ক্রুশ বানাইয়া বনের মধ্যে রাখিলেন), chintit deqhia tahare xtrie zigguiaxilo (চিন্তিত দেখিয়া তাহারে স্ত্রীয়ে জিজ্ঞাসিল)। এই 'এ' প্রত্যয় বাঙ্গালায় এখন সাধারণতঃ আকারান্ত শব্দের পরে বসে ও 'য়'রূপে লিখিত হয়; যেমন 'ঘোড়ায় ঘাস খায়', 'মায়ে ছেলেকে আদর করে', 'মায়ে ঝীয়ে'। অন্যত্র বাঙ্গালায় লোপ পাইয়াছে; অনেক স্থলে সপ্তমী বিভক্তির 'এ' ও 'তে' মিশিয়া গিয়াছে, প্রথমা বিভক্তিতে সপ্তমীর 'তে'ও আসিয়া পড়িয়াছে। (সপ্তমীর 'এ'= অপভ্রংশে অইঁ, হিঁ, প্রাকৃতে অম্মি, অম্হি ও সংস্কৃত=স্মিন্)। অসমিয়াতে 'বাবুয়ে'= বাবুতে; অসমিয়ায় এই 'এ' বিভক্তি জোরের সহিত এখনও চলিতেছে। দ্বিতীয়া বিভক্তিতে 'রে' এবং 'কে' দুই ব্যবহৃত হইয়াছে; tomaro (তোমারে), bhutere (ভূতেরে), xocolque (সকলকে)। 'রে' ক্রমশঃ অপ্রচল হইয়া পড়িতেছে; কালীপ্রসন্ন সিংহের মহাভারতে খুব পাওয়া যায়, কিন্তু আধুনিক গদ্যের ভাষায় 'কে'র চল বেশী। পঞ্চমী বিভক্তির hoite (হইতে) ও thaquia (থাকিয়া=থেকে) দুইই আছে। ক্রিয়াপদে dibam (দিবাম), buzhibam (বুঝিবাম), zaiba (যাইবা), cohila (কহিলা), corila (করিলা) প্রভৃতি পদও সাধারণ; bo (=ব, উত্তম পুরুষে),—be (বে—মধ্যম ও প্রথম পুরুষে), এবং le (লে—মধ্যম পুরুষে) প্রভৃতি রূপগুলিও আছে। বাঙ্গালা ভাষায় ক্রমবাচক সংখ্যার (ordinal number-এর) চল নাই বলিলেই হয়; হিন্দীতে যেমন পহিলা, দুস্রা, তিস্রা, চোথা, বীস্রী, তীস্রী, একতীস্রী প্রভৃতি সংখ্যার চলন আছে, আজকালকার বাঙ্গালায় সেরূপ নাই। প্রতি পদেই বাঙ্গালাকে অসহায় অবস্থায় সংস্কৃতের আশ্রয় লইতে হয়; 'অষ্টচত্বারিংশত্তম, চতুরশীতিতম' প্রভৃতি দাঁত-ভাঙ্গা কথা ব্যবহার না করিলে যেন উপায় নাই। পুরাতন বাঙ্গালায় পহিল, দোয়জ, তেয়জ প্রভৃতি পদের চলন ছিল, এখনও কচিৎ দেখা যায়। প্রথম, দ্বিতীয়, তৃতীয় প্রভৃতি সেই স্থান অধিকার করিয়াছে। মাসের দিন গুণিতে পয়লা, দোসরা, তেসরা, চৌঠো প্রভৃতি যে পদ ব্যবহার করা হয়, তাহা হিন্দী হইতে লওয়া। এখন এক, দুই, তিন, চার প্রভৃতি সংখ্যায় 'এর' বা 'এ' বিভক্তি যোগ করিয়া খাঁটী বাঙ্গালা ক্রমসংখ্যা গড়িতে পারা যায়; যেমন একের, দুয়ের, বা সাতে, একত্রিশে। 'কৃপার শাস্ত্রের অর্থভেদে' সংস্কৃত সংখ্যার জায়গায় বাঙ্গালা eque (একে) (prothom প্রথমও পাওয়া যায়), duie (দুয়ে), tine

(তিনে), saire (চারে), soee (ছয়ে) প্রভৃতি ক্রমসংখ্যাই সর্ব্বত্র ব্যবহৃত হইয়াছে। এই বিষয়টী উল্লেখযোগ্য। পূর্ব্ববঙ্গের দু'চারখানি পুরাতন পুথিতে যেরূপ 'কুমারী' স্থলে 'অকুমারী', 'বৃথা' স্থলে 'অব্রেথা', 'রঙ্গীন' অর্থে 'অরঙ্গা' পদ পাওয়া যায়, এই বইতেও সেইরূপ ocumari, obretha কথা পাইয়াছি।

বইখানির ভাষা মোটের উপর বেশ সরল, ঝর্‌ঝরে বাঙ্গালা; যে যুগে বাঙ্গালায় সহজ গদ্যের বই ছিল না বলিলেই হয়, সে যুগে একজন বিদেশীর হাত দিয়া এমন বাঙ্গালা বাহির হওয়া খুবই বাহাদুরীর কথা। গদ্যের ভাল বা মন্দ কোনও আদর্শ না পাওয়ায় ফিরিঙ্গী-ফিরিঙ্গী ভাব অনেক জায়গায় ঘটিয়া গিয়াছে, কিন্তু তাহা কানে ততটা লাগে না। পোর্ত্তুগীসের মূলঘেঁসা অনুবাদের চেষ্টায় এরূপ ঘটিয়া থাকিবে; যেমন ami christaõ, poromexorer crepae (আমি ক্রিস্তান, পরমেশ্বরের কৃপায়); পোর্ত্তুগীসে আছে sou christão, pela graça de Dios; zeno pitar putro xorgue thaquia axilen prothibite; purux hoilen, ocumari Mariar udore; ar abar axiben moha-proloer din bichar corite zianta morar (যেন পিতার পুত্র স্বর্গে থাকিয়া আসিলেন পৃথিবীতে; পুরুষ হইলেন, অকুমারী মারিয়ার উদরে; আর আবার আসিবেন মহাপ্রলয়ের দিন বিচার করিতে জীয়ন্ত মরার)। কতকগুলি কথার মানে বুঝিতে পারি নাই; সেগুলি পূর্ব্ববাঙ্গালার ভাষার কথা হইতে পারে। পোর্ত্তুগীস ভাষার কথাও আছে; espirito santo (এস্‌পিরিতু সান্ত='পবিত্র আত্মা'), baptismo ('বাপ্তিস্ম')। 'গির্জ্জা' (পোর্ত্তুগীস egreja, লাটিন ecclesia) শব্দের জায়গায় কিন্তু dhormo-ghor (ধর্ম্মঘর) পাইয়াছি। ফারসী কথাও অনেক আছে। এই সকল অপ্রচলিত ও বিদেশী শব্দের তালিকা করিবার মত ভাল করিয়া সমস্ত বইটী আমার পড়া হইয়া উঠে নাই।

গোয়ানীজ ভাষা বাঙ্গালারই মত আর্য্যভাষা, ও অনেক সংস্কৃত কথা দুইয়েতেই পাওয়া যায়। বঙ্গদেশে ধর্ম্মপ্রচারের চেষ্টার পূর্ব্বে পোর্ত্তুগীসেরা গোয়ায় অনেক কাল ধরিয়া সেই কাজ করিতেছিলেন; গোয়ানীজেও বাইবেল এবং খ্রীষ্টানী উপাসনা-পদ্ধতিরও তর্জ্জমা হইয়া-ছিল; গোয়ানীজের প্রভাবে যে খ্রীষ্টানী কথার সংস্কৃত রূপ বাঙ্গালায় না আসিয়াছিল, তাহা নহে। যেমন paradise অর্থে boicontto (বৈকুণ্ঠ), গোয়ানীজে bovoimcut; heaven অর্থে বাঙ্গালায় xorgo (স্বর্গ), গোয়ানীজে sorg। এ বিষয় অনুসন্ধান করিতে হইলে গোয়ানীজে একটু দখল চাই। কিন্তু অত করিয়া এই বই পড়িবার দরকার নাই। বাঙ্গালা

ভাষার গদ্যের পুরাতন নমুনা ও রোমান অক্ষরে লেখার দরুন বাঙ্গালা উচ্চারণ-তত্ত্বের আলোচনার পক্ষে সাহায্য করে বলিয়াই বাঙ্গালা ভাষা যাঁহারা চর্চ্চা করেন, তাঁহাদের নিকট এই বইয়ের আদর হওয়া উচিত। এই বইয়ের পুনর্মুদ্রণ হওয়া উচিত; অন্ততঃ ইহার বাঙ্গালা অংশটুকু, রোমান অক্ষরে যেমন আছে, তেমনি ছাপাইতে পারিলে ভাল হয়।

কলিকাতা বিশ্ববিদ্যালয়,
সেপ্টেম্বর, ১৯২৮। } শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়।

প্রবেশকের পরিশিষ্ট

'কৃপার শাস্ত্রের অর্থভেদ' হইতে

পাদ্রি আস্সুম্পসাউএর বাঙ্গালার নিদর্শন।

(মূলের পদচ্ছেদ একটু আধটু বদল করিয়া দেওয়া হইয়াছে)

পৃঃ ২০, ২২ : যীশুর প্রার্থনা—

Pitá amardiguer, poromo xorgué assó; tomar xidhi namere xeba
পিতা আমারদিগের, পরম স্বর্গে আছ; তোমার সিদ্ধি নামেরে সেবা
houq; aixuq amardigueré tomar raizot; tomar zé icha, xei houq; zemon
হোক; আইসুক আমারদিগেরে তোমার রাজ্যৎ; তোমার যে ইচ্ছা, সেই হোক; যেমন
porthibite, temon xorgué; amardiguer protidiner ahar amardigueré
পৃথিবীতে, তেমন স্বর্গে; আমারদিগের প্রতিদিনের আহার আমারদিগেরে
azica dió; amardiguer corzó qhemo, zemot amorá qhemí, amar-
আজিকা দিও; আমারদিগের কর্জ্জ ক্ষম (ক্ষেম), যেমত আমরা ক্ষমি, আমার-
diguer corzioré; amardiguere cumotité porrité na dio; ar amardigueré
দিগের কর্জ্জারে; আমারদিগেরে কুমতিতে পড়িতে না দিও; আর আমারদিগেরে
xocol mondo hote raquiá coro. Amen Jesus.
সকল মন্দ হ'তে রক্ষা কর। আমেন যেশুস।

পৃষ্ঠা ৫৪—৬৪ :

G(uru): Opurbo cotha cohila. Quintú quehó cohibe: *Ami mala*
[গুরু]: অপূর্ব্ব কথা কহিলা। কিন্তু কেহ কহিবে: আমি মালা
zopinú; totachò an dhoran bhozoná cori; zopi Christor casse, ar ar xidharé
জপিনা; তথাচ আন ধরণ ভজনা করি; জপি খ্রিস্তর কাছে, আর আর সিদ্ধারে

bhozoná cori, ehi bhozonar caron axa raqhi, Xorguer zaibar, tahan crepaé.
ভজনা করি, এহি ভজনার কারণ আশা রাখি স্বর্গের যাইবার, তাহান কৃপায়।
Tomi ki boló. X(ixio). Ze ami cohi, taha tomi xonó; xocol zotó
তুমি কি বল? [শিষ্য]। যে আমি কহি, তাহা তুমি শোন; সকল যত
bhozoná bhaló, quintú bine Tthacuranir bhozonaé quissú nahí, ebong
ভজনা ভালো, কিন্তু বিনে ঠাকুরাণীর ভজনায় কিছু নাহি, এবং
Tthacuranir bhozoná biné ar ar zotó bhozonaé bass mucti paibar pap
ঠাকুরাণীর ভজনা বিনে আর আর যত ভজনায় বাছ মুক্তি পাইবার পাপ
na corilé. Ebong Tthacuranír dhian xocolér oti utomó Malar dhian.
না করিলে। এবং ঠাকুরাণীর ধ্যান-সকলের অতি উত্তম মালার ধ্যান।
Axchorzié buzhai, xonó.
আশ্চর্য্য বুঝাই, শোন।

Ze calé xidha Domingos Malar dhianer xiqha dilen, xei calé Romaté
যে কালে সিদ্ধা দোমিনুগোস্ মালার ধ্যানের শিক্ষা দিলেন, সেই কালে রোমাতে
eq boró bibi assiló; xei maiha Malar bhazoná codachitó dhorité chahiló
এক বড় বিবি আছিল; সেই মাইয়া মালার ভজনা কদাচিতও ধরিতে চাহিল
na. Dequilé xidha Domingos, ze uni, o ar ar oneq bibi uhar xoman
না। দেখিলে সিদ্ধা দোমিনুগোস্, যে উনি, ও আর আর অনেক বিবি উহার সমান
Malar dhormo bhozoná na dhore; ardax corilén Poromexorer tthai, emot
মালার ধর্ম্ম ভজনা না ধরে; আর্দ্দাশ করিলেন পরমেশ্বরের ঠাঁই, এমৎ
rup: Tthacur, amar xiqua quehó dhoré na, amar paper xaxttir caron
রূপ: ঠাকুর, আমার শিক্ষা কেহ ধরে না, আমার পাপের শাস্তির কারণ
deqhi; tobe zodí amar duqher phol na hoe, amare bídhaé dio. Oneq
দেখি; তবে যদি আমার দুঃখের ফল না হয়, আমারে বিদায় দিও। অনেক
Padre amar bex pondit, ebong o bex dhormarthó asse; tahana Malar
পাদ্রি আমার বেশ পণ্ডিত, এবং ও বেশ ধর্ম্মার্থ আছে; তাহানা মালার

dbianér xiqha diben. Tobe tomar Crepaé ze phol ami cori na, tahaná
ধ্যানের শিক্ষা দিবেন। তবে তোমার কৃপায় যে ফল আমি করি না, তাহানা
coriben.
করিবেন।

Eha nibedon corilén. Ehar moidhé maiha Poromexorer agguiae, tahan
এহা নিবেদন করিলেন। এহার মৈধ্যে মাইয়া পরমেশ্বরের আজ্ঞায় তাহান
tthay nia gueló. Christo taharé zigaxilen: Qui caron amar Matar Mala
ঠাঁই নিয়া গেল। খ্রিস্ত তাহারে জিজ্ঞাসিলেন: কি কারণ আমার মাতার মালা
zopite chahix na? Mahia cohiló: Ami roza cori, prachit cori, lohar canta
জপিতে চাহিস না? মাইয়া কহিল: আমি রোজা করি, প্রাচিৎ করি, লোহার কাঁটা
pindi, goriberé biqha dei; ar ar oneq dhian, dhormo carzió cori, e caron
পিন্ধি, গরীবেরে ভিক্ষা দেই; আর আর অনেক ধ্যান, ধর্ম্ম কার্য্য করি, এ কারণ
Mala zopi na. Tobe (Christo cohilen) tobe zodi Malar dhian zopite chahix
মালা জপি না। তবে (খ্রিস্ত কহিলেন) তবে যদি মালার ধ্যান জপিতে চাহিস
na, za naroque obhagui. Emot bichar corilen. Ebong ochombit oneq
না, যা নরকে অভাগী। এমৎ বিচার করিলেন। এবং অচম্বিৎ অনেক
bhut, pret, pichax taharé dhoria taroná dite laguiló. Toqhon maiha praner
ভূত, প্রেত, পিচাশ তাহারে ধরিয়া তাড়না দিতে লাগিল। তখন মাইয়া প্রাণের
betha coria Tthacuranir onugrohó chahiló.
ব্যথা করিয়া ঠাকুরাণীর অনুগ্রহ চাহিল।

Tthacuraní tahar cotha xonilen: xorgué thaquia aixia bhut xocol
ঠাকুরাণী তাহার কথা শুনিলেন: স্বর্গে থাকিয়া আইসিয়া ভূত-সকল
cadaia dilen. Poré maiharê cohilen: dorr nahi ami assi; quintu zan ze
খেদাইয়া দিলেন। পরে মাইয়ারে কহিলেন: ডর নাহি, আমি আছি; কিন্তু জান্ যে
upaé tor amar malar dhian, ehi dhiané mucti paibi. Tahar por Tthacu-
উপায় তোর আমার মালার ধ্যান, এহি ধ্যানে মুক্তি পাইবি। তাহার পর ঠাকু-

ranie maiharé loia guelen xorgue. Xeqhané xei oneq bhaguiobontó
রাণীয়ে মাইয়ারে লইয়া গেলেন স্বর্গে। সেখানে সেই অনেক ভাগ্যবন্ত
deqhiló; tahaná phuler motuq mathaé coria Mala zopíten: eha deqhia
দেখিল; তাহানা ফুলের মটুক মাথায় করিয়া মালা জপিতেন। এহা দেখিয়া
maihaé xtoquit hoia rohiló: purnorbar porthibité phiriá aixiló; Malar
মাইয়ারে স্বকিত হইয়া রহিল; পূনর্ব্বার পৃথিবীতে ফিরিয়া আইসিল; মালার
bhozoná bhocti rupé dhoriló; ebong zopité xiqhailó; birdho cale morilo;
ভজনা ভক্তি রূপে ধরিল; এবং জপিতে শিখাইল; বৃদ্ধ কালে মরিল;
moria punié purnité xorgué gueló.
মরিয়া পুণ্যে পূর্ণিত স্বর্গে গেল।

G(uru). Ze zoné Tthacuranir Malar dhian zopé, xe emot labh paé;
[গুরু] যে জনে ঠাকুরাণীর মালার ধ্যান জপে, সে এমত লাভ পায়;
eha bhaló cohilá: Totachó oneq munixié cohibeq: *Ami boro gorib, duqhia*
এহা ভালো কহিলা: তথাচ অনেক মুনিষ্যে কহিবেক: আমি বড় গরীব, দুখিয়া
manux, din bhoria cam cori bolia, c caron mala zopité pariná. Car bhaguio
মানুষ, দিন ভরিয়া কাম করি বলিয়া এ কারণ মালা জপিতে পারিনা। কার ভাগ্য
asse emot xubhozoná coribar? Tomi qui coho?
আছে এমত সুভজনা করিবার? তুমি কি কহ?

X(ixio), Cohi, ze zahar, bhaguió nahí emot bhozoná corité, tahar
[শিষ্য] কহি, যে যাহার ভাগ্য নাহি এমত ভজনা করিতে, তাহার
bhaguió nahi mucti paibar.
ভাগ্য নাহি মুক্তি পাইবার।

G(uru). Emot cotha uchit nohe cohite. Ze qhodar xastor palé xorgue
[গুরু] এমত কথা উচিত নহে কহিতে। যে খোদার শাস্তর পালে স্বর্গে
zaibe. Xocoler bhaguió asse Mala zopité, chahilé; emot bhaguió ze chahe,
যাইবে। সকলের ভাগ্য আছে মালা জপিতে, চাহিলে; এমত ভাগ্য যে চাহে,

te paé; icçhar carzio quebol. Ze cohe, ze duqher caron Malar zopon na zae,
তে পায়; ইচ্ছার কার্য্য কেবল। যে কহে, যে দুখের কারণ মালার জপন না যায়,
tahar cotha quissu nahi; quintu duqher cale uchit emot bhozoná corité;
তাহার কথা কিছু নাহি; কিন্তু দুখের কালে উচিত এমত ভজনা করিতে;
tobe duqh xocolé dur zaibeq: Ehar moidhé ar Malar opurbo xonó, ehate
তবে দুখ-সকলে দূর যাইবেক: এহার মৈধ্যে আর মালার অপূর্ব্ব শুন, এহাতে
bhocti zormibeq.
ভক্তি জর্ম্মিবেক।

Ze calé xidha Domingos Malar bhed buzhailen, xei calé dui zoné, eq
যে কালে সিদ্ধা দোমিন্‌গোস্‌ মালার ভেদ বুঝাইলেন, সেই কালে দুই জনে, এক
maiha, ar eq morod, tahan xttané ardax coriá cohiló; Tthacur, porthibir
মাইয়া, আর এক মরদ, তাহান স্থানে আর্দ্দাশ করিয়া কহিল; ঠাকুর, পৃথিবীর
xuqh xompotió Poromexor amardigueré dilen; poré amargo paper xaxttir
সুখ সম্পত্ত্য পরমেশ্বর আমারদিগেরে দিলেন; পরে আমারগো পাপের শাস্তির
caron xuqh xompotió haraiá bhaté caporé boró duqh paí; biqha duaré
কারণ সুখ সম্পত্ত্য হারাইয়া ভাতে কাপড়ে বড় দুখ পাই; ভিক্ষা দ্বারে
duaré chahité laz hoe; cam carzió corité zani o ra, pari o na; chori
দ্বারে চাহিতে লাজ হয়; কাম কার্য্য করিতে জানিও না, পারিও না; চুরি
corite uchit nohe; bhoq lague; tobé coribó qui? qui upaé amardiguer?
কুরিতে উচিত নহে; ভোখ লাগে; তবে করিব কি? কি উপায় আমারদিগের?
Tomi, Tthacur, upaé dió.
তুমি, ঠাকুর, উপায় দিও।

Xidha Domingos cohilen: Tthacuranir Malar dhian zopó; tiní tomar-
diguerć upaé diben. Emot hoilo: Ehi duí zoné queho queho zahar zahar
ghoré gueló: Malar dhian bhoctité zopiló. Eq bossorer moidhé eto xuqh
xompotió pailó ze boró dhoni data hoiló; ze zoné tahardiguer xttane quissu
chahiló, xe tahá pailo. Cohitó: ehi dhon Poromexor Potitpaboner Crepaé

Tthacuranié dilen. Tobé goriberé qhaoaité uchit. Zeto din porthibité rohiló ehi dui zoné Malar dhian zopiló, Aqher moria boicontté bhogabhog pailó.

G(uru). Eha bhaló; quintu oneq loque protidiné eq bar Mala zopé; totachó bhaté caporé boró duqh paé. Ihar caron qui?

X(ixio); Caron ehi: biné bhoctité zopé. Bhoctité ze zopé, xei zemot dhian, temot labh paibeq; totachó zodí paper xaxttir caron prothibité labh na paé, Boicontté ononto labh paibe xorbo cal bine xexe.

G(uru). Oti baloqhon cótha! oneq nor cohe: *Ami aghe Mala zopitam; poré batar putro coina haraia amar xad nahi Mala zopibar. Dhormer nam muqhe aixé na chintar caron; xocol amar moria gueló, quebol ami obhaigui porthibite rohilam eto duqh paibar, duqh amare sare na.* Ehar bichar qui?

X(ixio). Ehar bichar ze nor emot cohé, xe o xonuq.

Quemote tomar duqh saribeq zodí tomi sariá dilá Malar dhian? Hispaniar eqtti rani emot coriassilo, ze xaxtti poilo: tomitó xono.

পৃঃ ৬৮—৭০: Salve Regina (মাতা মারিয়ার স্তব)।

(বাঙ্গালা)	(পোর্তুগীস)
Nixtar Raní,	Salve, Rainha;
Coruná Mohi matá,	Mãy de Misericordia;
Zibon o poromó omert,	Vida doçura
Amarduiger Axa,	Esperança nossa;
Nixtar,	Salve,
Amora tomaré ddaqui	A vos bradamos
Xtian bhroxtó hoia,	Os degradados
Adiar putroxocol,	Filhos de Eva,
Tomare habilax cori,	A vós suspiramos
Zhuri, ar rodon cori,	Gemendo, e chorando
Ehi bhode rodonér.	Neste vale de lagrimas.
Ihate	Eiapois
Tomí amardiguer xohaé.	Advogada nossa

(বাঙ্গালা)	(পোর্ত্তুগীস)
Ehi tomar	Esses vossos olhos
Corunar noean,	Misericordiosos
Amardiguerí drixtti coró	A nós volve
Ehi xttan bhroxttor por	E despois deste desterro
Amardigueré doroxo corao,	Nos mostraia;
Jesus.	JESUS.
Tomar udorer	Bendito fruto
Dhormó phol.	Do vosso Ventre.
E coruná mohi!	O Piadoza!
E doea mohi!	O Clementa!
E poromo omert!	O Doce!
Xorbo cal ocumari Maria	Sempre Virgem Maria,
Xadho amardiguer caron	Rogay por nòs
Xidhi Poromexorer Mata,	Santa Madre de Deos,
Zenó amora zoguió hoi	Pare que sejamos dignos
Christor agguia dhoner.	Das promessas de Christo.
Amen Jesus.	Amen Jesus.

পৃঃ ৭৮—৮০ :

Mani xottio Niranzon Pita xorbocorta, Tini xorgo monso (=mortio) xrixtti coriassen: Mani Jesus Christo quebol tahan Putro amardiguer Tthacur; Tini udbhob hoilen Espiritó Santor cortuté, zormilen ocumarí Mariar udoré, coxtto loilen Poncio Pilater tthay, crucé zorit hoilen, mirtu lobilen, mirticá loilen, naroqué lamilen; Tetio diné zia utthilen mirtu thaquia, zia utthia xorgue guelen; Boxiassen onontó Pitar dahin hoxter cassé; xeqhané thaquiá aixiben bichar corite zianta morar. Mani Espiritó Santo; Xidhi Mata Dhormó Ghor; Xocol xidhar dhormópholer zugal paon; Paper udhar; Xorir zia utthon; Ebong zibon onontó xonqhiá. Amen Jesus.

পৃঃ ১২২—১২৪ :

G(uru). Coto naroq asse?

X(ixio). Chair.

G. Con'con chair ?

X. Mohanaroq, xodhon ogni, limbo, ar Abrahaõ xttan.

G. Ehi xocol naroq cothaé ?

X. Prothibir praner bhitoré.

G. Mohanaroque que zae ?

X. Onaxthiq xocolé, quiba Indu quiba Mossolomen, quiba quichor; ebong zoto monddo Romaná Ponti ze papi hoia moiló.

G. Obhaguià naroqui que duqh pae naroqhé ?

X. Ononto duqh zom tarona xonqhia ognir moidhe; ar oneq dhoran xaxtti.

G. Ehi tarona que deé ?

X. Bhut goné Poromexorer agguiaé.

G. Xodhon ognite que zae ?

X. Romaná Ponti zotó Poromexorer crepáté more zodi, paper xaxtti nite hobe.

G. Xei xodhon ognite ni conó duqh tarona asse ?

X. Hoé, asse; zemot mohanaroqué: quintu xei taroná óuontó nohé...

পৃ: ১৯৪—১৯৬ :

G(uru). Ze dad tule, xe bhutter dax; ze dad na tule, xe qui ?

X(ixio). Xe Poromexorer dax; taharé Poromexor oneq onugroho coren. Ze onuggroho Poromexor coriassen eq zoneré maph carzier coroné, xei onugroho tomi xono.

Hispania Dexe Madrid xuhore dui colim purux xotro assilo; bistor din tahará eq zoné ar zoneré talax coriassiló dad tulibar caron. Coxtter dine soe gori dui pohor bade tahará zoné zoneré lagal pailó; lagal paia dui zoné o taroal qhoxia, maramari coriló. Ze zonê bex tezobontó xe aró eq chot diló, xe mattité poriló, porazoé hoiló. Porazoé hoia xotrere maph chahia cohilo: Tthacur, porazoé hoiassi, amare zinilá, ar qui chaho? Christor laguia amare maph coro; tobe Christo tomare maph coriben. Zinoniá cohiló; Christor laguia tomare maph cori, zenó tini amare maph coruq. Pore tahare utthailó, rocto o ponsailó, oxodió o diló, pore dui zon

milia boró doxtó hoiló. Zinoniá Dhormo Ghore gueló. Dhormo ghoreté xtob coriló, xtob coria ze christor acriti assilen, tahane xeba corité guelo; Anthu coria Christor acritir casse tahan podeté chum diló. Toqhon Christor acritié ather qhil qhoxia, taharé alingon dilen. E moha apurbó xe apone deqhilo, ebong zotó loq Dhormo Ghore assilo, xocole o deqhilo. Zinonia Poromexorere puzio diló; zoto din banxiló oneq punio corilo. Birdho cale punie purnit moria choliá guelo xorgue.

পৃঃ ৩০২ :

G(uru). Zahara bibhaó core, tahará bibhaor aghe qui coribeq ?

X(ixio). Confessar coribé: ebong Nirmol Dhormo o loibe. *Odibax* o, *Xuag pani* o na coríbé, zemot Indurá core. Ebong bibhaor passe *Baix bia* o na coribe; *Pag porox* o coribé na.

G. *Odibax, Xuag pani, Baix bia, Pag porox*, eha xocol ami buzhi na, buzhailá, buzhibó.

X. Odibax, Xuag pani, ebong baix bia, ebong pag porox bhuzaibar goroz nahí; zurur quebol asse ze Christaõ eha na coruc.

পৃঃ ৩১০ :

Eduardo Inglaterra Razaé Jerusalem té guelo: Jesus Christor coxtter dhormo xttan deqhiló. Ponthe zaite eq Mossoloman bixe taroal dia taharí eq chot mariló. Oxodio oneq hoiló; conó oxodio dia bhaló hoiló na. Tobe banxibar obhoroxá hoia ghore guelo. Tahar ze mag, xe Hispaniar Razar betti; batharer gha deqhia, conó oxodio na paia, doear oxodio taharé diló. Batharer gha zirbhra dia chattiló. Chuxité chuxité bix xocol qhoxailó. Emot oxodio dia Razaé bhalo hoiló; ebong Ranire bix laguiló na.

পৃঃ ৩১২ :

G. Romaná Ponthi bibhaxtur moidhe conó Indur badha ni asse ?

X. Hoe; asse. *Xatamirth, Sotiará,* ebong *Oniopraxon.* Ehi xocoli Romana Pontirgo uchit nohe corité.

G. Qui coren amardiguere ehi xat sacramentos ?

X. Xocolé crepa deen, ebong Poromexorer doxto coren.

পৃঃ ৩৫৬ :

Pronam Maria, crepae purnit: Tomate Tthacur assen: Dhormi tomi xocol xtrir lôquer moidhe: Dhormophol Tomar udore Jesus: Xidha Maria, Poromexorer Mata, xadho amora papir caron—eqhone, ar amardiguer mirtur calé.

VOCABULARIO
EM IDIOMA
BENGALLA,
E
PORTUGUEZ.

Dividido em duas partes

DEDICADO

AO EXCELLENT. E REVER. SENHOR.

D. FR. MIGUEL
DE TAVORA

Arcebispo de Evora do Concelho de Sua Mageftade.

Foy deligencia do Padre

FR. MANOEL
DA ASSUMPÇAM

Religioso Eremita de Santo Agoftinho da Congregaçaõ da India Oriental.

✠

LISBOA:

Na Offic. de FRANCISCO DA SYLVA.

Livreiro da Academia Real, e do Senado.

Anno M. DCC XLIII.

Com todas as licenças neceffarias.

Elle fez, u coriaſſe, v. tini coriaſſen.
Plur. Nos fizemos, Amora coriaſſi.
Vós fizeſtes, Tora coriaſſos, v. coria-ſſis: v. Tomora coriaſſo.
Elles fizerao. uara coriaſſe; v. Taha-na coriaſſen.

Outro preterito perfeito.

Sing. Eu fiz. Ami corilaõ.
Tu fizeſte. Tu corili, v. Tômi corilá.
Elle fez u coriló, v. tini corilen.
Plur. Nos fizemos, Amorá corilaõ.
Vós fizeſtes, Tora corili; v. Tomora corilá.
Elles fizeraõ, uara coriló; v. Tahana corilen.

Preterito plusquam perfeito

Sing. Eu tinha feito, Ami coriaſſilam.
Tu tinhas feito. Tui coriaſſili; v. To-mi coriaſſilá.
Elle tinha feito, u coriaſſilo; v. Tini coriaſſilen.
Plur. Nós tinhamos feito, Amora coriaſſilam.
Vós tinheis feito, Tora coriaſſili; v. Tomorá coriaſſilà.
Elles tinhaõ feito. Uara coriaſſiló; v. Tahaná coriaſſilen.

Futuro perfeito.

Sing. Eu farei, Ami coribó, v. corimum.
Tu faras, Tu coribi; v. Tomi coribá.
Elle

Elle fará, u coribó, v. coribê; v. Tini coriben; v. coribeq.
Plur. Nos faremos. Amora coribo, v. corimú.
Vós fareis, Tora coribi; v. Tomorá coribá.
Elles faraõ. u coribó, v. coribé: v. Tini coriben, v. coribeq.

Em lugar deſte futuro, uzaõ tambem muitas vezes do preterito imperfeito, Coritam: *Quando a linguagem falla do conjuntivo, uzaõ do Indicativo; pondo o verbo em o tempo competente, ajuntando-lhe alguma propoziçaõ ou adverbio dos que levaõ o verbo ao conjuntivo v, g. neſta oraçaõ; ſe eu fizeſſa huma caza nova, entaõ ſeria bem:* Zodi ami ec noa ghor coritam; tobe bhalo hoito. &c.

Imperativo.

Sing. Faze tu Tu cor: v. Tomi coro.
Faça elle, u coruc. v. Tini coruc.
Plur. Façamos nòs, Cori amorá.
Fazeivos, Cor tora; v. coro tomorá.
Façaõ ellés, Uarazv. Tahanâ coruc.

O futuro mandativo, he como o futuro acima.

Infinito.

Fazer, de fazer, para fazer. corité.

Gerundio.

De fazer, Coribar.

পুস্তকান্তর্গত ব্যাকরণাংশ, পৃঃ ১৮ ও ১৯

Refto,	Baqui.
Refpeito, i, por efte refpeito.	Ei caron; Ei orth.
Reftituir,	Phiria dite.
Reftituiçaõ,	Phiria deon.
Refufcitar,	Zia utthité.
Refurreiçaõ dos mortos,	Zia utthon.
Retalho,	Qhan, Baqui.
Retardar,	Bilombo, Dirongó corité.
Reter o alheyo,	Porer mal raqhité, Gopto.
Ratificar;	Dhoraitè, Phiria cohité.
Retiro,	Ontor, Ghuchon.
Retirar-fe,	Ontorité; Pharag hoité.
Retumbar,	Xobdo dite.
Retorno,	Phiria aixon.
Retroceder,	Paçhuaité Phirité.
Retrete,	Balqhanà; Chup qhana.
Retorta couza,	Beca; Becaniá bofto.
Retrox,	Pacania rexom.
Revelar,	Gopto zanaité; Becto corité.
Revelaçaõ,	Gopter zanan.

Re;

Rever, i, tornar aver,	Phiria deqhite.
Reverencia,	Bhorom.
Rever, i, irfe olicor.	C,huaité.
Rever-fe no efpelho,	Arxitè deqhitè.
Reverenciar, i, ter refpeito.	Xeba corité.
Reverenciar,	Xebacoritè; Bhocti corité.
Reverdecer,	Taza hoite.
Revezada couza,	Phira, Ghura.
Revez	Ultta.
Revolta, i, bulha,	Zhogora, Bibad.
Revoltozo.	Zhogoraniá: Bibadhi.
Revolver,	Ulott, pulott coritè.
Rezaõ, i, cauza,	Caron.
Rezam, i, juftiça.	Uchit.
Reza,	Zopon.
Rezar,	Zopité; Zopon coritê.
Rezina,	Dhup.
Refoluçaõ,	Niftuc, Nirupon.
Refolver-fe,	Corar corité.
Refoluto,	Xaoxi, Mordenà.
Refumido,	Olpo.
Riba, i, arriba,	Upor.
Ribançeira, i, borda do rio.	Par, Quinar, Cul.
Ribeiro,	Nala, Cala.

Rico.

পাদ্রি মানোএল-দা-আস্সুম্পসাউঁ-এর

পোর্ত্তুগীস ভাষায় লিখিত

বাঙ্গালা ব্যাকরণের মূল

ও

তাহার বঙ্গানুবাদ

VOCABULARIO

EM IDIOMA

BENGALLA,

E

PORTUGUEZ.

বাঙ্গালা

ও

পোর্ত্তুগীস

ভাষার

শব্দকোষ।

VOCABULARIO

EM IDIOMA

BENGALLA,

E

PORTUGUEZ

Dividido em duas partes

DEDICADO

AO EXCELLENT. E REVER. SENHOR.

D. FR. MIGUEL

DE TAVORA

Arcebiſpo de Evora do Concelho de Sua Magestade

Foy deligencia do Padre

FR. MANOEL

DA ASSUMPC,AM

Relegioſo Eremita de Santo Agoſtinho da Congregaçaõ da India Oriental

LISBOA

Na Offic. de FRANCISCO DA SYLVA

Livreiro da Academia Real, e do Senado.

Anno M. DCC XLIII.

Com todas as licenças neceſſarias

বাঙ্গালা

ও

পোর্ত্তুগীস

ভাষার

শব্দকোষ

দুই ভাগে বিভক্ত

রাজকীয় মন্ত্রণাসভার সদস্য, এভোরার মুখ্য-ধর্ম্মযাজক

অশেষ-গুণ-নিধান পরম-ভক্তি-ভাজন মহাশয়

শ্রীযুক্ত ভাই মিগেল-দে-তাভোরা মহাশয়ের উদ্দেশে

পূর্ব্ব-ভারতীয় মঠের সাধু আউগুস্তীনীয়-সম্প্রদায়-ভুক্ত সন্ন্যাসব্রতধারী

পাদ্রি মানোএল-দা-আস্‌সুম্প্‌সাউ-এর পরিশ্রম-ফল

উৎসৃষ্ট হইল

✝

লিস্‌বোআ

রাজকীয় পুস্তকালয় ও মন্ত্রণাসভার পুস্তকাধ্যক্ষ

ফ্রান্সিস্কো-দা-সিল্‌ভার দপ্তরে

১৭৪৩ খ্রীষ্টাব্দ

যাবতীয় প্রয়োজনীয় অনুমতিপত্র সমেত

EXCELLENT. E REVERENDS. SENHOR

A QUEM ſe naõ a V. Excellencia ſe deviaõ de dicar eſtes livros da Doutrina Chriſtaõ, e Vocabulario em lingua Bengalla, para que como aguia superlativamente grande, naõ só os protegesse, e cobrisse, duabus velabant, com suas

সকল-গুণনিধান ও শ্রদ্ধাস্পদ মহাভাগেষু,

খ্রীষ্টধর্ম্মের এই সকল পুস্তক এবং বাঙ্গালাভাষার শব্দকোষ মহাশয়ের উদ্দেশে উৎসর্গ করিব না তো আর কাহার নামে করিব? অতিকায় ঈগল পক্ষীর মত মহাশয় ইহাদিগকে পক্ষপুটে আবরণ করিয়া রক্ষা করিতে পারেন, ইহাদের

suas azas, mas tambem os fizesse correr, evoar para partes taõ remotas; duabus volabant, seria naõ só furto execrando o extrahilos da protecçaõ de V. Excellencia, mas tambem violentissima rapina e naõ dedicar-lhos. Chegando a minha maõ da India estes Livros, observey nelles, senaõ ſette sellos, como no do Apocalypse: Signatum sygillis septem, *hum sello, que no sobrescrito, que traziaõ* Valia per ſete; *porque era este para V. Excellencia, naõ o conciderando ainda na Cadeira Archiepiscopal da Cidade de Evora, mas na da Universidade de Coimbra: mas naõ sem instinto particular da natureza, ou destino especial da Providencia, traziaõ os Livros este sobreescrito, porque se pela sentença de Christo se deve dar o dinheiro, que tiver o sebreescrito de Cezar a mesma aguia Imperial:* Redditè quæ sunt cæsaris Cæsari, *eo que for de Deos a Deos tudo cumpre a risca o Author deſte livro, porque da nelle com zello grande da salvaçaõ das almas, o que he gloria de Deos ao mesmo Deos, e o que he honra para o Author, mais o tributa ao sobreescrito que o livro leva de V. Excellencia, do qual so lhe póde rezultar dar á luz o seu nome até os fins do mundo, mas este primeiro parto do seu zelo por restituiçaõ o devia a V. Excellencia por multiplicados titulos, naõ só por ser o Author oriundo da Cidade de Evora, e como tal sua ovelba, mas tambem por ser elle mandada muy particularmente por V. Excellencia par as Missoens da India, quando esta Provincia Augustiniana teve a ventura da sua regencia, e se de V. Excel-*

সুদূর দেশে উড্ডয়নও আপনার সাহায্য-সাপেক্ষ ; আর, মহাশয়ের আশ্রয় হইতে ইহাদিগকে বিচ্যুত করিলে শুধু যে চৌর্য্যাপরাধে অপরাধী হইতে হইবে তাহা নয়, পরন্তু তবদুদ্দেশে ইহাদিগকে উৎসর্গ না করিলে অতি ভীষণ দস্যুতা-পাপে লিপ্ত হইতে হইবে। এই সকল পুস্তক ভারতবর্ষ হইতে মৎসমীপে আসিয়া উপনীত হইলে দেখিলাম, তাহাদের উপর সাতটী মুদ্রার ছাপ না থাকিলেও—'প্রকাশিত-বাক্য'-পুস্তকে যেমন আছে, "সপ্ত-মুদ্রায় চিহ্নিত"—একটী মুদ্রাচিহ্ন রহিয়াছে, সেই মুদ্রা পূর্ব্বোক্ত সাতটীর সমান, কারণ উহাতে মহাশয়ের নাম অঙ্কিত ছিল। আপনি অবশ্য তখন এভোরা নগরীর মুখ্য ধর্ম্ম-যাজকের আসনে অধিষ্ঠিত ছিলেন না, ছিলেন কইঁব্রা বিশ্ববিদ্যালয়ে। কিন্তু এই সকল পুস্তকের উপরকার মুদ্রাচিহ্নটী কোনও স্বাভাবিকী বৃত্তি অনুসারে অথবা সর্ব্বদর্শী ভগবানের বিশেষ বিধান অনুসারে যে নিহিত হয় নাই, তাহা নহে ; কারণ যীশুখ্রীষ্টের বাক্য অনুযায়ী, স্বর্ণমুদ্রার উপরে (রোম-সম্রাট্) কাএসার-এর মূর্ত্তি থাকিলে তাহা সেই পক্ষিরাজ ঈগলকেই (কাএসার-কেই) দিতে হয় : Reddite quæ sunt Caesaris Caesari—(অর্থাৎ কাএসার-এর যাহা তাহা কাএসার-কে দাও), এবং ভগবানের যাহা তাহা ভগবান্‌কে দাও। এই পুস্তকের লেখক এইরূপ সাহসিক কর্ম্ম করিয়াছেন ; কারণ তিনি ইহাতে সাধারণের আধ্যাত্মিক মুক্তির জন্য বিপুল উৎসাহ-সহকারে, ভগবানের প্রাপ্য যাহা তাহা ভগবান্‌কে দিয়াছেন, যে সম্মান গ্রন্থকারের প্রাপ্য তাহা গ্রন্থকারকে দিয়াছেন, এবং পুস্তকের উপরে যে মুদ্রাচিহ্ন আছে তাহার গৌরব আপনাকে দিয়াছেন। পরিণামে অবশ্য এরূপ হইতে পারে যে পৃথিবীর প্রান্তসীমা পর্য্যন্ত তাঁহার নামকে আলোকিত করিবে; কিন্তু ধর্ম্মপ্রচারের নিমিত্ত তাঁহার যে উৎসাহ, তাহার এই প্রথম ফল বহু কারণে আপনার প্রাপ্য ; গ্রন্থকারের জন্ম এভোরা নগরে, সুতরাং তিনি আপনার অধিষ্ঠিত ধর্ম্মগোষ্ঠীর অন্তর্ভুক্ত ; এতদ্ভিন্ন এই প্রদেশের আউ-গুস্তীনীয় সম্প্রদায় যে সময়ে মহাশয়ের অধ্যক্ষতা-রূপ সৌভাগ্য লাভ করে, তখন মহাশয়ই তাঁহাকে ভারতীয় প্রচার-মণ্ডলীর জন্য পাঠাইয়াছিলেন।

Excellencia como de Oceano, que fertilizava na quelle tempo esta regiaõ Eremitica, sapio aquelle arroyo, rezaõ he que torne para onde teve a origem, e possa já o Author pelos seus livros correr rio ad locum unde exeunt flumina revertuntur ut iterum fluant.

Em fim se V. Excellencia foy, o que tendo commissaõ do Reverendissimo P. Geral Augustiniano pera expedir Missoens para os Reynos de Bengalla se quiz envolver tambem a si na qulla expediçaõ animando como bom General com o seu exemplo as Soldados de Christo, e querrendo se abater a igularse com elles em aquellas mesmas oudas que igualaõ os montes com os valles esperando (ainda que com pranto copioso, e saudade desta Provincia) O ultimo preceito de Christo pela boca do Prelado, como outro S. Pedro para se entregar as agoas do Oceano, e surcar até ao Ganges de Bengalla: Jube me venire ad te super aquas, *como podia caber na esfera dos possiveis que tivessem outra dedicaçaõ huns livros, em que pela experiencia que eu tive em tantos annos de Reytor dessas Missoens acho huma Doutrina tao solida, e com tanta energia na lingua Bengalense, que estes livros dados a luz seraõ outros tantos Missionarios, que naõ só convertaõ a muitos peccadores para a penitencia mas como melhores, e mais desinteressados cathequistas, posto que mudos convertaõ innumeraveis Gentios, e Mouros á Ley da Graça supposto pois que V. Excellencia naõ foy pessoalmente lograr aquelles fructos pelo impedir o mesmo*

Christo

আর যেহেতু মহোদধিতুল্য মহাভাগ তৎকালে এই সন্ন্যাস-রাজ্য উর্ব্বর করিয়াছিলেন, সেই কারণে জ্ঞানের এই ক্ষুদ্র স্রোতস্বতী যে তাঁহার উৎপত্তি-স্থান অভিমুখে ফিরিয়া যাইবে, এবং গ্রন্থকার যে এখন তাঁহার এই সকল পুস্তক-রূপ নদী তাহাদের উৎপত্তি-স্থানের দিকে বহাইবেন, ইহা যুক্তি-সঙ্গতই বটে। Ad locum unde exeunt flumina revertuntur ut iterum fluant. (অর্থাৎ, সরিদ্বর্গ যেদিক্ হইতে আসিয়াছিল, সেইদিকে প্রবাহিত হইতে আরম্ভ করিল।)

অপর, পরিশেষে মহাশয় পরমশ্রদ্ধাভাজন আউগুস্তীনীয় সম্প্রদায়ের প্রধান অধ্যক্ষের নিকট হইতে বঙ্গদেশে প্রচারকদল প্রেরণ করিবার নিমিত্ত অনুমতিপত্র পাইয়া, সাগরপারে বঙ্গদেশে গঙ্গানদীর তীর পর্য্যন্ত সাধু পীতরের মত খ্রীষ্টের শেষবাণী ধর্ম্ম-যাজকের মুখ দিয়া প্রচারিত করিবার জন্য—(Jube me venire ad te super aquas—অর্থাৎ বারি-রাশি পার হইয়াও সানন্দে তোমার নিকট উপস্থিত হইব)—নিজ দৃষ্টান্ত-দ্বারা খ্রীষ্টসৈন্য সকলের উৎসাহবর্দ্ধক প্রবীণ সেনাপতির মত উচ্চাবচ-ভেদ-বিনাশক তরঙ্গ-মধ্যে (যদিচ অশ্রুপূর্ণ নয়নে, স্বদেশাভিমুখে সতৃষ্ণ দৃষ্টিপাত-পূর্ব্বক) ইহাদেরই সঙ্গে একত্র ঝাঁপ দিতে অভিলাষ করিয়াছিলেন। জগতে যেরূপ সম্ভব হইতে পারিত,—এই পুস্তকগুলির অন্য উৎসর্গপত্রও দেওয়া যাইত; এত দীর্ঘকাল ধরিয়া উক্ত প্রচারকমণ্ডলীর কর্ণধার ছিলাম, এরূপ সারবান্ ও বাঙ্গালাভাষায় এরূপ শক্তির সহিত লিখিত ধর্ম্মগ্রন্থ পাইতেছি যে পূর্ব্ব-সূচিত পুস্তক সমুদয় প্রকাশিত হইলে সম-সংখ্যক প্রচারকের কর্ম্ম করিবে, অনুতাপ-দ্বারা কেবল মাত্র বহু পাপীকে নয়, সজ্জনকেও দীক্ষিত করিবে, এবং সম্পূর্ণভাবে নিঃস্বার্থ অথচ মূক ধর্ম্মোপদেশক-রূপে এই সকল গ্রন্থ অসংখ্য হিন্দু ও মুসলমানকে সদ্ধর্ম্মে দীক্ষিত করিবে; এরূপ মনে করা হইয়াছে যে যেহেতু ধর্ম্ম-যাজকদিগের কথামত ভগবান্ খ্রীষ্টের পথে বাধা দিয়া মহাশয়ের ব্যক্তিগত কোনও লাভ নাই, তথাপি

Christo pela obediencia dos Prelados permitio o Senhor que V. Excellencia logra se ainda nesse Trono Archiepiscopal o merecimento, e o sazonado da quelles fructos das Missoens Indicas mandando dar ao prélo estas folhas em que espero leya V. Excellencia o seu nome tres ladado destes livros para o da vida, e a sua saude copiada destas folhas para as da quella arvore que nellas dà a saude de todas as gentes, § folia ligni ad Sanitatem gentium ; *a mesma saude, e vida peço a Divina Magestade, que prospere a V. Excellencia pelos annos de meu dezejo para gloria immortal da nossa Religiaõ Eremetica, e augmento temporal, e espiritual de seu Arcebispado.*

Fr. George da Aprezentaçaõ.

ভগবদ্বিধানে এই সকল পুস্তকের পত্রাবলী (যাহাতে আশা করি মহাশয় স্বকীয় নাম তিন বার মুদ্রিত পড়িতে পাইবেন) মুদ্রাযন্ত্রে পাঠাইবার আদেশ প্রদান করিয়া এবং ভারতীয় প্রচার-মণ্ডলীর ঈদৃশ ফলরাজির পরিণতি সাধন করিয়া এই মুখ্য-ধর্ম্ম-যাজকের আসন হইতেই ধন্যবাদভাজন হইবেন, যে বৃক্ষ এই সকল পত্রে সকল লোকের স্বাস্থ্য বিধান করে উক্ত পত্রাবলীতে সেই প্রচুর স্বাস্থ্য ও জীবন ইহাকে দিবেন। "এবং এই সকল অগ্নিগর্ভ পত্র লোকের স্বাস্থ্য বিধান করুক্।" ভগবানের নিকট সেই স্বাস্থ্য ও জীবন প্রার্থনা করি, যাহাতে মহাশয় আমার অভিলষিতরূপ বহুবর্ষ ধরিয়া শ্রীসম্পন্ন হইয়া আমাদের ধর্ম্মসঙ্ঘের অনন্ত গৌরবের কারণ হউন, এবং মহাশয়ের মুখ্য-ধর্ম্ম-যাজক-পদের পার্থিব ও আধ্যাত্মিক উন্নতি সাধিত হউক।

ভাই জর্জ-দা-আপ্রেজেন্তাসাউ

PROLOGO

AO LEYTOR, E MISSIONARIO

novo

AMigo leitor, e Missionario novo; como supponho que vens a Bengalla com espirito, e caridade Apostolica, e com zello de converter todo o mundo á Ley de JESUS Christo; e de trazer ao gremio da Igreja as ovelhas desgarradas do seu rebanho; e que para este fim dezejas aprender o Idioma Bengalla, com fundamento; aqui te offereço esta obra, em que acharas as regras da Grammatica deste Idioma; e hum Vocabulario em duas partes; a primeira de lingua Bengalla, e Portugueza; e a segunda de lingoa Portugueza; e Bengalla; em que acharas, senaõ todos ao menos a mayor parte dos Vocabulos de que uzaõ os naturais.

E te peço que com todo o cuidado te appliques a ella para descargo da tua concie encia; porgue como diz Fr. Joaõ Banptista em suas advertencias, p. 214. que o Missionario, que naõ sabe a lingua de suas ovelhas, naõ póde ser Missionario; e está em peccado morral, e que se lhe naõ deve dar a absolviçaõ sem primeiro a aprender; *Nullo modo est absolvendus*

মুখবন্ধ

পাঠক ও নবীন প্রচারকের প্রতি

পাঠক বন্ধু ও নবীন প্রচারক মহাশয়, আশা করি ধর্ম্মশক্তি লইয়া, খ্রীষ্টের অন্তরঙ্গ জনোচিত প্রেম লইয়া, এবং যীশুখ্রীষ্টের ধর্ম্মে সকল জগৎকে দীক্ষিত করিবার, সঙ্ঘের বুকে পথভ্রষ্ট সন্তানগুলিকে ফিরাইয়া আনিবার মত উৎসাহ লইয়া বঙ্গদেশে আসিয়াছ এবং এই অভিপ্রায়ে মূল হইতে বঙ্গভাষা শিখিতে চাহিতেছ; তোমাকে এখন এই পুস্তকখানি উপহার দিতেছি, ইহাতে তুমি উক্ত ভাষার ব্যাকরণের নিয়মাবলী পাইবে, আর পাইবে দুইভাগে বিভক্ত এক শব্দকোষ; প্রথম ভাগে বাঙ্গালা ও পোর্ত্তুগীস, দ্বিতীয় ভাগে পোর্ত্তুগীস ও বাঙ্গালা; ইহাতে তুমি আর কিছু না হউক, অন্ততঃ দেশীয়দের ব্যবহৃত শব্দগুলির অধিকাংশ পাইবে।

এতদ্ভিন্ন তোমাকে অনুরোধ করি যে তুমি সমস্ত যত্ন প্রয়োগ করিয়া তোমার কর্ত্তব্যবুদ্ধি চরিতার্থ করিবার জন্য ইহাতে ব্যাপৃত হও। কারণ, ভাই যোআউ (যোহান) বাউপ্‌তিস্তা তাঁহার উপদেশাবলীর (২১৪ পৃঃ) মধ্যে যেমন বলিয়াছেন,—যে প্রচারক তাহার ধর্ম্মগোষ্ঠীর ভাষা জানে না সে প্রচারক হইবার উপযুক্ত নহে; ইহা নৈতিক দোষ, —এবং পাপ কি তাহা প্রথমে না বুঝিয়া উহা হইতে নিষ্কৃতি দেওয়া উচিত নহে; Nullo modo est absolvendus (অর্থাৎ কোনও মতেই নিষ্কৃতি পাইতে পারে

vendus. Saõ palavras suas. E acrescenta Monte Negro, que o tal está irregular por direito natural; porque assim como par direito natural, quem carece dos dedos das maõs fica irregular para celebrar, por naõ poder pegar, partir, nem levantar a Hostia, e o Calix: assim tambem por direito natural está irregular para ser Parroco quem naõ sabe a lingua de suas ovelhas, porque lhe naõ pode dar o pasto espiritual de que tanto necessitaõ.

E se disseres, que nos Bandeis a onde pertendes parroquiar, a mayor parte da gente falla Portuguez; te respondo, que esta mayor parte tambem entende Bengalla; e que a menor parte, que naõ sabe Portuguez, tambem saõ tuas ovelhas, e que se lhe naõ deres o pasto espiritual, que es obrigado, padeceram eternamente, e tu com ellas, o que Deos naõ permitra.

Isto supposto, te peço pelo amor que deves a Deos que te creou; e pela obrigaçaõ do teu ministerio, que com todo o cuidado te appliques á liçaõ deste livro, para mayor honra de Deos, e augmento da nossa Santa Fa Catholica.

Valle.

CEN-

না); ইহা তাঁহারই কথা। এবং তদ্ভিন্ন মন্তি-নেগ্রু বলিতেছেন যে তাদৃশ ব্যক্তি স্বভাবত-ই অনুপযুক্ত; কারণ যাহার হস্তাঙ্গুলি নাই সে ব্যক্তি যেমন খ্রীষ্ট-যজ্ঞের পুরোডাস ও পবিত্র কারণাধার একত্র করিতে, বিযুক্ত করিতে ও উত্তোলন করিতে—এক কথায় সংস্কার-পূত করিতে—স্বভাবতঃ অক্ষম, তদ্রূপ যাহার নিজ ধর্ম্মাধিকার-ভুক্ত জনগণের ভাষায় জ্ঞান নাই—সেও স্বভাবতঃ তাহাদের পরিচালক হইবার অনুপযুক্ত, কারণ যে আধ্যাত্মিক আহারে তাহাদের এত প্রয়োজন তাহা সে দান করিতে পারে না।

আর যদি বল যে আমরা বিদেশী পল্লীতে ধর্ম্ম-যাজকতা করিতে চাহি, সেখানে অধিকাংশ লোক তো পোর্ত্তুগীস-ই বলে; তবে আমি তোমাকে এই উত্তর দিতে চাহি যে এই অধিকাংশ তো বাঙ্গালাও বুঝে; যে অল্প সংখ্যক লোক পোর্ত্তুগীস জানে না, তাহারাও তোমার অধিকারভুক্ত, তুমি যদি তাহাদিগকে আধ্যাত্মিক খাদ্য না দিতে পার তবে তাহারা অনন্তকাল যন্ত্রণা ভোগ করিবে, তাহাদের সঙ্গে তুমিও ভোগ করিবে,—যাহা ভগবান্ হইতে দিবেন না।

এইরূপ অনুমান করিয়া আমি তোমাকে সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছি যে, যে ভগবান্ তোমাকে সৃষ্টি করিয়াছেন তাঁহার প্রতি তোমার প্রেমের দিব্য, তোমার ধর্ম্ম-যাজকতার কর্ত্তব্যের দিব্য, ভগবানের গৌরব বৃদ্ধির জন্য আমাদের পবিত্র কাথলিক ধর্ম্মের প্রসারের জন্য এই পুস্তক অভ্যাস করিতে যথাসাধ্য যত্ন কর। বিদায়।

CENSUR. DOM. R. P. Fr. GEORGE da Aprezentaçaõ

M. R. P. PROVINCIAL

OBedecendo a ordem de V. P. muito Reverenda, revy este Vocabulario, e os mais tratados da arte, ou Grammatica da lingua Bengalla, e intentando eu pedir as licénças necessarias para dar ao prélo; outro semelhante livro que comigo truxe daquelles reynos; suspendi o intento, vendo, que este do R. P. Fr. Maoel da Assumpçaõ Reytor da quella Missaõ he mais util ao bem daquellas vastissimas christandades, por estar mais perfeito, e ampliado; o que julgo pela intelligencia, que adquiri daquella lingua sendo Reytor da Missaõ do titulo de S. Nicoláo de Tolentino, e porter missionado em diversos lugares da quelles reynos, outo annos, e meyo, e assim entendo, que será de grande utilidade áquelles povos o dar-se á luz do prélo este livro, em o qual naó achei couza, que encontre os bons costumes, e a pureza da nossa Santa Fé Catholica, antes servirá de mais a augmentar em o vastissimo Imperio do Graõ Mogol com as instrucçoens, que daquella lingua tem, e teraõ neste livro os novos Missionarios,

পরীক্ষক শ্রীযুক্ত ভক্তিভাজন অধ্যক্ষ ভাই জর্জ-দা-আপ্রেজেন্তাসাউ
পরম ভক্তিভাজন প্রাদেশিক অধ্যক্ষ মহাশয় সমীপেষু—

ভবদীয় আদেশ শিরোধার্য্য করিয়া এবং মুদ্রাযন্ত্রে দিবার জন্য আবশ্যক অনুমতিপত্র উপস্থিত করিতে অভিলাষী হইয়া এই শব্দকোষ এবং অন্যান্য সাহিত্যগ্রন্থ বা বাঙ্গালা-ভাষার ব্যাকরণ পরীক্ষা করিলাম ; উক্ত দেশ হইতে আমার সহিত এতৎসদৃশ আর একখানি পুস্তক আনিয়াছিলাম ; পূর্ব্ব উদ্দেশ্য স্থগিত রাখিয়া, যাহাতে উক্ত মিশনের পরিচালক ভক্তিভাজন অধ্যক্ষ ভাই মানোএল-দা-আস্সুম্প্সাউঁ মহাশয়ের এই গ্রন্থ অধিক বিস্তৃত ও পূর্ণাঙ্গ বলিয়া তত্রত্য খ্রীষ্টপন্থী সমধ্যুষিত সুবৃহৎ উপনিবেশমণ্ডলীর হিতসাধনের পক্ষে সমধিক উপযোগী হইতে পারে, তজ্জন্য উপস্থিত হইলাম ; সাধু নিকোলাউ-দে-তলেন্তিনো নামক প্রচার-সঙ্ঘের পরিচালকরূপে সার্দ্ধ অষ্ট বৎসর কাল ঐ প্রদেশের বিভিন্ন স্থানে প্রেরিত হওয়ায়, উক্ত ভাষা সম্বন্ধে যে জ্ঞান অর্জ্জন করিয়াছি, তাহার দ্বারা বিচার করিয়া দেখিলাম, এবং আরও দেখিলাম,—এই পুস্তক মুদ্রাযন্ত্র হইতে প্রকাশিত হইলে সে সকল দেশবাসীর সাতিশয় হিতকর হইবে ; ইহাতে আমি সদাচার-বিগর্হিত অথবা পবিত্র কাথলিক ধর্ম্মবিরোধী কিছু পাই নাই। এতদ্ভিন্ন, মোগল-সম্রাটের সুবিশাল সাম্রাজ্যে দেশীয় ভাষায় নিবদ্ধ উপদেশ-সাহায্যে শিক্ষা দিবে, এবং এই পুস্তকই নূতন নূতন প্রচারক রূপে উপস্থিত হইবে,

narios, que nos ministerios sagrados que lá neste Imperio occupaõ, perpetuaráõ no Empireo a gloria a Deos, e no mundo a gloria immortal da nossa Religiaõ Eremitica. V. P. Muito Reverenda ordenará o que por servido. Graça de Lisboa 6. de Dezembro de 1742.

Fr. George da Aprezentaçaõ.

যাহাতে উক্ত সাম্রাজ্যস্থিত আমাদের পবিত্র ধর্ম্ম-যাজক-পদ সাম্রাজ্যে ভগবদ্গৌরব স্থায়ী করিতে পারে, পৃথিবীতে আমাদের সন্ন্যাসধর্ম্মের অমর গৌরব অক্ষুণ্ণ রাখিতে পারে। পরমভক্তি-ভাজন মহাশয় এইরূপ আদেশ দিবেন, যাহাতে লোকের মঙ্গল হয়। গ্রাসা, লিস্‌বোআ, ৬ই ডিসেম্বর, ১৭৪২।

ভাই জর্জ-দা-আপ্রেজেন্তাসাঁউ।

LICENC,AS

DA ORDEM

O M. Fr. Francisco de Santa Maria Prior Provincial dos Eremetas de Sãto Agostinho nestes Reynos, e dominios de Portugal, &c, Porquanto o P. Fr. Manoel da Assumpçaõ, nosso subdito Missionario nos Reynos de Bengalla na India Oriental nos enviou supplica para haver de imprimir hum Vocabulario Bengalla Portuguez que mandamos rever pelo P. Fr. George da Aprezentaçaõ Missionario, que foy nos mesmos Reynos que nos certificou ser util para os Missionarios dos mesmos Reynos, pela prezente lhedamos licença para que possa imprimir o Vocabulario, precedendo as mais licenças nesessarias Lisboa Graça 7. de Dezembro de 1742.

O M. Fr. Francisco de Santa Maria Provincial.

LICEN

অনুমতিপত্র

সম্প্রদায় হইতে

পোর্ত্তুগালের রাজ্য ও অধিকারভুক্ত এই সকল দেশে এবং অন্যত্র অবস্থিত সাধু অগস্তীনীয় সম্প্রদায়-অন্তর্গত সন্ন্যাসীদের প্রাদেশিক মঠাধ্যক্ষ ম. ভাই ফ্রান্সিস্কো-দে-সান্তা-মারিআ :-

যেহেতু পূর্ব্বভারতে বঙ্গদেশে অস্মদীয় সাধারণ প্রচারক ধর্ম্মাধ্যক্ষ ভাই মানোএল-দা-আস্সুম্প্সাউঁ মহাশয় একখণ্ড বাঙ্গালা-পোর্ত্তুগীস শব্দকোষ প্রকাশের অনুমতি চাহিয়া পাঠাইয়াছেন, এবং যেহেতু আমরা প্রচারক অধ্যক্ষ ভাই জর্জ-দা-আপ্রেজেন্তাসাউঁ মহাশয়ের নিকট তাহা পরীক্ষার্থ প্রেরণ করিয়াছিলাম—প্রচারক মহাশয় পূর্ব্বে তত্তদ্দেশে ছিলেন—এবং যেহেতু তিনি উক্তদেশপ্রবাসী প্রচারকদিগের পক্ষে তাহা উপযোগী হইবে বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন, অতএব যাহাতে উক্ত শব্দকোষ মুদ্রিত হইতে পারে তজ্জন্য আরও প্রয়োজনীয় অনুমতিপত্র পাওয়ার পূর্ব্বে এতদ্দ্বারা তাঁহাকে অনুমতি প্রদান করিলাম। লিস্বোআ, গ্রাসা, ৭ই ডিসেম্বর ১৭৪২।

ম. ভাই ফ্রান্সিস্কো-দে-সান্তা-মারিআ

প্রাদেশিক মঠাধ্যক্ষ।

LICECAS

Do Santo Officio.

VIsta a informaçaõ, pódem imprimir-se os livros de que se trata, e depois de impressos tornaraõ para se conferir, e dar licença que corraõ, sem aqual naõ correrá. Lisboa 5. de Janeiro de 1743,

Fr. R. Alancastre. Teixeira. Sylva. Soares. Abreu. Amaral.

DO ORDINARIO

POde se imprimir o Vocabulario, deque trata a petiçaõ, e depois de impresso torne conferido para se dar licença, para correr, Lisboa 6 de Fevereiro de 1743.

Dantas.

DO PACO

QUe se possa imprimir, vistas as licenças do Santo Officio, e Ordinario, e depois de impresso tornará á Mesa para se conferir, e taxar, e dar licença para que corra, e sem isso naó correrá. Lisboa 23. de Fevereiro de 1743.

[?] *Cardeal. Costa.*

অনুমতিপত্র

পবিত্র অধিকরণ হইতে

আবেদনপত্র দেখিলাম; যে সব পুস্তকের কথা ইহাতে আছে সে সকল মুদ্রিত হইতে পারে, এবং তাহার পর, মুদ্রিত হইলে আলোচনার জন্য ও প্রকাশের অনুমতি-লাভের জন্য অনূদিত হইতে পারে, এতদ্ভিন্ন প্রকাশিত হইবে না। লিস্‌বোআ ৫ই জানুয়ারী ১৭৪৩।

ভাই র. আলাঙ্কাস্ত্রে; তেইশেইরা; সিল্‌ভা; সোআরিশ; আব্রিউ; আমারাল্।

সাধারণ অধিকরণ হইতে

আবেদনপত্রে যে শব্দকোষের কথা আছে তাহা মুদ্রিত হইতে পারে, এবং তাহার পর যাহাতে প্রকাশের অনুমতি-পত্র দেওয়া যায় সে জন্য মুদ্রিত হইলে অনুবাদ করিয়া আলোচনা করা হউক। লিস্‌বোআ ৬ই ফেব্রুয়ারী ১৭৪৩।

দাস্তাস।

রাজাধিকরণ হইতে

পবিত্র অধিকরণের অনুমতিপত্র দেখিলাম; ইহা মুদ্রিত হইতে পারে, এবং মুদ্রিত হইয়া গেলে আলোচনার জন্য, মূল্য নির্দ্ধারণের জন্য এবং প্রচার নিমিত্ত অনুমতি-লাভের জন্য অনুবাদ করিয়া উপস্থিত করা হইবে; এতদ্ভিন্ন প্রকাশিত হইবে না। লিস্‌বোআ ২৩শে ফেব্রুয়ারী ১৭৪৩।

কার্দিনাল কস্তা।

LICENÇAS

Do Santo Officio.

VIsto estar confórme com origiual, pode correr. Lisboa 29. de Outubro de 1743.

Fr. R. Lancaster. Teixeira. Sylva. Soares. Abreu. Amaral.

DO ORDINARIO

PO'de correr. Lisboa 29 de Outubro de 1743.

Dantas.

DO PAÇO

QUe possa correr. Lisboa 5 de Novembro de 1743.

Pereira. Costa.

অনুমতিপত্র

পবিত্র অধিকরণ হইতে

মূলের সহিত সঙ্গতি আছে দেখা গেল; ইহা প্রচারিত হইতে পারে। লিস্‌বোআ ২৯শে অক্টোবর ১৭৪৩।

ভাই র. লাঙ্কাস্তের; তেইশেইরা; সিল্‌ভা; সোআরিশ; আব্রিউ; আমারাল্‌।

সাধারণ অধিকরণ হইতে

প্রচারিত হইতে পারে। লিস্‌বোআ ২৯শে অক্টোবর ১৭৪৩।

দাস্তাস।

রাজাধিকরণ হইতে

প্রচারিত হইতে পারে। লিস্‌বোআ ৫ই নভেম্বর ১৭৪৩।

পেরেইরা; কস্তা

BREVE COMPENDIO

DA

GRAMMATICA

BENGALA.

NOMINATIVOS

PRIMEIRA DECLINACAM

Todos os nomes da primeira declinaçaõ acabaõ em letra vogal ; aqual se acrecenta no Genitivo a letra R. v. g.

Numero singular.

Nominativo	Lohá,	ferro
Genitivo	Lohar.	
Dativo	Loharé.	
Accusativo	Lohare, vel lohaque	
Vocativo	ô Loha.	
Ablativo	Lohate.	
Numero plural. N.	Lohara.	

Sing.

Nominat.	Se,	Proa de barco
Genetiv.	Ser.	
Dativo.	Sere.	

Accu.

A.

বাঙ্গালা ব্যাকরণের

সংক্ষিপ্তসার

কর্ত্তৃপদ

প্রথম গণ

প্রথম গণের সকল শব্দ স্বরবর্ণ দিয়া শেষ হয় ; ষষ্ঠীতে -র্ অক্ষর যুক্ত হয়। যথা—

একবচন

কর্ত্তৃকারক	লোহা = লৌহ
সম্বন্ধ	লোহার
সম্প্রদান	লোহারে
কর্ম্ম	লোহারে বা লোহাকে
সম্বোধন	অ (ও) লোহা
অপাদান	লোহাতে
বহুবচন, কর্ত্তৃকারক	লোহারা

একবচন

কর্ত্তৃকারক	ছে = নৌকার অগ্রভাগ
সম্বন্ধ	ছের
সম্প্রদান	ছেরে

Accusativ.	Sere v. serque.
Vocativ.	O Se.
Ablativ.	Serete.
Plur. N.	Será.

O plurar dos nomes Bengalas naõ se uza, porque he o mesmo, que o singular.

Sing.	Sing.
N. Xtri, Mulher.	N. Purbhu, Deos
G. Xtrire.	G. Purbhur.
D. Xtrire	D. Purbhure.
Ac. Xtrire, v. Xtri-que	Ac. Ac Purbhure, v. Purbhuque.
V. O xtri.	V. O Purbhu :
Ab. Xtrite	Ab. Purbhute.
Plur. N. Xitrirá.	

Os mais casos naõ se uzaõ.

SEGUNDA DECLINACAM

A segunda declinaçaõ pertencem os nomes acabados em o breve ; e no genetivo mudaõ o O. em Er. *como v. g.*

Sing.	Sing.
N. Brormô, Deos	N. Camǫ, Serviço
G. Brormer.	G. Camer.
D. Brormere.	D. Camere,
Ac. Brormere, v. Bro-meque	Ac. Camere, v. Ca-mǫque
V. ǫ Brormǫ.	V. ô Camo.
Ab. Brormeté.	Ab. Camete.

কর্ম্ম	ছেরে বা ছেরকে
সম্বোধন	ও ছে
অপাদান	ছেরেতে
বহু, কর্ত্তৃ	ছেরা

বাঙ্গালা শব্দের বহুবচন প্রযুক্ত হয় না, কারণ ইহা একবচনের তুল্য।

	একবচন		একবচন
কর্ত্তৃ	স্ত্রী (=স্ত্রীলোক)	কর্ত্তৃ	পুর্‌ভু (=প্রভু, ঈশ্বর)
সম্বন্ধ	স্ত্রীরে	সম্বন্ধ	পুর্‌ভুর্‌
সম্প্রদান	স্ত্রীরে	সম্প্রদান	পুর্‌ভুরে
কর্ম্ম	স্ত্রীরে, বা স্ত্রীকে	কর্ম্ম	পুর্‌ভুরে বা পুর্‌ভুকে
সম্বোধন	ও স্ত্রী	সম্বোধন	ও পুর্‌ভু
অপাদান	স্ত্রীতে	অপাদান	পুর্‌ভুতে
বহু, কর্ত্তৃ	সিত্রিরা (=স্ত্রীরা)		

অন্যান্য কারকের প্রয়োগ নাই।

দ্বিতীয় গণ

হ্রস্ব ও- (বা অ-) কারান্ত বিশেষ্যপদ এই দ্বিতীয় গণের অন্তর্ভুক্ত; সম্বন্ধ বুঝাইতে -ও (বা -অ) স্থানে -এর্‌ হয়। যথা—

	একবচন		একবচন
কর্ত্তৃ	ব্রর্‌ম (=ব্রহ্ম, ঈশ্বর)	কর্ত্তৃ	কামো (=কাম, কর্ম্ম)
সম্বন্ধ	ব্রর্‌মের	সম্বন্ধ	কামের
সম্প্রদান	ব্রর্‌মেরে	সম্প্রদান	কামেরে
কর্ম্ম	ব্রর্‌মেরে, বা ব্রমেকে	কর্ম্ম	কামেরে, বা কামোকে
সম্বোধন	অ (ও) ব্রর্‌ম	সম্বোধন	অ (ও) কামো
অপাদান	ব্রর্‌মেতে	অপাদান	কামেতে

Sing.		Sing.	
N.	Cormô. Serviço,	N.	Curmô. Cagado.
G.	Cormer.	G.	Curmer.
D.	Cormere.	D.	Curmere.
Ac.	cormeque.	Ac.	Curmere, v. Curmoque.
V.	ô Cormo.	V.	ô Curmo.
Ab.	Cormeté.	Ab.	Curmete.

O plurar destes nomes se forma do genitivo acrescentando a letra A; *porem pouco uzado.*

TECEIRA DECLINAÇAM.

Os nomes da terceira declinaçaõ acabaõ em O. *longo; e no genitivo se lhe acrecenta a letra* R *v. g.*

N. Oxuxtto, Doença.
G. Oxuxttor.
D. Oxuxttore.
Ac. Oxuxttore, v. Oxuxttorque.
V. Oxuxttor
Ab. Oxuxttorete.
Plur. non est in usu.

N. Monddo, Mao ou mal.
G. Monddor.
D. Monddore.
Ac. Monddore, v. Monddoque.
V. ò Monddo.
Ab. Monddoete.
Plur. non est in usu.

N. Doibo, Desastre
G. Doibor.
D. Doibore
Ac. Doibore, v. Doiboque,
V. ô Doibo.
Ab. Doiboete.
Plur. non est in usu.

QUAR-

	একবচন
কর্ত্তৃ	কর্ম্ম=কর্ম্ম
সম্বন্ধ	কর্ম্মের
সম্প্রদান	কর্ম্মেরে
কর্ম্ম	কর্ম্মেকে
সম্বোধন	অ (ও) কর্ম্ম
অপাদান	কর্ম্মেতে

	একবচন
কর্ত্তৃ	কূর্ম্ম=কূর্ম্ম, কচ্ছপ
সম্বন্ধ	কূর্ম্মের
সম্প্রদান	কূর্ম্মেরে
কর্ম্ম	কূর্ম্মেরে বা কূর্ম্মকে
সম্বোধন	অ (ও) কূর্ম্ম
অপাদান	কূর্ম্মেতে

সম্বন্ধে আ যোগ করিয়া এই সকল শব্দের বহুবচন নিষ্পন্ন হয় ; কিন্তু প্রয়োগ হয় অতি অল্পই।

তৃতীয় গণ

তৃতীয় গণের সমস্ত শব্দ দীর্ঘ ও-কারান্ত, এবং সম্বন্ধপদে -র্ অক্ষর যোগ হয়। যথা—

কর্ত্তৃ	অসুস্থ=অসুস্থ
সম্বন্ধ	অসুস্থর
সম্প্রদান	অসুস্থরে
কর্ম্ম	অসুস্থরে, বা অসুস্থর্কে
সম্বোধন	অসুস্থর
অপাদান	অসুস্থরেতে

বহুবচনে প্রয়োগ নাই।

কর্ত্তৃ	মন্দ=মন্দ, অসৎ, খারাপ
সম্বন্ধ	মন্দর
সম্প্রদান	মন্দরে
কর্ম্ম	মন্দরে বা মন্দকে
সম্বোধন	অ (ও) মন্দ
অপাদান	মন্দএতে

বহুবচনে প্রয়োগ নাই।

কর্ত্তৃ	দৈবো=প্রাকৃতিক বিপদ্
সম্বন্ধ	দৈবর
সম্প্রদান	দৈবরে
কর্ম্ম	দৈবরে বা দৈবকে
সম্বোধন	অ (ও) দৈব
অপাদান	দৈবএতে

বহুবচনে প্রয়োগ নাই।

QUARTA DECLINAC,AM.

A quarta declinaçaõ pertencem todos os nomes acabados em letra conſoante; e no Genetivo se lhe acrecenta a sylaba Er. *como v. g*

N.	Morod, Macho se uzaõ. i, mar.	N.	Pap. Peccado.
G.	Moroder.	G.	Paper.
D.	Morederé.	D.	Paperé.
Ac.	Moroder, v. Moroderque.	Ac.	Papere, v. Papque.
V.	ô Morod.	V.	ô Pap.
Ab.	Morodete.	Ab.	Papeté.
	Plur.		Plur.
N.	Moroderá.	N.	Paperá.
V.	ó Morodera.		
	Os mais cazos naõ se uzaõ.		E os mais cazos saõ pouco uzados.

Os nomes adiectivos se declinaõ do mesmo modo que os substantivos, e saõ quazi todos cõmuns; com tudo alguns tem genero femenino acabado em I. *vogal; quaes sejaõ estes, se saberá com o uzo; por pora só pomos alguns para exemplo, como v.g.*

Sing.

N. Eqtta dhormo purux — Hum Santo homem, &c.

N. Eqtti

চতুর্থ গণ

যে সকল শব্দের শেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ, তাহারা চতুর্থ গণের অন্তর্ভুক্ত ; সম্বন্ধে -এর্ এই অক্ষর যুক্ত হয়। যেমন—

কর্ত্তৃ	মরদ্ = পুরুষ	কর্ত্তৃ	পাপ
সম্বন্ধ	মরদের	সম্বন্ধ	পাপের
সম্প্রদান	মরদেরে	সম্প্রদান	পাপেরে
কর্ম্ম	মরদের, বা মরদেরকে	কর্ম্ম	পাপেরে বা পাপকে
সম্বোধন	অ (ও) মরদ	সম্বোধন	অ (ও) পাপ
অপাদান	মরদেতে	অপাদান	পাপেতে
	বহু		বহু
কর্ত্তৃ	মরদেরা	কর্ত্তৃ	পাপেরা
সম্বোধন	অ (ও) মরদেরা		

অন্যান্য কারকে প্রয়োগ নাই। এবং অন্যান্য কারকে প্রয়োগ অতি অল্প।

বিশেষণের শব্দরূপ বিশেষ্যশব্দের ঠিক অনুরূপ প্রণালীতে নিষ্পন্ন হয়, এবং প্রায় সবই একরূপ হইয়া থাকে। তথাপি কোন কোন শব্দের স্ত্রীলিঙ্গের অন্তে ই- বা ঈ-কার যুক্ত হয় ; এরূপ শব্দ প্রয়োগ হইতে বুঝা যায় ; তথাপি বর্ত্তমানে কয়েকটি মাত্র দৃষ্টান্ত দিতেছি। যথা—

একবচন

কর্ত্তৃ একটা ধর্ম্ম পুরুষ = একজন ধার্ম্মিক পুরুষ

N.	Eqtti xtri dhormi,	Huma santa mulher, &c.
N.	Coruna moe Purbhu,	Deos misericordiozo, &c.
N.	Corunâ moi Maria,	Maria Santissima misericordioza, &c.
N.	Bura purux,	Homem velho, &c.
N.	Buri mahiá,	Mulher velha, &c.
N.	Bagghiomonto purux,	Bem afortunado homem, &c.
N.	Bagghiomonti mahia,	Bem afortunada mulher, &c.

Alguns adjectivos tambem tem a terminaçaõ femenina em A. *como v.g.*

N.	Hingxoq purux,	Invejozo homem, &c.
N.	Hingxoca mahia,	Invejoza mulher, &c.

Porem esta terminaçaõ em A. *poucas vezes se acha.*

Pronomes Prometivos, e Demonstrativos.

N.	Ami, v. Moi.	Ego.
G.	Amar, v. Môr.	Mei.
D.	Amare, v. More.	Mihi.
Ac.	Amare, v. Amaqe. More, v. Morque.	Me.
Ab.	Amate, v. Amoete.	In me, v. A me.

Plu-

কর্ত্তৃ	একটি স্ত্রী ধর্ম্মী	=জনৈকা ধর্ম্মশীলা নারী
কর্ত্তৃ	করুণাময়ী প্রভু	=করুণাময় প্রভু
কর্ত্তৃ	করুণাময়ী মারিয়া	=করুণাময়ী বা অশেষ পূতচরিত্রা মেরী
কর্ত্তৃ	বুড়া পুরুষ	=বৃদ্ধ পুরুষ
কর্ত্তৃ	বুড়া মাইয়া	=বৃদ্ধা স্ত্রীলোক
কর্ত্তৃ	বাগ্যিয়মন্ত (=ভাগ্যমন্ত) পুরুষ	=ভাগ্যবান্ পুরুষ
কর্ত্তৃ	বাগ্যিয়মন্তী (=ভাগ্যমন্তী) মাইয়া	=ভাগ্যবতী স্ত্রী

কতকগুলি বিশেষণপদের স্ত্রীলিঙ্গে অন্তে আ-যুক্ত হয়। যথা—

কর্ত্তৃ	হিংসক পুরুষ	=অসূয়াপরবশ পুরুষ
কর্ত্তৃ	হিংসকা মাইয়া	=অসূয়াপরবশ স্ত্রীলোক

কিন্তু এই অন্ত্য আ-কার অতি অল্পই যুক্ত হয়।

ব্যক্তিবাচক ও নির্দ্দেশবাচক সর্ব্বনাম।

কর্ত্তৃ	আমি, বা মুই	অহম্*
সম্বন্ধ	আমার, বা মোর	মম, মে
সম্প্রদান	আমারে, বা মোরে	মহ্যম্, মে
কর্ম্ম	আমারে, বা আমাকে	
	মোরে, বা মোরকে	মাম্, মা
অপাদান	আমাতে, বা আমোরেতে	ময়ি

[* মূল পুস্তকে যেখানে যেখানে লাটিন শব্দ আদি দেওয়া হইয়াছে বঙ্গানুবাদে সেখানে সেখানে সংস্কৃত শব্দ ব্যবহৃত হইল।]

Plurar.

N.	Amara, v. Mora.	Nós
G.	Amargo, v. A-mardiguer.	Nostrum, vel nostri
D.	Amardig uere, &c.	Nobis
Ac.	Amardiguere, v. Amardiguerque.	Nos.
Ab.	Amardiguete, v. Amardiguer xongue.	In nobis vel Nobis-cum,

Sing.

N.	Tui, v. tômi,	Tu v. vestra domina-tio.
G.	Tor. v. tomar, ;	Tui, v. vesteæ domi-nationis.
D.	Tore, v. Tomare.	Tibi, v. væstræ domi-nationi.
Ac.	Tore, v. Tomare, Torque, v. tomáq.	Te, v. vestram domi-nationem.
V.	Tu, v. tomi.	Tu, v. vasa merce.
Ab.	Tuote, v. toma-te.	Inte, v. investra do-minatione.

Plur.

N.	Tora, v. Tomo-rá.	Vos, v. vestræ domi-nationes.
G.	Tor, v. tomardi-guer.	Vestrum, v. vestri.
D.	Tor, v. tomardi-gueré.	Vobis, &c.

Ac.

বহুবচন		
কর্ত্তৃ	আমরা বা মোরা	বয়ম্
সম্বন্ধ	আমারগো বা আমারদিগের	অস্মাকম্, নঃ
সম্প্রদান	আমারদিগেরে, ইত্যাদি	অস্মভ্যম্, নঃ
কর্ম্ম	আমারদিগেরে, বা আমারদিগেরকে	অস্মান্, নঃ
অপাদান	আমারদিগেতে, বা আমারদিগের সঙ্গে	অস্মাসু

একবচন		
কর্ত্তৃ	তুই, বা তুমি	ত্বম্, ভবান্
সম্বন্ধ	তোর, বা তোমার	তব, ভবতঃ
সম্প্রদান	তোরে বা তোমারে	তুভ্যম্, তে ; ভবতে
কর্ম্ম	তোরে, বা তোমারে, তোরকে, তোমাকে	ত্বাম্, ত্বা ; ভবন্তম্
সম্বোধন	তু, বা তুমি	ত্বম্, ভবন্
অপাদান	তুকৃতে (?), বা তোমাতে	ত্বৎ, ভবতঃ

বহুবচন		
কর্ত্তৃ	তোরা বা তোমরা	যূয়ম্, ভবন্তঃ
সম্বন্ধ	তোর, বা তোমারদিগের	যুষ্মাকম্, বঃ ; ভবতাম্
সম্প্রদান	তোর, বা তোমারদিগেরে	যুষ্মভ্যম্, বঃ ; ইত্যাদি।

Ac.	Tor, v. tomardiguere,	V. tomardiguerque, vos, &c.
V.	Tora, v. tomorà,	Vos, &c.
Ab.	Tor, v. tomarduguete.	In vobis.
	Tomar xongue.	Vobiscum.

Singular.

N.	Ea, vel, Ehi.	*Iste.* Este.
G.	Ear, v. Ihar.	*Istius.*
D.	Eare, v. Ihare.	*Isti.*
Ac.	Eare, v. Ihare.	*Istum.*
Ab,	Eate ; v. Ihate.	*Im isto.*

Plur.

N.	Eara, v. Ihara.	*Iste.* Estes
G.	Ear, v. Ihardiguer,	*Istorum.*
D.	Ear, v. Ihardiguere.	*Istis.*
Ac.	Ear, v. Ihardigueque.	*Istos.*
Ab.	Ear, v. ihardigueté.	*In istis.*

Sing.

N.	E, v. o, v. vi, v. uni ; v. xe, v. Ini, v. Tini.	*Ille.*
G.	Ear, oar, oan, Thar, Tahar, v. Tahan.	*Illius.*
D.	Oare, oane, Tahare, Tahane, v. xeane.	*Illi.*
Ac.	Oare, oaone &c. Sicut dativum.	*Illum.*
Ab.	Oate, oane, Tahate, xeate, &c.	*In illo.*

Plur.

N.	Ora, oana, Tahaná, v. xearà.	*Illi.*
G.	Oara, oana, v. ohandiguer &c.	*Illorum.*
D.	Oana, vel oardiguere, &c.	*Illis*
Ac.	Oana, &c. Sicut dativum.	*Illos.*

Ab.

কর্ম্ম	তোর, বা তোমারদিগেরে বা তোমারদিগেকে	যুষ্মান্, বঃ ;	ইত্যাদি
সম্বোধন	তোরা, বা তোমরা	যুয়ম্,	ইত্যাদি
অপাদান	তোর, বা তোমার দিগেতে	যুষ্মৎ	
	তোমার সঙ্গে		

একবচন

কর্ত্তৃ	এয়া, বা এহি	এষঃ	ইহা
সম্বন্ধ	এয়ার বা ইহার	এতস্য	
সম্প্রদান	এয়ারে, বা ইহারে	এতস্মৈ	
কর্ম্ম	এয়ারে, বা ইহারে	এতম্	
অপাদান	এয়াতে, বা ইহাতে	এতস্মাৎ	

বহুবচন

কর্ত্তৃ	এয়ারা, বা ইহারা	এতে	ইহারা
সম্বন্ধ	এয়ার, বা ইহাদিগের	এতেষাম্	
সম্প্রদান	এয়ার, বা ইহাদিগেরে	এতেভ্যঃ	
কর্ম্ম	এয়ার, বা ইহারদিগেকে	এতান্	
অপাদান	এয়ার বা ইহারদিগেতে	এতেভ্যঃ	

একবচন

কর্ত্তৃ	এ, বা ও, বা উই, বা উনি ; বা সে, বা ইনি, বা তিনি	অসৌ
সম্বন্ধ	এয়ার, ওয়ার, ওয়ান, তার, তাহার বা তাহান	অমুষ্য
সম্প্রদান	ওয়ারে. ওয়ানে, তাহারে, তাহানে বা সেয়ানে	অমুষ্মৈ
কর্ম্ম	ওয়ারে, ওয়াওনে, ইত্যাদি। সম্প্রদানবৎ	অমুম্
অপাদান	ওয়াতে, ওয়ানে, তাহাতে, সেয়াতে, ইত্যাদি	অমুষ্মাৎ

বহুবচন

কর্ত্তৃ	ওরা, ওয়ানা, তাহানা, বা সেয়ারা	অমী
সম্বন্ধ	ওয়ারা, ওয়ানা, বা ওহানদিগের ইত্যাদি	অমীষাম্
সম্প্রদান	ওয়ানা বা ওয়ারদিগেরে ইত্যাদি	অমীভ্যঃ
কর্ম্ম	ওয়ানা, ইত্যাদি। সম্প্রদানবৎ	অমূন্

Ab.	Ordiguete, &c.	*In illis.*

Sing.

N.	Ami apone, vel Ami oi.	*Ego ipse.*
G.	Amar caronei, v. Amar oi,	*Mei ipsius.*
D.	Amaré oi, v. toi,	*Mihi ipsi.*
Ac.	Sicut dativum.	
Ab.	Amate toi, v. Amaré toi.	*In Me ipso.*

Plur.

N.	Amara toi, v. oi,	*Nos ipsi.*
G.	Amargo carone,	*Nostrum ipsorum.*
D.	Amardigueré, toi,	*Nobis ipsis.*
Ac.	*Sicut dativum.*	
Ab.	Amardigueté toi,	*In nobis ipsis.*

Sing.

N.	Tumi toi, vel oi; v. apone.	*Tu ipse.*
G.	Tomar toi, oi, caronei, v. aponar,	*Tui ipsius.*
D.	Tomaré toi, oi, v. aponere;	*Tibi ipsi.*
Ac.	Eodem modo sicut dativum.	
Ab.	Tomaté toi, oi, vel aponeté	*In ipso.*

Plur.

N.	Tomará, toi; oi, vel apone,	*Vos ipsi.*
G.	Tomardiguer caronei, v. Aponerdiguer caronei.	*Vestrum ipsorum*
D.	Tomardigueré toi, v. oi, v. aponerdiguere.	
Ac.	Sicut dativum.	*Vobis ipsis.*
Ab.	Tomardigueté toi; v. Aponerdiguete.	*A vobis ipsis.*

Sing.

অপাদান	ওরদিগেতে, ইত্যাদি	অমীভ্যঃ

একবচন

কর্ত্তৃ	আমি আপনে, বা আমি অই	আত্মা
সম্বন্ধ	আমার কারণেই, বা আমার অই	আত্মনঃ
সম্প্রদান	আমারে অই, বা তই	আত্মনে
কর্ম্ম	সম্প্রদানবৎ	আত্মানম্
অপাদান	আমাতে তই, বা আমারে তই	আত্মনঃ

বহুবচন

কর্ত্তৃ	আমরা তই, বা অই	আত্মানঃ
সম্বন্ধ	আমারগো কারণে	আত্মনাম্
সম্প্রদান	আমাদিগেরে তই	আত্মভ্যঃ
কর্ম্ম	সম্প্রদানবৎ	আত্মনঃ
অপাদান	আমারদিগেতে তই	আত্মভ্যঃ

একবচন

কর্ত্তৃ	তুমি তই, বা অই, বা আপনে	ত্বম্ স্বয়ম্
সম্বন্ধ	তোমার তই, অই, কারণেই, বা আপনার	তব স্বয়ম্
সম্প্রদান	তোমারে তই, অই, বা আপনেরে ;	তুভ্যং স্বয়ম্
কর্ম্ম	সম্প্রদানবৎ	
অপাদান	তোমাতে তই, অই, বা আপনেতে	ত্বৎ স্বয়ম্

বহুবচন

কর্ত্তৃ	তোমরা, তই ; অই বা আপনে,	যূয়ং স্বয়ম্
সম্বন্ধ	তোমারদিগের কারণেই, বা আপনেরদিগের কারণেই	যুষ্মাকং স্বয়ম্
সম্প্রদান	তোমাদিগেরে তই, বা অই, বা আপনেরদিগেরে	যুষ্মভ্যং স্বয়ম্
কর্ম্ম	সম্প্রদানবৎ	
অপাদান	তোমারদিগেতে তই ; বা আপনেরদিগেতে	যুষ্মৎ স্বয়ম্

Sing.

G.	Aponar,	*Sui.*
D.	Aponare, vel Aponeri;	*Sibi.*
Ac.	Sicut dativum.	
Ab.	Aponete.	*Se.*

Plur.

Gen.	Aponardiguer.	*Sui.*
D.	Aponardigueré	*Sibi.*
Ac.	Sicut dativum,	
Ab.	Aponardiguete	*A se.*

Este nome tambem tem nominativo do singular, Apon, *e do plurar* Aponarà.

NOTA.

NA lingua Bengala naõ hà nomas possessivos; e em lugar delles uzaõ dos Genitivos dos prometivos, assim como uzavaõ antigamente os antigos Latinos; v. g. nesta oraçaõ; Este livro he meu, e vosso; virã assim o sentido; este livro he de mim, e de vos. *Ei quitab amar, tomar.* E nesta, ly no meu, livro, que Deos he sabedor de tudo; *Amar quitabete poriassilam, ze Poromexor xorbozan,* &c.

NOMES RELATIVO, INTERROGAtivo, e Partetivo.

Sing. Relativo.

N. Ze, vel zemote. Rel. Qui.

G. za-

একবচন

সম্বন্ধ	আপনার	স্বয়ম্
সম্প্রদান	আপনারে, বা আপনেরি	
কর্ম্ম	সম্প্রদানবৎ	
অপাদান	আপনেতে	

বহুবচন

সম্বন্ধ	আপনারদিগের	স্বয়ম্
সম্প্রদান	আপনারদিগেরে	
কর্ম্ম	সম্প্রদানবৎ	
অপাদান	আপনারদিগেতে	

এইশব্দের কর্ত্তৃকারকে একবচনে আপন,
ও বহুবচনে আপনারা পদও সিদ্ধ হয়।

মন্তব্য

বাঙ্গালাভাষায় সম্বন্ধবাচক শব্দ নাই; পুরাকালে প্রাচীন লাতীনেরা যেরূপ প্রয়োগ করিতেন তদ্রূপ তৎপরিবর্ত্তে সর্ব্বনাম শব্দের সম্বন্ধপদ আছে। যেমন এই বাক্যে;—এই পুস্তক আমার, তোমার; ঐ ভাবটি কিন্তু পোর্ত্তুগীসে এইরূপ প্রকাশিত হয়;—এই পুস্তক আমার সম্পর্কিত, তোমার সম্পর্কিত; বাঙ্গালারীতি এইরূপ,—এই কিতাব আমার, তোমার। আর যেমন এইরূপ বাক্যে,—আমার পুস্তকে পাঠ করিলাম, যে ভগবান্ সকল বস্তুর জ্ঞাতা: আমার কিতাবেতে পড়িয়াছিলাম, যে পরমেশ্বর সর্ব্বজান, ইত্যাদি।

সংযোজক, প্রশ্নবাচক এবং অংশবাচক শব্দ

	একবচন	সম্বন্ধবাচক
কর্ত্তৃ	যে, বা যেমতে	যঃ

G.	**Zahar.**	*Cujus.*
D.	**Zaharé, vel zare.**	*Cui.*
Ac.	**zaharê, vel zare,**	*Quem.*
Ab.	**Zahaté**	*In que.*

Plur.

N.	**Zahará**	*Qui.*
G.	Zahardiguer, vel zahargô,	*Quorum.*
D.	Zahardigueré.	*Quibus.*
Ac.	Zahardiguerê, v. zahargô.	*Quos.*
Ab.	Zahardigueté.	*In quibus.*

Interrog.

N.	Ke, vel Ki ?	*Quis, vel quid ?*
G.	Car ?	*Cujus ?*
D.	Care ?	*Cui ?*
Ac.	Care ?	*Quem ?*

Ab. Con *se for couza,* v. g. *Con xtlane?* In quo loco? Se for movimento ajunta-se ao con a propoziçaõ *Thaquia* ou Hote. v. g. Donde vindes? *Con thaquia aiasso?*

Plur.

N.	Quetha? Con? Cara?	*Qui ?*
G.	Cahar diguer? v. Cahargo?	*Quorum ?*
D.	Cahardigueré?	*Quibus ?*
Ac.	Sicut dativum.	
Ab.	Cahardigueté?	*In quibus ?*

Partetivó.

N.	Queho.	*Aliquis.*
G.	Car,	*Alicujus.*
D.	Carg, vel Care,	*Alicui.*

Ac.

সম্বন্ধ যাহার যস্য
সম্প্রদান যাহারে, বা যারে যস্মৈ
কর্ম্ম যাহারে, বা যারে যম্
অপাদান যাহাতে যস্মাৎ

বহুবচন

কর্ত্তৃ যাহারা যে
সম্বন্ধ যাহারদিগের, বা যাহারগো যেষাম্
সম্প্রদান যাহারদিগেরে যেভ্যঃ
কর্ম্ম যাহারদিগেরে, বা যাহারগো যান্
অপাদান যাহারদিগেতে যেভ্যঃ

প্রশ্নবাচক

কর্ত্তৃ কে, বা কি ? কঃ, বা কিম্ ?
সম্বন্ধ কার ? কস্য ?
সম্প্রদান কারে ? কস্মৈ ?
কর্ম্ম কারে ? কম্ ?

অপাদান কোন্ বস্তু অর্থে হইবে; যেমন, কোন্ স্থানে? কোন্ দেশে? গতি বুঝাইলে ‘থাকিয়া’ বা ‘হোতে’ এই অব্যয় যুক্ত হয়। যেমন,—কোন্ স্থান হইতে আসিয়াছ? কোন্ থাকিয়া আইয়াছ?

বহুবচন

কর্ত্তৃ কেটা? কোন্? কারা? কে?
সম্বন্ধ কাহারদিগের? বা কাহারগো? কেষাম্?
সম্প্রদান কাহারদিগেরে? কেভ্যঃ?
কর্ম্ম সম্প্রদানবৎ
অপাদান কাহারদিগেতে? কেভ্যঃ?

অংশবাচক

কর্ত্তৃ কেহ কোঽপি
সম্বন্ধ কার কস্যাপি
সম্প্রদান কারো, বা কারে কস্মৈ অপি

Ac. Sicut dativo; ajuntando-lhe o substantivo.

Ab. Con, junto com o substantivo; v. g. *Con manuxete*, Em algum homem.

Porem ao neutral, ajuntaõ as *con*, *Quicar*.

Singul.

N.	*Illa.* fem.	Oni.	*Ella.*
G.	*Illius*, fem.	Uan, vel uhan.	*De ella.*
D.	*Illi* fem.	Oane.	*A ella.*
Ac.	*Propter illam*, fem.	Oane.	*Por amor della.*
Ab.	*Cumilla.* fem.	Oan casse.	*Com ella.*
Ab.	Nella, *In illa* fem.	Onate,	*Em ella.*
Ac.	*Propter illam*, fem.	Oan caron.	*Por cauza. della.*

Plurar.

N.	*Illæ*, fem.	Oana,	*Ellas,*
G.	Illarum, fem.	Oandiguer,	*Dellas.*
D.	*Illis*, fem.	Oandigveré,	*Para ellas.*
Ac.	*Illas*, fem,	Oandiguere, vel oana,	*A ellas.*
Ab.	*Illis.* fem.	Oandiguete,	*Em ellas.*
Ab.	*Cum* illis fem.	Oan xongue.	*Com ellas.*

N. Taha, este. G. Tahar, v. tahargo.
D. Taharé v. taharqe. Ac. sicut dativ.
Ab. Tahaté.

NOTA.

NA lingua Bengala vulgar naõ se uza de Plurar, assim como em muitos idiomas; e por esta cauza se expliçaõ sempre pelo singular

কর্ম্ম সম্প্রদানবৎ ; বিশেষ্যের সহিত যুক্ত।

অপাদান কোন, বিশেষ্যের সহিত যুক্ত ; যথা, কোন মানুষেতে, কোনও কোনও ব্যক্তিবিশেষে।

ক্লীবলিঙ্গে কোন্- এর সহিত যুক্ত হইয়া কিকার হয়।

একবচন

কর্ত্তৃ	সা, স্ত্রী	উনি	উনি
সম্বন্ধ	তস্যাঃ, স্ত্রী	উয়ান, বা উহান	ওঁর, উঁহার
সম্প্রদান	তস্যৈ, স্ত্রী	উয়ানে	ওঁকে, উঁহাকে
কর্ম্ম	তাম্, স্ত্রী	উয়ানে	উঁহার অনুরোধে
অপাদান	তস্যাঃ, স্ত্রী	উয়ান কাছে	উঁহার সহিত
অপাদান	তস্যাঃ, স্ত্রী	ওনাতে	উঁহাতে
কর্ম্ম	তাম্, স্ত্রী	ওয়ান্ কারণ	উঁহার কারণ

বহুবচন

কর্ত্তৃ	তাঃ, স্ত্রী	ওয়ানা	উঁহারা
সম্বন্ধ	তাসাম্, স্ত্রী	ওয়ানদিগের	উঁহাদিগের
সম্প্রদান	তাভ্যঃ, স্ত্রী	ওয়ানদিগেরে	উঁহাদিগের জন্য
কর্ম্ম	তাঃ, স্ত্রী	ওয়ানদিগেরে, বা ওয়ানা	উঁহাদিগকে
অপাদান	তাভ্যঃ, স্ত্রী	ওয়ানদিগেতে	উঁহাদের মধ্যে
অপাদান (=করণ)	তাভিঃ সহ, স্ত্রী	ওয়ান সঙ্গে	উঁহাদের সহিত
কর্ত্তৃ	তাহা	সম্বন্ধ তাহার, বা তাহারগো	
সম্প্রদান	তাহারে, বা তাহারকে	কর্ম্ম সম্প্রদানবৎ	
অধিকরণ	তাহাতে		

মন্তব্য

অন্যান্য অনেক ভাষার ন্যায় চলিত বাঙ্গালা ভাষায় বহুবচনের প্রয়োগ নাই ; এবং এই কারণবশতঃ ভাষায় বহুবচনের প্রয়োগ থাকিলেও একবচনেই সর্ব্বদা

gular ainda que a linguagem falle do plurar; ajuntando-lhe algum nome que signifique no singular multidaõ v. g. Todos os homens; dizem *Xocol manux*; vel; *Bixtor manux*. Muitos dias; Dizem; *Oneq din*, &c.

Porém na lingua Bengala politica, que fallaõ os Bramenes, tem os nomes plurar, e se declinaõ como os pronomes; v. g. Este Nome *Loha* se decline no plurar a crecentando ao Genetivo *Lohar* a letra *A*: v. g. N. *Lohará*, G. *Lohardiguer*, D. *Lohardiguerè*, Ac. *Lohardiguerè*, vel *Lohardiguerque*; V. *Lohara*; Ab. *Lohardiguete'*, *Et sic de cæteris*.

LINGUAGENS.

VERBOS SUBSTANTIVOS.

Tempo prezente,

Sing.	Eu sou,	Ami hoi, vel Ami ọ.
	Tu es,	Tu, vel tomi hoix, vel ọ.
	Elle he,	u, hoe; vel tini hoen.
Plur.	Nós somos,	Amora hoi, vel, ọ,
	Vós sois.	Tora, vel tomota hoix.
	Elles saõ.	Oara hoe, vel Tahara hoen.

Perterito.

কাজ চালান হয়। সমষ্টি-বাচক একবচন শব্দ কোনও কোনও শব্দের সঙ্গে বসে; যেমন, সমস্ত মানুষ অর্থে বলে সকল মানুষ; বা বিস্তর মানুষ; বহুদিবস অর্থে বলে অনেক দিন, ইত্যাদি।

কিন্তু সাধু বাঙ্গালায়, যাহা ব্রাহ্মণেরা বলিয়া থাকেন, বহুবচন শব্দ আছে; এবং সর্ব্বনামের মতই তাহার রূপ হয়। যেমন, লোহা এই শব্দটি বহুবচনে রূপ করিতে হইলে সম্বন্ধে লোহার সহিত আকার যোগ করিয়া হয়। যেমন কর্ত্তৃ লোহারা, সম্বন্ধে লোহারদিগের, সম্প্রদান লোহারদিগেরে, কর্ম্ম লোহারদিগেরে, বা লোহারদিগেরকে; সম্বোধন লোহারা; অপাদান লোহারদিগেতে; এইরূপ সর্ব্বত্র।

ধাতুরূপ

অস্তিবাচক ক্রিয়া

বর্ত্তমান কাল

একবচন	আমি হই	আমি হই, বা আমি হ।
	তুমি হও	তু, বা তুমি হইস্, বা হ।
	সে হয়	উ হয়, বা তিনি হয়েন।
বহুবচন	আমরা হই	আমরা হই, বা হ।
	তোমরা হও	তোরা, বা তোমরা হইস্।
	তাহারা হয়	ওয়ারা হয়, বা তাহারা হয়েন।

Perterito imperfeito.

Sing.	Eu era,	Ami hoitam.
	Tu eras,	Tui hoiti, Tômi hoita.
	Elle era,	u hoito ; vel tini hoiten.
Plur.	Nós eramos,	Amora hoitam,
	Vós ereis,	Tora hoiti ; v. Tômora hoita,
	Elles eraõ,	Uara hoito ; v. Tahaná hoiten.

Perterito perfeito.

Sing.	Eu fui,	Ami hoiasi.
	Tu foste,	Tui, v. tomi hoiasis, v. hoiassos.
	Elle foy,	u hoiasse ; v. tini hoiassen.
Plur.	Nós fomos,	Amora hoiassi.
	Vós fostes,	Tora hoiassis, v. hoiassos ; tomará hoiasso.
	Elles foraõ,	Uara hoiassé ; Tahana hoiassen.

Outro perterito perfeito.

Sing.	Eu fui,	Ami hoilaõ.
	Tu foste,	Tui hoili ; v. tomi hoila.
	Elle foy,	U hoilo, v. Tini hoilen.
Plur.	Nos fomos,	Amora hoilam.
	Vos fostes,	Tora hoili ; v. tomora hoila.
	Elles foraõ.	Uara hoilo ; v. Tahara hoilen.

Perterito.

অসমাপ্ত অতীত

একবচন	আমি হইতাম,	আমি হইতাম।
	তুমি হইতে,	তুই হইতি, তুমি হইতা।
	সে হইত,	উ হইত, বা তিনি হইতেন।
বহুবচন	আমরা হইতাম,	আমরা হইতাম।
	তোমরা হইতে,	তোরা হইতি, বা তোমরা হইতা।
	তাহারা হইত,	উয়ারা হইত, বা তাহানা হইতেন।

সম্পন্ন অতীত

একবচন	আমি হইয়াছি,	আমি হইয়াছি।
	তুমি হইয়াছ,	তুই বা তুমি হইয়াছিস্ বা হইয়াছস্।
	সে হইয়াছে,	উ হইয়াছে বা তিনি হইয়াছেন।
বহুবচন	আমরা হইয়াছি,	আমরা হইয়াছি।
	তোমরা হইয়াছ,	তোরা হইয়াছিস্, বা হইয়াছস্; তোমরা হইয়াছ।
	তাহারা হইয়াছে,	উয়ারা হইয়াছে; তাহানা হইয়াছেন।

সামান্য অতীত

একবচন	আমি হইলাম,	আমি হইলাউ।
	তুমি হইলে,	তুই হইলি, বা তুমি হইলা।
	সে হইল,	উ হইল, বা তিনি হইলেন।
বহুবচন	আমরা হইলাম,	আমরা হইলাম।
	তোমরা হইলে,	তোরা হইলি; বা তোমরা হইলা।
	তাহারা হইল,	উয়ারা হইল; বা তাহারা হইলেন।

Perterito plusquã perfeito.

Sing.	Eu tinha sido,	Ami hoiasilam.
	Tu tinhas sido,	Tu hoiassili; v. Tomi hoiassila.
	Elle tinha sido,	U hoiassilo; v. tini hoiassilen.
Plur.	Nos tinhamos sido,	Amora hoiassilã.
	Vós tinheis sido,	Torá hoiassili; v. Tomorá hoiassilá.
	Elles tinhaõ sido.	Uara hoiassilo; v. Tahaná hoiasilen.

Futuro.

Sing.	Eu serei,	Ami hoibo, v. hoimũ.
	Tu seras,	Tu hoibi; v. Tomi hoiba.
	Ella será,	u hoibe; v. hoibo; v. Tini hoiben, v. hoibeq.
Plur.	Nós seremos,	Amora hoibo, v. hoimũ.
	Vós sereis.	Tora hoibi; v. Tomorá hoiba.
	Elles seraõ	Uara hoibo, v. hoibi; Tahanà hoiben, v. hoibeq.

Em lugar do futuro perfeito, e algumas vezes do imperfeito uzaõ do preterito imperfeito Hoitaõ.

Imperativo.

Sing.	Se tu	Tu ti; v. tomi hoo
	Seja elle,	u. houc; v. u. Ti.
Plur.	Sejamos nós,	Amora hoi.
	Sede vós,	Tora ti, v. tomorá hoo.

Sejaõ

সুসমাপ্ত অতীত

একবচন	আমি হইয়াছিলাম,	আমি হইয়াছিলাম।
	তুমি হইয়াছিলে,	তু হইয়াছিলি ; বা তুমি হইয়াছিলা।
	সে হইয়াছিল,	উ হইয়াছিল ; বা তিনি হইয়াছিলেন।
বহুবচন	আমরা হইয়াছিলাম,	আমরা হইয়াছিলাঁ।
	তোমরা হইয়াছিলে,	তোরা হইয়াছিলি ; বা তোমরা হইয়াছিলা।
	তাহারা হইয়াছিল,	উয়ারা হইয়াছিল ; বা তাহানা হইয়াছিলেন।

ভবিষ্যৎ

একবচন	আমি হইব,	আমি হইন, বা হইমুঁ।
	তুমি হইবে,	তু হইবি, বা তুমি হইবা।
	সে হইবে,	উ হইবে, বা হইব ; বা তিনি হইবেন, বা হইবেক।
বহুবচন	আমরা হইব,	আমরা হইব, বা হইমুঁ।
	তোমরা হইবে,	তোরা হইবি ; বা তোমরা হইবা।
	তাহারা হইবে,	উয়ারা হইব, বা হইবি ; তাহানা হইবেন, বা হইবেক।

সম্পন্ন ভবিষ্যৎএর স্থানে এবং কোন কোন সময় অসমাপ্ত ভবিষ্যৎএর স্থানে অসমাপ্ত অতীত প্রযুক্ত হয় : হইতাউ।

অনুজ্ঞা

একবচন	তুমি হও,	তু তি ; বা তুমি হও।
	সে হউক,	উ হউক ; বা উ তি।
বহুবচন	আমরা হই,	আমরা হই।
	তোমরা হও,	তোরা তি, বা তোমরা হও।

Sejaõ elles, Uara houc.

O futuro como o futuro atras.

Infinito

Ser, par ser, sendo.	*Hoite.*
De ser Gerundio.	*Hoibar.*
Sendo participio do preterito passivo.	*Hoia.*
Sendo participio do perterito activo.	*Hoilé.*

Outro verbo substantivo, e negativo.

Prezente.

Sing.	Ami nohoi,	Eu naõ sou.
	Tu v. tomi. nohoix	Tu nao es.
	u nohe; v. tini nohen.	Elle naõ he &c.

Nos mais tempos se conjuga como o verbo Hoi, *ajuntando-lhe atras a negaçao* No, *&c.*

Outro verbo substantivo

Prezente.

Sing.	Eu estou.	Ami assi, v. si.
	Tu estas,	Tu assos, v. Assis; Tomi asso.
	Elle esta,	U asse, v. si; Tini assen.
Plur.	Nos estamos,	Amora assi, v, si.
	Vos estais,	Tora assos v, assis; tomorá asso.
	Elles estaõ,	Uara asse; v, Tahara assen

Preteri-

তাহারা হউক, উয়ারা হউক।

অনুজ্ঞার ভবিষ্যৎ পরনির্দ্দিষ্ট ভবিষ্যতের মত।

'হওন' অনির্দ্দিষ্ট ক্রিয়াপদ।

হওয়া, হওয়ার দ্বারা বা হইতে হইতে	হইতে।
হওন হেতু বিশেষ্যক্রিয়া	হইবার।
ভাববাচ্যের অতীত হইতে উৎপন্ন অসমাপিকা ক্রিয়া	হইয়া।
কর্ত্তৃবাচ্যের অতীত হইতে উৎপন্ন অসমাপিকা ক্রিয়া	হইলে।

অস্তি-বাচক অন্ত ক্রিয়া এবং নাস্তি-বাচক ক্রিয়া

বর্ত্তমান।

একবচন	আমি ন হই	আমি নই।
	তু বা তুমি ন হইস্	তুমি নও।
	উ নহে; বা তিনি নহেন	সে নয়, তিনি নন।

অন্যান্যকালে ইহার হয় ক্রিয়ার মত রূপ হয়, শুধু পূর্ব্বে একটি ন যুক্ত থাকে, ইত্যাদি।

অস্তি-বাচক অন্ত ক্রিয়া

বর্ত্তমান।

একবচন	আমি আছি	আমি আছি, বা ছি।
	তুই আছিস্	তু আছস্, বা আছিস্;
	তুমি আছ	তুমি আছ।
	সে আছে; তিনি আছেন	উ আছে, বা ছি; তিনি আছেন
বহুবচন	আমরা আছি	আমরা আছি, বা ছি।
	তোরা আছিস্, তোমরা আছ	তোরা আছস্ বা আছিস্; তোমরা আছ।
	তাঁহারা আছেন	উয়ারা আছে; বা তাহারা আছেন

Preterito imperfeito.

Sing.	Tu estava, ou se eu estivesse,	Ami assitam.
	Tu estavas	Tui assiti; Tomi assita
	Elle estava,	u assito; v. Tahara asiten.
Plur.	Nós estavamos,	Amora assitaõ.
	Vos estaveis.	Tora assiti; v. To-[mara assita.]
	Elles estavaõ,	Uara assito; v. Tahara assiten.

Perterito perfeito.

Sing.	Eu estive	Ami assilaõ, v. silam.
	Tu estiveste.	Tui assili, v. sili; tomi assila.
	Elle esteve,	U assilo, v. silo; Taha rá silen.
Plur.	Nós estivemos,	Amora assilaõ, v. Silam.
	Vós estivestes,	Tora sili, v. Tomora sila.
	Elles estiveraõ,	uara silo; v. Tahaná silen.

Este verbo he defectivo, e nos mais tempos naõ he uzado.

UNICA

অসমাপ্ত অতীত

একবচন	অমি থাকিতাম	আমি আছিতাম।
	তুই থাকিতিস্, তুমি থাকিতে	তুই আছিতি ; তুমি আছিতা
	সে থাকিত	উ আছিত ; তাহারা আছিতেন।
বহুবচন	আমরা থাকিতাম	আমরা আছিতাউ।
	তোরা থাকিতিস্	তোরা আছিতি ; বা তোমারা আছিতা।
	তাহারা থাকিত বা থাকিতেন	উআরা আছিত ; বা তাহারা আছিতেন।

সম্পন্ন অতীত

একবচন	আমি ছিলাম	আমি আছিতাউ, বা ছিলাম।
	তুই ছিলি, তুমি ছিলে	তুই আছিলি, বা ছিলি ; তুমি আছিলা।
	সে ছিল	উ আছিল, বা ছিল ; তাহারা ছিলেন।
বহুবচন	আমরা ছিলাম	আমরা আছিলাউ, বা ছিলাম।
	তোমরা ছিলে	তোরা ছিলি, বা তোমরা ছিলা।
	তাহারা ছিল বা তাঁহারা ছিলেন	উআরা ছিল ; বা তাহানা ছিলেন।

এই ক্রিয়া সম্পূর্ণাঙ্গ নহে, এবং অন্যান্য কালে ইহার প্রয়োগ নাই।

UNICA COJUGAC,AM DOS verbos.

Prezente Indicativo.

Sing.	Eu faço	Ami cori.
	Tu fazes,	Tu corix, v, coroz; Tumi coro.
	Elle faz,	u core; v. Tini coren.
Plur.	Nós fazemos,	Amora cori
	Vós fazeis,	Tora corix, v. corox; v. Tomorá corô.
	Elles fazem,	Uara core; v. Tahaná coren.

Imperfeito.

Sing.	Eu fazia,	Ami corilam.
	Tu fazias,	Tu coriti; v. Tomi coritá.
	Elle fazia,	U coritõ, v. Tini coriten.
Plur.	Nós faziamos.	Amora coritam,
	Vós fazieis,	Tora coriti; v. Tomorá coritá.
	Elles faziaõ,	uara coritó; v. Tahaná corito [=coriten].

Perterito perfeito.

Sing.	Eu fiz.	Ami coriassi.
	Tu fizeste,	Tu coriassos, v. coriassis; v. Tomi coriasso.

Elle

একটি ধাতুরূপ

নির্দ্দেশক বা সাধারণ বর্ত্তমান।

একবচন	আমি করি	আমি করি
	তুই করিস্, তুমি কর	তু করিস্ বা করস্ তুমি কর
	সে করে, তিনি করেন	উ করে, তিনি করেন
বহুবচন	আমরা করি	আমরা করি
	তোরা করিস্, তোমরা কর	তোরা করিস্ বা করস্ বা তোমরা কর
	তাহারা করে, তাঁহারা করেন	উআরা করে; বা তাহানা করেন

অসমাপ্ত অতীত

একবচন	আমি করিতাম	আমি করিতাম
	তুই করিতিস্, তুমি করিতে	তু করিতি বা তুমি করিতা
	সে করিত, তিনি করিতেন	উ করিত বা তিনি করিতেন
বহুবচন	আমরা করিতাম	আমরা করিতাম
	তোরা করিতিস্, তোমরা করিতে	তোরা করিতি; বা তোমরা করিতা
	তাহারা করিত, তাঁহারা করিতেন	উআরা করিত; বা তাহারা করিত

সম্পন্ন অতীত

একবচন	আমি করিয়াছি	আমি করিয়াছি
	তুই করিয়াছিস্, বা তুমি করিয়াছ	তু করিয়াছস্ বা করিয়াছিস্ বা তুমি করিয়াছ

	Elle fez,	u coriasse, v. tini coriassen.
Plur.	Nos fizemos,	Amora coriassi.
	Vós fizestes,	Tora coriassos, v. coria-ssis : v. Tomora coriasso.
	Elles fizeraõ.	Uara coriasse ; v. Taha-na coriassen.

Outro preterito perfeito.

Sing.	Eu fiz.	Ami corilaõ.
	Tu fizeste.	Tu corili, v. Tômi corilá.
	Elle fez	u coriló, v. tini corilen.
Plur.	Nos fizemos,	Amorá corilaõ.
	Vós fizestes,	Tora corili ; v. Tomorá corilá.
	Elles fizeraõ,	uara coriló ; v. Tahaná corilen.

Preterito plusquam perefito.

Sing.	Eu tinha feito,	Ami coriasilam.
	Tu tinhas feito.	Tui coriassili ; v. To-mi coriassilá.
	Elle tinhas feito,	u coriassiló ; v. Tini coriassilen.
Plur.	Nós tinhamos feito,	Amora coriassilam.
	Vós tinheis feito,	Tora coriassili ; v. Tomorà coriasilà.
	Elles tinhaõ feito.	Uara coriassiló ; v. Tahaná coriassilen.

Futuro perfeits.

Sing.	Eu farei	Ami coribó, v. corimum.
	Tu faras	Tu coribi ; v. Tom coribá.

B Elle

	সে করিয়াছে, তিনি করিয়াছেন	উ করিয়াছে, বা তিনি করিয়াছেন
বহুবচন	আমরা করিয়াছি	আমরা করিয়াছি
	তোরা করিয়াছিস্, বা তোমরা করিয়াছ	তোরা করিয়াছস্ বা করিয়াছিস্; বা তোমরা করিয়াছ
	তাহারা করিয়াছে, বা তাঁহারা করিয়াছেন	উআরা করিয়াছে; বা তাহান্‌রা করিয়াছেন

সামান্য অতীত

একবচন	আমি করিলাম	আমি করিলাউঁ
	তুই করিলি, তিনি করিলেন	তু করিলি, বা তুমি করিলা
	সে করিল, তিনি করিলেন	উ করিল, বা তিনি করিলেন
বহুবচন	আমরা করিলাম	আমরা করিলাউঁ
	তোরা করিলি, তোমরা করিলে	তোরা করিলি, বা তোমরা করিলা
	তাহারা করিল, তাঁহারা করিলেন	উআরা করিল; বা তাহানা করিলেন

সুসমাপ্ত অতীত

একবচন	আমি করিয়াছিলাম	আমি করিয়াছিলাম
	তুই করিয়াছিলি, তুমি করিয়াছিলে	তুই করিয়াছিলি বা তুমি করিয়াছিলা
	সে করিয়াছিল, তিনি করিয়াছিলেন	উ করিয়াছিল; বা তিনি করিয়াছিলেন
বহুবচন	আমরা করিয়াছিলাম	আমরা করিয়াছিলাম
	তোরা করিয়াছিলি, তোমরা করিয়াছিলে	তোরা করিয়াছিলি; বা তোমরা করিয়াছিলা
	তাহারা করিয়াছিল, তাঁহারা করিয়াছিলেন	উআরা করিয়াছিল; বা তাহানা করিয়াছিলেন

সম্পন্ন ভবিষ্যৎ

একবচন	আমি করিব	আমি করিব, বা করিমুঁ
	তুই করিবি, তুমি করিবে	তু করিবি, বা তুমি করিবা

	Elle fará,	Tu coribó, v. coribê; v. Tini coriben; v. coribeq.
Plur.	Nós faremos,	Amora coribó, v. corimú.
	Vós fareis,	Tora coribi; v. Tomorá coribá.
	Elles faraõ.	u coribó, v. coribé; v. Tini coriben, v. coribeq.

Em lugar deste futuro, uzaõ tambem muitas vezes do preterito imperfeito, Coritam *: Quando a linguagem fall do conjuntivo, uzaõ do Indicativo; pondo o verbo em o tempo competente, ajuntando-lhe alguma propoziçaõ ou adverbio dos que le vaõ o verbo ao conjuntivo v. g. nesta oraçaõ; se eu fizessa huma caza nova, entaõ seria bem:* Zodi ami eo noa ghor coritam; tobe bhalo hoito. &c.

Imperativo.

Sing.	Faze tu	Tu cor; v. Tomi coro.
	Faça elle,	u coruc. v. Tini coruc.
Plur.	Façamos nòs,	Cori amorá.
	Fazeivos,	Cor tora; v. coro tomorá.
	Façaõ ellés,	Uara, v. Tahanâ coruc.

O futuro mandativo, he como o futuro acima.

Infinito.

Fazer, de fazer, para fazer. corité.

Gerundio.

De fazer, Coribar.

B ii Parti-

	উ করিব বা করিবো; বা তিনি করিবেন; বা করিবেক।	সে করিবে, তিনি করিবেন
বহুবচন	আমরা করিব, বা করিমু	আমরা করিব
	তোরা করিবি, বা তোমরা করিবা	তোরা করিবি, তোমরা করিবে
	উ করিব, বা করিবে; বা তিনি করিবেন, বা করিবেক	তাহারা করিবে, তাঁহারা করিবেন

এই ভবিষ্যতের স্থানে অনেক সময়ে অসমাপ্ত অতীতের করিতাম এই প্রয়োগও হয়। যখন ভাষা অন্যাপেক্ষিত ক্রিয়াবিধির কথা বলিতে চায় তখন সাধারণ বিধি প্রয়োগ করে; ক্রিয়ার যথাযোগ্য কাল দিয়া পূর্ব্বে কোনও অব্যয় বা ক্রিয়ার বিশেষণ যোগ করিয়া ক্রিয়াটিকে অন্যাপেক্ষিত করিয়া লয়। যেমন এই বাক্যে—যদি আমি এক নূতন গৃহ প্রস্তুত করিতাম তাহা হইলে ভাল হইত, যদি আমি এক নয়া ঘর করিতাম তবে ভালো হইত, ইত্যাদি।

অনুজ্ঞা

একবচন	তু কর্; বা তুমি কর	তুই কর্, বা তুমি কর
	উ করুক; বা তিনি করুক	সে করুক, তিনি করুন
বহুবচন	করি আমরা	আমরা করি
	কর্ তোরা; বা কর তোমরা	তোরা কর্, তোমরা কর
	উআরা, বা তাহানা করুক	তাহারা করুক, তাঁহারা করুন

অনুজ্ঞার ভবিষ্যৎ পূর্ব্বনির্দ্দিষ্ট ভবিষ্যতের ন্যায়।

অনির্দ্দিষ্ট ক্রিয়াপদ।

করিতে

ক্রিয়াবিশেষ্য।

করিবার

Participio do preterit.

Cousa feita	Coria.

Participio do pret. act.

Fazendo	Corilè.

NOTA.

Os verbos adjectivos naõ tem mais que esta conjugacaõ; todos acabaõ na primeira pessoa do singular em *I.* e na segunda pessona em *is*, vel em *os*: Naõ tem mais que huma raix da fomaçaõ, que he o prezente do indicativo; deste prezente se forma o preterito imperfeito acrescentando-lhe a sylaba Tam: v. g. *Cori, Corilam*; e o perfeito acrecentando a sylaba *assi*: v. g. cori, coriassi; e o outro perfeito acrescentando a syllaba lam, v. g. *cori, corilam.* O preterito plusquam perfeito se forma do primeiro preterito perfeito acrecentando-lhe a sylaba *lam*, v. g. *Coriassi, Coriassilam*: O futuro se forma de mesmo prezente acrecentando a sylaba *Bo*, vel *Mu.* v. g. *Cori Coribo* vel *Corimu.* O imperativo se forma do mesmo prezente triando-lhe a letra *I.* v. g. *Cori, Cor*: O Infinito se forma do mesmo prezente acercentando a letra, ou sylaba *Te.* v. g. *Cori Corité.* O gerundio se forma do mesmo prezente acrecentando a sylaba Bar v. g. Cori Coribar. O participio do preterito acrecentan-

অতীত কালে অসমাপিকা ক্রিয়া

করিয়া

কর্ত্তৃবাচ্যে অতীত কালের অসমাপিকা ক্রিয়া

করিলে

দ্রষ্টব্য

বিশেষণ-ক্রিয়াগুলির এইরূপ ভিন্ন রূপান্তর হয় না; সকল ক্রিয়ারই উত্তমপুরুষে -ঈ, এবং মধ্যমপুরুষে -ইস্ বা -অস্ যুক্ত হয়; নির্দ্দেশ-বাচক বর্ত্তমান ব্যতীত আর কোনও সাধন-প্রণালী নাই; এই বর্ত্তমান হইতে -তাম্ এই অক্ষর যোগ করিয়া অসমাপ্ত অতীত হয়; যেমন, করি, করিতাম; এবং -আছি যোগ করিয়া সম্পন্ন অতীত হয়; যেমন, করি, করিয়াছি; এবং -লাম যোগ করিয়া সামান্য অতীত হয়; যেমন, করি, করিলাম। প্রথম-সম্পন্ন অতীতে -লাম যোগ করিয়া সুসমাপ্ত অতীত হয়; যেমন, করিয়াছি, করিয়া-ছিলাম। ঐ বর্ত্তমানের রূপের সহিত -ব বা -মু যোগ করিয়া ভবিষ্যৎ কাল সূচিত হয়। যথা, করি, করিব বা করিমু। -ই বর্জ্জন করিলে ঐ একই বর্ত্তমান হইতে অনুজ্ঞা সিদ্ধ হয়; যথা, করি, কর্। উক্ত বর্ত্তমানে -তে এই অক্ষর বা বর্ণ যোগ করিয়া অনির্দ্দিষ্ট ক্রিয়াপদ সম্পন্ন হয়; যথা করি, করিতে। বর্ত্তমানে -বার যোগ করিলে ক্রিয়াবিশেষ্য সিদ্ধ হয়; যেমন, করি, করিবার। -আ

centando a letra A. v. g. Cori, Coria.

O mesmo que dissemos do verbo Cori, se devea entender de todos os mais verbos adjectivos sem diferença alguma: os quaes todos se devem conjugar pos este segundo as regras que temos dito.

Dos Rudimentos, se deve seguir a regra dos Latinos; naõ em tudo por ser esta lingua Bengala defectuoza mas em parte.

Dos generos, e preteritos tambem naõ ha duvida; isto supposto passemos á construiçaõ.

SYNTAXIS.

1. TOdo o verbo substantivo, activo, neutro, ou intranzetivo pede antes de si nomenativo de nomes proprios, Pronomes, Demonstrativos, Relativos, interrogativos, ou Partitivos. Exemplo: Quem az boas obras Deos lhe dá o premio. *Ze bhalo carzio core tàharé purbhu Bhoga bhog deen.* O exemple está naquelle relativo *Ze*, nominativo do verbo *Core*; e em Purbhû nominativo do verbo deen.

2. Porém se o verbo for activo, e quem faz na oraçaõ fór nome apeletivo; por-se hà em hum nominativo indeclinayel a cabado em

E. se-

যোগ করিয়া অতীতের অসমাপিকা ক্রিয়া হয় ; যথা, করি, করিয়া।

করি ধাতুর সম্বন্ধে যাহা যাহা বলিলাম, সে সব বৈশিষ্ট্যবাচক ধাতু নির্ব্বিশেষে এক প্রকার বুঝিতে হইবে; ধাতুরূপ করিতে হইলে যে সব নিয়মের কথা উপরে বলিয়াছি তাহাদের মতে চলিলেই হইল।

ধাতুর মূল সম্বন্ধে একথা বলিতে পারা যায় যে লাতীনদের নিয়ম অনুসরণীয়,—সম্পূর্ণভাবে নয়, কারণ এই বাঙ্গালাভাষা বিকলাঙ্গ,—অংশতঃ অনুসরণীয়। লিঙ্গ ও অতীত কাল সম্বন্ধেও সন্দেহ নাই ; ইহা ধরিয়া লইয়া আমরা বাক্যগঠন-প্রসঙ্গে প্রবৃত্ত হইলাম।

বাক্য-যোজনা

১। সকল অস্তিবাচক, কর্ত্তৃবাচ্যে নিষ্পন্ন, বা অকর্ম্মক ক্রিয়ার পূর্ব্বে কর্ত্তৃপদে অভিধা-বাচক বিশেষ্য অথবা নির্দ্দেশ-বাচক, সংযোজক, প্রশ্ন-বাচক বা অংশ-বোধক সর্ব্বনাম বসে। যথা— যে সৎকর্ম্ম করে, ভগবান্ তাহাকে পুরস্কার দেন = যে ভালো কাজিঅ করে তাহারে পুরুভু ভোগাভোগ দেএন। এখানে দৃষ্টান্ত-স্থল হইতেছে করে ক্রিয়ার কর্ত্তৃপদ সংযোজক সর্ব্বনাম যে, এবং দেএন ক্রিয়ার কর্ত্তা পুরুভু।

২। কিন্তু যদি ক্রিয়া কর্ত্তৃবাচ্যে হয় এবং বাক্যের কর্ত্তা যদি নির্দ্দিষ্টভাবে সূচিত হয়, তাহা হইলে অপাদানের মত এ-কারান্ত কর্ত্তৃপদ তাহার পূর্ব্বে বসে এবং তাহার

E, semilhante as *ablativo*. Exemplo. Quem come carne de vaca naõ he gentio. *Ze zone gorur mangxo qhae, xe Hindu nohe.* O exemplo está no quelle nome *zone*, que naõ se pondc *Zon* en nominativo declinavel; se poe *Zone* indiclinavel, nominativo do verbo *Qhae*.

3. Porém se o verbo for substantivo, ou intransitivo, sempre se pora o dito nome apelectivo em nominativo declinavel. Exempl. Quem he bom, fazendo boas obras vai para o Ceo: *Ze zon bhalo hoe, bhalo carzio coria; te zon xorgue zae.* O exemplo está naquelle *zon* primeiro nominativo do verbo *Hoe*; e no segundo *zon* nominativo do verbo *zae*.

4. A primeira, e a segunda pessoa muitas vezes naõ se poem clara na oraçaõ, assim como na nassa lingua Portugueza, e Latina. Exemp.: faço o que queto: *Ze chai, taha Cori.* O exemplo està naquelle v. *Chai*, *Cori*, que estaõ na primeira pessoa, entendendo-se o nominativo *Ami*.

5. Porèm se os verbos significarem acçoens diversas, ou dezejos encontrados; entaõ se pora a primeira, e segunda pessoa clara. Exemp.: Se vòs naõ quereis fazer boas obras; eu as farey: *Zodi tomora xot Carzio Corite Chao na; ami ọ Corimu*, v. *Coribo.* O exempl. esta na segunda pessoa tomora, e na primeira ami, postas claras na oracaõ, por

signi-

আর কোনও রূপ হয় না। যেমন—যে ব্যক্তি গো-মাংস ভক্ষণ করে, সে হিন্দু নহে = যে জনে গোরুর মাংস খায়, সে হিন্দু নহে। এখানে জনে পদকে লইয়া দৃষ্টান্ত, ইহার স্থানে কর্ত্তৃপদে জন প্রয়োগ করা যাইতে পারে না; খায় ক্রিয়ার কর্ত্তৃপদ জনে এই অব্যয় বসিবে।

৩। কিন্তু যদি ক্রিয়া অস্তি-বাচক হয়, কিংবা অকর্ম্মক হয়, তাহা হইলে সর্ব্বদাই উক্ত শব্দ সংজ্ঞা-বাচক এবং কর্ত্তৃকারকে প্রযুক্ত হয়। যথা—যে ব্যক্তি সাধু হয়, সৎকার্য্য করিয়া স্বর্গে চলিয়া যায় = যে জন ভাল হএ, ভাল কার্য্য করিয়া তে জন স্বর্গে যায়। হএ ক্রিয়ার কর্ত্তৃপদ প্রথম জন শব্দ এবং যায় ক্রিয়ার কর্ত্তৃপদ দ্বিতীয় জন শব্দ ইহার দৃষ্টান্ত।

৪। অনেক সময় উত্তম ও মধ্যম পুরুষ বাক্যে স্পষ্ট প্রযুক্ত হয় না, যেমন আমাদের পোর্ত্তুগীস ভাষায় এবং লাতীনে। যথা— [পোর্ত্তুগীস রীতিতে লিখিত বাক্য] তাহাই আচরণ করি, যেরূপ অভিলাষ জন্মে = জে চাই, তাহা করি। এখানে চাই, করি ইহারা দৃষ্টান্তস্থল, ইহারা উত্তম পুরুষে; আমি এই কর্ত্তৃপদ উহ্য আছে।

৫। কিন্তু ক্রিয়াপদ যদি ভিন্ন ভিন্ন কর্ম্ম বুঝায়, কিংবা বৈপরীত্য বুঝাইতে চায়, তবে উত্তম এবং মধ্যম পুরুষ স্পষ্ট নির্দ্দেশ করিতে হইবে। যথা, যদি তোমরা সৎকর্ম্ম করিতে ইচ্ছুক না থাক, তাহা হইলে আমিও করিব = যদি তোমরা সৎকার্জিয় করিতে চাও না, আমিও করিমু, বা করিব। মধ্যম পুরুষে তোমরা এবং উত্তম পুরুষে আমি দৃষ্টান্ত-স্থল হিসাবে এই বাক্যে স্পষ্ট দেওয়া হইয়াছে। কারণ

significarem os dois verbos cousas diversas, como he o fazer, ou nao fazer, &c.

6. Aqui se deve advirtir a diferença, que vay de *tui* a *tomi*; porque *Tui*, dis relaçao a palavra Portugueza *tu*; e *Tomi* dis relaçao a palavra Portugueza, Vm. desta uzaõ os menores quando fallaõ com os mayores; e daquella uzaõ os mayores, quando fallaõ com os menores: Do mesmo modo, todas as pessoas dos preteritos, imperfeitos perfeitos, plusquam perfeitos, e futuros acabados em *J.* dizem relaçaõ *a tu*, e acabodos em *A* dizem relaçaõ a *tumi*; destas uzaõ os menores quando fallaõ com os mayores; e daquellas uzaõ os mayores, quando fallaõ com os menores. Exemp. Disse o senhor ao criado: puzestes leste o comer? respondeo o criado; Naõ senhor naõ pude: vòs me perdoeis. *Tthacur golamore Cohilen*; *Tu ni qhana toiar coriti? Golam Cohilo*; *na tthacur*; *parilaona, tomi maph Coriba.* O exemplo està naquelle *tu*, e *Corili*; porque falla o senhor com o escravo; està tambem naquelle *Tomi Coriba*, porque falla o escravo com o senhor.

7. Mais se deve advirtir, qut as terceiras pessoas dos mesmos preteritos, ou presentes acabadas em *E*, uzaõ dellas os mayores quando fallaõ com os menores; e das acabadas em *En* uzaõ quando fallaõ os menores com os mayores.

ক্রিয়া ছুইটি বিভিন্ন বস্তু নির্দ্দেশ করিতেছে, যেমন করা, না করা ইত্যাদি।

৬। এই প্রসঙ্গে, তুই ও তুমির মধ্যে যে প্রভেদ আছে তাহার প্রতি দৃষ্টি আকর্ষণ করা কর্ত্তব্য। কারণ তুই, পোর্ত্তুগীস tuএর অনুরূপ, তুমি Vm-(Vossa Mercêর সংক্ষেপ) এর অনুরূপ; নিম্নপদস্থ ব্যক্তিগণ উচ্চপদস্থদিগের সহিত কথা বলিবার সময় একটি প্রয়োগ করে, অন্যটি উচ্চপদস্থগণ নিম্নপদস্থ ব্যক্তিদিগের সহিত কথোপকথনে ব্যবহার করেন। সেইরূপ, অসমাপ্ত অতীত, সমাপ্ত অতীত, সুসমাপ্ত অতীত, ও ভবিষ্যৎ কালে, ই-কারান্ত সকল পুরুষের ক্রিয়ার তু-এর সহিত সম্বন্ধ, এবং আ-কারান্ত হইলে তুমির সহিত সম্বন্ধ; নিম্নপদস্থেরা উচ্চপদস্থদিগের সহিত কথাবার্ত্তা বলিবার সময় একটি প্রয়োগ করেন, অন্যটি উচ্চপদস্থেরা নিম্নপদস্থদিগের সহিত কথা বলিবার সময় বলিয়া থাকেন। যথা— প্রভু ভৃত্যকে প্রশ্ন করিলেন, তুমি কি আহার্য্য প্রস্তুত করিয়াছ? ভৃত্য উত্তর দিল, না প্রভু, পারি নাই। আমাকে ক্ষমা করুন = ঠাকুর গোলামরে কহিলেন; তু নি খানা তৈয়ার করিলি? গোলাম কহিল; না ঠাকুর, পারিলাঙ্ না, তুমি মাফ্ করিবা। ইহার মধ্যে তু ও করিলি দৃষ্টান্ত-স্থল, কারণ প্রভু, ভৃত্যের সহিত কথা বলিতেছেন; তুমি করিবা ও দৃষ্টান্ত, যে হেতু দাস, প্রভুর সহিত কথা কহিতেছে।

৭। কিন্তু ইহাও দ্রষ্টব্য যে উক্ত অতীত, বা বর্ত্তমানে প্রথমপুরুষে ধাতুর শেষে এ-কার যোগ হয়, উচ্চপদস্থগণ নিম্নপদস্থদের সহিত কথা বলিবার সময় তাহা প্রয়োগ করেন, এবং নিম্নপদস্থগণ উচ্চ পদস্থদের সহিত কথা বলিলে এন্-অন্ত ধাতুপদের প্রয়োগ হয়।

yores. Exempl. o q' Deos fez, naõ podem fazer os homens: *Zeto Poromexor Corilen*; *taha noroloc Corite na pare.* O exemplo esta no verbo *Corilen*, de que he nominativo Deos superior a todas as cousas: e no verbo *Pare*, de quem he nominativo Noroloq inferior a Deos.

8. O verbo do infinito tambem faz a vezes de nominativos: Exempl. Servir a Deos he bom. *Qhodar Carsio Corite bhalo.* O exemplo està no infinito corite, que està servindo de nominativo ao *Hoe*, que se entende na oraçaõ.

9. As vozes copuladas, quando saõ nominativo do verbo se poem todas no mesmo caso, e ordinariamente sem conjuncçaõ; Exempl.: A Fé, a Esperança, e a Caridade saõ o caminho de salvaçaõ; *Astha, Axa, Coruna, Porinamer poth Xocol*, &c.

10. Porèm quando as vozes copuladas estaõ no caso obliquo, só na ultima se poem no caso, que pedir a parte da oraçaõ seguinte. Exemp. Sem Fé, Esperança, e Caridade, ninguem se pòde salvar. *Bine astha, Axa, corunae mucti nahi.* O exemplo està nas tres vozes *Astha, Axa* e *Corunae*, que estando em ablativo da perposiçaõ *Binc*, só em *Coruna* se acrescentou a letra *E.* final de ablativo.

10. Quando vem dois verbos juntos o se-

gundo

যথা, ভগবান্ যাহা করিলেন নরলোকে তাহা করিতে পারে না = যেতো পরমেশ্বর করিলেন ; তাহা নরলোক করিতে না পারে। করিলেন (ইহার কর্ত্তা ভগবান্ সকল সৃষ্ট পদার্থ হইতে শ্রেষ্ঠ) এবং পারে (ইহার কর্ত্তা নরলোক, ভগবান্ হইতে নিকৃষ্ট) উদাহরণ।

৮। অনির্দ্দিষ্ট ক্রিয়াপদ ও সময়ে সময়ে কর্ত্তৃপদে ব্যবহৃত হয়। যথা— ভগবানের সেবাকর্ম্ম উত্তম— খোদার কাজিয় করিতে ভাল। এখানে অনির্দ্দিষ্ট ক্রিয়াপদ করিতে (= করণ, করা) বাক্যে উহ্য হয় ক্রিয়ার কর্ত্তা।

৯। পরস্পর সংযুক্ত শব্দ যখন ক্রিয়ার কর্ত্তৃরূপে প্রযুক্ত হয়, তখন সকলের একই কারক হয়, সাধারণতঃ কোনও সংযোজক অব্যয় থাকে না ; যথা—আস্থা, আশা ও করুণা পরিত্রাণের উপায়— আস্থা, আশা, করুণা, পরিণামের পথ সকল, ইত্যাদি।

১০। কিন্তু যখন সংযুক্ত শব্দগুলি অন্য কারকে প্রযুক্ত হয়, তখন শুদ্ধ শেষ কথাটিতে কারকচিহ্ন বসে, যাহা পরবর্ত্তী বাক্যাংশের অগ্রগামী। যেমন,— আস্থা, আশা ও দয়া ব্যতীত পরিত্রাণ অসম্ভব = বিনে আস্থা, আশা, করুণায় মুক্তি নাহি। আস্থা, আশা এবং করুণায় ইহার দৃষ্টান্ত ; ইহারা সকলেই বিনে এই কর্ম্ম-প্রবচনীয় যোগে অপাদানে বসিয়াছে, অপাদানের অন্ত্য এ-কার শুধু করুণা কথাটিতে যুক্ত হইয়াছে।

১০। যখন দুইটি ক্রিয়া একত্র বসে, তখন দ্বিতীয়টি

gundo leva antes de si o adverbio *ze*, que corresponde a *Quod* dos Latinos. Exemplo. Ouvi que a gente da India he preta; os latinos dizem; *Audivi, Indiarum gentem esse nigram.* Os Bengalas dizem; *Xunilam, ze Induxtani cala loc xocol.* O exempl. està naquelle *ze*, posto antes do verbo *Hoe* que se entende na oaraçaõ.

11. O relativo *Ze*, que corresponde ao relativo *Qui, Quae, Quod* dos latinos; sempre concorda com o nome subsequente em numero, e caso, e nunca com o antecedente. Exempl. A pessoa que faz boas obras, pode ser santo com a graça de Deos: viraõ o sentido assim: Que pessoa faz boas obras, ella com a graça de Deos pòde ser santa: *Ze zone bhalo Carzio core, xe Poromexorer crepate Xadhu hoite pare.* O exemplo està naquelle *Ze* relativo concordado com o seu subsequente *Zone.*

12. Os nomes substantivos continuados vaõ todos ao mesmo caso. Emempl. Deos immortal, independente; impeccavel, e misericordioso, he nosso Creador, e Redemptor. *Purbhu obinaxi, Xuiong., Nirbicar, Corunà Xindhù, tini amardiguer Xrixtti Cortà hoen; Bhoiboguer nath, potit pabon, Xorbozan tini.* O exemplo està nos substantivos continuados, *Xrixtti corta, Bhoiboguer nath, potit pabon,* que concordao em caso com *Purbhu,* a quem pertencem.

13.

তাহার পূর্ব্বে যে এই ক্রিয়ার বিশেষণ সংস্থাপিত করে, ইহা লাতীনদের Quodএর অনুরূপ। যেমন,—শ্রুত হইলাম যে ভারতবর্ষীয় লোকেরা কৃষ্ণবর্ণ; লাতীনরা বলে,—Audivi, Indiarum gentem esse nigram. বাঙ্গালীরা বলে,—শুনিলাম, যে ইন্দুস্থানী (হিন্দুস্থানী) কালা লোক সকল। বাক্যটিতে উহ্য হয় ক্রিয়ার পূর্ব্বে যে বসিয়াছে, দৃষ্টান্তটিতে ইহা বুঝিতে হইবে।

১১। যে এই সংযোজক সর্ব্বনাম, লাতীনদের সংযোজক সর্ব্বনাম Qui, Quae, Quod এর অনুরূপ; ইহা সর্ব্বদাই ইহার পরবর্ত্তী শব্দের বচন ও বিভক্তি গ্রহণ করে, কদাচ পূর্ব্ববর্ত্তী শব্দের করে না। যথা—[পোর্ত্তুগীস রীতিতে রচিত বাক্য] ঐ ব্যক্তি যে ভাল কার্য্য করে, ভগবানের দয়ায় সাধু হইতে পারে; এ কথা এই ভাবেও বলা যাইতে পারে— যে ব্যক্তি ভাল কার্য্য করে, সে ভগবানের দয়ায় সাধু হইতে পারে। যে জনে ভালো কাজিয় করে, সে পরমেশ্বরের কৃপাতে সাধু হইতে পারে। যে এই সংযোজক সর্ব্বনামেই দৃষ্টান্ত, ইহা পরবর্ত্তী জনে কথাটার সহিত মিলিতেছে।

১২। পরস্পর ব্যবহৃত কতকগুলি বিশেষ্যপদের কারক একই। যথা—ভগবান্ অমর, স্বাধীন, নিষ্পাপ, এবং করুণাময়, আমাদের সৃষ্টিকর্ত্তা ও ত্রাণকর্ত্তা = পুরভু অবিনাশী, স্বয়ং, নির্ব্বিকার, করুণাসিন্ধু, তিনি আমারদিগের সৃষ্টিকর্ত্তা হয়েন, বৈভোগের (বৈভোগ = বিভোগ) নাথ, পতিতপাবন, সর্ব্বজান তিনি। সৃষ্টিকর্ত্তা, বৈভোগের নাথ, পতিতপাবন, পুরভুর সহিত কারক হিসাবে মিলিতেছে, ইহারা পুরভুর সহিত সম্বন্ধ। এই সব পর পর ব্যবহৃত ক্রমিক বিশেষ্যপদ দৃষ্টান্তস্থল।

13. Advirta-se porèm, que quando os tais nomes no caso obliquo, só se poem a diferença do tal caso no ultimo nome: Exempl. Por amor de Deos misericordioso se deve pedir a esmolla: *Purbhu Corunà Xindhur caron bhiq manguite uchit.* O exemplo està em *Purbhu*, e *Xindhur* genitivo de *Caron* a onde só em *Xindhu* se lhe acrescenta o *R.* final de Genitivo, e naõ em *Purbhu.* Do mesmo modo na Ave Maria dizemos Rogay por nòs peccadores. *Xadho amora papir caron.* E naó *amardiguer papir caron.* Nisto se deve advertir muito, porque entre os Bengalas por *Probhur Corunà Xindhur*; e *Xadho amardiguer papir caron*, saõ grandes erros; ainda que aos Europianos parece cousa aspera.

14. O mesmo, que dissemos da concordancia dos substantivos continuados, se deve tambem entender da concordancia dos nomes adjectivos com os substantivos. Exempl.: Em hum grande peccador ha muitos vicios: *Boro papité, bixtor guna zormé.* Neste exemplo sevè ser mais elegante, do que dizer *Boroté papité*; que naturalmente soa mal.

15. Os verbos substantivos *Hoi*, vel *Nohi* juntos come o nome *Uchit*, que tudo junto vale o mesmo, que o *licet* dos latinos, pede depois de si Dativo da pessoa quem he licito; Exemplo: Naõ he licito ao Christaõ

fazer

১৩। ইহা কিন্তু দ্রষ্টব্য যে এতাদৃশ শব্দ কর্ত্তৃ ভিন্ন অন্য কারকে প্রযুক্ত হইলে শুদ্ধ শেষের শব্দটিতেই ভিন্ন কারকের ব্যতিক্রম সূচিত হয়। যথা—করুণাময় ভগবানের প্রতি প্রেমবশতঃ ভিক্ষা করা উচিত; পুর্‌ভু করুণাসিন্ধুর কারণ ভিখ্‌ মাঙ্গিতে উচিত। দৃষ্টান্ত হইতেছে পুর্‌ভু এবং কারণ-এর সহিত সম্বন্ধপদে অন্বিত সিন্ধুর, এখানে শুদ্ধ সিন্ধুতে সম্বন্ধের অন্ত্য র যুক্ত হইয়াছে, পুর্‌ভু-তে নয়। তদ্রূপ, আমরা আমাদের পাপের কারণ আভে মারিয়া-'য় বলিয়া থাকি—সাধো আমরা পাপির কারণ,—আমারদের পাপির কারণ, এমন হইবে না। এস্থলে ইহা বিশেষ ভাবে দ্রষ্টব্য যে বাঙ্গালিদের মধ্যে প্রভুর করুণাসিন্ধুর এবং সাধো আমারদিগের পাপির কারণ অত্যন্ত ভুল; যদিও ইউরোপিয়ানদের নিকট অসমান মনে হয়।

১৪। পর পর ব্যবহৃত কতকগুলি বিশেষ্যপদের সঙ্গতি সম্বন্ধে যাহা বলিয়াছি, বিশেষ্যপদযুক্ত বিশেষণপদের সঙ্গতি সম্বন্ধেও ঠিক ঠিক তাহাই বুঝিতে হইবে। যথা—যে অত্যন্ত পাপী তাহার মধ্যে বহু পাপ আছে = বড় পাপিতে বিস্তর গুনা জর্ম্মে। বড়ুতে পাপিতে স্বভাবতঃই খারাপ শুনায়, উহা বলা অপেক্ষা এই দৃষ্টান্ত অধিক শোভন বলিয়া বোধ হয়।

১৫। অস্তিবাচক ক্রিয়া হই বা নহি, উচিত শব্দের সহিত একত্র যুক্ত হইলে উভয়ে মিলিয়া লাতীনদের licet পদটার মত হয়; যে ব্যক্তির পক্ষে যুক্তিযুক্ত, তদ্বাচক শব্দের সম্প্রদান এই উচিত হই বা উচিত নহি-র পূর্ব্বে বসে। দৃষ্টান্ত — খ্রীষ্টানের পক্ষে পাপ করা

fazer peccados; logo he-lhe licito fazer boas obras. *Romana pontire Uchit nohe oporad coritè; tobé Uchit Xu carzio coritè*: O exemplo està em *Romana pontire* dativo de *Uchit nohe*: Tambem se pòde fazer esta oraçaõ metendo-lhe o adverbio, *Ze*, v. g. *Uchit nohe ze Romana Ponti oporad core.*

16. Pelo mesmo caso, que se faz a pergunta se dà tambem a reporta v. g. Cujo he esse livro? *Car quitab?* Respondese, *Amar*, meu en genitivo; porque se faz a pergunta pelo genitivo *car?* Que pessoa chegou? Meu pay; *Con Zon aiase? amar bap*: em nominativo, porque se fez a pergunta por nominativo; *Que coriasse es camo? Ami*: em nominativo, &c. Que cousa he isso? *u qui? Ec puthi*; he hum livro &c.

17. Quando vem dois nomes juntos na oraçaõ pertencentes a cousas diversas, hum delles se poem em genitivo; e este serà o senhor da cousa? Exemplo: com a graça de Deos Recebi a Ley de JESUS Christo. *Poromexorer crepate, Christor Xastro paiassi.* O exemplo esta em *Poromexorer* genitivo do nome *crepa*, e em *Christor* genetivo do nome *Xastro*, e se deve advertir, que quasi sempre se poem o genitivo do possuidor antes do nome ou cousa possuida, come se vè no exemplo, aonde o genitivo de posseçaõ *Poromexorer* està

antes

সঙ্গত নয়, অচিরে সংকার্য্য করা উচিত। রোমান পস্থীরে উচিত নহে অপরাধ করিতে; তবে উচিত সুকার্য্য করিতে। 'উচিত নহে' ইহার সহিত যুক্ত রোমান পস্থীরে ইহার দৃষ্টান্তস্থল। এই বাক্য 'যে' এই ক্রিয়ার বিশেষণ দিয়াও রচনা করা যাইতে পারে। যেমন, উচিত নহে যে রোমান পস্থী অপরাধ করে।

১৬। এক কারক দ্বারা, যে প্রশ্ন জিজ্ঞাসা করা হয় তাহারই উত্তর দেওয়া হয়; যেমন—এই পুস্তক কাহার? কার কিতাব? উত্তর, আমার; আমার ইহা সম্বন্ধ-বাচক হইল, কারণ 'কার' এই সম্বন্ধবাচক শব্দ দ্বারা প্রশ্ন সূচিত হইতেছে। কোন্ ব্যক্তি আসিল? আমার পিতা; কোন্ জন আইয়াছে? আমার বাপ। এখানে প্রশ্ন কর্ত্তৃকারকের দ্বারা জিজ্ঞাসা করা হইয়াছে বলিয়া উত্তরও কর্ত্তৃকারকে দেওয়া হইয়াছে। কে করিয়াছে এস কামো? আমি; কর্ত্তৃকারকে, ইত্যাদি। উহা কোন্ বস্তু? উ কি? এক পুথি: ইহা একখানি পুস্তক, ইত্যাদি।

১৭। বিভিন্ন বস্তু সম্পর্কিত দুইটি শব্দ একই বাক্যে যখন যুক্ত দেখিতে পাই, তখন তাহাদের মধ্যে একটিকে সম্বন্ধ পদে রাখা হয়, এবং উভয়ের মধ্যে অধিকারী বাচক যাহা তাহারই এইরূপ হইয়া থাকে। যেমন, ভগবানের অনুগ্রহে যীশুখ্রীষ্টের ধর্ম্ম পাইয়াছি। পরমেশ্বরের কৃপাতে খ্রীষ্টর শাস্ত্র পাইয়াছি। দৃষ্টান্তস্বরূপ, কৃপার সহিত সম্বন্ধ পরমেশ্বরের এবং শাস্ত্রশব্দের সহিত সম্বন্ধ খ্রীষ্টর; এবং ইহা দ্রষ্টব্য যে প্রায় সর্ব্বদাই যিনি অধিকারী তাঁহার সম্বন্ধবাচক পদ যাহাতে অধিকার সেই বস্তু বা শব্দের পূর্ব্বে বসিয়া থাকে, যেমন দৃষ্টান্তটি হইতে বুঝা যাইবে,—উহাতে অধিকারী পরমেশ্বরের এই সম্বন্ধপদ অধিকৃত বস্তু কৃপাতে ইহার পূর্ব্বে বসিয়াছে।

antes da cousa possuida Crepatè.

18. Advirta se, que na lingua Bengalla naõ ha comparativos, nem superlativos; e suprem esta falta pondo o adjectivo com genetivo da cousa mayor, ou menor exemplo: Meu irmão he mayor que eu; e mais velho: *Amar Bhay amar boro bhai.* O exemplo esta em *amar* genitivo do adjectivo *Boro.* Outro exemplo: A caridade he mayor virtude que a esperança: *Charitas virtus spe maior est*: dizem os Latinos: e os Bengalas dizem: *Coruna gun axar boro.*

Tem outro modo de suprir o comparativo: v. g. na mesma oraçaõ; a caridade he mayor que a esperança; viraõ o sentido assim; Deixada a Esperança, a caridade he grande. *Axa saraia, coruna boro.*

19. O mesmo que digo do suplemento do comparativo, se deve entender do suprimento do superlativo, acrescentando-lhe o adverbio *Bex*: que quer dizer mais, e Magis: v. g. A mayor das virtudes he a caridade: *Gun Xocoler bex boro coruna*: Ou deste modo: *Xocol gun saraia, coruna bex boro.*

Construiçaõ dos Verbos.

20. Saõ tantos os modos de fallar de que usaõ os Bengalas, e todos com taõ pouca pro-

১৮। ইহা দ্রষ্টব্য যে, বাঙ্গলাভাষায় তুলনামূলক 'তর' 'তম' প্রত্যয় নাই, এবং যে জিনিষটি অপেক্ষাকৃত বড় বা ছোট, তাহার সম্বন্ধপদের সহিত বিশেষণটি যুক্ত করিয়া প্রয়োজন নিষ্পন্ন হয়। যেমন, আমার ভ্রাতা আমা অপেক্ষা বড় এবং বয়সে জ্যেষ্ঠ; আমার ভাই আমার বড় ভাই; দৃষ্টান্ত, 'বড়' এই বিশেষণ সহিত যুক্ত আমার এই সম্বন্ধপদ। অন্য এক দৃষ্টান্ত,—করুণা আশা অপেক্ষা গরীয়ান্ সদ্‌গুণ; লাতীনেরা বলে—Charitas Virtus spe maior est: আর বাঙ্গালীরা বলে করুণাগুণ আশার বড়।

উভয়ের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইবার অন্য এক উপায় আছে। যেমন উক্ত বাক্যে "আশা অপেক্ষা করুণা গরীয়ান্ সদ্‌গুণ"—ভাবটি এইরূপেও প্রকাশ করা যায়,—আশা অতিক্রম করিয়া করুণা গরীয়সী। আশা ছাড়াইয়া, করুণা বড়।

১৯। উভয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইবার সম্বন্ধে যাহা বলিয়াছি বহুর মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইতে ঠিক তাহাই ধরিয়া নিতে হইবে—তর তম দিয়া যাহা বুঝাইতে চেষ্টা করা হয় তাহা 'বেশ' এই ক্রিয়ার বিশেষণ দিয়াও সম্ভবে। যেমন, গুণাবলীর মধ্যে শ্রেষ্ঠ গুণ করুণা—গুণ সকলের বেশ বড় করুণা, কিংবা এই ভাবে—সকল গুণ ছাড়াইয়া, করুণা বেশ বড়।

ক্রিয়াপদ-সংগঠন

২০। বাঙ্গালীরা এত বিভিন্ন উপায়ে মনোভাব প্রকাশ করে, এবং সে সকল প্রভেদের এত অল্প উপযোগিতা আছে

propriedade, que se naõ podem dar regras certas sobre os casos, que pedem os verbos: com tudo daremos algumas pelo grosso, para que os curiosos, que quizerem aprender esta lingua com algum fundamento, facilmente possaõ ter alguma luz: isto supposto, comecemos pelo verbo activo.

21. Todo o Verbo puramente activo pede em lugar do accusativo, hum nominativo da cousa; ou para melhor dizer, hum accusativo indeclinavel semelhante ao nominativo. Exemplo: quem guarda os Mandamentos de Deos, ha de achar a sua graça: *Poromexorer agguia ze pale; xe tahan crepà paibe.* O exemplo està naquelle nome *Agguia*, que està em accusativo indeclinavel do Verbo *Pale*; e em crepa, que està em accu- sativo endeclinavel do Verbo *Paybè*.

22. Os Verbos de fazer, dar, determinar, mandar, ordenar, &c. pedem à lem do accusativo da cousa feita, dada, determinada, &c. Dativo da pessoa a quem se faz, dà, determina, ordena, &c. Exemplo: Amo a quem me dà trabalho: viraõ assi? o sentido; quem me da trabalho, a elle amo; *Ze amare duqh dee, tahare doea cori.* O exemplo està naquelle *Amaré* dativo de Verbo *Dee*; e em *duqh* seu accusativo; Està tambem em *Tahare* dativo do Verbo *Cori*, e em *Doea* seu accusativo.

যে ক্রিয়াসম্বন্ধে যেমন পারিয়াছিলাম, কারকসম্বন্ধে সেইরূপ নির্দ্দিষ্ট নিয়ম দিতে পারি না। যাহা হউক, মোটামুটি কতকগুলি নিয়ম দিতেছি, তাহাতে যে সব কৌতূহলী ব্যক্তি এই ভাষা কথঞ্চিৎ মূল হইতে বুঝিতে চাহেন তাঁহারা সহজেই কিঞ্চিৎ আলোকপ্রাপ্ত হইতে পারিবেন; এই কথা ধরিয়া লইয়া কর্তৃবাচ্যে নিষ্পন্ন ধাতু হইতে আরম্ভ করিলাম।

২১। বিশুদ্ধ কর্ত্তৃবাচ্যে নিষ্পন্ন সকল ধাতু কর্ম্মকারকের স্থানে বস্তুবাচক কর্ত্তৃকারকের অপেক্ষা করে; অথবা, ভালভাবে বলিতে গেলে, কর্ত্তৃকারক-সদৃশ অব্যয় কর্ম্মে সংযুক্ত হয়। যথা, যে ব্যক্তি ভগবানের আদেশ সকল মানিয়া চলে, সে তাঁহার কৃপাভাজন হয়; পরমেশ্বরের আজ্ঞা যে পালে, সে তাহান কৃপা পাইবে। আজ্ঞা 'পালে' ধাতুর এবং কৃপা 'পাইবে' ধাতুর অব্যয় কর্ম্ম।

২২। ক্রিয়া-বাচক, দান-বাচক, নির্দ্ধারণ-বাচক, আদেশ-বাচক, বিধান-বাচক ইত্যাদি ধাতু, যাহা করা হয়, দেওয়া হয়, নির্দ্ধারণ করা হয়, ইত্যাদি-বোধক কর্ম্মকারকের সহিত, যাহাকে করা হয় দেওয়া হয় যাহার জন্য নির্দ্ধারণ, বিধান ইত্যাদি হয় তদ্বোধক সম্প্রদান কারক গ্রহণ করে। যথা—[পোর্তুগীস রীতিতে লিখিত] দয়া করি তাহাকে যে আমাকে দেয় দুঃখ—এই কথা এভাবেও প্রকাশ করা যাইতে পারে—যে আমাকে দুঃখ দেয় তাহাকে আমি ভালবাসি—যে আমারে দুখ দেয় তাহারে দয়া করি। দেয় ক্রিয়ার সম্প্রদান আমারে এবং কর্ম্ম দুখ ইহার দৃষ্টান্ত; করি ক্রিয়ার সম্প্রদান তাহারে এবং কর্ম্ম দয়াও দৃষ্টান্ত।

23. Os verbos de pedir pedem accusativo da cousa pedida, e genitivo com o adverbio casse da pessoa a quem se pede: Exemplo: Pelo amor de Deos se deve pedir esmolla aos Christãos; *Poromexorer doear caron bhiq manguitè uçhit christão xocoler casse.* O exemplo està em *xocoler casse*, e em *Bhiq*; &c.

24. Os Verbos de interceder, ou rogar pedem genitivo com *caron* da pessoa para quõ se pede; e outro genitivo com *xaqhiaté,* ou *uzure,* ou *tthai* da pessoa a quem se pede; Exemplo: A Virgem Maria entercede por nos diante de Deos: *Bibi Maria amardiguer caron xadhen Poromexorer xaqhiatè,* vel *tthay,* vel *uzure,* &c.

25. Na lingua Bengala naõ ha Verbos passivos, e pos esta causa mudaõ sempre a oraçaõ pela activa; v. g. Eu sou amado, dizem; outra pessoa me ama: *Ar zone amare doea core.*

26. Tambem saõ raros os Verbos depoentes, e suprem esta falta com nomes juntos aos Verbos improprios, donde se segue fallarem com muita impropriedade por-se naõ poderem explicar de outro modo, v. g. Delir-se, dizem, ficar delido; *Ghila hoite*; Destruir-se; dizem: ficar destruido; *Noxtto hoite,* &c.

Per-

২৩। ভিক্ষা-বাচক ধাতু, যাহা ভিক্ষা করা যায় তাহার কর্ম্মকারকে প্রয়োগ করে এবং যাহার নিকটে চাওয়া যায় সেই ব্যক্তিবোধক শব্দের সম্বন্ধপদের সঙ্গে কাছে এই ক্রিয়া-বিশেষণ যোগ করে। যথা—ভগবৎ প্রীতিবশতঃ খ্রীষ্টান দিগের নিকট ভিক্ষা চাওয়া সঙ্গতঃ পরমেশ্বরের দয়ার কারণ ভিক মাঙ্গিতে উচিত খ্রীস্তাওঁ সকলের কাছে, সকলের কাছে ও ভিক্ ইহার দৃষ্টান্ত।

২৪। সাধা ইত্যাদি অর্থ-বাচক ধাতু, যাহার জন্য সাধা হয় তাহার সম্বন্ধপদের সঙ্গে 'কারণ' যুক্ত করে এবং যাহাকে সাধা হয় সেই ব্যক্তি সম্বন্ধপদের সঙ্গে সাক্ষাতে, হুজুরে, বা ঠায় শব্দ বসায়। যথা, কুমারী মারিয়া আমাদের জন্য ভগবৎ-সমীপে অনুরোধ করিতেছেন — বিবি মারিয়া আমারদিগের কারণ সাধেন পরমেশ্বরের সাক্ষাতে, বা ঠায়, বা হুজুরে, ইত্যাদি।

২৫। বাঙ্গলা ভাষায় ভাববাচ্যে নিষ্পন্ন কোনও ক্রিয়া নাই, এবং সেই জন্য বাক্য সর্ব্বদাই কর্ত্তৃবাচ্যে হইয়া থাকে। যেমন—আমি প্রীতিভাজন হইয়া থাকি; উহারা বলে - অন্য ব্যক্তি আমাকে ভাল-বাসে; আর জনে আমারে দয়া করে।

২৬। অল্পসংখ্যক কর্ম্ম-কর্ত্তৃ-বাচ্যীয় ধাতুও আছে, এবং এই অভাব পূর্ণ করা হয় অনির্দ্দিষ্ট ক্রিয়ার সহিত শব্দ যুক্ত করিয়া, সেই জন্য তাহারা অত্যন্ত বিসদৃশভাবে নিম্নলিখিত-মত বসে, অন্য উপায়ে ভাব প্রকাশ করিতে চায় না, যথা—বিগলিত হওয়া; তাহারা বলে, গলিয়া যাইতে, ঝিলা হইতে; বিনষ্ট হওয়া, তাহারা বলে, নষ্ট হইতে, নষ্ট হইতে। ইত্যাদি।

Perguntas, &c.

27. A pregunta *Ubi* se responde por ablativo; Exemplo; Em Dacca morreo meu Pay: *Daccatè amar bap moriasse.* O exemplo està em *Daccatè* ablativo a pergunta *Ubi.*

28. A pergunta, *Quo* para onde, se responde por ablativo; A pergunta *unde*, donde se responde por ablativo com a preposiçaõ *Thaquia*, vel *Hote*, vel *Thane.* A pergunta *Quo* porque parte se responde por nominativo com o participio *Dia.* Exemplo de Ugulim vim por Murxidabad par Dacca: *Ugulimte thaquia Murxidabad dia guiassilam Daccatè.* O exemplo està em ugulinte ablativo com a proposiçaõ *Thaquia* a pergunta *Unde*; e Murxidabad està em nominativo com o particicio *dia* a pergunta *qua*; e *Daccatè* està em ablativo a pergunta *Quo* para onde.

29. O instromento com que se faz alguma cousa se poem em nomi nativo absoluto com o participio *dia*: e a materia de que se faz alguma cousa se poem em genetivo: Exemplo; com huma faca fiz huma imagem de pào: *Ec xuri dia ec murti catter coriassi.* O exemplo està em *Xuri dia,* que he o instrumento com que fiz; posto em nominativo absoluto; e em catter genitivo da materia.

30. A causa se poem em oblativo; ou em gene-

২৭। Ubi অর্থাৎ কোথায়, এই প্রশ্নের উত্তরে অপাদান বসে; যথা; ঢাকাতে আমার পিতা মারা গিয়াছিলেন; ঢাকাতে আমার বাপ মরিয়াছে। 'কোথায়' এই প্রশ্নের উত্তরে ঢাকাতে অপাদান হইল, ইহাই দৃষ্টান্ত।

২৮। Quo অর্থাৎ কোথায়, এই প্রশ্নের উত্তর অপাদান দিয়া হয়; unde কোথা হইতে এই প্রশ্নের উত্তর থাকিয়া বা হোতে বা থানে অব্যয় সঙ্গে অপাদান দিয়া হয়। দিয়া এই অসমাপিকা ক্রিয়া কর্ত্তৃকারকে যুক্ত করিয়া Qua কোন্ দিকে এই প্রশ্নের কথঞ্চিৎ উত্তর হয়। যথা, হুগলী হইতে মুর্শিদাবাদ অতিক্রম করিয়া ঢাকাতে গিয়াছিলাম—উগুলিঁতে থাকিয়া মুর্শিদাবাদ দিয়া গিয়াছিলাম ঢাকাতে। Unde অর্থাৎ কোথা হইতে প্রশ্নের উত্তরে থাকিয়া কর্ম্ম-প্রবচনীয় অপাদানে উগুলিঁতে-র সহিত যুক্ত হইয়াছে; Qua প্রশ্নের উত্তরে 'দিয়া' এই অসমাপিকা ক্রিয়া কর্ত্তৃকারকে প্রযুক্ত মুর্শিদাবাদে যুক্ত হইয়াছে; এবং Quo কোথায় এই প্রশ্নের উত্তরে অপাদানে ঢাকাতে প্রয়োগ হইল।

২৯। যে সাধন সাহায্যে কোনও বস্তু করা হয় তাহা 'দিয়া' এই অসমাপিকা ক্রিয়া যোগে ভাবে প্রথমা রূপে থাকে, এবং যে বস্তু হইতে করা হয় তাহা সম্বন্ধপদ-ভাবে ব্যবহৃত হয়। যথা, ছুরিকা দিয়া কাঠের এক মূর্ত্তি প্রস্তুত করিয়াছি; এক ছুরি দিয়া এক মূর্ত্তি কাটের করিয়াছি। এখানে ছুরি দিয়া, যাহার সাহায্যে করা হইল সেই করণ ছুরি ভাবে প্রথমায় বসিয়াছে; এবং কাঠের বস্তুটির সম্বন্ধপদে প্রয়োগ হইয়াছে।

৩০। কারণটি অপাদানে বসে; কিংবা কারণের সম্বন্ধপদ-ভাবে;

genitivo de caron, v. g. Morro de frio; *Xite mori*, vel *xiter caron mori*: O exemplo està em *xite* ablativo de causa.

31. Todo o Verbo pede, ou pòde ter hum nominativo absoluto, que nem reja, nem seja rejido: Exemplo: os Christãos, fazendo boas obras, pòdem ser Santos; dizem: *Christãora, xot carzio coria, Xadhu hoite pare.* O exemplo està naquelle participio *coria*, que està em nominativo absoluto concordado com *Xot carzio* seu substantivo.

32. Toda a linguagem que falla do gerundio em *Do*, em *Dum*, e ainda em *Di*, e de Supino leva o Verbo ao Infinito; por não ter està lingua os taes gerundios, e Supinos, assim como não havia na lingua Hebraica, e Caldaica, e em outros muitos: Exemplo: Jesus Christo morreo em huma Cruz para resgatar os homens: *Jesus Christo Crucer upore moriassen nor udhar coritè.*

33. Com tudo quando a linguajem fallar do gerundio em *Di* se poderà usar desta voz *Coribar*, que vale o mesmo que *faciendi*, v. g. na oraçaõ acima; podemos tambem dizer; Jesus Christo morreo em huma Cruz por causa de resgatar os homens: *Jesus Christo Crucer upore moriassen nor udhar coribar caron*: O primeiro exemplo, està em Corite, que està no infinito suprindo as vezes do gerundio em

Dum

যেমন—শীত জন্ত মরি ; শীতে মরি বা শীতের কারণ মরি। কারণবাচক অপাদান 'শীতে' ইহার দৃষ্টান্ত।

৩১। সকল ক্রিয়ার সঙ্গে ভাবে প্রথমার প্রয়োজন হয় বা বসিতে পারে—এই বিধি দৃঢ়ভাবে পালন করা হয় না, যুক্তিসঙ্গতও নয় ; যথা, খ্রীষ্টানেরা সৎকার্য্য করিয়া পবিত্র হইতে পারে ; বলা হয়, খ্রীস্তাউঁরা সৎকার্য্য করিয়া সাধু হইতে পারে। ইহার মধ্যে করিয়া এই অসমাপিকা ক্রিয়া দৃষ্টান্ত ; ইহা ভাবে প্রথমা, ইহার বিশেষ্য সৎকার্য্যএর সহিত ইহা সঙ্গত।

৩২। লাতীনের dum প্রত্যয়ান্ত ক্রিয়া-বিশেষ্যের অপাদান, কর্ম্ম ও সম্বন্ধ - du, - dum, - di রূপের ন্থায় ক্রিয়া বিশেষ্য দিয়া এবং [লাতীনের] Supinum শ্রেণীর ক্রিয়া-বিশেষ্য দিয়া যে সকল ভাষা নামধাতু গঠন করে, তাহারা ক্রিয়াপদকে অনির্দ্দিষ্ট ক্রিয়ারূপে উন্নীত করে ; কারণ এই ভাষায় এইরূপ নামধাতু বা Supinum শ্রেণীর ক্রিয়া-বিশেষ্য নাই, তদ্রূপ হীব্রূ, কালদিয়ান এবং অন্যান্য বহুভাষাতেও নাই। যথা, মনুষ্য-সকলের উদ্ধার জন্ত ক্রুশের উপর যীশু খ্রীষ্ট প্রাণত্যাগ করেন ; যীশু খ্রীষ্ট ক্রুশের উপরে মরিয়াছেন নর উদ্ধার করিতে।

৩৩। যদিচ ভাষা যখন [লাতীনের - dum প্রত্যয়ান্ত ক্রিয়া-বিশেষ্য-পদের ষষ্ঠী] -di প্রত্যয়ান্ত ক্রিয়া-বিশেষ্য যোগে সৃষ্ট নামধাতুর স্থলে উদ্ধৃত বাক্যের মত লাতীন faciendiর ঠিক অনুরূপ 'করিবার' ঈদৃশ শব্দ ব্যবহার করে, তথাপি আমরা এইভাবে বলিতে পারি—যীশু খ্রীষ্ট এক ক্রুশের উপরে প্রাণত্যাগ করেন মনুষ্যগণের উদ্ধার ঘটাইবার জন্ত। যীশু খ্রীষ্ট ক্রুশের উপরে মরিয়াছেন নর উদ্ধার করিবার কারণ। করিতে এই অনির্দ্দিষ্ট ক্রিয়া-রূপ প্রয়োগে যে প্রথম উদাহরণ দেওয়া হইয়াছে তাহা লাতীনের -dum দিয়া নামধাতু সাধনের পরিবর্ত্তে সময়ে সময়ে ব্যবহৃত হয়। দ্বিতীয় উদাহরণ — করিবার, এই কথাটি

Dum. O segundo exemplo està em *coribar,* que està no gerundio em *Di,* posto depois do nome substantivo, *caron,* que significa *causa,* ou *Ergo* causal.

ADVERTENCIAS.

Para melhor inteligencia do que temos dito me pareceo conveniente por aqui algumas advertencias pertencentes a rudimenta. Hoc supposito.

34. Dvert. 1. Todo o Verbo activo se devide em simplex, e composto; este se deriva daquelle mudando o *I,* em que acaba o verbo simplex em *Ar.* v. g. o verbo *Cori,* que significa fazer; mudando o *I* em *ai,* fica *Corai* seu composto, que significa induzir a fazer. Do mesmo modo o verbo, *Chini* significa conhecer, mudando o *I.* ultimo em *Ai,* fica *Chinai* seu composto, que significa dar a conhecer. *Deqhi,* significa ver, seu composto *Deqhai* significa mostrar. *Dubi* significa dar mergulho; seu composto *Dubai* significa mergulhar a outrem. &c. Exemplo. Os mysterios de fé saõ muito fundos: com tudo se mos explicardes entenderei. *Astar bhed xocol boro gohin: totacho amare buzhao tomi, tobe buzhimu,* v. *buzhibo.* &c.

35. Advertencia 2. Destes tais verbos nascem

লাতীনের -di দিয়া নামধাতু নিষ্পন্ন হইয়াছে, তাহার পর কারণ এই বিশেষ্য শব্দ বসান হইয়াছে। কারণ অর্থ হেতু বা যাহা ঘটনার মূল।

অনুশীলনী

যাহা বলিয়াছি তাহা উত্তমরূপে বুঝিবার জন্য মূলসূত্র-সংক্রান্ত কয়েকটি অনুশীলনী এখানে দেওয়া উপযোগী মনে হইতেছে। 'এতদ্ অবধারণীয়ম্'।

৩৪। অনুশীলনী ১। কর্ত্তৃবাচ্যে নিষ্পন্ন সকল ক্রিয়া, সরল (=মূল) ও মিশ্র (=ণিজন্ত ও নামধাতু), এই দুই ভাগে বিভক্ত; সরল ধাতুর শেষে যে -ই থাকে তাহা -আই তে পরিবর্ত্তিত করিয়া অন্যটি হয়। যথা, 'করি' ক্রিয়ার অর্থ প্রস্তুত করা; -ই স্থানে -আই করিয়া মিশ্র ধাতু করাই- হয়, তাহার অর্থ প্রস্তুত করান। এই ভাবে 'চিনি' ক্রিয়ার অর্থ জানা, শেষের -ইর স্থানে -আই করিয়া মিশ্র ধাতু চিনাই- হয়, তাহার অর্থ জানাইয়া দেওয়া। দেখি- অর্থ দর্শন করা, ইহার মিশ্র দেখাই- অর্থে প্রদর্শন করা। ডুবি- অর্থে নিমগ্ন হওয়া, ইহার মিশ্র ডুবাই- অর্থে অন্যকে নিমগ্ন করা; ইত্যাদি। উদাহরণ: বিশ্বাসের রহস্য অতি গভীর; তথাপি আমাকে বুঝাইলে বুঝিব। আস্থার ভেদ সকল বড় গহিন: তথাচ আমারে বুঝাও তুমি, তবে বুঝিমু, বা বুঝিব। ইত্যাদি।

৩৫। অনুশীলনী ২। এইরূপ ক্রিয়া হইতে কতকগুলি ক্রিয়া-বিশেষ্য

cem huns nomes substantivos verbaes; os que nascem do verbo simplex acabaõ em On; v. g. de *Cori* nasce *Coron*; de *Deqhi*, *Deqhon*; de *Dubi*, *Dubon*, &c. Os que nacem do verbo composto acabam en *An*. v. g. de *Corai* nasce *Coran*; de *Deqhai*, *deqhan*: de *Dubai* *Duban*, *&c*.

36. Advertencia. 3. Todos os verbos sejaõ quaes forem se dividem em simpleces affirmativos, e em compostos negativos. Estes se derivaõ daquelles ajuntando-lhe atras a letra ǫ. v. g. *Chinite* significa conhecer; *O chinité* seu composto negativo significa desconhecer; *Deqhite* significa vér: *O deqhite* seu composto significa naõ ver. &c.

37. Advertencia 4. Tambem os nomes se dividem em simpleces affirmativos, e em compostos negativos: se os affirmativos principiarem por consoante se fazem negativos acrecentando-lhe a letra ǫ atras; v. g. *Chinot*, vel *Chinto* significa o conhecido: o seu composto *Ochinto* vel *Ochinot* significa o desconhecido. *Zirno* significa o cozimento de estomago; o seu composto *Ozirnó* significa a crueza de estomago: *Bhagguia* significa o bem afortunado; e *Obhagguia* seu composto significa o mal afortunado.

Porem se os ditos nomes simpleces principiarem por letra vogal se fazem negativos

গঠিত হয়। সরল (মূল) ধাতু হইতে যেগুলি গঠিত হয় তাহাদের -অন দিয়া শেষ হয়; যথা, করি হইতে করণ হয়; দেখি হইতে, দেখন; ডুবি হইতে ডুবন, ইত্যাদি। মিশ্র ধাতু হইতে যেগুলি গঠিত হয়, -আন্ দিয়া তাহাদের শেষ হয়; যথা, করাই হইতে করান্; দেখাই হইতে দেখান্; ডুবাই হইতে ডুবান্; ইত্যাদি।

৩৬। অনুশীলনী ৩। সকল ক্রিয়া এইরূপ হইবে যে তাহাদিগকে অস্তিত্ববাচক সরল এবং নঞর্থক মিশ্র এই দুই শ্রেণীতে ভাগ করা যাইতে পারে। অ এই অক্ষর পূর্ব্বে যুক্ত করিয়া শেষোক্ত শ্রেণী পূর্ব্বোক্ত হইতে নিস্পন্ন হয়। যথা, চিনিতে অর্থাৎ জানা; অচিনিতে নঞর্থক মিশ্র, অর্থ না জানা; দেখিতে দর্শন করা অর্থে; ইহার নঞর্থক মিশ্র অদেখিতে, দর্শন না করা অর্থে; ইত্যাদি।

৩৭। অনুশীলনী ৪। বিশেষ্যপদও এইরূপে শুদ্ধ অস্তিত্ববাচক এবং নঞর্থক মিশ্র এই দুই ভাগে ভাগ করা যাইতে পারে; অস্তিত্ব-বাচক পদের প্রথম অক্ষর ব্যঞ্জন বর্ণ হইলে অ- পূর্ব্বে দিয়া নঞর্থক শব্দের সৃষ্টি হয়; যথা, চিনৎ বা চিন্ত, অর্থে জানা; ইহা হইতে মিশ্র শব্দ অচিন্ত বা অচিনৎ, অর্থে না জানা। জীর্ণ অর্থে যাহা পাকস্থলীতে পরিপাক পাইয়াছে; ইহা হইতে হইল অজীর্ণ, অর্থ—যাহা পাকস্থলীতে পরিপাক হয় নাই; ভাগ্যিয়া অর্থে যাহার ভাগ্য ভাল, এবং অভাগ্যিয়া অর্থে যাহার ভাগ্য মন্দ।

কিন্তু যদি এই সকল শব্দের পূর্ব্বাক্ষর স্বরবর্ণ হয়, তবে অন্- যোগ করিয়া নঞর্থক শব্দের সৃষ্টি হয়। যথা, অন্ত অর্থে শেষ, অনন্ত ইহা হইতে উৎপন্ন, অর্থ—যাহার শেষ নাই, নিরবধি কাল; আস্তিক [আস্থিক] অর্থে যাহার বিশ্বাস আছে এমন মানুষ; অনাস্তিক [অনাস্থিক], ইহা হইতে উৎপন্ন, অর্থ ধর্ম্মভ্রষ্ট।

tivos acrescentando-lhe a sylaba *On.* v. g. *Onto* significa o fim: *Ononto* seu composto significa a eternidade sem fim: *Axthiq* significa o homem que tem fé: *Onasthiq* seu composto significa o arrenegado, &c.

38. Advertencia 5. As proposiçoens *Thaquia, Thane, Hote,* que valem o mesmo, que as proposiçoens *A, De, Ex* dos Latinos; pedem despois de si ablativo; e sempre se ajuntaõ a verbos de movimento: v. g. *Con thaquia aixo?* Donde vindes? &c.

39. Advertencia 6. A propoziçaõ *Bine,* e *Begor* que valem o mesmo que *Sine* dos Latinos, tambem pedem ablativo: v. g. *Bine Axthaté coruna nahi.* Naõ pode aver caridade seu fé. &c.

40. Advertencia 7. Os adverbios *Caçhe, Paz, Noriq, Noxdiq, Nicott,* pedem genetivo de quietaçaõ, ainda que o verbo algumas vezes signifique movimemto. v. g. Vinde para junto de mim, dizem *Amar caçhe aixo.* A minha aldeya he perto de Dacca; *Amar ghaõ Daccar noriq. &c.*

41. Advertencia. 8. Os adverbios *Xate, Lougue, Xongue, Conxorgue*: pedem tambem genitivo de movimento, ou companhia. v. g. Pedro foy em minha companhia para Dacca: *Pedro amar xongue Daccaté gueasse.*

42. Advertencia 9. Os adverbios *Pisse, e Passe,*

৩৮। অনুশীলনী ৫। থাকিয়া, থানে, হ'তে এই সব কর্ম্মপ্রবচনীয়, যাহাদের অর্থ লাতীন A, De, Ex, এই সব কর্ম্ম-প্রবচনীয়ের তুল্য, অপাদান কারকের পরে বসে, এবং সর্ব্বদা গতি-বাচক ক্রিয়ার সঙ্গে যুক্ত হয়; যথা, কোন্ থাকিয়া আইছ? কোথা হইতে আসিয়াছ? ইত্যাদি।

৩৯। অনুশীলনী ৬। বিনে এবং বেগর, এই (দুইটি) কর্ম্মপ্রবচনীয় লাতীন Sineর তুল্যার্থ-বাচক—ইহারাও অপাদান কারকের সহিত সংযুক্ত হয়; যথা, বিনে আস্থাতে করুণা নাহি, বিশ্বাস না থাকিলে করুণা থাকিতে পারে না।

৪০। অনুশীলনী ৭। কাছে, পাছে, নরিক্, নস্‌দিক্, নিকট, এই ক্রিয়ার বিশেষণগুলি স্থিতি-বাচক সম্বন্ধপদের অপেক্ষা রাখে, যদিও ক্রিয়া কখনও কখনও গতি-বাচক হয়। যথা, আমার সমীপে এস; আমার কাছে আইস। আমার গ্রাম ঢাকার সমীপবর্ত্তী; আমার গাঁও ঢাকার নরিক্। ইত্যাদি।

৪১। অনুশীলনী ৮। সাতে, লুপে, সঙ্গে, সংসর্গে এই সব ক্রিয়া-বিশেষণও গতি-বাচক বা দল-বাচক সম্বন্ধপদের সঙ্গে যুক্ত হয়। যথা, পেদ্রু ঢাকার জন্য আমার সঙ্গে ছিল; পেদ্রু আমার সঙ্গে ঢাকাতে গিয়াছে।

৪২। অনুশীলনী ৯। পিছে, পাছে এই দুই ক্রিয়াবিশেষণ

Passe, que significaõ detras, ou despois, e *Ague* que significa diante ou antes, pedem tambem genitivo: v. g. *Amar ague.* primeiro que eu; *Amar piçhe.* Despois de mim: &c.

43. Advertencia. 10. Estes nomes *Xaqhiat. Uzur*, que significaõ prezença, e *Purnit*, que significa, *couza cheya*, e outros deste genero, pedem tambem genitivo; aos quaes se ajunta tambem este adverbio *Tthay* em prezença, que tambem quer Genitivo. v. g. Em minha prezença: dizem. *Amar xaqhiaté* vel *uzure*; pondo *xaqhiate*, e *uzure* em ablativo a pergunta *ubi*, e *amar* em genitivo de *Xaqhiate*. Tambem se pode dizer; *Amar tthay* em minha prezença; e este modo he o mais grave, &c. o Exemplo de *Purnit* està na Ave Maria em Bengalla: v. g. *Pronam Maria Crepae Purnit.* O exemplo està em *Crepae* ablativo de *Purnit.* Acima por erro dicemos que *Purnit* pede genetivo, foy erro porque pede Ablativo, como se vé no exemplo, ainda que muitos tambem lhe daõ genitivo. &c.

44. Advertencia. 11. Tem està lingua Bengalla algumas palavras, que só por elegancia se metem na oraçaõ sem de si significarem formalmente couza alguma, ou quasi nada: v. g. Desta palavra *Guia* se uza acada passo com verbos de movimento? v. g. nesta oraçaõ, Andai, vamos; dizem; *Chalo zai guia.*

Poden-

স্থান বা কালবিষয়ে 'পশ্চাৎ' অর্থ বুঝায়, এবং আগে স্থান বা কাল বিষয়ে 'পূর্ব্ব' বুঝায়; ইহারা সকলেই সম্বন্ধ-বাচক শব্দের সঙ্গে বসে; যথা, আমার আগে, আমা হইতে পূর্ব্বে; আমার পিছে, আমা হইতে পশ্চাতে ইত্যাদি।

Puxibi †পুসিবি—Batiga par comer (ভোজনপাত্র).

Punzi, dhon পুঁজি, ধন—Cabedal (মূলধন).

Purno Brormo পূর্ণ ব্রর্ম (=পূর্ণব্রহ্ম)—Deos (ঈশ্বর).

Ph

Pharag, -gui ফারাগ, -গী—Distante, -cia (দূর, দূরত্ব).

Phaora ফাওড়া—Enxada, ou enxadaõ (নিড়ানী).

Phaeda ফায়দা—Ganho (লাভ).

Phanox ফানুস—Alenterna (লণ্ঠন, বাতী).

Pharqhoti ফারখতি—Quitaçaõ, ou recibo (রসিদ).

Phal ফাল—Salto (লম্ফ).

Phanfor ফাঁফর—Abafamento (শ্বাসরোধ).

Phanfa ফাঁফা—Abadfado (শ্বাসরুদ্ধ).

Pharo ফাড়ো, ফাঁড়া—Agouro (শকুন, যাহা পরে ঘটিবে তাহার আভাসসূচক চিহ্ন).

Phetha ফেটা (=ফেঠা)—Arreyos (কাপড় বা চামড়ার দড়ী).

Phen ফেন—Canja de arros (ভাতের ফেন).

Phequir ফিকির—Consideraçaõ, proposito, ou cuidado (উপায়).

Phelania bost ফেলানিয়া বস্তু—Lançada, v. empurrada couza (নিক্ষিপ্ত দ্রব্য).

Phirite moedan ফিরিতে ময়দান—Cagar (মলত্যাগ করা).

Phiria dox xamalan ফিরিয়া দোষ সামালান—Fazer desdizer (স্বীকারোক্তি প্রত্যাহার করা).

Phiron ফিরন—Movimento (গতি).

Phiran ফিরান—Mudança (পরিবর্ত্তন).

Phira ফিরা ধাতুযোগে নিষ্পন্ন, ফিরিয়া করিতে, কহিতে, আইসন, দেওন, পাক ফিরিতে প্রভৃতি ১৪টী যৌগিক ক্রিয়া এই শব্দ-সংগ্রহে দেওয়া হইয়াছে।

Phoufora ফোঁফরা—Bofes (হৃদয়, সাহস).

Phondonà ফন্দনা—Bolsa (থলিয়া, বটুয়া).

Phor ?ফর—Buraco (ফাঁক).

Phol xonaler ফল সোনালের—Can fistola.

Phorxa dhorane ফরসা ধরানে—Descubertamente (খোলাখুলিভাবে).

Phor ?ফর—Estocada (খোঁচা).

Pholento ফলেন্ত—Fertil couza (উর্ব্বর বস্তু).

Pholont ফলন্ত—Fertilidade (উর্ব্বরতা).

Phoring ফড়িং—Ganfanhoto.

Photta ফোঁটা—Gota (বিন্দু).

Phorxat ফরসাৎ—Milhoria (উন্নতি, রোগমুক্তি).

Pholda hoite ফলদা হইতে—Merecer (যোগ্য হওয়া, অর্জ্জন করা).

Photta phalaite ফোঁটা ফালাইতে—Pingar (বিন্দু বিন্দু বারি পাত করা).

Phoquir, zatri ফকির, যাত্রী—Romeiro (তীর্থ যাত্রী).

Phote ফতে—Victoria (জয়); -coronia -করণিয়া = -iozo (জয়ী).

Phottic pani ফটিক পাণি—Agoa clara (পরিষ্কার জল).

Phucarite ফুকারিতে—Chamar (আহ্বান করা).

Phurxeadd ?ফুর্সিয়াদ—Alento (নিঃশ্বাস, শক্তি).

Phulqui ফুল্কি—Faisca (আগুনের ফুল্কি, স্ফুলিঙ্গ).
Phurite ফুড়িতে—Ferir (বিদ্ধকরা).
Phuler Baquicha ফুলের বাগিচা.
Phula buqher ফুলা বুকের—Enchimento de estomago (উদরস্ফীতি).
Phulca ? ফুলকা—Lavareda.
Phum ফুঁ—Assopro; Phuaite ফু আইতে—Assoprar(=ফু দেওয়া).
Phuxori ফুসড়ি—Bostella (ফুস্কুড়ি).
Phulcor ফুলকর—Bordador (যে কাপড়ে সূতা দিয়া ফুল তুলিতে পারে).
Phulob dite ফুলব দিতে—Brotar os arvores (গাছে ফুল ধরা).

Q

Quela খেলা—Brinco (ক্রীড়া, রহস্য).
Quelaite, Quela corite খেলাইতে, খেলা করিতে—Brincar (খেলা করা).
Quelania খেলানিয়া—Brincador (খেলোয়াড়, যে খেলা করে).
Quexon কেশন=কেশর?—Assafraõ da terra (জাফ্রান).
Quexoner rong কেশনের রং—Cor de assafraõ.
Qher cana খেড়খানা—Caza de palha cheiroza (সুগন্ধযুক্ত খড়ের ঘর).
Colomboc কলম্বক—Cidra (ফল-বিশেষ).
Quetcuti কেৎকুতী—Cocegas (সুড় সুড়ি).
Queru borno খেরু বর্ণ—Cor parda (ধূসরবর্ণ).
Quenara কেনারা—Fitta (ফিতা).
Quentoria ?কেন্তরিয়া—Ramelozo (চক্ষুমলযুক্ত).
Quina, quinará কিনা, কিনারা—Borda, ou quina (প্রান্তদেশ, বা কোণ).
Quira, v. Dirbio—কিরা, দির্বা=দিব্য—Juramente (শপথ).
Quirponiota কির্পণ্যতা=কৃপণতা—Avareza (কার্পণ্য, লোভ).
Quirpia কির্পিণ=কৃপণ—Avarento (কৃপণ, লোভী).
Quidro boxt খিদ্র (=ক্ষুদ্র) বস্ত—Breve couza (ক্ষুদ্র বস্তু).

Quirtonia কীর্ত্তনিয়া—Cantor (গায়ক).

Quitabot কিতাবৎ—Carta (পত্র, সনদ, দলিল).

Quite ?কিতে (=বেরিতে)—Cingir (বন্ধন বা বেষ্টন করা).

Qrina কৃণা?—Deleitaçaõ (আনন্দ).

Quirtim mohor কৃত্রিম মোহর—Moeda falsa (মেকী টাকা).

Quirite ?কিরিতে—Riscar apagando (অস্পষ্ট যাহা তাহা মুছিয়া ফেলা).

Quirtica, -cá Punzi কৃত্তিকা, কৃত্তিকাপুঞ্জী—Sete estrelo (সপ্তনক্ষত্র).

Qh

Qhana খানা—Banho (প্রক্ষালনের স্থান) ; Comer (ভোজন করা).

Qhattal খাটাল—Camara (গৃহ, শয়নগৃহ).

Qhaxi খাসি—Capado animal (নপুংসকীকৃত জন্তু).

Qhal খাল—Chave ; ou Cova ordinaria (চাবী ; বা সাধারণ গর্ত্ত).

Qhazuaite খাজুয়াইতে—Coçar (চুলকানো).

Qhali pao খালি পাও—Descalço (নগ্নপদ).

Qhamba lagaite খাম্বা লাগাইতে—Amadeirar (রোপণ করা বা গর্ত্ত করিয়া দাঁড় করানো, তক্তা দিয়া ঢাকা).

Qhale thuite খালে থুইতে—Enterar (কবর দেওয়া).

Qhacan খাকান—Escarro (থুথু).

Qham corite খাম করিতে—Fechar cartas (পত্র শীলমোহর করা).

Qhaca খাকা—Figa (কবচ, মন্ত্র).

Qhatto corite খাটো করিতে—Encurtar (হ্রস্বীকরণ).

Qhaus খাউজ—Gafeira (চর্ম্মরোগ-বিশেষ).

Qhatti, Dag খাটী, দাগ—Mancha (দাগ, চিহ্ন).

Qhanchon কাঞ্চন—Ouro (স্বর্ণ).

Qhalpar hoite খালপার হইতে—Passar o rio (নদী পার হওয়া).

Qhatal খাটাল—Sala (বড়ঘর, দালান).

Qhan খান—Retalho, ou pedaço (খণ্ড).

Qhad (=qhan) খান—Senhor, i. *Dominus* (মহাশয়, প্রভু).

Qham কাম—Serventia (কাজ).

Qhatti খাটী—Sinal de corpo (শরীরের চিহ্ন বা দাগ).

Qhatti boxonter খাটী বসন্তের—Sinal de baxigas (বসন্তরোগের চিহ্ন).

Qhazur খাজুর—Tamara (খেজুর).

Qhana bagar dite খানা বাগার দিতে—Temperar o comer (খাদ্য মিশ্রণ ও সম্বর দেওন).

„ xombar dite খানা সম্বার দিতে „ „ „

Qhatt morar খাট মড়ার—Tomba (গোর).

Qharputi ? খার পুথি—Vocabulario (শব্দকোষ).

Qhepa খেপা—Desatino (উন্মাদ).

Qhet খেত—Varja (জলা জায়গা).

Qhezmot খেজমৎ—Serviço (সেবা).

Qhemite ক্ষেমিতে—Sofrer, ou perdoar (সহ্য করা, ক্ষমা করা).

Qhemonia ক্ষেমনিয়া—Paciente, e sofredor (সহিষ্ণু, ও সহনশীল).

Qhemamont, qhemazuct ক্ষেমামন্ত, ক্ষেমাযুক্ত.

Qhedaite poqhio খেদাইতে পক্ষ=Enxotar passaros (পাখী তাড়ানো).

Qhedaite xthan bhroxtto খেদাইতে স্থান ভ্রষ্ট—Desterrar (নির্ব্বাসিত করা).

Qheto খেত (=উৎখাত)—Encertado (নির্ব্বাসিত).

Qhecohon খেক(র)ন—Escarro (কফ, থুথু).

Qhecoraite খে-করাইতে—Escarrar (থুথু ফেলা).

Qheuqhaite খেউখাইতে—Ladrar, বিশেষ্য Qheuqhan (খেউ খেউ করা, চীৎকার করা).

Qherghor খেড় ঘর—Palheiro (খড়ের গাদা).

Qhermix খিরমিজ—Carmezim (রক্তবর্ণ).

Qherua খেড়ুয়া—Caza de palha (খড়ের ঘর).

Qhida খিদা—Feme (ক্ষুধা).

Qhidarto খিদার্ত্ত—Faminto (ক্ষুধার্ত্ত).

Qhind খন্দ—Novidade de campo (ক্ষেত্রের নব শস্য).

Qhicto corite খিক্ত করিতে—Podar (ছাটিয়া দেওয়া).

Quichor খিচড়—Porco, i. *sordidus* (ময়লা).

Qhioe corite ক্ষয় করিতে—Sumir (গ্রাস করা).

Qhrixan কৃষাণ—Varjeiro.

Qhamir খামির—Fermento (পাঁউরুটীর খামীর).

Qhohia, Qhoia খোইয়া = খোজা—Capado homem (খোজা পুরুষ).

Qhoia corite খোজা করিতে—Capar (নপুংসক করা).

Qhoxe খোস—Casca (ছাল).

Qhoxaite খসাইতে—Tirar (স্থানচ্যুত করা, বাহিরে আনা).

Qhondoc খন্দক—Cavoco (গর্ত্ত, গাড্ডা).

Qhoro, Qharra খড়, খড়া—Corrente de agoa (জলস্রোত).

Qhonddite খণ্ডিতে (খোঁড়িতে?)—Confundir, i. Confundere (উলট পালট করা).

Qhoddon খণ্ডন—Confundiçaõ.

Qhora boxt খোঁড়া বস্তু—Coxa couza (খঞ্জ বস্তু).

Qhoxaite hatiar খসাইতে হাতিয়ার—Desarmar (নিরস্ত্র করা).

Qhoxaite taroal meane hoite খসাইতে তারওয়াল মেয়ানে হতে—bacol বাকল, chilca ছিলকা, chamra চামড়া = খাপ হইতে তরবারী উন্মোচন ; চর্ম্ম উন্মোচন.

(Lohu)Qhoxanea লহুখসানিয়া = Sangrador (যে রক্তমোক্ষণ করে).

Qhoxaite thopi mathae hot = খসাইতে টুপি মাথায় হইতে.

Qhoaite খোয়াইতে—Desperdiçar, ou destruir (নষ্ট করা).

Qhoania খোয়ানিয়া—নাশশীল.

Qhoxaite khil খসাইতে খিল—Despregar (উন্মোচন করা).

Qhonddo proloe খণ্ড প্রলয়—Deluvio de agoa (জলপ্লাবন).

Qhol cocha utthite খলকচা উঠিতে—Empolar-se o rio (নদী ফুলিয়া উঠা).

Qhoxqhoxia boxt খস্‌খসিয়া বস্তু—Gafa couza (চর্ম্মরোগাক্রান্ত বস্তু).

Qhozo খোজ—Guia (পথ-প্রদর্শক); °dite খোজ দিতে—Guiar (পথ দেখাইয়া লইয়া যাওয়া).

Qhopa খোপা—Madeira (কাঠ).

Qhoxoc খোসক—Mantimento (ভরণ-পোষণ, আহার্য্য দ্রব্য).

Qhoxamudia, Qhoboria খোষামোদিয়া, খবরিয়া.

Qhonux দুখোহুষ—Odio (ঘৃণা); °করিতে, °রাখিতে.

Qhora কোড়া—Partezana.

Qhora dia marite কোড়া দিয়া মারিতে—Matar com partezana (তীক্ষ্ণাগ্র প্রহরণ-বিশেষ দিয়া প্রহার করা).

Qhonta খোন্তা—Piçaõ (খন্তা).

Qhóhite কহিতে—Pronunciar, ou falar (উচ্চারণ করা বা বলা).

Qhohité pap Padrír casse কহিতে পাপ পাদ্রীর কাছে = Confessar (ধর্ম্মযাজকের কাছে দোষ স্বীকার করা).

Qhoraq খোরাক—Proirmento ou viatico (আহার্য্য, পথের সংস্থান).

Qhonddo ghor loite খণ্ড ঘর লইতে—Recolher a novidade (নূতন দ্রব্য বা সংবাদ সংগ্রহ).

Qhoti ক্ষতি—Peita (অধীনতা, ঘুষ; খাজনা বা মাশুল).

Qhorom খড়ম—Tamancos (কাষ্ঠপাদুকা).

Qhurxi কুর্সি—Cadeira (কেদারা).

Qhupi, qhubi খুপী, খুবী—Camara (প্রকোষ্ঠ).

Qhupir duar খুপীর দুয়ার—Porta da camara (প্রকোষ্ঠ-দ্বার).

Qhutti lagaite খুটী লাগাইতে—Madeirar (পাটাতন দেওয়া).

Qhun, Bodh খুন, বধ—Mortre, homicidio (মৃত্যু, নরহত্যা).

Qhunia খুনিয়া—Matador, Homicido (হত্যাকারী); qhuni (খুনী).

Qhura খুড়া—Tio da parte do pay (পিতৃব্য—পিতার ভ্রাতা).

Qhulota খুলতা—Tio da parte da mãy (মাতুল—মাতার ভ্রাতা).

R

Rax রাজ—Pedreiro, ou Arquitecto (রাজমিস্ত্রী, স্থপতি).

Raqhual রাখুয়াল—Pastor, ou Quardador (রক্ষক, মেষপালক).

Ramdhonuc, ou Ramer hather danuc রামধনুক, বা রামের হাতের ধনুক—Arco da velha (রামধনু).

Ranga bost রঙ্গা বস্তু—Couza vermelha (লোহিত দ্রব্য).

Randhoni রান্ধনি—Cozinheira পাচিকা ; -nia রান্ধনিয়া— -nheiro (পাচক).

Rata রাতা—Galo (মোরগ).

Rata phul রাতাফুল—Crixta de galo (মোরগের ঝুঁটি, বৃক্ষ-বিশেষ).

Rhaxota (+°corite)—হ্রাসতা (করিতে)—Desfalecimento, Desfalecer (দৌর্ব্বল্য, (শুকাইয়া যাওয়া).

Rau graxite রাহু গ্রাসিতে—Ecclipsar-se ; (গ্রস্ত বা অন্ধকার হওয়া) Rahugrax.

Racbari রায়বারী—Embaixador (রাজদূত).

Racbar dite রায়বার দিতে—dar embaixada (দৌত্য করা).

Ran রান—Espadoa (স্কন্ধদেশ).

Raqhiox রাক্ষস—Gigante.

Rati রত্তি—Migalha (অল্প পরিমাণ).

Ran রান্—Perna de artelho até as vrilhas (গুল্‌ফ হইতে কটিদেশ পর্য্যন্ত পদ).

Ral ?রাল—pés (জন্তুর পিছনের পা দুটী).

Raqhiona রাখনিয়া—Pussoidor (অধিকারী).

Ramzani রামজনী—Puta (বেশ্যা).

Razabondho রাজবন্ধ—Satisfeito (সন্তুষ্ট).

Ret রেত—Lima de aço (লোহার উকো) ; °dite °deon °banaite.

Rechan রেচন—Purga (কোষ্ঠ পরিষ্কার হওয়ার ঔষধ).

Ret রেত—Semen homano (পুং শুক্র).

Rhidoe, Rhido হৃদয়, হৃদ—Coraçaõ (হৃদয়).

Roxum রোশুম—Alho (লশুন).

Rôx রোজ—Azo que (উপলক্ষ).

Rox, Goxa রোষ, গোষা—Agastamento (ক্রোধ).

Roxoi corité রসুই করিতে—Cozinhar (রন্ধন করা).

Roxoi রসুই—Cozinhado (যাহা রন্ধন করা হইয়াছে).

Roxua রসুয়া—Cozinheiro (পাচক).

Ronzoq রঞ্জক—Escovadura (শক্ত বুরুষ).

Roan রোঁয়া—Felpa (রোম, কেশ).

Rotené xodagor রতন সদাগর—Lapidario (রত্নবণিক্).

Rocto bittal রক্ত বিটাল—Lazaro doença, Lazarento (কুষ্ঠ).

Romal রুমাল—Lenço (রুমাল).

Rozoxola রজস্বলা.

Roder satta রোদের ছটা—Raio do sol (সূর্য্যের তাপ).

Rohon bhinnio রহন ভিন্ন—Recolhimento (সংসার বিরাগ).

Rog রোগ—Doença, ou veya ? (পীড়া, অনুরাগ).

Ruttir mani রুটীর মণি—Miolo de paõ (রুটীর শাঁস).

Ruite রুইতে—Plantar (রোপণ করা).

Ructtir bacol রুটীর বাকল—Codia de paõ (রুটীর উপরের আবরণ).

Romana ponti রোমানা পন্থী—Christaõ (খ্রীষ্টান).

S

Saro ?ছারো—Acipreste (বৃক্ষ-বিশেষ).

Sagaite চাগাইতে—Acordar a outrem (অন্যের নিদ্রাভঙ্গ করা).

Saguite চাগিতে, জাগিতে—Acordar por si (নিজে নিদ্রা হইতে উঠা); Sagron জাগরণ—Acordado (প্রবুদ্ধ, জাগরিত).

Satcura সাতকুরা = Bolor (ছাতা).

Satcura boxt সাতকুরা বস্তু—Borolenta couza (ছাতাপড়া জিনিষ).

Sangtrax ছঙ্গ ত্রাস—Cabouqueiro (যে পাথরের খাদে কাজ করে ; অনধিকারী).

Saghi, Saga ছাগী, ছাগা—ছাগী, ছাগ ; Sagoler sao ছাগলের ছাও ; -ladii -লাদী ; sagoler bori ছাগলের বড়ি.

Sagoler raqhual ছাগলের রাখোয়াল.

Saoni ghor ছাওনি ঘর—Caza de palha cheiroza (সুগন্ধি খড়ের ঘর).

Sap ছাপ—Chap(-a) (খোদাই করা ধাতুফলক).

Sai ছাই—Cinza (ভস্ম).

Saia boxt ছাইয়া বস্তু—Cinzenta couza (ছাই রঙ্গের বস্তু).

Sansa সাঁচা—Verdade (সত্য).

Saoal ছাওয়াল—Creança (শিশু).

Saõa, v. Saea ছাওয়া, বা ছায়া—Sombra (ছায়া).

Saôá ছাওয়া—Vazo de mulher (স্ত্রীজাতির নিতম্ব বা গুপ্ত অঙ্গ).

Saná ছানা—Couza nova (নূতন বস্তু).

Saoalqui ছাওয়ালকি—Mininice (ছেলেমি ; শিশুসুলভ চপলতা).

Sarité bao ছাড়িতে বাও—Espeidorrar.

Se ছে—Proa de barco (গলুই).

Sea ছেয়া—Pilaõ de cima, ou maço de paó (হামান দিস্তার ডাঁটী).

Sep ছেপ—Cuspo (থুতু) °phelaite ছেপ ফেলাইতে.

Sidro, Solac ছিদ্র, ছুলাক—Buraco (গর্ত্ত).

Sorrhi ?ছড়ী—Des vario, ou doudice (প্রলাপ, বা উন্মাদের কর্ম্ম).

Sirhi ?ছিড়ী—Doudo (পাগল, নির্ব্বোধ).

Sirhipona ছিড়িপনা—Doudice (উন্মাদের কর্ম্ম).

Sinxca ছিঁচ্কা—Espeto (শিক).

Sira ছিরা—Pinho (পাইন গাছ ; তাহার তক্তা).

Striphol, Sirophol শ্রীফল, ছিরফল—Marmelo (ফল-বিশেষ).

Srigdho স্রিগ্ধ=স্নিগ্ধ—Sosegado (শান্ত).

Sinite জিনিতে—Vencer (জয় করা).

Sinonia জিননিয়া=জয়ী.

Sombuc জম্বুক—Adibe (শৃগাল); অনুরূপ, Srocal শ্রকাল—শৃগাল, জম্বুক.

Sonchi ছুঁচি—Empolear (নষ্ট বা অশুদ্ধ করা).

Sonoti ছনতি—Fanado (কর্ত্তিত, যাহা ছাঁটিয়া ফেলা হইয়াছে).

Salon ছালন—Iguaria (তরকারী, ব্যঞ্জন).

Soyá ছুয়া—Nota (চিহ্ন, কলঙ্ক).

Son, qherr শণ, খেড়—Palha (খড়).

Stobdho, Stoquit স্তব্ধ, স্তম্ভিত—Perturbado, e pasmado (হতবুদ্ধি, ও আশ্চর্য্যান্বিত).

Sautite শান্তিতে—Pezar (অনুশোচনা করা).

Soqhoil ছকৈল—Pilaõ de baixo (হামাম দিস্তার নীচে যে অংশ নাড়ে).

Sea ছেয়া—Pilaõ de cima (হামাম দিস্তার উপরের অংশ অর্থাৎ দস্ত).

Sola ছোলা—Rapadura (যাহা ছুলিয়া ফেলিয়া দেওয়া হয়).

Senturaite সেন্তরাইতে—Rastejar (অনুসন্ধান, অনুকরণ, বা পরীক্ষা করা).

Some raqhite ছমে রাখিতে—Segurar (ধারণ করা, ঠকা বা আশ্রয় দেওয়া).

Srigdho স্নিগ্ধ—Sosegado (শান্ত).

T

Ta, tao dite তা, তাও দিতে—Chocar ovos (ডিমে তাপ দেওয়া).

Tamba, Tama, Tamro তাম্বা, তামা, তাম্র—Cobre (তাম্র).

Taq তাক—Cantareira, ou ninho (কাঠের তাক, নীড়).

Taorite ঠাওরিতে—Determinar (স্থির, বা নির্ণয় করা).

Tagaet তাগাইৎ—Até (পর্য্যন্ত).

Tatta ঠাটা—Rayo (বজ্র) ; °porite (বজ্রপাত হওয়া).

Tantto Tautt তাঁতো, তাঁত—Corda de arco (ধনুকের ছিলা).

Tamani তামানি—Concluzaõ (শেষ).

Tao, To তাও, তো—Dobra (ভাঁজ).

Tariq, Teriq তারিখ, তেরিখ—Hera de tempo (দিন মাস ইত্যাদি).

Tamari তামারি—Gamella, Panela de cobre (গামলা, তাম্রপাত্র); অনুরূপ Tagari টাগারি.

Tarbiet তর্ব্বিয়েত=তরিবৎ—Inclinaçaõ (আগ্রহ).

Tauqhe ?তাউথে—Ingreme (খাড়া, দুরারোহ).

Tarr তাড়—Joya de braços (বাহুভূষণ).

Talic তালিক—Lixta (ফর্দ্দ).

Taga তাগা—Linha de cozer (সেলাইয়ের সুতা).

Taquieq তাকিয়েক—Liquidaçaõ (ঋণ শোধ করা).

Talua তালুয়া—Moleiro (যাঁতাওয়ালা, পেষক).

Tana টানা—Peça da pano (কাপড়ের উপাদান).

Tagari টাগারি—Pia (পবিত্র জলপাত্র).

Taroari তরোয়ারী—Espada (তরবারি).

Taiguiri ?তাইগিরি—Privaçaõ de alguma couza (কোনও দ্রব্যের অভাব).

Tabich তাবিজ—Relicario (পবিত্র স্মৃতিচিহ্নের আধার).

Talaxia তালাসিয়া = যে অন্বেষণ করে.

Taliq তালিক—Rol (ফর্দ্দ).

Tatir xar তাঁতির সার—Tear (তন্তুবায়ের তাঁত).

Tati তাঁতি—Tecelaõ (তন্তুবায়).

Tambora corite তাম্বুরা করিতে—Temperar viola (বাদ্যযন্ত্র সুরে বাঁধা).

Traqhia zor ত্রাখিয়া জর—Terçano (ত্র্যাহিক জ্বর).

Tambora Bazania তাম্বুরা বাজানিয়া.

Taite atina তাইতে আতিনা—Levantar os folles (হাপর চালানো).

Ttaq টাক—Calvo (কেশহীন মস্তক).

Ttacura টাকুরা—Calvo.

Tel phuler, xorxar ফুলের, সরষার তেল.

Tepani তেপানি—Barrela (ক্ষারজল).

Teho তেহ—Elle (তিনি); এই অর্থে Tini.

Tepeantor তেপান্তর—Ermo (মরুভূমি).

Tepantore zaite তেপান্তরে যাইতে—Ir para o ermo (মরুভূমিতে যাওয়া).

Texnae morite তেষ্ণায় মরিতে—Morrer de sêde (তৃষ্ণায় মারা যাওয়া).

Tirax morite তিরাষ মরিতে=Texnae Morite.

Tex তেজ—Invençaõ, i. *fortiter* (প্রতিভা, অর্থাৎ সতেজঃ).

Tex তেজ—Picante (ঝাল).

Tena টেনা—Isca de fuzil, ou pedaço (লোহার ছিপ, বা খণ্ড).

Tela টেলা—Parvo (সরল, নির্ব্বোধ); -aini টেলামি—Parvidade (নির্বুদ্ধিতা).

Telani তেলানি—Tacho (তাম্রপাত্র).

Tentoil তেঁতইল—Tamarinho, fruta (তেঁতুল, ফল).

Teloin তেলৈন—Tigella (খোলের বাটী, পাত্র).

Tena, v. cani তেনা, কাণি—Trapo (ন্যাক্‌ড়া).

Tirondax তীরন্দাজ—Frecheiro (ধানুকী).

Titaite তিতাইতে—Molhar (ভিজান, সিক্ত করা).

Titite তিতিতে—Tolhar (-Molhar) -se (ভেজা, সিক্ত হওয়া).

Tirth তীর্থ—Romaria (পুণ্যস্থান দর্শন). °corite.

Tin x°ho তিন শ—Trezentes ; Tix, Trix (তিশ, ত্রীশ)=30.

Tine তিনে—Terceiro numero (তৃতীয় সংখ্যা).

Triaphor ত্রিয়াফর—Triaga (ঔষধ).

Toteal corite তত্তেয়াল করিতে—Apressar (অগ্রসর হওয়া, শীঘ্র করা).

Toquioq তক্ষক—Vibora (বিষাক্ত সর্প).

Tontt ঠোঁট—Bico de ave (পাখীর চঞ্চু).

Tôp তোপ—Bombarda (কামান).

Tôpchi, Tôpandag তোপচী, তোপন্দাজ.

Topto Shai তপ্তছাই—Bor(r)alho (তপ্ত ছাই).

Tocom তকম—Botaõ (বোতাম).

Toc chet ত্বক্‌ছেদ—Circumzizaõ (খৎনা, সুন্নৎ).

Toradut তরদ্দুদ্—Diligencia (কর্ম্মতৎপরতা).

Tó তো—dobra (ভাঁজ, পোর্ত্তগীজ মুদ্রা-বিশেষ).

Tot guiani তৎজ্ঞানী—Doutor (পণ্ডিত).

Tron ত্রণ=তৃণ—Erva (ঘাস).

Tobela তবেলা—Estrevaria=?

Torco baguix corite তর্কবাগীশ করিতে—Filozophar (দার্শনিক বিচার করা).

Tocoli তগল্লী—Fingido (মিথ্যা).

Tocolid corite, boite তগল্লিদ করিতে, হইতে—Fingir -v- se (মিথ্যা বলা, গোপন করা).

Tog তোগ—Furia (হঠকারিতা, উন্মাদ).

Tota, Totola তোতা, তোতলা—Gago (তোতলা).

Troxcari ত্রোস্‌কারী—Nojenta couza (গ্লানিকর দ্রব্য).

Toca টোকা—Piparote (মৃদু আঘাত).

Toulaite তৌলাইতে—Pezar com balanças (তৌলে ওজন করা).

Tomar doxti তোমার দোস্তী—Per amor de vóo (তোমার বন্ধুত্ব).

Totcal তৎকাল—Pressa (ত্বরা).

„ corite করিতে—Apressar (অগ্রসর হওয়া, শীঘ্র করা).

Tolporr তোলপাড়—Rebate (হুলস্থূল).

Tonoc টনক—Rijo, i. forte (কঠিন, কঠোর, শক্ত).

Trocon ত্রকোণ=ত্রিকোণ—Triangle.

Trodox ত্রদোষ—Tizica=ত্রিযক্ষ্মা.

Trodoxia ত্রিদোষিয়া—Tizico=যক্ষ্মাযুক্ত.

Tombo তোম্ব—Ventoza (বায়ুপূর্ণ, স্ফীত, গর্ব্বিত).

Tula তুলা—Algodaõ de caroço (কার্পাস).

Tuctuc corite ঠুকঠুক করিতে—Atassalhar (খণ্ড খণ্ড করা).

Tuqui buque dine বুকে ঠুকি দিতে—Bater nos peitos (বক্ষে করাঘাত করা).

Tuli তুলি—Colchaõ (তোষক).

Tuni থুনী—Columna, ou espeque (থুঁটী, স্তম্ভ).

Tuluna তুলুনা—Comparaçaõ (তুলনা).

Tuns তুঁষ—Farelos (তুঁষ).

Tuqui টুকি—Migalha (ক্ষুদ্র খণ্ড).

Tuca ? থোকা—Montaõ, ou ossada de dessuntos (স্তূপ).

Tuli তূলি—Pinsel (তুলিকা).

Tena calir ? টেনা কালির—Pedorozo.

Tuphang তুফাঙ—Zaravatana (বন্দুক-বিশেষ, নালিকা অস্ত্র).

Th vel Tth

Thari, Thali থারি, থালি—Bule (পাত্র-বিশেষ) ; অনুরূপ Thopa থোপা.

Thabora থাবড়া—Bofetada (চপেটাঘাত).

Thaite ঠাইতে—Esperar hum pouco (অল্প বিলম্ব করা).

Thenga ঠেঙ্গা—Varo (দণ্ড).

Thatta ঠাটা—Rayo (বজ্র).

Thela ঠেলা—Empurraõ (ধাক্কা).

Theriq তেরিখ—Dao de cartas (তারিখ).

Tthaquité ঠাকিতে—Chamar com acenos (ইঙ্গিতে আহ্বান করা).

Tthacurali ঠাকুরালী—Dominio (প্রভুত্ব).

Tthattbol ঠাটবোল—Eloquente (বাগ্মী).

Ttharite ঠারিতে—Piscar os olhos (নেত্রপাত করা) ; Tthar dite ঠার দিতে.

Tthatt ঠাট—Galla, ou Exercicio (কার্য্য).

Tthattaru ঠাটারু—Fundido ; Latoeiro (কাংস্যকার).

Tthattari ঠাটারী— „ „ „

Tthanddai ঠাণ্ডাই—Ma(n)sidaõ (মৃদুতা).

Tthanite টানিতে—Puxar (আকর্ষণ করা).

Ttheca, Tthecona ঠেকা, ঠেকনা—Pelo (অবলম্বন).

Tthettolami ঠেঁটলামি—Hipocrita (ভণ্ড) ; °hoite = Ser hipocrita.

Tthetton ঠেটন—Hipocrezia (ভণ্ডামি).

Ttheq ঠেক—Impedimento (বাধা) ; °করিতে, দিতে, -অন.

Tthemora ? ঠেমরা—Ingelhado (শুক, কুঞ্চিত-চর্ম্ম).

Tthona ঠোনা—Encantamento, ou feitiço (ইন্দ্রজাল).

Thuni থুনী—Madeira, ou espeque ; (কাঠ, বা খোঁটা) ; °করিতে, করনিয়া, দিতে, -র বস্ত.

Thuni lagan থুনী লাগান—Madeiramento (কাঠের ছাদ).

Tthog ঠগ—Mixirico (ছুষ্ট) ; °cohite, -ua ঠগুয়া.

Tthocor ঠোকর—Picadura (খোঁচা দেওন).

Tthicuite ঠিকুইতে—Picar (খোঁচা দেওয়া).

Tthottaite ঠোটাইতে—Podar (ছাঁটিয়া দেওয়া).

Thop থোপ—Borla (গুচ্ছ).

Thopa থোপা—Bule (পাত্র).

Thoi থই—Cavoqueiro (পাথরের খাদে যে কাজ করে).

Tthog ঠগ—Cizania (আগাছা).

Tthug, (tthuq) থুগ্, (থুক)—Cuspo (থুতু).

Tt

Ttacaite তাকাইতে—Acenar (দৃষ্টিপাত করা).

Ttarite chouq চোখ ঠারিতে—Acenar com os olhos (দৃষ্টিপাত করা).

Ttava টাবা—Bocheca (ভরাগাল, গালের ভিতরের খালি ভাগ).

Ttavagal টাবাগাল—Bochechudo (ভরা গাল).

Ttanguite টাঙ্গিতে—Dependurar (টাঙ্গান, ঝুলান).

Ttaq টাক—Calva (কেশহীন মস্তক) ; -ua টাকুয়া = Calvo.

Ttanite টানিতে—Estirar, ou puxar (আকর্ষণ করা).

Ttatoca bost টাটকা বস্ত—Fresca couza (নবীন বস্ত).

Ttatt ঠাঠ—Uzura (কুশীদগ্রহণ) ; -ua = Uzrario ; °corite, °loite.

Ttatta ঠাঠা—Rayo (বজ্র).

Ttatt bol ঠাট বোল—Eloquento (বাগ্মী).

Ttenttolami ঠেঁণ্ডলামি—Fingido (মিথ্যা); এইরূপে Sagacidade.

Ttentton টেঁটন—Fingimento (প্রবঞ্চনা).

Ttixi তিসি—Linhaça (তিসি).

Ttera টেরা—Couza torta (বাঁকা বস্তু); "দেখিতে, চক্ষু.

Ttenton টেঁটন—Sagax, ou trapaceiro (বুদ্ধিমান্, কিংবা যে সামান্য বিষয়ে প্রবঞ্চনা করে).

Ttemi টেমি—Sagacidade (বুদ্ধি).

Ttonghit corite ?টঙ্গিৎ করিতে—Aforar alguma couza (কোনও জিনিষ ভাড়া দেওয়া).

„ boite ?টঙ্গিৎ হইতে—Ser aforado (খাজনা জারী হওয়া).

Tton ঠন্—Armazem de armas (অস্ত্রাগার).

Toxta তস্তা—Bacio, ou jarro (পাত্র).

Ttilia ঠিলিয়া—Calaõ pequeno (মাটীর ছোট পাত্র).

Ttonoc টনক—Couza forte (শক্ত বস্তু).

Ttarquiq তার্কিক—Filosopho (দার্শনিক).

Ttop টোপ—Isca do anzol (লোহার বড়শী).

Ttun ttunaite টুন্ টুনাইতে—Tenir o vazo (কোনও পাত্রে টুং টুং শব্দ করা).

Ttunttunan টুন্টুনান—Tenido (যাহা দিয়া টুং টুং শব্দ করা হইয়াছে).

Ttucura টুকুরা—Batalha (যুদ্ধ, কলহ).

Ttula টুলা—Isca do anzol (বড়শী).

Ttucttiqui টুকটিকী—Lagartixa (ছোট টিক্‌টিকী).

Tturi, turi তুড়ি, টুড়ি—Castanheta (হাতের আঙ্গুল দিয়া শব্দ করণ).

U

Ubho উভ—Alevamente (উঁচু করিয়া).

Ubur উবুড়—De bruços (মাটীর উপরে মুখ ও পেট রাখিয়া).

Ubhorite উভরিতে—Derramar (ছিটান, ঢালা).

Ucoil, Amandixta উকৈল, আমানদিস্তা—Almofarix (উদুখল).

Ucun উকুণ—Piolho (উকুণ).

Ucun qhoxaté উকুণ খসাইতে—Catar piolhos (উকুণ বাছা).

Ucoli উখলি—Pilaõ de baixo (উদুখল).

Udhar bocxon উধার বকষণ—Remiçaõ dos peccados (পাপের ক্ষমা)

Udhar corite উধার করিতে—Resgatar ou remir (নিস্ক্রয়মূল্য দেওয়া, বা অর্থ দিয়া উদ্ধার করা).

Udhari উধারী—Resgate (নিস্ক্রয়, অর্থ দিয়া উদ্ধার).

Udola, Udam corite উদলা, উদাম করিতে—Descubrir (অনাবৃত করা).

Udbegia উদ্বেগিয়া—উদ্দেশ করনিয়া বা কর্ত্তা.

Udhar, dhar উধার, ধার—Emprestimo (ঋণ, ঋণ দান বা গ্রহণ).

Unchai উঁচাই—Altura, i. *altitudo* (উচ্চতা, অর্থাৎ উচ্চত্বম্).

Ungur উঙ্গুর—Uvas (আঙ্গুর).

Ungurer saca উঙ্গুরের ছাকা—Bagaço de uvas (আঙ্গুরের অবশিষ্ট অংশ).

Um dite উম্ দিতে (ডিমে তা দেওয়া)—Chocar ovos (ডিমে তাপ দেওয়া).

Una, unu hoite উনা, উনু হইতে—Diminuir-se (কমিয়া যাওয়া).

Untt উট—Camelo (উষ্ট্র).

Untter hamolan উটের হামলান—Mugido de camelo (উটের ডাক).

Upodropa ?উপদ্রপা—Congregaçao (ধর্ম্মগোষ্ঠী).

Upodrop উপদ্রপ—Fadiga, Molestia (ক্লান্তি, পীড়া).

Upuraite উপুড়াইতে—Depenar (উৎপাটন করা).

Upurite উপুড়িতে=Depenar-se (পালকাদি স্বভাবতঃ ত্যাগ করা).

Upaniae উপাস্ত্রায়—Ditado (নির্দ্দিষ্ট, যথাশ্রুতি লিখিত).

Upohaxio উপহাস্ত—Escarnio, ou graças (উপহাস বা বিদ্রূপের বিষয় বা দয়া).

Upoxth উপস্থ—Duvida (সন্দেহ).

Upoxthi hoite উপস্থী হইতে—Duvidar (সন্দেহ করা).

Uporxete ৭উপ(র)সিতে—Em jejum (উপবাসে).

Upoqhite, Upoqhia উপখিতে, উপক্ষা—Engeitar, Engeitado (উপেক্ষা করা, উপেক্ষিত).

Upocathai উপকথাই—Fabulozo (অবাস্তব).

Upocaroxto উপকারস্থ—Favorecido (অনুগৃহীত).

Upohaxia উপহাসিয়া—Faceto, galantido.

Ulani উলানি—Purga (রেচন).

Ultt corite উলট করিতে—Revolver (আবর্ত্তন করা).

Ultta উলটা—Revex, ou asavessas (বিপর্য্যস্ত).

Uqh উখ—Cana de açucar (আখ, ইক্ষু).

Uqui উঁকি—Cousa agachada (গুঁড়ি মারিয়া অবস্থান).

,, corite উঁকি করিতে—Agachar-se (গুঁড়ি মারা).

Uqhi উখি—Carepa da cabeça, caspa (মাথার মরামাস).

Urat, ura ৭উরাৎ, উরা—Couza.

Urat, uru উরাৎ, উরু—Prena(?) do artelho, até as vrilhas (গুল্ফ হইতে জঙ্ঘা পর্য্যন্ত).

Urux উরুস—Percevejo (উকুণ).

Uttan উটান (উঠান)—Adro (গোরস্থান, মাঠ).

Utoran উত্তরান—Descida, ou chegada (অবতরণ).

Utorite উত্তরিতে—Chegar, ou descer por si (অবতরণ করা, বা নিজে নামা).

Utoraite উত্তরাইতে—Descer a outrem (অপরকে নামান).

Ulta baxi উলটা বাসি (=বাড়ি)—Espaldeirada (তরবারির উলটা দিক্ দিয়া আঘাত).

Utolaite উথলাইতে—Ferver (সিদ্ধ হওয়া).

Utola, utran উতলা, উথরান—Fervura (সিদ্ধ হওন).

Utthan উঠান—Pateo (অঙ্গন).

Uxom zol উসম জল—Agoa morna (কবোষ্ণ জল).

Uzol উজল—Alumiaçaõ, Lume (জ্যোতিঃ).

Uzhol = Lume (জ্যোতিঃ).

Uzarité উজাড়িতে—Arromtar, ou arruinar (ভাঙ্গা, ধ্বংস করা).

Uzu উজু—As direitas (ঋজু, সরল).

Uzuol boxt উজল বস্ত—Clara couza (উজ্জল বস্তু).

X

Xag শাগ—Bredos (শাক-বিশেষ).

Xag lonia শাগ লুনিয়া—Beldroegas (শাক-বিশেষ).

Xagon সাজন—Accompanhamento (অলঙ্কার, সজ্জা).

Xat boxt সাথ বস্ত—Couza junta, i. posta junto (পার্শ্ববর্ত্তী, অর্থাৎ পার্শ্বে রক্ষিত, বস্তু).

Xaharzio সাহার্য্য—Ajuda (সাহায্য) ; পরে xazio সাজ্য = Contribuiçaõ (সাহায্য).

Xate সাতে (= সাথে).

Xaph সাফ—Alimpar (পরিষ্কার করা).

Xati সাথী.

Xada boxt, v. dola (সাদা বস্ত, ধলা)—Couza branca (শ্বেতবর্ণ বস্তু).

Xaphedi সাফেদী—Alvura (শ্বেতভাব).

Xapheda সাফেদা—Alaya, i. *videns.*

Xamp dite শাঁপ দিতে—Amaldicoar (অভিশাপ দেওয়া).

Xampua শাঁপুয়া—Amaldiçoado (অভিশপ্ত).

Xaxite শাসিতে—Ameaçar (ভয় দেখানো).

Xaranxi সাঁড়াসি—A tanax de ferreiro (কর্ম্মকারের সাঁড়াশী).

Xans ? সাঁঝ—A tarde (বেলা).

Xaniqui সানিকি, মাটীর অগভীর পাত্র—Bacio de barro, i. prato (সান্‌কি).

Xabitro boxt সাবিত্র (সস্তা) বস্ত—Barata couza (সুলভ বস্তু).

Xapaphai ? সাপাফাই—Bibora (বিষধর সর্প).

Xans সাঁঝ—Boca da noite (রজনীমুখ).

Xada সাদা—Sincero (সরল) ; -dai সাদাই -ceridade (সরল ভাব).

Xarinda সারিন্দা—Cithara (সারেঙ্গী, বাদ্যযন্ত্র).

Xada rong সাদা রঙ্গ—Branca cor (শ্বেতবর্ণ).

Xachibi সাচিবি—Convalescença (রোগমুক্তি).

Xachib loite সাচিব লইতে—Covalescer (সুস্থ হওয়া).

Xazio angul সাজ্য আঙ্গুল—Dedo annular (যে আঙ্গুলে আংটী পরে)

Xad সাদ (সাধ)—Desejo (অভিলাষ).

Xaemana সায়মানা—Docel;(চন্দ্রাতপ).

Xach ছাঁচ—Imprensa (ছাপ).

Xati সাথী—Guia (পথপ্রদর্শক).

Xamal সামাল—Guarda, i. Custodia (রক্ষণ).

Xandho সান্ধ (= কান্ধ)—Hombro (স্কন্ধ).

Xadhonia সাধনিয়া—Intercessor (প্রার্থনাকারী).

Xamila সামিলা—Jurisdiçaõ (অধিকার, ভুক্তি).

Xan, Xano সান, সানো—Mô de amolar (অস্ত্রে ধার দিবার পাথর).

Xanch ছাঁচ—Modelo (আদর্শ).

Xat সাত—Momento (মুহূর্ত্ত, ক্ষণ ; গুরুত্ব).

Xantaru সান্তারু—Nadador (সন্তরণকারী).

Xaqb, Sag শাক—Ortaliça (শাকসবজি).

Xal শাল—Pao em que se espeta (শূল, 'শালে ভর দিবার' শাল).

Xao সাও—Puxos de cursos com ranho (নাকে শ্লেষ্মার টান ধরা).

Xaoxi সাওসী (সাহসী); (পূর্ব্বে xahox অনুরূপ).

Xaban সাবান—Sabaõ (সাবান).

Xaimot dhoran সাইমত ধরাণ—Sobriedade (মিতাচারিভাব)

Xaxori শাশুড়ী—Sogra ; Xoxur শ্বশুর—Sogro.

Xanraxi সাঁড়াশি ; পূর্ব্বে Xaranxi সাড়ঁাশি.

Xanrr ষাঁড়—Touro (ষণ্ড).

Xanraix সাঁড়াইশ—Torquex (সাঁড়াশী).

Xebite সেবিতে—Adorar, ou reveréciar (পূজা, বা সম্মান করা).

Xextha = চেষ্টা ; Xextta.

Xeni শেনি—Casta plebea (নীচ জাতি).

Xeluxua শেলুষা—Catarro (শ্লেষ্মা).

Xeoi, Xenho সেওই, সেহ (সেম্হ)—Elle mesmo (পূর্ব্বনির্দ্দিষ্ট ব্যক্তি).

Xecora সেকরা—Orifes (স্বর্ণকার).

Xezaru শেজারু—Porco espinho (শজারু).

Xean সেয়ান—Prudente (বুদ্ধিমান্).

Xian সিয়ান—Astuto (সেয়ান) ; Xiani সিয়ানী (সেয়ানা)—Astucia (চাতুর্য্য).

Xiona সিয়ানো—Avizado (বুদ্ধিমান্).

Xibani সিবানী—Adibe animal (শৃগাল).

Xitab সিতাব—Apressa, i. depressa (দ্রুতগতি).

Xitab xitabi সিতাব, সিতাবি—Apressadamente (দ্রুতভাবে).

Xinduc, xenduc সিন্দুক, সেন্দুক—Arca (পেটিকা).

Xicor শিকড়—Raix (মূল).

Xirce শীর্ষে—Cabeça (শীর্ষ).

Xit, Zar শীত, জাড়.

Xitan, Xior শীতান, শিয়র—Cabeceira (শিরঃস্থান).

Xixth শিষ্ট—Calado homem (শিষ্ট বা বুদ্ধিমান্ ব্যক্তি, যাঁহার মন্ত্রগুপ্তি আছে).

Xicar শিকার—Caça (শিকার).

Xil শীল—Saraiva ; clima ; condiçaõ (শীলাবৃষ্টি ; অবস্থা).

Xixa সীসা—Chumbo (কাচ).

Xian সিয়ান—Cozer (সিদ্ধ করা).

Xiani সিয়ানী—Cozedura (সিদ্ধকরণ).

Xíania bost সিয়ানিয়া বস্ত—Cozida couza (সিদ্ধ বস্তু).

Xidha সিধা (সিদ্ধ)—Santo (সাধু, সন্ত).

Xiri শিরি— Degrao (শ্রেণী, ধাপ).

Xirchi dite শিরচি দিতে—Degolar (শিরশ্ছেদ করা).

Xicorr mul corite শিকড় মূল করিতে—Deitar raizes (মূলোৎপাটন করা).

Xtri teaq corite স্ত্রী ত্যাগ করিতে—Desquitar-se da mulher (পত্নী ত্যাগ করা).

Xinduccha সিন্দুকচা—Escriptorio (ছোট বাক্স, লিখিবার জন্ম).

Xiphor সিফর (সিপার)—Escudo (ঢাল).

Xiccathi সিক কাঠি—Espeto (শিক কাঠি).

Xiphorite, Xiphoraité সিফরিতে, সিফরাইতে—Estremecer (কাঁপা, কাঁপানো).

Xinigdho bossor স্নিগ্ধ বৎসর—Anno fertil (উর্ব্বর বৎসর, যে বৎসর প্রচুর শস্য উৎপন্ন হয়).

Xinigdhota স্নিগ্ধতা—Fertilidade (উর্ব্বরতা).

Xíxa, xixi শিশা, শিশি—Frasco de vidro (কাচের শিশি).

Xiconderi ?শিকন্দেরী—Gadelha (দীর্ঘ কেশ ; লাভ).

Xicra শিকরা—Gaviaõ (বাজপাখী-বিশেষ).

Xipai সিপাই—Gente de cavallo (অশ্বারোহী).

Xiti সিতি=সিঁথি—Joya da cabeça (মস্তকাভরণ).

Xighoro শিঘর (=শীঘ্র)—Ligeiro (লঘু, লঘুচিত্ত, সহজ).

Xita চিতা—Lugar aonde se queimaõ os gentios (যে স্থানে হিন্দুগণের দাহ হয়).

Xitoli শীতলী—Mansidaõ (মৃদুতা).

Xindh ?সিঁধ—Mina de fortaleza (কিল্লার দেয়ালের তলে বারুদ দিবার গর্ত্ত).

Xirhi সিড়ি—Poial (গৃহের নিকটে প্রস্তর-নির্ম্মিত বসিবার স্থান).

Xingania সিঙ্গানিয়া—Ranhozo (ক্লেদযুক্ত নাসিকা যাহার).

Xipla ?সিপলা—Tamaõ.

Xittha সিঠা—Entezado (যাহা টান বা শক্ত হইয়াছে).

Xiai সিয়াই—Tinta de escrevar (লিখিবার কালি).

Xixcor শিস্কর—Vidreiro, ou vidraceiro (কাচের জিনিস যে তৈয়ারী করে).

Xongoton সংঘটন—Acontecimento (ঘটনা).

Xocra, xacar শকরা, শাকর—Assucar (শর্করা).

Xorbogguio সর্ব্বজ্ঞ—Advinhador (পরামর্শদাতা).

Xorbor corite ?সরবর করিতে—Administrar (রাজ্য শাসন করা).

Xondor সুন্দর—Fermozura (স্বরূপ).

Xoba corite শোভা করিতে—Adornar (শোভিত বা সজ্জিত করা).

Xondene ? সন্দেহে, xongpone সংগোপনে—Com cautella (সাবধানে).

Xoncox সংকোচ—Arreceyo.

Xomoe, octo সময়, ওক্ত—A tempo (কাল).

Xotro, Duxpon শত্রু, দুষ্পন (=দুষ্মন)—Inimigo.

Xoriet corite শরিয়ৎ করিতে—Autenticar (প্রামাণিক করা).

Xrotromi শ্রোৎরমি (সতরঞ্চি?)—Bancal (গালিচা, শতরঞ্চি).

Xorap সরাপ—Xarafo (পোদ্দার).

Xoxtai সস্তাই—Barateza (সুলভতা).

Xonqh শঙ্খ—Buzio (শঙ্খ).

Xorzia শর্য্যা (শয্যা)—Cama (শয্যা).

Xonailer phol সোনাইলের ফল—Cana fistola (বিরেচক বৃক্ষ-বিশেষ).

Xonapoti সোনাপতি—Capitaõ (সেনাপতি).

Xoar সওয়ার—Cavaleiro (অশ্বারোহী).

Xoxara, corqhox শশারা, খরগোষ—Coelho (শশক).

Xorbarte সর্ব্বার্থে—Contudo (সকলের সহিত).

Xoizo সজ্য—Composiçaõ (গঠন).

Xonchar সঞ্চার—Concebimento, ou conceiçaõ (গর্ভসঞ্চার).

Xonchité সঞ্চিতে—Conceber a mulhe (স্ত্রীলোকের গর্ভসঞ্চার).

Xoril, xorir শরীল, শরীর—Corpo (দেহ).

Xondhe সন্ধে (-হ)—Duvida (সংশয়).

Xorboxuo সর্ব্বস্ব—Confiscaçaõ (বাজেয়াপ্ত করণ).

Xorom সরম—Respeito, ou confuzaõ (সম্ভ্রম, বা লজ্জা).

Xouda সৌদা—Contrato (চুক্তি, বাণিজ্য).

Xocarzio সকার্য্য—Conveniencia (সমতা).

Xob, cob চোব, কোব—Cutilada (তরবারি বা ছুরিকার আঘাতে ক্ষত).

Xombhondi, xomondi সম্বন্দি, সমন্দি—Cunhado (বিবাহ-সূত্রে যাহার সহিত ভ্রাতৃত্ব-সম্বন্ধ আছে).

Xomzhan সমঝান—Declaraçaõ (ব্যাখ্যা করণ, এজাহার দেওন).

Xoa, xuia শোয়া, শুইয়া—Deitado (শয্যায় শয়ান).

Xoong স্বয়ং—Independente (স্বাধীন).

Xoiong hoite স্বয়ং হইতে—Ser independente (স্বাধীন হওয়া).

Xoong cortute স্বয়ং কর্ত্তৃতে—De poder over tudo (সকলের উপর প্রভুত্ব থাকা).

Xod শোধ—Desconto, i. recompensa (প্রতিশোধ, অর্থাৎ প্রতিদান).

Xonali, Xonar pani boxt সোনালি, সোনার পানি বস্তু—Dourada couza (গিল্টী করা, সোনার জল দেওয়া বস্তু).

Xoctai শক্তাই—Dureza (শক্তভাব, দৃঢ়তা).

Xola শলা—Eixo (চক্রের অক্ষ).

Xotiote সত্যেতে—Em verdade (সত্যে, বাস্তবিক).

Xompa সঁপা—Emcomendado ; -ite সঁপিতে= -endar (ভার সমর্পণ করা).

Xonzhite সমঝিতে—Entender (বোঝা).

Xon, xoc সন, শক—Era de tempo (অব্দ গণনা).

Xocott শকট—Escra(e?)mento (মল).

Xobon শোভন—Esquipado (সাজান).

Xorai শরাই—Estalagem (চটী, পান্থশালা).

Xobi ছবি—Estatua (মূর্ত্তি).

Xobua, xobia, xobinia চবুয়া, ছবিয়া, ছবিনিয়া—Estatuario (মূর্ত্তিসম্পর্কিত).

Xophua সফুয়া—Esteireiro (যে মাদুর প্রস্তুত বা বিক্রয় করে).

Xonio, xena সন্য, সেনা—Exercito (সেনা).

Xozhio সজ্য?—Fabrica (কারখানা).

Xorboxo সর্ব্বস্ব—Fazenda (সম্পত্তি).

Xorg zilcaite স্বর্গ ঝিলকাইতে—Fuzilar o Ceo (আকাশে বিদ্যুৎ চমকানো).

Xorox, xoroxi সরস, সরসী—Galantaria, Galante (রসিক, নাগরিক ; -কতা).

Xorxoe corite ?সাশ্রয় ?সঞ্চয় করিতে—Grangear (সংগ্রহ করা).

Xondho, xandho ?সন্ধ, সান্ধ—Hombro (স্কন্ধ).

Xordai শর্দাই—Humidade (শীতভাব).

Xoxor, xoman সোসর, সমান—Igual (তুল্য).

Xcar, opomon অপমান—Injuria (ক্ষতি).

Xomucha, axta সমুচা, আস্তা—Inteiro, i. intacto(সমগ্র, অর্থাৎ অখণ্ড).

Xodhae, xohae সধায়, সহায়—Intercessor, interceçaõ.

Xoto roncho সতরঞ্চ—Jogo de xadres (শতরঞ্জ খেলা).

Xoguni, Dirbio শগুনি (শকুন), দির্ব্বা—Juramento (শপথ).

Xomudrer icha সমুদ্রের ইচা—Linguissa (গল্‌দা চিংড়ী).

Xoxi, xond শশী, চাঁদ—Lua (চন্দ্র).

Xoxan শশান (শ্মশান)—Lugar aonde queimaõ gente (শবদাহ-স্থান).

Xton, May স্তন, মাই—Mama.

Xoc, xoniopat শোক, সন্নিপাত—Melancolia (বিষাদ, রোগ-বিশেষ).

Xoada সোয়াদা—Mercancia (বাণিজ্য).

Xophora সফরা—Meza (মেজ, টেবিল ?).

Xoag সোয়াগ, সোহাগ—Mimo de menino (শিশুর আদর).

Xomodhiom সমধ্যম—Moderaçaõ (সংযম).

Xonozoga ?সনযোগ (=সংযোগ, সাজোয়া ?)—Murriaõ da cabeça (শিরের শিরস্ত্রাণ)

°mathae raqhite.

Xonio শূন্য—Oco, ou vazio (ফাঁকা, বা শূন্য).

Xonar, xocari সোনার, সোকারি (সেকরা)—Ourives (যে সোনারূপার কাজ করে).

Xomia boxt সম্যা (সাম্য ?) বস্তু—Pacifica couza (শান্ত বা শান্তিদায়ক বস্তু).

Xot bap সৎবাপ—Padrasto.

Xomxa শঁশা—Pepino (শশা).

Xophoria am সফরিয়া আম (সব্রিআম)—Pera da India (পেয়ারা).

Xrong, xing শ্রঙ্গ=শৃঙ্গ, শিং—Ponta (শৃঙ্গ, অগ্রভাগ).

Xotiaxi=xoniaxi সত্যাসী=সন্ন্যাসী—Religiozo (সন্ন্যাসী).

Xorpox সরপোষ—Rolha (ছিপি).

Xog সুখ—Saude (স্বাস্থ্য).

Xoturi সত্তুরি—Setenta (সত্তর).

Xô, xoo, xot শ, শত, শৎ—Cem (শত).

Xotontong=xorbocal সতন্তং=সর্ব্বকাল—Sempiterno (চিরন্তন).

Xopte সপ্তে—Setimo (সপ্তমভাগ).

Xon, xũri সন, শুঁড়ী—Teverneiro (মদ্যবিক্রেতা).

Xompoiter hixab সম্পইত্তের হিসাব—Testamento (সম্পত্তির হিসাব, দানপত্র)

Xoloq শোলোক—Trova (শ্লোক).

Xrotronzi স্রতরঞ্জি—Bancal (শতরঞ্চি).

Xtri biaxtu স্ত্রী বিয়াস্তু—Mulher cazada (বিবাহিত স্ত্রী).

„ abiaxtu স্ত্রী অবিয়াস্তু—Mulher sotteira (অবিবাহিত কন্যা).

„ gorbhoti স্ত্রী গর্ভতি—Mulher pejada (গর্ভবতী স্ত্রী).

Xuoron স্বরণ—Lembrança (স্মরণ).

Xuxtô সুস্থ—Alento (সাহস, তেজ).

Xuns ছুঁচ, ছুঁইচ—Alfinite, ou agulha; অন্যত্র বানান—xuins.

Xuta sala hoite সুতা ছালা হইতে—Alinhavar (টাঁকিয়া দেওয়া).

Xupari সুপারী—Arrecada (আভরণ).

Xurqui সুর্কি—Argamassa (সুর্কি, দেওয়াল গাঁথিবার মসলা).

Xuqhna rotti সুখ্না রুটী—Bixcouto (বিস্কুট).

Xubho ratri শুভ রাত্রি—Boas noites (উৎসবময় রাত্রি).

Xulac, sidro শুলাক, ছিদ্র—Buraco (গর্ত্ত).

Xunguite শুংগিতে—Cheirar (আঘ্রাণ করা).

Xuoicar স্বীকার—Consentimento (একমত হওন).

Xup সুপ—Crivo (চালুনী, সূর্প).

Xuri ছুরী—Faca, ou Cotelho (ছুরিকা).

Xumqhe সুমুখে—De fronte (সম্মুখে).

Xucui boxt সুখী বস্তু—Mimoza couza (নরম জিনিস).

Xuda pa সুদ্ধা পা—Descalço (মুক্তপদ).

Xuata সুয়াতা—Escuza (ছুতা, ওজর).

Xuami সুয়ামি—Espozo (স্বামী).

Xuoami সুয়ামি=Proprietor (মালিক).

Xuxqho baiu শুষ্ক বায়ু—Etica doença (যক্ষা রোগ).

Uutan (=Xutan) cholite সুতান চলিতে—Galopiar (অশ্বাদির দ্রুত গমন করা).

Xuadia boxt স্বাদীয়া বস্তু—Gostoza couza (স্বাদু দ্রব্য).

Xuchian সুচিয়ান—Ingreme (দুরারোহ).

Xuor শুয়োর—Porco (শূকর); xuar শুয়ার.

Xuoronarth স্বরণার্থ—Memoria, ou lembrança (স্মারক).

Xudhoran corite সুধরান করিতে—Moderar (সংযত করা).

Xum corite সুম করিতে—Principiar (আরম্ভ করা).

Xua সুয়া—Sovella (ছুতারের তুরপুন).

Xut সুত—Fio (সূতা).

Xut macorer সুত মাকড়ের—Teya de aranha (লূতাতন্তু).

Xuttha শুঠা—Entendido (বুদ্ধিমান্, নিপুণ).

Xuroin ঝুড়েন—Vassoura (ঝাঁটা).

Xuhor zangal শুহর জাঙ্গাল—Via lactea (ছায়াপথ).

Z

Zaghio জাগ্য—Acautelado (সতর্কীকৃত).

Zamp ঝাঁপ—Aduja (খড়্খড়ি).

Zata জাতা—Atafona (ঘোড়ার-টানা জাতা-কল).

Zata tala জাতা তালা = জাঁতাযালা ?—Atafoneiro (জাতা-ওয়ালা).

Zarhu, Zathi ঝাড়ু, ঝাটি—Bassoura (ঝাঁটা).

Zagora ঝগড়া—Contenda, Bulha (কলহ).

Zagora ?জাগড়া—Zagaia de ferro (বর্শা অস্ত্র).

Zardorzi জার দর্জী—Borrlado, ou bordador (কাপড়ের উপরে যে নক্সা করে).

Zatra যাত্রা—Festa (পর্ব্ব).

Zabin জাবিন—Fiança (জামিন).

Zabindar জাবিনদার = জামিনদার—Fiador (যে জামিন থাকে).

Zarua putro জারুয়া পুত্র—Filho bastardo (জারজ).

Zamoc যমক—Gemios (যমজ).

Zamir জামির—Lima de comer (আহার্য্য লেবু-বিশেষ, জামীর).

Zati, Zait জাতি, জাইত—Casta, ou naçaõ (জাতি, বর্ণ).

Zantona যন্তনা = যন্ত্রণা—Paixaõ, i. molestia (দুঃখ-কষ্ট).

Zalatia জালাতিয়া—Poupador (সঞ্চয়ী).

Zanania জাননিয়া—Sabio (বিজ্ঞ, পণ্ডিত).

Zangal জাঙ্গাল—Valado (দেওয়াল).

Zeb জেব—Algibeira (পকেট).

Zabot, zebot যাবৎ, যেবৎ—Em quanto (যে পরিমাণ).

Zemne যেমনে—Desdem (হইতে).

Zimaite ঝিমাইতে—Cabeçar de sono (ঘুমে মাথা ঢুলিয়া পড়া).

Ziraite জিরাইতে—Descançar (বিশ্রাম করা).

Zinite, Zinon জিনিতে, জিনন = Excesso (আধিক্য).

Zibh, Zibhua জিভ্, জিহ্বা—Lingoa (জিহ্বা).

Zigaxite, Ziguiax corite, জিগাসিতে, জিজ্ঞাস করিতে—Ziguiaxon, -a, -xio.

Zite জীতে—Viver (বাঁচিতে).

Ziania জীয়নিয়া—Vivente (জীবন্ত).

Zioner xex জীয়নের শেষ—Ultimo da vida (জীবনের শেষ).

Zinix জিনিস—Fato (বস্তু).

Zomat জমাত—Acompanhamento (সঙ্গত).

Zomaddhar যমাধার, যমধারে—Adaga (ছোরা).

Zombuc জম্বুক—Adibe (শৃগাল).

Zol grom, v. topto জল গরম, বা তপ্ত—Agoa quente (তপ্তজল).

Zol uxom জল উষম্—Agoa morna (ঈষদুষ্ণ জল).

Zolpan জলপান—Almoço (জলখাবার খাওয়া).

Zoain জোয়াইন্—Anjoaõ (যমানী).

Zonton যন্তন=যতন ?—Estimaçaõ (পরিমাপ).

Zoutix জ্যোতিষ—Arismetica.

Zomi toquit dite জমি তকিৎ দিতে—Arrendar o chaõ (ভূমির ব্যবস্থা করা—বন্দোবস্ত করা, বা ভাড়া দেওয়া).

Zonoar জনোয়ার=জানোয়ার—Besta, i. animal (পশু).

Zonqhan ?জনখান—Camba be bens (শিষ্টাচার-বিনিময়).

Zoal জোয়াল—Canga de carro (শকটের যূপ).

Zomati জমাতি—Congregaçaõ (জমায়েৎ, সভা).

Zoar xondrer, v. zo xondrer জোর চন্দ্রের, বা জো চন্দ্রের—Conjunçaõ da lua (চন্দ্রের সঙ্গম).

Zór জর=Febre ; Zor জোর=Força (Zuor, অনুরূপ) Zora boli-Zorit, zorata obstinado—Contumax (একগুঁয়ে).

Zoan hote জোয়ান হ'তে—Desde moço (পৌরুষভাব).

Zoanqui tagat জোয়ান্ কি তাগাত=তাকৎ—Desde moço (পৌরুষ).

Zora qhoxaite জোড়া খসাইতে—Desencaixar o osso (হাড়ের জোড় খুলিয়া ফেলা).

Zoraite জড়াইতে—Embrulhar (জটিল করা).

Zomin qhuchite জমিন খুঁচিতে—Esgravatar na terra (ভূমি খনন করা).

Zoqha যক্ষ্মা—Etica doença (যক্ষ্মারোগ).

Zobondor জবন্দর—Hidropesia ; -ia=-pico.

Zou জৌ—Lacre (লাক্ষা).

Zotia boxt জ্যাতিয়া বস্তু—Luzida couza (জ্যোতিষ্মান্, উজ্জ্বল দ্রব্য).

Zor bizor জোড় বিজোড়—Pares, e nones (সম, ও বিষম).

Zolondar জলন্দার—Opilaçaõ (বাধা).

Zolondari জলন্দারী—Opilado (বাধাপ্রাপ্ত).

Zocar জোকার = জোকড়া—Ostra (শামুক).

Zotthi জঠি—Osga (সরীসৃপ-বিশেষ).

Zoqhoil যখৈল—Pilaõ de baixo (হামানদিস্তার নীচের ভাগ).

Zo, zodi যো, যদি—Postoque, ou se, i. *si* (যদিও, বা যদি, অর্থাৎ 'চেৎ').

Zola জোলা—Poupaçaõ.

Zonc জোঁক—Sanguixuga (জলৌকা).

Zome raqhite জমে (জমা ?) রাখিতে—Segurar (শক্ত করা, স্থির করা).

Zoraite জোড়াইতে—Soldar (ধাতুপদার্থের সংযোগ করা).

Zorania জোড়ানিয়া—Soldadura (যে ধাতুপদার্থ মিশাইতে জানে).

Zoboqhar যবক্ষার—Solimaõ (যবক্ষার).

Zhori ঝড়ি—Temporal (ঝড়).

Zurité জুড়িতে—Começar (আরম্ভ করা).

Zuae জুয়ায়—Conveniencia (সুযোগ).

Zutt corite জুট (ছুট ?) করিতে—Desupertar (আলগা করা).

Zurri ?জুড়ি—Desvario (প্রলাপ).

Zuraite জুড়াইতে—Esfriar (ঠাণ্ডা করা).

Zoadar জুয়াদার—Jogador (যে জুয়া খেলে).

Zuangui, zubeq জুয়ান্গি, জুবেক(?)—Mocidade (যৌবন).

Zuhite জুহিতে (যুদ্ধ করিতে)—Petejar (যুদ্ধ করা).

Zulite ?ঝুলিতে—Pelar (পোড়ান, টানা, চুল ছেঁড়া).

Zuac জুয়াক—Pertença (প্রভুত্ব, অধিকার).

Zuaite জুয়াইতে—Pertencer (অধিকারে বা সম্বন্ধ থাকা).

Zutar জুতার—Talaõ, ou calcado (গোড়ালি, বা জুতা).

Zhaite ঝাইতে—Chamuscar (ঝলসিয়া যাওয়া).

Zhaon, zholxon ঝাওন, ঝলসন—Chamusco (পোড়া গন্ধ).

Zhapi ttupori ঝাঁপিটুপরি—Malva (বন্ত গুল্ম-বিশেষ).

Zharite ঝাড়িতে—Supar, ou crivar (চালিয়া পরিষ্কার করিয়া নেওয়া).

Zhiman ঝিমান—Adormecer (ঝি ঝি ধরা, খিল ধরা).

Zhinzi pao hoite ঝি ঝি পাও হইতে—Adormecer-se o pé (পায়ে খিল ধরা).

Zhimzi boxt ঝি ঝি বস্তু—Couza dormente (নিদ্রিত, বা জড় বস্তু).

Zhinai, zhinoi ঝিনাই, ঝিনই—Concha (ঝিনুক).

Zhihe, zhizhi ঝিহি, ঝিঝি—Grilo (perola) (ঝি ঝি পোকা).

Zhinoi, zhinuc ঝিনই, ঝিনুক—Madre perola, ou Concha (ঝিনুক, শুক্তি).

Zhora ঝোড়া—Paviola (হাত-গাড়ী).

Zhoroqha ঝরোখা—Janella (গবাক্ষ, জানেলা).

Zhogorite ঝগড়িতে—Demander ou fazer mal (প্রশ্ন করা, বা অনিষ্ট করা).

Zori ঝড়ি—Chuva (বৃষ্টি).

Zhora ঝোরা—Bica de agoa (জলের উৎস).

Zhuguri ঝুগুড়ি = ঝুপুড়ি ?—Choupana (কুটীর).

Zhuttha ঝুঠা—Fingimento, ou mentira (মিথ্যা).

Zhuran ঝুরন—Gemido (ক্রন্দন).

Zhuri ?ঝুড়ি—Lacre (গালা).

[শব্দসংগ্রহের প্রথম ভাগ বাঙ্গালা-পোর্ত্তুগীস শব্দাবলী সমাপ্ত]

শব্দসংগ্রহের বাঙ্গালা-পোর্ত্তুগীস ভাগের অন্তে কতকগুলি প্রকীর্ণ বিষয় আছে।

প্রথম, ঈশ্বরের গুণস্তোত্রক শব্দাবলী, Atributos de Deos (pp. 303-305);

সপ্তগ্রহের নাম, Nomes dos sete Planetos (p. 305);

দ্বাদশ রাশিচক্রের নাম, Nomes dos doz esegnos celestes (pp. 305-306).

তদনন্তর শব্দসংগ্রহের দ্বিতীয় ভাগ—পোর্ত্তুগীস-বাঙ্গালা অংশ, পৃঃ ৩০৭ হইতে ৫৭৪ পর্য্যন্ত; এই ভাগে প্রথম ভাগেরই শব্দগুলিকে পোর্ত্তুগীস শব্দের প্রতিশব্দরূপে দেওয়া হইয়াছে, নূতন বাঙ্গালা শব্দ নাই।

শব্দসংগ্রহের দ্বিতীয় খণ্ডের শেষেও কতকগুলি প্রকীর্ণ বিষয় দেওয়া আছে। যথা—

Dias de Lua (চান্দ্র তিথি), p. 571;

Nomes numerais (সংখ্যাবাচক শব্দ), pp. 572-573: (দ্রষ্টব্য—axt আষ্ট=8; bix বিশ=20; tix তিশ=30—ত্রিশের কোটায় র-ফলা নাই—bottix বত্তিস, sottix ছত্তিস, ইত্যাদি; noi নই=90; dox xo দশ শ'=1000; ইত্যাদি).

Nomes dos sete planetas (সপ্ত গ্রহের নাম), p. 574.

Livros dos Gentios, que contem as Seitas, Leys e Sciencias.

(হিন্দুদের শাস্ত্র গ্রন্থ, যাহাতে ধর্ম্ম-সম্প্রদায়, ব্যবহার ও বিজ্ঞানের কথা আছে)

1. *Agom xaxtro* (আগম শাস্ত্র); He a Escriptura, e ceremonial delles.

2. *Puran xaxtro* (পুরাণ শাস্ত্র); Chronica das guerras, e successor dos Reys.

3. *Bhagbot* (ভাগবত); Dialogos de Crixnu, e Orzum seu discipulo.

4. *Guita* (গীতা); Dialogos de Crisnu, e Narot, grandeprofeta dos Gentios, e sobrinho de Crixnu, que tretaõ da salvaçaõ

5. *Torco xaxtro* (তর্ক শাস্ত্র), Argomentos Sophisticos.

6. *Niaeo xaxtro* (ন্যায় শাস্ত্র), Trata de varios argumentos, contra Torco Xaxtro.

7. *Zoutix xaxtro* (জ্যোতিষ শাস্ত্র), Mathematica.

8. *Boidic xaxtro* (বৈদ্যক শাস্ত্র), Medicina.

Gatri dos Bramenes (ব্রাহ্মণদের গায়ত্রী)—p. 575

Ongbhurbhoboxó, tothoxobitur bhoroniong bhorg de boxio dhimohi o ono prosso doiat.

Atributos de Deos (ঈশ্বরের গুণাবলী), pp. 575-577

ইহার পরে পুস্তকে প্রদত্ত শেষ বিষয়—সমোচ্চার্য্য বাঙ্গালা শব্দের তালিকা, Nomes que tem alguma semilhanca na pronunciaçaõ (যে সকল বাঙ্গালা শব্দ উচ্চারণে পরস্পরের সদৃশ, তাহাদের তালিকা), pp. 578-592.